182. Nb. 884. 2

* এই পুস্তকের নাম *

ছহি

# চাহারদরবেশ

…GAL LIBRARY
880
CALCUTTA

সাএর

মোল্লা মহাম্মদ দানেস মরহুম ছাহেব।

* আমি *

শ্রীমহাম্মদ খাতের।

কলিকাতা,

চিৎপুর রোড, গরান হাট্যা ইষ্ট্রিট ১ নং ভবনে

* গোলাবিয়া প্রেসে ছাপাইলাম *

সন ১২৯১ সাল।

# সুচীপত্র।


ছামদে খোদার নাথ রছুলের ১
প্রথম কেচ্ছার বয়ান ২
বাদসা সংসার ত্যাগ করিবার বয়ান ৪
আজাদবক্ত বাদসা তক্তপরে বসিবার বয়ান ৯
বাদসা গোরস্থানেপৌছিবার বয়ান১২
পহেলা দরবেসের বয়ান ১৩
ছওদাগরজাদা বহিনের বাড়ি জাইবার বয়ান ১৪
ছওদাগরিতেজাইবার বয়ান ১৬
বিবীর পরিচয়ের বয়ান ৩২
সাহাজাদি ফকিরেরর সঙ্গে নেকলিয়া জাইবার বয়ান ৩৯
দোছরা দরবেশের বয়ান ৪১
সাহাজাদা বছরা সহরে জায় ৪৮
এক ফকির আর কোক্তার বয়ান ৫১
ধুয়া গীত গাইবার বয়ান ৫২
বেহরোজের জোবানি বিবীর ছওালের বয়ান ৫৪
বিবীর মজলেসে জলুছের বয়ান ৫৭
দায়ের জবানি বিবীর পরিচয় ঐ
সোসক পড়িবার বয়ান ৫৯
সাহাজাদা নিমরোজে জায় ৬৩
পারেসের সাজাদার কাছে নিমরোজের বাদসাজাদা আপন আহওাল বয়ান করে ৬৬
বাদসা ফকির লোগে বোলায় ৭৬
বাদসা আজাদবক্তের আহওালের বয়ান ৭৭
খাজেছাগ পরস্তের আহওাল ৯১
খাজেছাগ পরস্তেকে ভায়েরা দরিয়ায় ডারিয়ায় ডালিবার বয়ান ৯৫
খাজেছাগ পরস্তকে গুলি দেয় ৯৮
খাজেছাগ পরস্তকে কুণ্ডাতে ডালিবার বয়ান ৯৯
জেরবাদের রাজার কন্যার দুক্ষ ১০৩
খাজের ভাই সবে গুলি থেকে ছাড়াইবার বয়ান ১০৫
খাজেছাগ পরস্তকে ভায়েরা দেসে লিয়া জাইবার বয়ান ১০৬
খাজেকে বাদসাজাদি আপন ঘরে লিয়া জায় ও খাজের সাতে সাহাজাদি নেকালিয়া জায় ১০৮
আজেরবাই জানের ছওদাগর জাদার বয়ান ১২১
ছওদাগরজাদা ছওদাগরীতে জাইবার বয়ান ১২২
ছওদাগরজাদার সাদির বয়ান ১২৫
তেছরা দরবেসের বয়ান ১৩২
লড়ায়ের বয়ান ১৪৭
চৌঠা দরবেসের বয়ান ১৪৯
বাদসাজাদা জেনের মুলুকে জাইবার বয়ান ১৫২
বিবীকেছাদেকেরনিকটেলিয়াজায়১৬১
আজাদবক্ত বাদসার লাড়কা হইবার বয়ান ১৬৪
বাদসার জসন করা ও লাড়কা গায়েব হইবার বয়ান ১৭২
আজাদবক্ত বাদসার পরিস্থান জাইবার বয়ান ১৭৬


সুচীপত্র সমাপ্তঃ।


কলিকাতা।

চিৎপুররোড গরাণহাটা ষ্ট্রীট ১ নং ভবনে গোলাবিয়া প্রেসে

শ্রীমহাম্মদ খাতের দ্বারা মুদ্রিত ও প্রকাশিত।

* এই পুস্তকের নাম *

ছহি

# চাহারদরবেশ

সাএর

মোল্লা মহাম্মদ দানেস্ মরহুম ছাহেব।

* আমি *




শ্রীমহাম্মদ খাতের।

কলিকাতা,

চিৎপুর রোড, গরান হাট্যা ইষ্ট্রিট ১ নং ভবনে

* গোলাবিয়া প্রেসে ছাপাইলাম *

সন ১২৯১ সাল।

182. Nb. 884.2
…CAL LIBRARY 880 …ALCUTTA

শ্রীশ্রীহককনাম।

# চাহার দরবেশ

খালেক মালেক আল্লা রাজেক রাজ্জাক। খাওা পেওা হৈতেআ সব বাতে পাক * জরু লাড়কা নাহি আর মা বাপ ওস্তাদ। না আছে সরিক তার একা সে আহাদ * তার বরাবর নাহি জমিন আছমানে ভেদ বাত কেহ তার না জানে না সোনে * কোদরতের সিমা তার কে কহিতে পারে। আর কে পারিবে জাহা পয়গম্বরে নারে * তামাম দরিয়ার পানি হয় জদি কালি। জাহানের লোগে জদি হয়ে জায় ওলি * কলম বানায় জদি তামাম গাছের। ওম্মর দরাজ হৈল হাজার সালের * কাগজ বানায় জদি জমিন আছমান। তবু না লিখিতে পারে কুদরতের বয়ান * তাহার তারিফ করে জোজ্জতা কাহার। আমি কি করিতে পারি অধম লাচার * তাহার হবিব নবি মহাম্মদ রছুল। কেয়ামতে আরজি জার হইবেকবুল * লওকালাম জার একেক তারিফ। তার পরে ওতারিল কোরান সরিফ * ছওার হইয়া জেবা গেল লামাকান। নুরে পয়দা করে জারে আনি ছোবহান * জার পরে খতম করিলনবুওত। কেরামত তক জার রহিবে ওম্মত * পয়দা করে বাতুনেতে রাখে ছাপাইয়া। আবদুল্লারঘরে সেসে দিলেক ভেজিয়া * আবদুল্লা মতলবের দাদা হাসেম তার বাপ। হাসেমের বাপ ছিল আবদুল্লা মান্নাফ * এয়ারের বিচে খাছ ছিল চারওলি। আবুবক্কার ওম্মর ওছমান সেরআলি * ফাতেমা জোহরা বেটি আওরতের ছরদার। হাছেন হোছেন নাতি আছিল জাহার * নবির জদ্দের বিচে ছিল দোন খাছ। হজরতের দোন চার্চ্চাহামজা ও আর্ব্বাছ * এহা সবা পরে মেরা দরুদ ছালাম। তারপরে কহি কিছু আগামি কালাম নেজামদ্দিন আওলিয়া আওলিয়ার ছরদার। এলাহির মরজি তিনি ছিলেন বিমার * তাহার সাগরেদ ছিল মির খোছরু নাম। বড়ই এলেমওলা দিল্লিতে মোকাম * দেখিল ওস্তাদ মেরা বড়ই বিমার। [illegible]তে হাজের [illegible] তাহার * রোজ২ কহে চার দরবেশের বাত। শুনিয়া ওস্তাদ তার পাইল রাহাত * সাগরেদের তরে পির

করিল হুকুম। এই কেচ্ছা হয় জাতে সবাকে মালুম*সেতাবিলেখহ তুমি করিয়া বয়ান। জে কেহ শুনিবে হবে মরজ আছান * জে কেহ শুনিবে সফা হইবে বিমার। একথা শুনিয়া লেখে সাগরেদ তাহার কেতাব করিল মর্দ্দ ফারাছ জবানে। ফারছির লোগ তারা খুসিহালে সোনে* তার পরে হেন্দস্থানে হইল হিন্দিতে। শুনিতে লাগিলসবে খুসি খোসালিতে*বাঙ্গলার লোগ সবে নাহি জানে ভেদ। জেকেহ শুনিল তারা দেল করে খেদ * হিন্দি পারসি জানে জারা শুনে তারা শুখে। নহেত নেয়ামত থেকে মহরুম সে থাকে * এথাতেরে ফকিরের হইল সওক। আফছোছ না করে জেন বাঙ্গালার লোক * আমি মুর্খ মতি কিছুই না জানি। কেমনে কহিব চার দরবেশের কাহিনী * আগে২ সাইরি করিল বোজরগান। তাদের সাইরি জেন গখুর সমান*সাইরির মত কেহ না বুঝিবে ভাই।কাহিনার মত আমি থোড়া কয়ে জাই * চলিত বাঙ্গালায় কেচ্ছা করিনু তৈয়ার।সকলে বুঝিবে ভাই কারন এহার * আসল বাঙ্গালা সবে বুঝিতে না পারে এথাতেরে না লিখিলাম সোন বেরাদরে * সাইরির ভুল চুক হইলে আমার। দোস ঘাট না ধরিবে জত দিনদার *

কেচ্ছার শুরু।

ত্রিপদি * শুন জত বেরাদর, কহি কিছু সমাচার, সোন সবে আগানি কালাম। রুমের সহর বিচে, কস্তন তুনিয়া দেসে, এস্তাম্বল বলে জার নাম * সেথা এক নামদার, বড় সেই নেককার, নাম তার ছিল আজাদবক্ত। মলিদার ছিল বড়া, লাখে২ হাতিঘোড়া,বাদসাই মাদার তাজ তক্ত * হাজারা সহর তার, হয়েছিল তাবেদার কিকহিব তাহার ঠেকানা। আরজত বাদসা সবে, আছিল তাহার তাবে, রুমে সবে ভেজিত খাজনা* এনছাপ করিত এয়ছা, নোসিরঙা বাদসা জে য়ছা, হাতেনের মত ছাখাওত। রায়েত প্রজার ঘরে, খোসালে গোজরান করে, আদল এনছাপ মহব্বত * রাহা জানি ডাকু চোরে,নাহি ছিল সে সহরে, সব ঠাই আছিল আবাদ। গাটকাটা বাটপাড়, পাইলে ভাঙ্গিত হাড়, দাদখার দিত খুব দাদ * তাহার আলম ভোর, নাছিল জুয়োচোর.জোলমের নাহি ছিল ডর। খোসালিতে জায়দিন নাহি ছিল চুরি সিদ, রাতদিন খোলা থাকে ঘর * দোকানি পসারি জত, গলি২ ছিল কত, ঠাই২ বাজার আর হাট। খোসালেতে বেচা কেনা, কেহ নাহি করে মানা, দোকানেতে না দেয় কপাট * মোছা-

ফের গেলে পরে, কেহ না জিজ্ঞাসা করে, কোন চিজ আছে তেরা ঠাই। কোন বাতে পেরেসান, নাহি থাকে কার জান, খুসি দেলে থা কয়ে সবাই॥ ভুকা জদি পায় কাকে, খুসি হালে তাকে ডাকে, তখনি খেলায় খানা পানি। খোসালে বিদেসি এসে, জঙ্গলের ময়দানে বসে কোন বাতে নাহিক ভাবনা॥ ঠাই২ থানাদার, রন্দওয়ালা বেসোমার, চৌকিদার ফেরে গলি২। বদমায়েস লোগ পেলে, হাতে পায়ে বেন্দে গলে, তখনি চড়ায়ে দেয় শুলি॥ এমন তাকত নাই, কেহ কিছু বলে ভাই, খোসালেতে করেন গোজরান। বাঘ বকরি এক সাতে, ফেরে চরে জঙ্গলেতে, পেরেসান নাহি করি জান॥ এয়ছা খুসি মুল্ল কের ইদ জেন ফেতেরের, রোজ২ থাকে এয়ছা ভাত। ঘরে২ হয় আল, দেখিতে শুনিতে ভাল, রোজ সেথা রমজানের বাত॥ ছলতানাত ছিল জত, তাহাবা কহিব কত, একে২ করিয়া বয়ান। সব জদি লেখা জায় কেতাব বাড়িবে তায়, ভেবে শুনে দেখিনু নিদান॥ এখাতেরে গেল ছাড়া, কেতাব হইবে বাড়া, শুন কিছু বাদসার খবর। দবদবা হসমত তার, ছাখাওতি কারবার, বেসোমার আছিল লস্কর॥ দেসে২ বাদসা সবে, ভয়ে ছিল তারতাবে, চলে সবে মানিয়া হুকুম। কোদরত নাহিক কার, জতনামি নামদার, কারু পরে করিতে জুলুম॥ এমন হসমত জার, নাছিল গফলত তার; রাতদিন আল্লার জেকের। এবাদত বন্দিগি করে, বসিয়া আপন ঘরে, দিনের কামেতে নাহি দের॥ দুনিয়া আ. রাম ছেড়ে, হামেসা নামাজ পড়ে, নেকরাহা বিনে নাহি কাম। খুসির সামান ছারে, মোজুদ আছিল তারে, এক বাতে ছিল বড়া গম॥ ফরজন্দ না ছিল তার, এই বাতে জার২, হামেসা করিত মনাজাত। সোন আল্লা পরওয়ারে, ফরজন্দ বখসহ মোরে, মাঙ্গে বাদসা ওঠাইয়া হাত॥ সব বাতে পুরা করে, ফরজন্দ না দেও মোরে, এই বাতে রাখিলে আরমান। জখন জাইব মরে, জাবে মাত্তা কার ঘরে, কেন মুঝে কর পেরেসান॥ সবার মালেক তুমি, কোন বাত্তে নাহি কমি, মেরা পরে করিবে মেহের। আমি বান্দা গোনাগার, তুমি আল্লা গফ্যার, মাফ কর আপনি কাদের॥ নহে মেরা তক্ততাজ, কিছুনা আসিবে কাজ, নাম নেসান সব জাবে ডুবে। চাল্লিস বরছ গেল, ফরজন্দ নাহি হৈল. কান্দে বাদসা এই কথা ভেবে॥ এক রোজ আজাদবক্ত, ছাড়িয়া বাদসাই তক্ত, চলে মর্দ্দ মহলভিতর। সিসার মহল জেথা, পৌছিল জাইয়া সেথা, দোওা মাঙ্গে হইয়া কাতর॥ বসিয়া সে আলমপানা, নামাজেতে

পঞ্জগানা ওজিফাতে হইল মসগুল। আয়না ছিল ছামনেতে, নজর পড়িল তাতে, চেয়েদেখে গোপ পাকা চুল * জত্ত চুল ছিল তার কালো জেন অন্ধকার, তার বিচে এক চুল পাকা। জেমন সে রাত-কালে' বিজু লির চটক হৈলে, আন্ধারেতে পাওাজায় দেখা* নুরানি চেহয়ার ছবি, জেমন ইউছফ নবি, সামাদানে জলে জেন বাতি। জোলফ জেন মেছলেমার, গেরদা দাড়ি মুখে তার; জেন কেহ রেখে দেছে মতি * পাকা চুল দেখে সাহা, সেই দদ্দে করে আহা, বলে বাদসা করি কোন কাম। ব্রথা দিন বয়ে জায়, কি করিব হায় হায়, এলো মুঝে মওতের পয়গাম * আখি হৈতে পানি গেরে, নিশ্বাস বহিল জোরে, দেল বিচে করেন আফছোছ। আল্লার বন্দিগি ছেড়ে, দুনিয়ার হেরেছে পোড়ে, বুড়া হনু পাকাইনু মোচ * ভাবে বাদসা এই বোলে, এত জে মুল্লুক লিলে, কোন কামে আসিবে তোমার। মাল মুল্লুক হাতি ঘোড়া, কত তাজ জামা জোড়া, এই সব ঘরে জাবে কার * এলো মুঝে এই সম, রোজ রোজ জোর কম, হৈল মুঝে জই-ফির হাল। মালুম হইল মোরে, সকলি নছিবে করে, তক্ত মেরা না রবে বাহাল * আখেরে মরিতে হবে, তক্ত তাজ কোথা রবে, এবে ছেড়ে দিই তক্ত তাজ। জত দিন জেন্দেগি, করি আমি বন্দিগি, আখে-রেতে হবে জাতে কাজ * এতেক ভাবিয়া বাদসা, ছাড়িয়া দুনিয়ার আসা, করে মর্দ্দ আখেরের কাম। মহাম্মদ দানেস বলে, তোর এয়ছা দেল জলে, তুমি কর পরের কালাম *

বাদসা সংসার তেয়াগ করিবার বয়ান।

এতেক ভাবিয়া বাদসা সেথা হৈতে জায়। নজদিকে বাগান ছিল পৌছিল সেথায়*লোগ লওাজেমে বাদসা কহে এই বাত। মেরা সাতে কেহ না করিবে মোলাকাত * আসা জাওা কর সবে দেওান আমেতে। জার জে হাজের রহ আপনা কামেতে * এতেক কহিয়া বাদসা গেল এক ঘরে। মছলা ডালিয়া সাহা এবাদত করে * এবাদত বন্দেগি করে হইয়া মস গুল। রোনা পিটনা আহা জারি করিয়া আকুল*এই রুপে কত দিন গোজারিয়া জায়। রোজ২ দিন ভর কিছু নাহি খায়*সাম হৈলে এক খোরমা তিন ঘোট পানি। আর কিছু নাহি খায় এতে পেরেসানি* রাত দিন নামাজ পড়ে বসে মোছল্লায় তিন ঘোট পানি এক খোরমাতে কাটায়*এই রুপে কত দিন গোজ রিয়া জায়। বাদসার খবর সব পৌছিল দুনিয়ায়* আজাদবক্ত ছেড়ে

তক্ত এবাদত করে। এসব খবর গেল তামাম সহরে* গলিম দুসমন জত ছিল দুনিয়াতে। ছের ওঠাইল সব মুল্লুক হইতে * বাদসার হুকুম কেহ করে ডালে রদ। কেহবা আমল করে বাদসার ছরহদ * কেহ কেহ লড়িবারে হইল তৈয়ার। হুকুম খেলাব করে কত তাবে দার*বাদসারদরবারে ছিল জতেক মর্দ্দানা। সবকার দেলবিচে হইল ভাবনা* সকলে মছলত করে কি করি ফিকির। চল সবে জাই মোরা জেথানে উজির * বাদসার উজির সেই বড়া হোসমন্দ। জে হয় করিবে ছলা করিয়া পছন্দ*খেরদম মন্দ নাম তাহার প্রধান উজির তাহার নজ দিগে চল করিব জাহির * আমির উজিরে মিলে মচলত করিয়া। খেরেদ মন্দ জেথা ছিল পৌছিল জাইয়া * আদব রাখিয়া সব করিয়া ছালাম। হাল হকিকত জত কহিল তামাম * জালেম দুসমন জত ছের উঠাইল। বাদসার মুল্লুক কত ছেনাইয়া লিল * আর থোড়া দিন তক্তে নাহি দিলে বার। বাদসার মুল্লুক তবে হবে ছারখার * মেহনত মুল্লুক তবে জায় অকারত। ফের না লাগিবে হাত করিলে মেহনত*ছেড়েদিয়ে তেড়েধরা না হয় উচিত। বুঝিয়া এনছাফ কর যা হয় বিহিত * উজির বাদসার বড়া নেমক হালাল। আফছোচ করিয়া মর্দ্দ করেন খেয়াল * মানা করে গেল বাদসা নজ দিগে জাইতে। কি রূপে জাইব আমি তাহার সাক্ষাতে * না গেলে বদনাম হবে জাওা হৈল দায়। জে থাকে নছিবে আম জাইব সেথায় * এতেক কহিয়া সবে সাতে কোরেলিয়া। দেওান আমারে বিচে পৌছিল জাইয়া * সবার খাতেরে সেথা কহিল উজির। তো-মরা দেওান আমে থাকিবে হাজির * একেলা জাইব আমি হুজুরে বাদসার। মরজি মোবারক দেখি কি হয় তাহার * এতেক কহিয়া গেল দেওান খাছেতে। খবর ভেজিয়া দিল বাদসার কাছেতে * গোলাম হাজেরআছে দেখিতে জমাল। না দেখে বাদসারছবি পেরে সান হাল*ওক্ষেদওার আছে বান্দা জোনাব দেখিতে। হুকুম হইলে তবে আইসে হুজুরেতে*খাওাছ খবর দিল হুজুরে বাদসার। বাদসা জে এনছাফ করে দেলে আপনার * খোএছলত আর আদত তাহার বাদসার দেলের বড় আছিল পেয়ার * আক্কেল ফহম তার ছুরাত মুরাত।খোসাল হইল বাদসা সুনে তারবাত*কত ক্ষনবাদে বাদসা করিল ফরমান। আমার নজদিগে ওছে বোলাইয়া আন * খাওাছে খবর দিল উজিরের তরে। উজির পঁউছিল গিয়া বাদসার হুজুরে *

ছালাম করিয়া কহে দোন হাত জোড়া। বাদসার নজদিগেরহে আদ বেতে থাড়া*বাদসার ছুরাত মদ্দ দেখে তাকাইয়া। ছুরত মুরত ছবি গেছে বিগড়িয়া*চাহারাবদল হৈল আঁখি দুটিলাল। কাহেল হইয়া গেছে দেখিতে বদহাল*দেরেগ পাইয়াগেরেকদমে বাদসার। ধরিয়া তুলিল বাদসার হাতে আপনার* বাদসা বলে দেখিতে আইলে জদি মোরে। দেখিয়া চলিয়া জাও আপনার ডেরে * জাইরা বাদসাই কর তক্ত দেহ বার। আমার নজদিগে কেহ না আসিও আর * খেরেদ মন্দ সোনে জদি এতেক ফরমান। হায়২ করে মদ্দ কান্দিয়া হয় রান তোমার মেহের বানি মহব্বত বাত। আমার বাদসাই এই জানিবে নেহাত * তোমার বাদসাই আর ছালামতি চাই। তোমার দওলতে মেরা কমি কিছু নাই*তবে একবাত কহিব বাদসাই হুজুরা ছাহেবের গোসা নিশি আলমে মসহুর * তামাম মুল্লুকে লোগ শুনিল খবর দুসমন সুনিয়া সবে বান্দিল কোম্মর*মুল্লুকের বন্দবস্ত বোঝা নাহি জায়। থোড়া রোজ বাদে আর রাখা হবে দায় * নাদানের আরজ কিছু সোন নামদার। কনিনারে দিতে চাহ বাদসাই মাদার * কোন বাতে খাতা জদি হয় গোলামের। কি বলে জওাব আমি করিব আখের *কি জানি কশুর হৈল হইবে বদনাম। নেমক থাইয়া হব নেমক হারাম * এলাহির নজদিগে আমি কি দিব জওাব। দুনিয়ার বদনাম আর আখেরে খারাব * বাদসা বলে কিছু তুমি না করিবে দেলে।তক্তের উপরে তুমিবৈস খুসি হালে*আগে তুমি ছিলে মেরা বাপের উজির। ভাল বাস ভাল বাসি তোমার খাতির * চাল্লিস বরোছ মেরা হইল উম্মর। মুল্লুকের বন্দ বস্ত কেটে গেল মোর * মওত নজদিগ মেরা ছুটীল ওম্মেদ। ছিয়া বাল ছিল পেকে হইল ছুফেদ * জইফ হইনু আমি না হৈল ফরজন্দ। তাজ তক্ত কি করিব বোঝ খেরেমন্দ*আন্দার ঘরেতে মেরা নাহিক চেরাগ। জে বাগানে মেওা নাই বৃথা সেই বাগ * ছেতারা হইতে দেখ আছমানের খুবি। পুত্র নাই জার তার মিছে ধান্দা সবি * দেলের কলি মুদা রহে খিলিতে না পায়। মালমুল্লুক হাতি ঘোড়া রহিবে কোথায়*এখন এরাদা মুঝে হইল এছাই। জঙ্গল পাহাড়ে জাব হেথা রব নাই * মুখ না দেখিব আমি তোমা সবাকায়। বাকি জেন্দেগানি জেন বরবাদ না জায়*বসিয়া বন্দিগি করি জেথা জিউ চায়। আকবতে ভাল জাদ করেন খোদায় * দুনিয়ায় খুবি আগে দেখিনু তামাম। দোন

জাহানের বিচে না আসিবে কাম * এতেক কহিয়া বাদসা কান্দে জার জার। আহা মারে জারি করে কি হবে আমার *বাদসা বলেছিল মেরা বাপের উজির। এথাতিরে সবকথা করিনু জাহির * লাড়কা না ছিনু জবে করিতে পেয়ার। এথাতিরে ছামনেতে কহিনু তোমার * বাদসার উজির ছিল বড় হোসমন্দ। আক্যেলের তেজ বড়ানামথেরদ মন্দ * উজির কহেন শুন বাদসা নামদার। নাওম্মেদ নাহি হবে দর গাতে আল্লার *আছমান জামিন জেবা করিল নাহজায়। সেহকি কর জন্দদিতে না পারে তোমায় * আলমপানা ছালামত আরজ আমার এসব খেয়ালকর দেলের বাহার *তোমারমুরব্বিলোগ করিল বাদসাই বহুত মেহনতে লিল করিয়া লড়াই *কবজকরিলেতুমি কতেকমুল্লুক কেহবা লড়িলকেহকরিলছলুক *এতেক মেহনতেলিলে জতেকসহর সহরে২ তেরা ডালিবে কহর * আলমে বদনাম হবে শুনআলম্পানা বিরান হইবেবুজে করবিবেচনা *দুনিয়ার দাবিথেকে খেচেলিল হাত আখেরে আল্লার আগে হবে এইবাত * এলাহি বহিবে ভুঝে শুপিনু বাদসাই। দাদ দিবে দাদখার লোকের ভালাই *রহমত হইতে মেরা হইলে তফাত। বান্দার উপরে মেরা হৈল মছিবত *ছওালের জওাব সাহা কি দিবে তখন। দেলেতে এনছাফ করে বোজহ এখন * এবা দত বন্দিগি তেরা রাখিয়া তফাত। পহেলা পুছিবে ভুজে এনছাফের বাত * এনছানের দেল জেয়ছা আরোস আল্লার। এথাতেরে বাদসা লোগে পোরসেস তাহার * জঙ্গলে ময়দানে ফেরে ফকির দরবেশ বাদসাকে লাজেম নহে এছাই খাহেস * এবাদত বন্দেগি করা হয় সব ঠাই।জঙ্গলে পাহাড়ে কিছু মোকরোর নাই * গোলামের গোনা খাতা করে দিবে মাফ। হদিছ দলিলে দেখ আছে ছাফ ছাফ *খোদা জে নজদিগে আছে ঢুড়িবে জঙ্গলে। ঢোড়ি পেটে লাড়কা কোথা নাহি দেখে কোলে *আমার আরজ সাহা কবুল করিবে। মোনছফি করিয়া কিছু দেলেতে বুঝিবে * হর ঘড়ি দোওা মাঙ্গ দরগাতে আল্লার। মহরম না হৈল কেহ হুজুরে তাহার * মুল্লুকের বন্দবস্ত আদল এন ছাফ। গরিবগোরবার পরে করছাফ২ *আল্লারবান্দিরা সবে মেহেরে বাদসার। খোসালে গোজরান করে না মেলে আজার * আল্লার বন্দেগি কর বসে সারা রাত। নবির আওরতে ভেজ দরুদ ছালাত * খেলাও পেলাও খানা দরবেস ফকিরে। মিছকিন মহতাজ আর এতিম এছিরে * এসব লিয়েত নেক বরকতে এহার। দেলেরমকছেদ

পুরা হইবে তোমার * করিম রহিম সেই বখসেস তাহার। জাহা চাহে তাহা করে আপে সে মোক্তার * মহাম্মদ দানেস কহে বাদ সার খাতির। কবুল করনা সাহা জে কহে উজির * ফকিরি করনা তুমি দুনিয়ার সাত। হেথা সেথা ভাল আর খুসি পাকজাত-* নেক রাহা নেককাম নেক আদালত। এসব দিনের কাম জত এবাদত * এনছাফের পোরসেস হবে বাদসার খাতির। এবাতে জওাব কিছু না দিবে ফকির*ছবর সোকর এই ফকিরেরকাম।বেচবরফকিরহৈলে আলমে বদনাম * আলেম ফাজেল জদি না দেয় ফারাজ। এ সব কামেতে আল্লা হইবে নারাজ * জার জে মরতবা দেয় সেই মত চলে। বেসি কমি করে জদি দুক্ষ তারে মেলে * আইউব নবির জবে হইল আজার। বড় বড় কিড়া হৈল ঘায়েতে তাহার * ঘাও হৈতে কিড়া জবে জমিনেতে গেরে। ওঠাইয়া দেয় নবি ঘায়ের উপরে * কহেন আইউব নবি আমিত নাপাক। আমার ওজুদে তেরা দিয়াছে খোরাক* খোরাক ছাড়িয়া তুমি কোথা জেতে চাও। জত দিনবেচে থাকি খুবতরে খাও * এবাতে এলাহি আল্লা হইল বেজার। কিড়া লাগাইয়া দিল কলেজায় তার * কিড়ার কামড় নবি না পারে সহিতে। লুটিতে লাগিল মর্দ্দ পড়ে জমিনেতে* তখন আইউব নবি করিল আরজ। এলাহি আছান কর আমার মরজ * এলাহি কহেন তুঝে দিয়াছি সবর। এখাতিরে এতদিন না হলে কাতর * ঘাও হৈতে কিড়া তেরা দিলাম ফেকিয়া। ওঠাইয়া দেহ তুমি হেমাত করিয়া*জে হালে রাখিনু আমি না কর ছবর। তুমি ফের তুলে দেই ঘায়ের উপর * এলাহির মরজি নবি করিলখেলাপ।সেই ঘড়ি সাজা দিল না করিল মাফ * তুমি তেয়ছা ছেড়ে দিতে চাহ তক্ত তাজ। মরজির খেলাপ হলে হইবে নারাজ * এখন বুঝিয়া কাম কর জাহা গির।সেতাব করিয়া সোন জা কহে উজির * তুমি এখন চুপ কর শুনরে দানেস।উজির বাদসার কথা শুনিতে খাহেস * নানা মতে বোঝাইয়া কহে খেরেদমন্দ। আজাদ বক্ত সেই ওক্তে করিল পছন্দ বাদসা বলে রাজি আছি জে কিছু কহিলে। দেখি আর থোড়া দিন কি আছে কপালে*এলাহির মরজি জদি থাকে মোর তরে। মমিনের দোওাতে ফরজন্দ হইতে পারে * বাদসা বলে কোথা মেরা আমির উজির। খেরেমন্দ কহে সব আছেন হাজির * মবারক জোনার তারা না দেখে হয়রান। আপনার হাল শুনে সবেপেরেসান

এখানে দেওান আমে রাখিনু তাদের। হুকুম করিলে হয় হজুরে হাজের * বাদসা বলে জেরা বাত করিনু না হেলা। কাল দিব তক্ত বার এনসা আল্লাতালা * উজির শুনিয়া বড়া হইল খোসাল। মাত্তার সিন্দুক জেন পাইল কাঙ্গাল * হাত উঠাইয়া দোওা করেন এছাই। কায়েম রাখেন আল্লা তোমার বাদসাই * ছালাম করিয়া মর্দ্দ নেকলিয়া জায়। আমির উজির জেথা পৌছল সেথায় * খুসি হালে চলে গেল জার জে মকান। রায়েত প্রজার তরে কহিল সন্ধান বাদসা আলম্পানা কাল তক্তে দিবে বার। আসিয়া পৌছিবে সবে জার জে দরকার * আরকান দৌলত আর আমির উজির। দরবারে আসিয়া সবে হইবে হাজির * মিলিবারে চাহ কিবা থাকে কোন বাত। সেহানে আসিবে কাল পাবে মোলাকাত * মহাম্মদ দানেস কহে ভাবিয়া খোদায়। জে কেহ পড়িবে দোওা করিবে আমায় *

আজাদবক্ত বাদসা তক্তপরে বসিবার বিবরণ।

রাগ তুটকি ছন্দ। আজাদবক্ত, ছেড়ে তক্ত, এবাদত করে। খেরেদ মন্দ, করে ফন্দ, বোঝাইল তারে* বাদসা বলে, কাল সকালে, তক্তে দিববার। কহ সবে, গিয়া তবে, এই সমাচার * উজির শুনে, খুসি মোনে, বাহিরে আইল। বাদসা সাত, জত বাত, সবাকে কহিল * কাল এসে, তক্তে বসে, করিবে বিচার। দেওান আমে, আপন কামে থাকিবে তৈয়ার * এত বলে, খুসি দেলে, চলে জায় ডেরে। কহে উজির, কর জাহির, তামাম সহরে * শুনে লোগ, জত সোগ, সব গেল দুরে। এত খুসি, আবচসি, জেন ঘরে২ * নওবতখানা, বাজে ঠনা, বাজে কত ঢোল। করে গান, ছাড়ে তান, পড়ে গেল গোল * খাছ জারা, পড়ে তারা, সোকরানাহাজার। তুলে হাত, মনাজাত, দরগাতে আল্লার * কেহ দেয়, কেহ পায়, করেন খয়রাত। খুসি মনে পড়ে সোনে, কহে নেকবাত * পেন্দে জোড়া, চলে ঘোড়া, দৌড়ায় ময়দান। চড়ে হাতি, ফোলে ছাতি, বড় বড় সান * কত রঙ্গ, কত সঙ্গ, করে জনে২। দিনু ছেড়ে, পুথি বাড়ে, এহার কারণে * বাদসা জেতে, ডুস্মনেতে, পেয়েছিল খালি। শুনে সবে, মরে ভেদে, মুখে চুন কালি * পেলো সরম, টোটে ভরম, হৈল মনস্তাপ। গেল কুল, ইসরমুল, দেখে জেন সাপ* এইমত, কব কত, করিয়াবয়ান। কেহ পাবে কেহ খাবে, কেহবা হয়রান* বাদসা হেথা, কয় কথা, উজিরেরসাত।

ভাবি মনে, শুনি প্রানে, গেল দিন রাত * রাত গেল, ছোবে হৈল, প-ড়িয়া নামাজ। খেয়ে পিয়ে, খুসি হয়ে, ছেরে দিল তাজ * কারামেতে ছাফাপেতে, করিল বেছওানা। নকিব হাকে, থেকে২, আইল আল-ম্পানা * কোতয়াল, পিঠে ঢাল, হইল দাখিল। দাদ খার, মোক্তার কার, আইল উকিল * ছেড়ে খুনসি, এলো মুনসি, আর বৈদ্যরাজ। এলো আমলা, ঝোলে সামলা, জার জেই কাজ * মহাফেজ, করে তেজ আইল দরবার। মোহ্‌রের, এলো ফের, আর চোবদার * এলো কাজি চড়ে তাজি, দেখিতে ফরাজ। এলো মুফতি, দেখে হফতি, করে খড়া সাজ * উজির নাজির, হইল হাজির, দরবারের বিচে। পেসকার, জমা-দার, রহে তার কাছে * মির ওমরা, এলো তারা, করিতে ফারয়াদ। গরিব কত, শত২, সাইবি পেয়াদ * জত দাদ, ফরিয়াদ, জার জে দর বার। কতক্ষনে, এসেবেনে, বাদসা নামদার * হয়ে খাড়া, হাতজোড়া, আছে ওাম দাওার। বাদসা এসে, হেসে২, তক্তে দিল বার *

পয়ার * আরকান দৌলত আর আমি উজির। গরিব মিছকিন আর এতিম এছির * দরবারের বিচে সবে পৌছিল আসিয়া। ওমে দওার ছিল সবে রাহা তাকাইয়া * পহোর একদিন জবে হইল আছ মানে। আসিয়া পৌছিল বাদসা সবার ছামনে * তক্তোপরে বসে গিয়া বাদসা আলম্পানা। নৌবত খানাতে হোথা বাজে সাদিয়ানা * আরকান দৌলত সবে খোসাল হইয়া। ছালাম তছলিম করে আদব রাখিয়া * আদব রাখিয়া খাড়া বাদসার হুজুর। জার জে জায়গায় বসে জেমন দস্তুর * সবার এজ্জত বাড়ে হইল খোসাল। হারা ধন পেয়ে সব হইল মস্তহাল * দুই পহর দিন জবে হইল আছমানে। আদল এনছাফ করে চলিল মকানে * খানা পানি খেয়ে সব করিল আরাম। সেই রোজ হইতে শুরু করে এই কাম * ফজর হইতে আর দুই পহর তক। আদল এনছাফ কাম করের বেবাক * তিন পহর হৈতে ফের বসে মছল্লাতে। ওফিজা জেকের আর কেতাব দেখিতে আপনাকে আপনি হইয়া পেরেসান। কাতর হইয়া সাহা আল্লাকে মানান * রোজ রোজ বসে সাহা দেখেন কেতাব। সেই কেতাবেতে ছিল লেখা এই বাব * কারু পরে জদি হয় মুস্কিল আজিম। দুনি য়াতে নাহি তার তবিব হাকিম * আপনা নছিব পরে করিবে ধেয়ান চলিয়া জাইবে সেহ জেথা গোরস্থান * আপনাকে নেস্ত আর নাচিজ জানিবে। নবির আরওায় সেহ দরুদ ভেজিবে * দুদিনার গাফলতে

থেকে হইবে হুসিয়ার। আপনার গোনা ভেবে কান্দে জার জার * আল্লার কোদরতপরে দেখিবে চাহিয়া।মেরা আগে কতলোগ গেছে গোজরিয়া* এই জমিনেতে পয়দা হইল বহুত। আছমানের গরদেসে সবার হইল মউত*জাতার ভিতরে চানা জায় জেয়ছা পেসা। আছমান জমিনে তেয়ছা সবাকার দসা * মাল মুল্লুক হাতি ঘোড়া ভাই বেরাদর। জরু লাড়কা দোস্ত আসনা চাকর নৌকর* দবদবা হসমত কিছু না আসিবে কাম। দুনিয়াতে সবে সবার নাহি জানে নাম * কেবটে কাহার বেটা কোন দেসে ঘর। সব লোকে সবাকার না জানে খবর * মালুম না আছে সবে কবরের হাল। ফেরেস্তা কিরুপে এসে করিবে ছওাল * খাকের পেণ্ডা খাকে লিলে হয়ে জাবে খাক। সোনার ছুরত ছবি চিউটির খোরাক * চিউটি আর সাপে খাবে কবরের বিচে। কিকি মামেলা হবে মাবুদের কাছে * এই সব দেলে জেবা করিবে ভাবনা। হেথা সেথা ভাল তার না পাবে জন্ত্রনা * এই নছিহত সাহা পাইল কেতাবে।উজিরের বাতসাহা তাহা দেখে ভাবে কেতাবের লেখা তার ওজিরের বাত। এক মতে মিলে গেল জানল নেহাত * বাদসার দেলেতে বড় হইল সওক। সবা হৈতে এই কাম হইবে ফওক * বাদসা কহেন আমি করিব আমল।বাদসাই লেবাছে গেলে দেখিবে সকল * গরিবি লেবাছে জাব হবে জবে রাত। কারো সাতে রাহাতে না হবে মোলাকাত* বোজরোগ লোগের জেথা আছে গোরস্থান। জাইয়া মতলব সেথা করিব বয়ান * নেকবান্দা থাকে জদি তার ওছিলায়। আখেরে নাজাত আর ভাল দুনিয়ায় * এতেক মছলত সাহা দেলেতে করিয়া।গরিবি লেবাছ পেন্দে সাহানা ছাড়িয়া * জওাহেরাত লিল কিছু সাতে আপনার। একেলা চলিয়া গেল হইয়া তৈয়ার * কেল্লার ভিতর থেকে চলিল ময়দান। জাইয়া পৌছিল জেথা ছিল গোরস্থান*একদা ছাবুদে বাদসা জায় মস্তহাল দুরে হইতে চেয়ে দেখে জলিছে মসাল *ছোবের ছেতারা মত দেখে নামদার। দেল বিচে ভাবে গোনে একি সমাচার * এমন তুফান তাহে অন্ধকার রাত। বুঝিনু হেকমত এই লহে তেলেছমাত * বোজরোগ লোগের হেথা আছে গোরস্থান। দেও দানব না হইবে না হবে সয়তান*আওলিয়া লোকেতে বুঝি জালিল রোসনাই। জানাজাবে আগে পিছে আর থোড়া জাই * এতেক ভাবিয়া বাদসা জায় ধিরে ধির। দেখিল বসিয়া চার আছেন ফকির * কফনি গলেতে ছের

জানুতে রাখিয়া। দেওনার মত বসে খামোস হইয়া * মছাব্বের জায় জেয়ছা ছাড়িয়া মুল্লুক। না দেখে দেশের লোগে নাহি থাকে শুক * চার জনা বসে আছে তেমনি ছুরাত। হয়রান হইয়া আছে মুখে নাহি বাত*চেরাগ পাথর পরে ছামনেতে জলে। গুল নাহি হয় তাতে বাতাস লাগিলে * ফানুস তাহার জেন বানায় আছমান। সকালের তারা জেন তেমন প্রমান* আপনার দেলে বাদসা এয়ছাই বুঝিল। মেরা ঘরে আল্লা বুঝি দিবে এয়ছা আলো * দানেস বলে আলম্পানা করনা ছবর। ছবরেতে মেওয়া আছে কেতাবে খবর *

বাদসা গোরস্থানে পৌছিবার বয়ান।

রাগ একাবলি ছন্দ। কহে আজাদবক্ত, খোলে মেরা বক্ত,বুঝিনু হইবে ভাল। বোজরোগ লোকের, বরকোতে এদের, মেরা ঘরে হবে আল * দেখি বড়া সান,হবে বোজরগান,শুনিব এদের কথা। আগে সোনা গেছে, শুখা নেড়া গাছে, করে দিতে পারে পাতা*এত থোড়া কথা. পয়দা করে পাতা, জে জনা মকবুল বান্দা। আল্লা জাহা বলে সেমত জে চলে, মোরদা করে দেয় জেন্দা*আনিত এদের, খেদমতে হাজের, থাকিব জে করে সাই। দেলে জাহা আছে, কহিব মত লেছে, জা বলে করিব তাই*খুসি হয়ে মোরে,জদি দোওা করে,ভাল হৈতে পারে মেরা। ফকিরেরি দোওা, আল্লা করে রওা; নহেত জাইব মারা এত ভেবে দেলে, থোড়া আগে চলে, ফিরে খাড়া হৈয়া ভাবে। কি রুপে এহারা, কে বটে কাহারা, না বুঝে কোথাকে জাবে * ডাকাত কি চোর, কিবা নেসাখোর, কিবা সোহদা হয় এরা। আগে বুঝেরিত জে হয় বিহিত, পিছেতে জাইবে করা * জলদিতে জে রাজি, সয়তা নেরি বাজি, জলদি করে সয়তানেতে। করিব ছবর,জানিব খবর, তবে পৌছিব খেদমতে * আগেতে বুঝিব,পিছে দেখা দিব. আগে দেখি এ ফাকর। করিয়া খেয়াল দেখি আগে হাল, সেসে হইব হাজির * এত ভেবে মনে, মহলের কোনে, বসে বাদসা পুসিদায়। এরা চারি জনা, না জানে ঠেকানা;মালুল করিতে তায়*বাদসা এইখানে, বসে ভাবে মনে, গোজরীল কতক্ষন। চারি জে ফকীর, জানুপরে ছির, হয়েছিল অচেতন * এক জনা জাগে, নিদ তার ভাঙ্গে, এল্লেল্লা বলে উঠিল। আওাজ শুনিয়া, সবে চমকিয়া, বিছানা পরে বসিল * তামাকু সাজিয়া, পেওত বলিয়া, ক্ষক২ করিয়া কাসে। একজনা তায়, কহে সবাকায়, চুপ হয়ে কেন বসে * কহ বেরাদর, আপনা

খবর কি কামে আইলে হেথা। রাত আছে ভারি, বসিয়া কি করি, কহনা তুঃক্ষের কথা * আজ আইনু সবে, কহনা কি ভেবে, বুঝে করা জাবে কাম। তাহারা কহিল, তুমি আগে বল, বুঝে কব পরিনাম * শুনিয়া ফকির, করেন জাহির, শুন নেক জাত জত। কহেন দানেস, করিয়া খাএস, এক ফকিরের বাত *

পহেলা দরবেসের বয়ান।

পয়ার। চারি জনা বসি ছিল বিছানা উপর। এক মর্দ্দ কহে শুন আমার খবর * আমার দুখের কথা করিবে ধেয়ান। এমন মুল্লুকে মেরা কদমিমকান * বাবাজির নাম মেরা খাজে আহম্মদ। এমন মুল্লুকে ছিল তার ছুরহদ * বাপ মেরা ছিল বড়া নামি সওদাগর। মাল মাত্তা হাতি ঘোড়া ছিল বেশুমার* তার মত সওদাগর নাহি ছিল সেতা। কত ঠাই ছিল তার কতেক গোমস্তা * জাহাজ শুলুপ আর কত বালাখানা। কত ঠাই ছিল তার কে করে ঠেকানা * এক বেটি এক বেটা পয়দা তার ঘরে। আমি সেই গোনাগার মরসেদ হুজুরে * আমার বহিন সেই বড়া হোসমন্দ। বাপ তার সাদি দিল করিয়া পছন্দ * ছওদাগর জাদা এক আছিল সেথায়। বহিনির সাদি মেরা দিলেক তাহায় * এক লাড়কা ঘরে আমি বাপের পিয়ারা জেগেরের খুন আমি নয়ানের তারা * ফেকের আন্দেসা গম নাহি মেরা দেলে। খেয়ে পিয়ে ফিরে চলি খুসি বড়া দেলে* এয়ছা ভাতে কত দিন গোজারিয়া গেল। এলাহির চাহা মেরা বাবা জান মলো* চারি দিগে চেয়ে দেখি না পাইয়া উপায়। আছমান টুটিয়া জেন গিরিল মাথায় * আফছোছ কলেজা জলে ছাতি ফেটে জায়। দেওনা ছুরত হায় করি হায়২ *খেসকোরমা দোস্ত আসনা ভাই বেরাদার। সকলে বোঝায় মোরে না হয় এতবার*সকলের মা বাপ মরিয়া জায় ভাই। সবাকে মরিতে হবে কেহ রবে নাই*আমি বলি এতিম হইয়া গেনু আমি। কেহ বলে মোর চেয়ে ভাল আছ তুমি* দুনিয়ার বিচে তেরা কিসের ভাবনা। তোমার মাফিক হেথা নাহি কোন জনা * বাপের কামেতে তুমি হইয়া মোক্তার। আপনি চালাও ভাই সেই কারবার* নানা মতে বোঝাইল ভাই বেরাদর। ঘরের বিচেতে আমি হইনু মোক্তার * নকর চাকর ছিল জার জেই কাম। সেই সব কামে আমি রাখিনু তামাম * গুদাম খুলনু গিয়া মহল ভিতরে। বেশুমার মাল মাত্তা দেখিনু নজরে * খুসিতে খোসাল হৈনু দেখে সেই মাল।

চড়িল তাহার নেসা হইনু মাতাল*হুকুম করিনু আমি নকর সবায়। চুলভানত কর সবে দেওান থানায় * ফরাসের তরে কহি করিতে বেছানা। গালিচা জুলিচা আর গেরদা সামিয়ানা * ফানছ বেলওার জলে দেওাল গির কত। আয়নার নকসার ছবি দিল সত২ * চৌকি পালঙ্গ কৌচ আরও গলয়দান। এইরূপে নানা চিজ ঘরের ছামান * গালিচা ডুলিচা কত জরির বিছানা। তাহার উপরে বৈসে করি ইয়ারানা * রঙ্গ রঙ্গ খানা তার কি কব বয়ান। আমির উজির তারা দেখিয়া হয়রান * সরাব কাবাব খেয়ে ফিরি মস্তহাল। ছওদাগরি তেজারতি নাহি সে খেলায় * কোথা থেকে আইল মাল কে করিল জমা। হেসাব কেতাব তার সব দিনু ক্ষমা * এয়ার লোকের সাতে এছা বহর্বত। সে সময়ে না আঠিত কারুনের দৌলত * এছা ভাতে গোজরিয়া গেল কত দিন। মালমাত্তা কোথা গেল না রহিল চিন * বাড়ি ঘর বেচে খানু কোথা সে ইয়ার। আখেরে টুকনি আর কোপনি হৈল সার * আপনারি লহু জেবা করিতেন সরাব। ছেরকে পেয়ালা করে দেলকে কাবাব * ধরকে সারিন্দা করে রগ করে তার দেখা হলে নাহি ডাকে সে সব ইয়ার * গলাগলি কোলাকলি ছালামে ছালাম। তারা ফের পিট পিছে করেন বদনাম * রাহা ঘাটে দেখা জদি হয় তার সাত।আখি ছাপাইয়া জায় নাহি কহে বাত*খাওাছ গোলাম আর নকর চাকর। দেখা হলে মোরে তারা না পোছে খবর * ভোকেতে অজুদ কাপে পেট জায় জলে। ঘোড়ার খোরাক চেনা তাও নাহি মেলে*দুই তিন রোজ ফাকা গোজরিয়া জায়।চারি দিগে ভেবে কিছু না পাই উপায় *বহিনের ঘর মেরা সেই সহরেতে এরাদা করিনু আমি সেথানে জাইতে * রাহেতে জাইতে আমি কত ভাবি মনে।বহিনের কাছে মুখ দেখাবকেমনে*বাপ মেরা মরে গেছে হলো বারমাস। সেই হৈতে বহিনের না নিনু তল্লাস*বহিনভেজিল রোকা মেরা বরাবর। নাদিনু জওাব তার না লিনু খবর * সাতপাচ ভেবে এয়ছা করিভাবাগোনা।।কোথাকে যাইবভেবে না পাই ঠেকানা।

ছওদাগরজাদা বহিনের বাড়িতে জাইবার বয়ান।

লাচার হইয়া গেনু ভাবিতে২। ফাকিরি লেবাছ আর নাহি কিছু স্যাতে *সরম ভরম খেয়ে লাচার হইয়া। বহিনের বাড়ি সেসে পৌছিনু জাইয়া*পিয়ারা বহিন দেখে করে বড়া গম। খোসালিও ছিল দেখে পড়িল মাতম * ভাই২ বলে মুজে পোছে সমাচার। গাল

মাতা হাতি ঘোড়া কি হ'লো তোমার * লড়াই ভেড়াই বুঝি হৈল কার সাতে। কিম্বা কেউ লটীয়া লিল আসতে রাহেতে * বাপের আখের পুতলি মায়ের পরান। আমার জানের জান বাপের সমান* কি খাতেরে এয়ছা হাল কহ অভাগিরে। কলেজা জলিয়া জায় তোমার খাতেরে*একথা শুনিয়া কিছু না দিনু জওাব। ছের নিচে করে লিনু আখে আইল আব * দেলে দর্দ্দ মুখে আহা আখে আছু ঝরে মালুম করিয়া কিছু না কহিল মোরে * হাঙ্কামে জাইয়া মুঝে গোছল দেলায়। জরির লেবাছ এনে আমাকে পেন্দায় * খোলাছা মকাম এক দিল মোর তরে। আরামে গোজরান করি থাকি সেই ঘরে খাবার ভামানা মুঝে দেয় ভাত২। রঙ্গ২ খানা আর কত মেওাজাত কোন বাতে গম আর নাহি ছিল দেলে। জে চিজ দরকার হৈত তাই বসে পেলে *আরাম পাইনু খুব দেলে আপনার। আল্লার দরগাতে ভেজি সোকরানা হাজার * এইরূপে কতোদিন রহিনু সেখানে। ভাবনা আন্দেসা গম নাহি ছিল জানে*একরোজ বহিন এসে কহিল আমারে। তুমি বিনে কেহ নাহি দুনিয়া ভিতরে * আখের পুতলি মেরা ধড়ের পরান। বাপ বাদে দেখি তুজে বাপের সমান *মাবাপ তরফে তুম একেলা চেরাগ। তুঝে দেখে খুসি আমি হৈনু বাগেবাগ দেখা দিয়া মুঝে তুমি করিলে নেহাল। হুজুরে আরজ করি করিবে খেয়াল*কামাই করিতে আল্লা ভেজিল মদ্দেরে। আওরত থাকিবে জত অন্দর ভিতরে * মরদ হইয়া জদি না করে রোজগার। হোরমত না থাকে তার সংসার মাঝার*তুমি ভাই আইসেজদিবহিনের ঘরে হুসিয়ার করিয়া আমি দিই আপনারে * সহরের লোক পাছে এই ভাবে মনে। এমন নামর্দ্দ মোরা না দেখি জাহানে *বাপের দৌলত সব দিল লোটাইয়া। বহিনের ঘরে থাকেকোন মুখ লিয়া* এইবাতে হবে মেরা বড়ই সরম। দুনিয়ার বিচে তেরা না রবে ভরম * বাপ দাদার নাম তেরা সব জাবে ডুবে। এই কথা ভাই তুমি দেলে দেখ ভেবে * মনাছেব লহে তুঝে কহি এইবাত। না কহিল সরমেতে মরিব নেহাত * তোমার লাগিয়া মেরা দেল এয়ছা চায়। খাল মেরা জুতা করে দিই তেরা পায় * এখন আমার দেলে এমনি বেজার। ছওদাগরি কর তুমি জেথা জিউ চায় *আল্লা করে ভাল তেরা হইবে আলবত। হয় নয় দেখ থোড়া করিয়া মেহনত * গারিবি হালেতে তুমি আছ পেরেসান। কামেতে থাকিলে খুসি হবে তেরা জান *

নানামতে বোঝাইল বহিন আমার। পছন্দ হইল বাত শুনিয়া তাহার এইবাতে কান্দে বুন হামেসা দেলেতে।সরমে কাহারে কিছু না পারি কহিতে*মায়ের সমান তুমি বহিন আমার। খালি হাতে কিপ্রকারে হইবে রোজগার*এতেক শুনিয়া গেল মহল ভিতর।আনিল পঞ্চাস তোড়া সোনার মোহর * আসরূপি আমারে দিয়া কহিল খবর। ছওদাগর জায় সব দামেস্ক সহর*ছরঞ্জাম লেহ ভাই খরিদ করিয়া এক ছওদাগরে দেহ হাওালা করিয়া * লেখাপাড়ি করে দেহ মজবুত করিয়া। খুসকির রাহেতে জাহ আপনি চলিয়া *জাহাজের কেরায়া দিয়া লিবে সব মাল। বেচা কেনা কর গিয়া বুঝে হাল চাল *এতেক সুনিয়া আমি গেনু বাজারেতে। ছওদা খরিদ করে দিনু জাহাজেতে ইমানদার ছওদাগরে শুপিনু তাহায়। আপান ঘোড়ায় চড়ে চলিনু রাহায় * খাবা পেবার চিজ দিল বাহিন আমার।জামা জোড়া পিন্দে জাই হইয়া ছওার * কহিল বহিন তুঝে শুপিনু খোদায়। ফের জেন চাদ মুখ দেখাও আমায় * আমি বি কাহনু আল্লা মালেক সবার। ফিরে জেন এসে দেখি তোমার দিদার *

ছওদাগরিতে জাইবার বয়ান *

পয়ার * এতেক কহিয়া চলি বিদায় হইয়া। মঞ্জেলং রাহা গেনু নেকলিয়া * জাইয়া পৌছিনু জেথা দামস্ক সহর। রাত হৈল ভারি গেনু দরওাজা উপর * দরওানি করিল বন্দ দরওাজা গড়ের। বহুত কহিনু তারে আমি মোছাফের * না খোলে দরওাজা আমি হইনু লাচার। পেরেসান হালে থাকি গড়ের বাহার * বসিয়া জাগিয়া থাকি হইয়া কাতর। এইরূপে গোজরিল রাত দুই প্রহোর * দেলের বিচেতে কত লাগিনু ভাবিতে। আচানকসিন্দুক একগিরিল নিচেতে গড়ের উপর হৈতে গিরিল নিচেতে। দেলের বিচেতে কত লাগিনু ভাবিতে * এত দিনে আল্লা বুঝি হৈল মুঝে সখা। সিন্দুক ভরিয়া মুঝে ভেজে দিল টাকা * উঠিতে পড়িতে গেনু সিন্দুকের কাছে। কাঠের সিন্দুক তাতে কুঞ্জি দিয়াআছে*খোসাল হইয়া আমি তুড়ি সেই তালা। ডালা উঠাইতে হৈল দুনিয়া উজালা * নেঘাও করিয়া আমি দেখি সে ছুরত। আফতাব সমান এক শুইয়া আওরত * বেহোস হইনু আমি দেখিয়া তাহায়।এইরূপে ঘড়ি এক গোজরিয়া জায়*লহু নদী বহে চলে ওজুদে তাহার। ঘায়ের জলনে বিবী ছিল বেকারার*আহাহং করে বিবি হইয়া বোহোস। বেওফা জালেমমেরা

কি পাইলি দোস * কি বুরা করিনু তেরা সোনরে জালেন। ভালাই করিনু তেরা হইয়া খাদেম * এই ফল হয় জদি ভালাই করিলে একেবারে কেন মুঝে মোরে না ডালিলে* এক চোটে মুঝে ভুমিকরে ডাল ছাপ। আখেরে আল্লার কাছে হইবে এনছাফ * আচলে ঢাকিল মুখ এতেক কহিয়া। আমার তরফে বিবী না দেখে চাহিয়া * ক্রায়২ করি আমি শুনিয়া এ বাত। কেমনে এমন গায় চালাইল হাত ভুতি জবানের বাত শুনিয়া বিবীর। এস্কেতে কলেজা বিচে লাগে মেরা তির * সির সক্কা এয়ছা তার মিঠা২ বাত। দেলেতে বুঝিনু আমি হবে পরিজাত * ভুরুজোড়া দিয়া চড়া রাখিল কামান। খেদেঙ্গের তির জেন চক্ষের মেজগান * সে চক্ষের চাহনি জেন নরগাছের ফুল। ঠোটের বরন তার জেমন হিঙ্গুল * মৃগ আখি চাদমুখ তার বিচে তিল। সোনার পিঞ্জরায় জেন বসিয়া কইল * জত গুলি দাত জেন আনারের দানা। নাকের গঠন ঠিক বাসির নমুনা *মাথা ভরা চুল তার পায়ে এসে গেরে। সুগন্ধে মোহিত তার ভ্রমরা গুঞ্জরে * বেলুনের মত বাজু ছাতিতে আনার। পাতলি কোমর আর গলে দোলে হার *চনন খঞ্জন জেন মুখ হাসি২। প্রেমডোরে মোর গলে লাগাইল ফাসি * বেতাব হইয়া আমি কান্দি জারে জার। নাজোক বদন পরে কে দিল আজার * জালেম জাল্লাদ সেই নাহি দয়ামায়া হোস গোস নাহি তার বড়ই বেহায়া * ওজুদের বিচে খালি বাকি ছিল জান। আমার আওয়াজ শুনে করিল ধিয়ান * মুখের কাপড় খুলে চায় মোর পানে। চাহনির তির আইসে লাগে মেরা জানে * কাতর হইয়া আমি পুছিনু তাহারে। রাছ বাত কহ বিবি আমার হুজুরে * কে করিল চোট তুজে কেবা দিল ফেলে। শুনিয়া খাতের জমা হোক মেরা দেলে*না ছিল বিবির কিছু বলিবার তাব। শুনিয়া আমার কথা দিলেন জওয়াব * বিবি বলে জাহা ছিল নছিবে আমার কে করিবে রদ তাহা জোগ্যতা কাহার * হাজার সোকর মেরা দরগাতে আল্লার। কি কহিব খাক ভস্ম হুজুরে তোমার * কোন ঘাড় মরি আমি শুন নেকনাম। মরিলে বান্দির তরে কর এই কাম * এই জে সিন্দুক মেরা বানাইবে খাটী। আল্লার তরফ চেয়ে দিবে মুঝে মাটি*লোকের জবান হৈতে পাইব এড়ান। তোমার ছওয়াব হবে জান মেহেরবান*এতেক কহিয়া আর নাহি কহে বাত। ভাবিতে শুনিতে

গোজারিল সেই রাত*দরওজা খুলিল তারা হইতে ফজর। সিন্দুক লইয়া গেনু গড়ের ভিতর * কেরায়া করিনু এক খোলছা মকান। বিবাকে লইয়া গেনু তাহার দরমিয়ান * সিন্দুক থাকিয়া তারে করিনু বাহির। নরম বিছানায় রাখি বিবির খাতির * এক লোগে বসাইনু বিবির নজাদগে। তবিব ঢুড়িতে আমি গেনু দিগে দিগে * সহরের লোগে আমি পুছি জারে তারে। কাটা ঘায়ের দারুপানি কে করিতে পারে * এক মর্দ্দ কহে সোন মছাফের ভাই। ইছা-নামে হাজ্জাম এক জানেন দাওয়াই * বড়ই হাকিম সেহ সহরে মসহুর। তার নামে জহমোত হয়ে জায় দুর * এলাহির মেহের তারে লিয়া জাও মরদা। এক ছায়েতের তরে করে দেয় জেন্দা*এতেক শুনিয়া আমি গেনু তার ঘরে। দেখিনু এক বুড়া বসে দহলিজ উপরে * পেরেসান হালে আমি করিনু ছালাম। পুছিল আমারে কহ কিবা তেরা নাম * ফকির কহিল আনু শুনে তেরা নাম। তবিবি ছেফত তেরা সুনিনু তামাম * এখাতিরে আসি আমি হুজুরে তোমার। আমার কবিলা বিবী বড়ই বিমার * এমন মুল্লুকে ঘর আমি ছওদাগর। বেপার করিতে আইনু দেমস্ক সহর * আসিতে রাহাতে রাত ময়দানেতে হৈল। দেলে ভাবি রাতে রাহা নাহি চলা ভাল * ময়দানেতে গাছ তলে থাকি রাত কালে। ডাকু চোর রাত কালে লুটে ঘেটে লিলে আমি এক গাছ আড়ে ছিনু ছাপাইয়া। বিবীর জেওর লিল কাটিয়া লুটিয়া * বিবির অজুদে খালি বাকি আছে জান। দেখিয়া সে হাল ছেরে গিরিল আছমান * ফজর হইতে আনু সহর ভিতর। সহরে আসিয়া শুনি তোমার খবর *কেরায়া মকানে রেখে বিবির খাতির ছাহেবের নজদিগে এসেহইনু হাজির*মেহেরবানি কর এই গরিবের বাবে। গরিব খানায় গিয়া নজরে দেখিবে * হাকিম বেচারা বড়া ছিল নেকজাত। সেই ঘড়ি আইল মর্দ্দ ফকিরের সাত * বিবিকে দেখিয়া দিল ভরসা আমারে। চাল্লিস রোজেতে আমি দিবচাঙ্গা করে গরম করিল পানি এতেক কহিয়া। আপনার হাতে ঘাও দিলেক ধুইয়া *দারু দিয়া ঘাও ফের বান্দে পাটি দিয়া। কহিল মুরগির সুরুয়া দেহ পেলাইয়া*আরক বাদিয়ান মোস্ক গোলাপের পানি। হামেসা পেলাবে তবে জাবে পেরেসানি *সান ছোবে এসে আমি করিব তদবির। পেরেসান নাহি হবে বিবির খাতির * এতেক শুনিয়া কহি জোড়ে দোন হাত। বিদেসে আইলাম আমি কেহু নাহি সাত *

আল্লার মেহের আর মর্দমি তোমার। দেখিয়া দেলেতে থোড়াহইল কাল্লার * এতক্ষনে ঘরে জেতুন ছাড়িয়া হুভান। বিদেসে আনিয়া মেরা একি সর্ব্বনাশ * জানের উপরে করি আরাম হারাম। তোমার খেদমতগারি করিব মোদাম * এতেক শুনিয়া মুজে কতেক বুঝায় বিদায় হইয়া গেল আপনা ডেরায়*মহাম্মদ দানেস কহে শুন মোছা ফের। ছওদাগর জাহাজ লিয়া হইল হাজের *

রাগ ভঙ্গত্রিপদি। তবিব চলিয়া গেল ডেরে২। জাহাজ পৌছিল আসিয়া, মাল আছবাব লিয়া, লেখন ভেজিয়া দিল মোরে *শুনিয়া হইনু বড়া খুসি২ ।খবর ভেজিনু তারে, মোর মাল দিল মোরে,মাল লিয়া সহরেতে আসি * সেই মাল করি বেচা কেনা২। জে জাহা বলিল ভাই, দিনু আমি তারে তাই, দেলে মেরা বিবির ভাবনা * টাকা জবে আইল মেরা হাতে২। বিবির খাতির দাওা, আর তার খাওা পেওা, খুসি হালে লাগিনু কিনিতে * রোজ রোজ করি দারু পানী২। এয়ছা কত দিন জায়, আরাম হইল তায়, দুরে গেল জত পেরেসানি *তবিবের নজরান দিয়া২। ঘরের ছামানা আনি, লেবাছ পোসাগ কিনি, খুসি হালে দুজনা বসিয়া * খয়রাত করিনু কত মাল২। গরিব মিছকিন লোকে, দিনু মাস্তা ডেকে ডেকে, দোওা করে পাইয়া কাঙ্গাল *সেদিন হইল এছা মেরা২। খুসি হৈল এয়ছা দেলে ছোলেমানের মাল পেলে, না আটীত এয়ছা হোস হারা * গোছল করিল পরিজাত২। মেঘ মধ্যে চান্দ জেয়ছা, ছুরত ছাফাই তেয়ছা, দুগুন বাড়িল সে ছুরত*সেঙ্গার করিল জবে বিবি২ ।সে সময় এয়ছা হাল, শুরুজ হইল লাল, হোস গেল দেখে তার ছবি*আখের পলক নাহী মারি২। ছাড়িয়া না জাই কোথা, শুনি তার সিরি কথা, হুকুম বরদার হয়ে ফিরি*ওমরাও মেজাজ এয়ছা তার২।মোরে বলে খবর দার, রবে মেরা তাবেদার, তবে মেরা পাইবে দিদার * মুঝে কহে সোন মেহেরবান২। জা বলিব শুন তাই, বেফরমানি কর নাই,কেলে তবে হইবে হয়রান * ডর হৈল এ কথা শুনিয়া২। কাহে আমি সুন পারি, করিব খেদমত গারি, জত দিন রহিব বাচিয়া * এতবলে থাকি হামেহাল২। বিবীর হুকুম মতে, ফিরি তার সাতে সাতে, এইরুপে গেল;এক সাল *বিবীর খাহেস জাহা চায়২। তাই এনে দীই আমি কোন দিকে নাই কমি, জত মাল খোওাইনু তায় * জত মোর পুজি পাটা ছিল২ ।খেতে পিতে পোসাকেতে, ঘরের কেরায়া দিতে,নানা

রূপে খরচ হইল * দেল মেরা হৈল পেরেসান২। বিবির খেদমতগারি, আর আমি কিসে করি, এইবার গেল মোর নাম * রোজ রোজ খরচেরে কাম২।বিদেসে বেগানা ঠাই, কে দিবে কোথাকে পাই,এই রূপে ভাবি জে মোদাম * ভাবিয়া ভাবিয়া হৈনু কালি২। ভাবনাতে পিত্র খুন, মগোজ হইল শুন, সরমেতে কারে নাহি বলী * একরোজ কহে সেই পরী২। রাছ বাত কহ মোরে. পেরেসান কি খাতেরে, তাহার তদবির আমি করী *বহুত করীলে মেরা নেকি২। সে ধার সুধাবে ভার, আমি কি লায়েক তার, তাহার সরত কিছু রাখি *এতেক কহিয়া পরিজাত২। লিখিয়া দিলেক মোরে, জাহনা সেতাব করে, দেহ লেখা ছিদিবেহার হাত২*ছিদী বেহার তার নাম২ গড়ের রাহের কাছে,বড়া এক মকাম আছে,তার ঠাই দিবেন পয়গাম একথা শুনিয়া আমি গেনু২। পানু আমি সে ঠেকানা, দেখি বড়া বালাখানা, দরওাজায় জাইয়া পুছিনু * দরওানীকে কহিনু জাইয়া২ দিছি বেহার নাম, তার সাতে আছে কাম, দেহ মেরা খবর ভেজিয়া দরওানী খবর দিল তায়২। হাবসির জওান একা, আসিয়া করিল দেখা,সমাচার পুছিল আমায় * বিবির লেখন দীনু হাতে২। পড়ে সেই কেতাবত, বুঝে তার হকিকত, গেল মদ্দ চলে মহলেতে * তোড়া বন্দি মোহর লইয়া২। গোলামের তুলে মাথে.দিল মোর সাতে২. কহে দেহ বিবিকে লইয়া * আমি তারে করীয়া ছালাম২ গোলামেরে সাতে লিয়া, বিবির হুজুরে গিয়া, দিনু মাত্তা রাখিয়া তামাম * বিবি কহে সোন মেহেরবান২। মাত্তার মালেক তুমি, দেলেতে না কর গমি, কাহে পেরেসান তেরা জান* তুমি মাত্তা কর না খরচ২। শুনিয়া বিবির কথা, দুরে গেল জত বেথা, আর মেরা কিসের আফছোফ*এক বাতে করি ভাবা গোনাগোনা।একপোরজা কাগজেতে,লিখে দিল মেরা হাতে, দিল মাত্তা না পুছে ঠেকানা * কি জানি কেমন সমাচার২। পুছি জদি এই বাত, গোস্বা হবে পরিজাত, এই বাতে ভাবনা আমার * বাদসা জাদি হবে বুঝি বিবি জায় এয়ছা ছোলতানাত, রূপে জেন পরিজাত,আফতাব ছুরত জেন ছবি * বুঝি বিবি না করে কবুল২। মহাম্মদ দানেস বলে, ভাবনা না কর দেলে, তার কলম কে করে ওদুল *

ফকিরে সুপিয়াজদি মালমাত্তা দিল।দেলেতেহইনু খুসি ভাবনা খুচিল*আর এক বাত দেলে হইল ভাবনা।বিবির মেজাজ দেখি বড়

আমিরানা*দবদবা হসমত আর বড়ইহেস্মত।জাহার লেখনেআইসে এতেক দৌলত* এইসব দেল বিচে ভাইয়া গুনিয়া। আখেরে রহিনু আমি খোসালহইয়া*তার পরে পরিজাত কহিল আমারে। কাপড়া খরিদ করো যাইয়া বাজারে*পুরানা কাপড় পেন্দো গরিব তনহাই। আল্লার নজদিগে এতে না হবে বুরাই* মানুষের জবান হৈতেবাচি মেহেরবান।ঠাটবাট করখুব আমিরানা সান*জরিরলেবাছআরঘরের ছামান। কোন বাতে আপনি না হবে পেরেসান* ইউছফ নামেতে এক জওরির কাছে। কত রঙ্গ চিজ তার দোকানেতে আছে * ফকির শুনিয়া চলে হইয়া ছওার। বাজারে জাইতে মেলে দোকান তাহার* দেখিনু জওান এক গদ্দি লাগাইয়া। বড় ছোলতানাতে মদ্দ আছেন বসিয়া*ছালাম আলেক আমি করিনু তাহায়। আলেকছালাম দিয়া পুছিল আমায়*জেনব ছামানা লিব কহিনু বয়ান।কহিল মৌজুদসব আছে মেহেরবান * আমার সকলকথা বুঝিতে না পারে। পুছিলাকি কামে তুমি আইলে এ সহরে * পরিচয় দেহ তুমি আমার খাতের। জাহা চাবে দিবতুঝেকরিয়াহাজের*ঝুটমুট পারিচয়দিনু আমিতারে খরিদ করিয়া চিজ জেতে চাই ঘরে* জওহার কহেনমুঝে মোছাফের ভাই।জাবে জদি তবে কেনে করিলে আসনাই* দেল মেরা ভুলাইলে মিঠা২ বাতে। কোন মোনাছেব তুমি চাহ জে জাইতে * এতেক শুনিয়া ফের পালটিয়া বসি। নানা রঙ্গ বাতচিত করি হাসি খুসি * কথায়২ কত হয়ে গেল দের। কহিনু হুজুরে হবো হামেসা হাজের খোসাল হইল মর্দ্দ একথা শুনিয়া। কহেআজ তুঝে আমি না দিব ছাড়িয়া * মেহের বানি করে চল গরিব খানায়। চারঘড়ি খুসি করি তোমায় আমায়*ছওদাগর এইমত বুঝায় আমায়।দেল মেরা নাহি মানে বিবির মায়ায় * একেলা ছাড়িয়া আইনু বিবির খাতির। দের হৈল বিবী বুঝি হইল দেলগির * এই মত কত শত ভাবি মনে২। দোছরা ওজর করি তাহার সামনে *না মানে ওজর মেরা না ছাড়ে আমায়। আখেরে একরার দিয়া হইনু বিদায়*কহিনু এখনি আমি আসিব ফিরিয়া। তবু না ছাড়িনু আইনু কছম খাইয়া* জওহেরাত লিনু জত খরিদ করিয়া। বিবীর নজদিগে আমি দিনু পৌছাইয়া* জওহরের দাম আর জওহরের বাত। তামাম পুছিল মুঝে সেই পরিজাত * জে কিছু হইল বাত কহিনু বিবিকে। দাওত করিল মদ্দ না ছাড়ে আমাকে* আখেরে কছোম খেয়ে হইনু বিদায়। কহিনু তো

মারে কহ দেলে জাহা চায় * বিবি বলে জাহ তুমি রাখিতে দাওত॥ হুকুম মাফিকচল জাহার ওক্ষত*নবির ছোন্নত এই সোনহে মোহের একবার খেলাফ হৈলে টুটিবে আজেব* একথা শুনিয়া আমি কহিনু তাহায়। তোমারে ছাড়িয়া জাইতে দেল নাহি চায়*না গেলেহইবে গোনা জাওা হৈল দায়। বহুত কহিয়া বিবি করিল বিদায় *ইউছফ বসিয়া জেথা আছিল দোকানে। জাইয়া পৌছিনু আমি তাহার সা মনে*ইউছফ জওহরি ছিল রাহা তাকাইয়া॥ খুসি খোসালিতেহৈল আমাকে পাইয়া*হাত পাকড়িয়া মেরা চলিল বাগান। বড়ইমাকুল ঠাট বেহেস্ত সমান * হাওজ কেনারা কত পানির লহর। তাহাতে ফওরা ছোটে করে জোর সোর * চৌদিগে পাচিল উচা মধ্যে বালা খানা। তাহার ভিতরে আছে কতেক ছামানা * নানা জাতি মেওা আছে কতরঙ্গ ফুল। বুলবুল চেচকার করে হইয়া আকুল * কুহু কুহু কহে বসিয়া ডালে২। সামা তাউছশুয়া মেওা খেয়ে বলে*হিরামন কাকাতুয়া তুতি বেশুমার। ঘোড়া হাতি উট গাধা হরিন গাণ্ডার * আর কত চিজ দেখি বাগানে ফিরিয়া। মছলন্দ উপরে মুঝে বসাইল লিয়া * সেমকান আলিসান ঠাট আমিরানা। গালিচা দুলিচা কত জরির বিছয়ানা* হাসি খুসি করি তাহে দুজনা বসিয়া॥ একদমবসে মন্দ চলিল উঠীয়া*লেবাছ বদল করে আসিয়া পৌছিল। লেবাছছা ড়িতে ফের আমাকে কহিল * ফকির লেবাছ পিন্দে বসিল সেথায় খানা পানি মেওা জাত হুজুরে মাঙ্গায় * হরেক ছামানা এনে খেলায় আমায়। তাহার বয়ান আমি কহিব হেথায়*থরে২ রাখে এনে কত রঙ্গ ফুল। আতর গোলাব মোস্ক খোসবোয় আকুল * বেলওারের পেয়ালা তাহে ঢালিয়া সারাব। পিলায় আমারে আর খেলায় কা বাব * কাসমিরি বাই এনে করিল হাজির। নাচে গায় হাসে জেন ছুরত পরির * ছাহেব জামাল চার লাড়কা পৌছিল। জোলোফ ছা- ড়িয়া রাগ বাজাতে মাতিল * এয়ছা রসে২ তারা করেছিল তান। খুসির সোমার নাই খুসিতে হয়রান * তান সিন সেই বড়ি থাকিলে সেথায়। বেহোসেতে তান ভুলে মরিত লজ্জায়*সে আমার আমি তার ঢলে পড়ি গায়। খুসিতে আখের আছু রাখা নাহি জায় * কান্দিয়া জওহরি মেরা পাকড়িয়া হাত। জানি নহবত মেরা হৈল তেরা সাত * ভেদ কথা দোস্তের হুজুরে বলা চাই। ছাপাইয়ারাখা কোন মজহবেত নাই*খুসিতে ভুলিত হয়ে ধরে মেরা হাত। মেহের

বানি করে জদি কোন কিছু বাত * বড়া এক মাশুক মেরা আছে এই ঘরে। হুকুম করিলে আনি আপনা হুজুরে * তাহার লাগিয়া দেল আছে পেরেসান। মাশুকআইলেমেটেদেলেরআরমান*এছাইতারিফ তার করিতে লাগিল। দেখিতে তাহার তরে খাহেসহইল * ইউছফে কহিনু আমিশুন বেরাদর। তোমার বেহতারি চাঙা আমাকে দরকার তোমার খুসিতে খুসি আমার জানের। এরে চেয়ে দুনিয়াতে কি আছে বেহতের * আসকের কাছে জদি থাকেন মাশুক। দেখে মুখ জায় দুক্ষ হয় বড় সুক*ইউছফ কহিল জাহা কহ তুমি ঠীক। খুসিতে ভসিত হয়ে উঠাইল টিকা* হাবসির আওরত এক আইল নেকলিয়া তাহাকে দেখিয়া গেল হাওাছ উড়িয়া * ছুরতের বয়ান আমি কি কহিব আর। আসিয়া উজালা ঘর করিল আন্ধার * ইউছফের কাছে এসে বসিল জখন। জেমন আসিয়া লাগে শুর্জ্জতে গ্রহণ * দেলেতে ভাবিনু এই ইহার মাশুক। লাহৌল তেজিনু আমি দেখে তার মুখ ঠাহরিয়া নারিয়া হইনু বেকাকার। দোস্তের খাতেরে আমি হইনু লাচার * সারাব কাবাব বাই কাসমিরি নাচায়। এইরুপে তিন দিন গোজরিয়া জায় * বিদায় হইনু তাকে কতেক কহিয়া। আপনার মকাম বিচে আইনু চলিয়া*রাহেতে চলিনু কত আন্দেসা করিয়া। কেমনে দেখাব মুখ বিবিকে জাইয়া*ভাবিতে ভাবিতে হৈনুহজুরে হাজের। কহিনু তামাম বাত বিবির খাতের * এতদিন তুঝে ছেড়ে কোথা থাকি নাই। কি করিব লাচারিতে চারা কিছু নাই * মাফ কর বিবি তুমি তকছির আমার। দাওাত কবুল করে হইনু লাচার * মুচকিয়া হেসে বিবি কহিল আমায়। এই বাতে তেরা কিছু না হৈল বেজায় * আপনার বসে তুম পৌছিলে সেতায়। কেমনে আনিবে তুঝে না দিলে বিদায় * আপনি খাইলে জেয়ছা খেলাও তাহারে। আদমিয়ত থাকে তবে কহিনু তোমারে*এখন লাজেমতুঝে জাইয়া সেখানে। বোলাইয়া আন তার আপনা মকানে * না কর ভাবনা কিছু দেলে আপনার।তামাম আছবাব আমি করিব তৈয়ার*এতেক শুনিয়া গেনু ইউছফের কাছে। দেখিয়া সেসওদাগর সমাচার পোছে কহিনু আরজ কিছু শুন মেহেরবান। ফকির খানায় গেলে খুসিহয় জান* তোমার খেদমতে বান্দা আছিল হাজের। আপনি জাইয়ারাখ ফকিরের খাতের*এক থা শুনিয়া মদ্দ খুসিতে ভরিয়া। আমারহামরাও সেই আইল চলিয়া * রাহাতে জাইতে আমি কত ভাবি মনে।

এহার খেদমত আমি করিবো কেমনে * মাল মাত্তা গেলো মেরা হ ইনু লাচার। কি করি বিবির কথা হৈল মুঝে ভার * ভাবিতে শু. নিতে গেনু দেল পেরেসান। ঠাহরিতে নাহ পারি দেখিয়া মকান আপনার মোকান জেনে গেলাম ভিতোর। বাদসাই ছামান দেখি বেড়া ঘটা ঘোর * দরওাজায় দরওানি দেখি নকিব চোপদার।আসা হাতে খাড়া আছে কত জমাদার* চাকর নৌকর আছে হাজারে হা. জার। জতেক খেদমতগার জে জেমন দরকার * দেওলাতে দেওাল গিরি ফানুছ বেলওার। ঠাই ঠাই জলে তার কে করে সোমার * গালিচা দুলিচা কত গেরদা সামিয়ানা। সাটিন মখমল কত জরীর বিছানা * পানদান পিকদান কত গোলাব পাস। বাসেতে মোহিত দেল হইল উদাস * তোড়াবন্দি ফুল কত কাতারে কাতার। খাঞ্চা পুরিয়া মেওা রাখে বেসোমার * জে সব বাহার তার কহিতে সে বাত। তামাম কহিলে ছাফা হয়ে জাবে রাত * না দেখি বিবিকে সেই ঘরের ভিতর। চারি দিগে তল্লাসিনু হইয়া কাতর * ইউছুফে বসানু লিয়া বিছওানা উপর। তাজিম করিতে দিনু কতেক নৌকর তার পরে গিয়া আমি বিবির তল্লাসে। বাবরচি খানায় দেখি বিবি আছে বসে * মাথায় রুমাল বান্দা কোরতা ছিল গায়। লাল রঙ্গ সাড়ি পেন্দা জুতা ছিল পায় * আজব ডওলে বিবি করে নেঘাবানি বাতাইয়া দেয় বিবি বসিয়া আপনি * দেগবাজে ঠনঠন পাকায় আবজোস। দম দিল কত দেগে দেখে হৈনু খোস * কোপতা কা লিয়া কোরমা কতেক কাবাব। তামাম তৈয়ার আছে জতেক আছ বাব * সোনা রুপার ঘড়া তাহে বরফের পানি।আবসোরাআর আব খোড়া তাহে ফের চিনি * বিবিকে কহিনু তুমি হেতা কি খাতের। বিবি বলে কর গিয়া মেহমানে খাতের *কোন মনাছেব এলে মেহ মানে রাখিয়া। একেলা রহিল বসে দেলগির হৈয়া * সেতাবি জা ইয়া কর দোস্তের খাতের। জাহা চাবে তাহা পাবে হুজুরে হাজের * এতেক সুনিয়া আমি আইনু চলিয়া। খাবার ছামানা দিল হাজের করিয়া * খানা পিনা খেয়ে দোহে বসিনু আরামে। সোকরানা ভে জিল মদ্দ এলাহির নামে * মতলব বুঝিয়া তার কহি এই বাত। তোমার মাসুক কোথা সেই পরিজাত * মজলেছে আইলে হয় মজলেছ গোলজার। সুনিয়া ইউছফ হৈল খোসাল হাজার * কহিল দেলের কথা কহিল আমার। মাসুক বিহনে আমি আছি বেকারার

একথা শুনিয়া এক খোজাকে ভেজিনু।খাতেরের কথা কত কহিল কহিনু * দুই পহোর রাত্ত জবে পৌছিল আসিয়া। আইল মাহফায় বিবী ছওারহইয়া * সোনার পিঞ্জারায় জেন বসিয়া কোয়েল। ইউ ছফের কাছে এসে হইল দাখেল*জে নাহি দেখেছে তারে দেখিলে মুস্কিল। দাত লাগে নহে ভাগে বুঝি আজরাইল *কি করি লাচার হয়ে মিলিনু জাইয়া। খোসাল হইল বিবী মজলেছ দেখিয়া *ইউ ছফের কাছে তারে বসাইনু লিয়া। ইউছফের দেল গেল খুসিতে ভরিয়া * এত জে আছবাব ছিল কাতারে কাতার। তাহাতে এতেক খুসি না ছিল তাহার * গলাগলি কোলাকুলি বোছা লেয় মুখে। খুসি কি হইব আমি কয় এসে দেখে*পুন্নিমার চাদ জেয়ছা ঘিরিল আবর। দাতেতে আঙ্গুলকাটে দেখিয়া নৌকর*মজলেছের তামাসা দেখে সকলে ভুলিল।তাহার তামাসা দেখে মসগুল হইল*ইউছফ নাবকে জেমন ডালিল কওায়। মাছেতে ইউনুছেজেন নিঙ্গলিয়া জায় এস্কে আক্কেল জের আছে বরাবর। বুদ্দি পালায় হৈলে বিরহের জোর লাইলিকে দেখিল জেমন মজনুর চক্ষেতে। পতঙ্গ উডিয়া জেমন পড়েন সামাতে * একথা দেলেতে সবে করিল পছন্দ। আসকের কাছে কোথা থাকে খেরেদমন্দ*তারপরে খাওা পেওা হইলতামাম তার পরে এনে দিনু সারাবের জাম * ঢালাই পেলাই এয়ছা হইল বিস্তর। তার পরে আইল কত বাই বাজিগর * নাচ বাজা রাগ রঙ্গ করে মস্তহাল। বাদসাই তক্তেতে জেন বসিল কাঙ্গাল*এছাই গলার শুর কি কব বয়ান। শুনিলে সাবান বিবী হইত হয়রান*দাউদ নবি পড়ে জেন কেতাব জবুর। তেমনি সে গান তান শুনিতে মধুর * আমি কিছুনাহি পীই ডরেতে বিবীর।ওজর করিয়া থাকি খেদমতে হাজির*তিন রাত তিন দিন গোজারিয়া গেল। ধরিয়া আমার হাত জৌহরি কহিল * আপনি না পেও কেন কিসের খাতির। এইবাতে আছি আমি বড়ই দেলগির * আপনার কাম ছেড়ে তোমার ডেরায় তুমি নাহি পেও ভাই পেলাও আমায় * কোন মোনাছেব এই কহ দেখি মোরে। একথা শুনিয়া আমি ভাবিনু অন্তরে* সারাব না পিই আমি ডেরেতে বিবির। না পিলে এ দোস্ত মেরা হইবে দেলগির*কি করিব লাচারিতে পিইনু পেয়ালা। বড়িচার পিতেপিতে হইনুমাত ওালা*ইউছফেরে পেলাইনু দুই চারি জাম। করিয়া পেয়ালা বাজি

হৈনু দোহে ভাম*বেহোস হইনু সবে হোস নাহি আর। রাত ছাপা হৈল মেরা না ছোটে খোমার* আফতাব উঠীল জবে দুই নেজা ভর উঠিয়া বসিনু নেসা ছুটে গেল মোর * চারিদিগে চেয়ে দেখে হইনু লাচার। কোথা বা ফানুস আর কোথা বা বেলওয়ার*গালিচাজুলিচা কোথা জত ছোলতানাত। কোথা বা মাশুক মেরা সেই পরিজাত * চারিদিগে ঢ়ুড়ে ফিরি কত ভাবি মনে। কম্বলি জড়ান দেখি মহলের কোনে * সেতাবি জাইয়া সেই কোম্বল খুলিনু। ইউছফ হাবসিনি দোন দেখিতে পাইনু * লেপটিয়া রাখিয়াছে কাটা গেছে ছের। কাপিতে লাগিনু আমি দেখিয়া তাদের * হোস হারাইনু আমি না পাই ঠেকানা। হায়২ কি করিলে এলাহি রব্বানা * আক্কেল নাকরে কাম ভাবিয়া হয়রান। না দেখে বিবির মুখ বিদরে পরাণ*বিবির নৌকর এক পৌছিল সেথায়। দেখিয়া খোসাল বড় হইনু তাহায়* খাজেছারা আইল সেই ঘরের মোক্তার। তাহাকে পুছিনু ভাই একি সমাচার * কহিল আমারে মন্দ শুন সওদাগর। শুনিয়া এ সব কথা লাভ কি তোমার*ফায়দা না হবে তেরা একথা শুনিলে। আমি ভি কহিনু রাস্ত আপনি কহিলে * আর এক বাত ভাই পুছি আপনারে আমার মাশুক বিবি গেল কোথাকারে * সে কহে আলবত্তা তুঝে বাতাইব ভাই। জাহা আমি জানি তাহা ছাপাইব নাই * ফের সেই খাজেছারা কহিল আমারে। বড়ই নাদন আমি দেখিনু তোমারে।* দুনিয়ার দোস্তি করে বেমরজি বিবির। মস্তহালে ফের তুমি না রাখ খাতির * কোন মোনাছেব এই দেখনা বুঝিয়া। একথা শুনিয়া রহি সরমেন্দা হইয়া*দম নাহি কসি আমি শুনে নছিহত। মাককর বলে তার পাকড়ি দুহাত* বিবীর ঘরের মুঝে কহিল ঠেকানা। গাড়িতে চলিল খোজামোর্দ্দ দুইজনা*মুস্কিলে থাকিয়া পানা পাইনু ফকির পেরেসান হয়ে ঢ়ুড়িমোকান বিবির * গলি কুচা ঢ়ুড়ে ফিরি উঠীতে পাড়িতে।সাম হৈলে পানু গেনু দরওাজা বিচেতে*দরওাজার গোস্সা বিচে ছিনু সারারাত। ভাল মন্দ কেহ কিছু না পুছিল বাত * পেরে সান হালে থাকি হইল ফজর। কোঠার উপরে থাকি করিয়া নজর* কতক্ষণ বাদে বিবী আইল দালানে।নজর।করিয়া বিবী দেখে মেরা পানে*জত খুসি হৈল মুঝে জানে পরওার।।আল্লার দরগায় ভেজি সোকরানা হাজার * তার পরে এক খোজা আইল মেরা কাছে। কহিল বসিয়া রহ মছজেদের বিচে * আল্লা জদি রাজি থাকে হবে

তেয়া কাম। একথা শুনিয়া তারে করিনু ছালাম * মছজেদের বিচে থাকি করিয়া ছবর। আঁখি আর দেল তার দরওাজা উপর * আঁখি না পালটি আমি থাকি এন্তেজার। সাম হবে বলে জেয়ছা থাকে রোজাদার*পেরেসান হালে দিন গোজরিয়া গেল।মোদ্দারেগাড়িয়া সেই খাজেছারা আইল *মগরেবের নামাজ পড়ে মছজেদের বিচে। তার পরে এসে মদ্দ বসে মোর ক্যাছে * জত কিছু ভেদ বাত কহিল বিবীর। ভরসা দিলেক খুব আমার খাতির * হাত পাকড়িয়া মুজে কহে এই বাত। না কর আন্দেসা তুমি আইস মোর সাত *ফুলের বাগানে মুঝে বসাইল লিয়া।কহিল না জাবে কোথা এখানেথাকিয়া মকছেদ হাছেল তেরা না হইলে ভাই।বাগান ছাড়িয়া তুমি কোথা জাবে নাই*এতেক কহিয়া মদ্দ হইল বিদায়।বাগানে বসিয়া আমি করি হায়২ * আপনা দেলেতেআমিকরিনুখেয়াল।কহিতেচলিল খোজা আমার এহাল*ফুলের বাহার দেখি বাগান ভিতর।কতেক হাওজ আর পানিরনহর * ফওারা ছুটীল সেই নহর হইতে। চাদনির বাহার তায় লাগিনু দেখিতে * গোলসানের গোল দেখে হৈল দেল সাদ। গোলবদন দেখিতে তার হইল এয়াদ*নজর পাড়িল জবেমাহ তাবের পরে। মাহরুর মুখ এয়াদ হইল আমারে*দেলে দেলেকান্দি আমি হয়ে জার জার। এত জে বাহার মেরা নজরেতে খার *কাটার মতন দেখি বিবির বিহনে। হেনকালে পরিজাত আইল সেখানে * পুর্ণিমার চাদ জেন হইল উদয়। জরির পেসয়াজ বিবী দিয়া আইল গায় * থরেং মতির ঝালর দিয়া তায়। চাদর উড়িয়া বিবি সোবা করে গায় * আচলাতে বাদলার কাম মতি আছে তায়। অন্ধকার রাত্তে জেন বিজুলি চমকায় * হাতেতে সোনার কড়া দোন কানে বালা। গলে দোলে হার তাহে লাল জরদা কালা *সাপের চক্যোর জেন জোলক তাহার। কোমরেতে চন্দ্রহার কি কব বাহার * দোন পায় ঘুঙ্গুর বাজিছে ঝম ঝম। মউর মউরি জেন ধারল পেগম গোলসনের গোল গেল খুসিতে ভরিয়া। দেল মেরা কলি ছিল গেল বিকসিয়া*ঘড়ি এক ফুল বাগে ফিরিয়া বেড়ায়। সাহানা বেছওানা ছিল বসিল তাহায় * দৌড়াদৌড়ি গেনু আমি বিবির নজদিগে। পতঙ্গ সমান জেন ঘোরে চারিদিগে * সেই ভাতে ঘুরি আমি করি জোড়হাত। আজিজি করিয়া কহি মিঠা২ বাত * খাজেছারা ছিল সেতা বিবীর নজদিগে। সোপারিসি করে মদ্দ হয়ে মোর দিগে *

কহিনু বিবিকে মোন ধড়ের পরান। না দেখে তোমারে আছি মরন সমান*একবার আখি তুলে তাক মোর পানে। নহেত মরিয়া জাব তোমার বিহনে * গোনাগার আছি খাড়া হুজুরে তোমার। জে হয় উচিত সাজা দেওনা আমার * আমার উপরে বিবি আছিল বেজার খোজাকে ডাকিয়া কহে শুন সমাচার*এই মোছাফের খাড়া আছে জে হুজুরে। আসরুফি সওতোড়া দেহ না এহারে * মাল আছবাব লিক খরিদ করিয়া। আপনা মকানে মদ্দ জাওক চলিয়া *বিবির এ কথা শুনে করি হায় হায়। আছমান টুটিয়া জেন গিরিল মাথায় * আখে নাহি সোজে মেরা দুনিয়া আন্ধার। কাটিলে না মেলে খুন অজুদে আমার*আখে আছু দেলে দর্দ জমিনেতে পড়ি বেহোসেতে জমিনেতে জাই গড়াগড়ি * আল্লার তওক্যা খালি আছিল দেলেতে বড়া পেরেসান হয়ে লাগিনু কহিতে * আপনার দেলে বিবি করনা বিচার। দুনিয়ার লালচ কিছু না হইল আমার * এয়ছাই খেয়াল বিবি করিলে আমারে। তবে কেন জান মাল শুপিনু তোমারে * দিলি মহব্বত মেরা লিলে ওঠাইয়া। এতেক মেহনত মেরা গেলে জে ভুলিয়া * আর মেরা দুনিয়াতে বেচে কিবা সাদ। হুজুরেতে জান আমি করিব আজাদ * বেওফাই কৈল জদি মাশুক আমার। আদা জান বাকিআছে করিবনেছার*একথা শুনিয়া গোস্বা হৈল পরিজাত মুখ ফেরাইয়া মুঝে কহে এই বাত * বেলেহাজি বাত কহ আমার ছামনে। বামন হইয়া হাত বাড়াও আছমানে * মেড়ুগ বলে হৈল মুঝে ছরদির বিমার।এয়ছা বাত কহ মুঝে সোনরেগাণ্ডার*তোমার খেদমত মুঝে হইল ইয়াদ। নহেতো কাটিয়া ছের লিতুন এ দাদ * এতেক সুনিয়া আমি কহিনু বিবিরে। আল্লাতালা জদি এয়ছা লিখিল তকদিরে * পাহাড় জঙ্গলে কেন খোওাব জিবন। তারে চেয়ে ভাল মেরা এখানে মরন * একথা শুনীয়া বিবি চলিল মহলে রমোজের বাত ভাল নাহি লাগে দেলে*ঠাট টার লায়েক জেবা তার কাছে জাও। নাহক আমার কাছে কাহেক সোনাও *একথা শুনিয়া ফের করি হায় হায়। পাহাড় টুটিয়া জেন গিরিল মাথায় * গলি কুচি ফিরি আমি হইয়া দেওানা। হায়২ কি করিলে এলাহি রব্বানা আসকে মাশুক দিয়া রাখ মেরা জান। নহেত তোমার নামে হইব কোরবান * এতেক কহিয়া আমি কান্দি জার২। জিউ নাহি মানে বোধ হৈনু বেকারার* কখন জঙ্গলে থাকি কখন ময়দানে। আরাম

হারাম করি আপনার জানে*ধুবির কুকুর জেয়ছা থাকে মাটে ঘাটে সেই মতে ফিরী চলি সোগে ছাতী ফাটে *ছুরত হইল কালি গায়ে নাহি জোর। বেহোস হইয়া আইনু সহর ভিতর * মছজেদের কাছে গিয়া রহিনু পড়িয়া। চাল্লিশ দীন এইরূপে জায় গোজরিয়া *জোম্মা রোজে খাজেছারা পৌছিল সেখানে।নামাজ পড়িয়া আইল আমার ছামনে*বুরা হাল দেখে মুঝে না পারে চিনিতে।খোজাকে দেখিয়া আমি লাগিনু কহিতে *এলাহি গাশুক দেও নহে ডাল মেরে।নছিবেতে লেখা জাহা জলদি হউক মোরে * একথা শুনিয়া খোজা চিনল আমায়। বিবির আসক এই পড়ে মারা জায় *তাহার খাতেরে আমি কহি এই বাত। আল্লাতালা এতদিন রাখিল হায়াত * মাল মাত্তা দিয়া এত করিনু খেদমত। এখন আরাম পাই হইলে মওত * আফছোছ করিল খোজা একথা শুনিয়া।পালকির উপরেমুঝে লিল ওঠাইয়া * সাতে করে লিয়া জায় বিবার মকান। পরদার বাহিরে মদ্দ আমারে বসান *মোরদারের মত আমি রহিনু পড়ীয়া। খাজেছারা কহে বাত বিবীকে জাইয়া * সেই গোনাগার হৈল হুজুরে হাজির। মেহের করিয়ে মাফ করিবে তকছীর * এস্কের আগুনে পুড়ে হৈল ছারখার। নাকের উপরে দম আইল তাহার*আর থোড়া ঘড়ি জদি নাহি কহ বাত। হুতাস ছাড়িয়া মদ্দ হইবে ওফাত * একথা সুনীয়া বিবি কহে এই বাত। মারা গেছে সেই মদ্দ শুনিনু নেহাত * এত দিন সেই মর্দ্দ আছে কি এখানে। ঝুট বাত কহ কেন আমার ছামনে * কাহারে আনিলে হেথা এই কোন জন। আমার ডেরেতে আইল কিসের কারন * খাজেছারা সেই ঘড়ি করে জোড়হাত। জান বকসি হয় জদি কহি এক বাত * বিবী বলে তেরা জান আছে তেরা ঠাই। কহ কি কহিবে আমি কিছু কব নাই *খোজা বলে সাহাজাদি কহিজে তোমারে। তোমার লাগিয়া মদ্দ পাছে জায় মরে *মরিলে তোমার সোগে হবে গোনাগার।সরমেন্দা হইবে বিবী হুজুরে আল্লার জান মাল দিয়া মদ্দ করিল খেদমত। আল্লার তরফ চাইয়া কর মহব্বত*তোমার ছওাব হবে সোন সাহাজাদি। আল্লা চাহে হউক তেরা মোবারক বাদি * এক বাত না রাখিয়া হৈল গোনাগার। আপনি করিবে মাফ তকছির ওহার*কত গোনা করে বান্দা দরগাতে আল্লার হেছাব করিলে বান্দা না হয় সোমার * মাফ জদি চাহে সেহ এলা

জিল হইল সয়তান। এক বাত না রাখিয়া হৈল বেফরমান * খাজে
ছারা বলে বিবি সোন মেরা বাত।হজরত আদমকেন পাইল নাজাত
গেহু খাইতে মানা করিল তাহায়। না ফরমানি করে মদ্দ সয়তানি
দাগায় * আজাজিল বড়াই করে না রাখে ফরমান। না মানে কশুর
তাতে হইল সয়তান * আদম দাগায় পড়ে নাহি রাখে বাত। আ
জিজি করিতে আল্লা দিলেক নাজাত * আপনার জান দেয় তোমার
খাতির।তবু নাহি মাফ হৈল ওহারতকছির*তোমার হুকুমে আনে
ইউছফ ডাকিয়া।করিলেক থোড়েক খুসি তাহারে লইয়া*তাহার
খাতেরে মদ্দ খাইল সরাব। না রাখিয়া এই বাত হইল খারাব *
সেই হৈতেখানা পিনা তেজে তোমা বিনে। মরিবার হালে এসে
পৌছিল এখানে * একথা শুনিয়া বিবি কহে এইবাত। তবিব খা
নায় ওছে লিয়া জাও সাত * আরাম হইলে আমি পুছিব ওহারে।
কী খাতেরে এত দিন আছে এ সহরে *খাজেছারা বলে নহে তেমন
বিমার। এখনি হইবে চাঙ্গা দেখিলে দিদার * তুমি জদি আসা দেও
তবে বাচে জান।নহেত চলিয়া জাবে ভাবিয়া নিদান * খাজেছারা
কত মতে বিবিকে বুঝায়। সেইখানে পড়ে আমি করি হায়২ *বাদ
সাই তবিব বিবি মাঙ্গাইয়া লিল। আমার তদবির খুব করিতে লা
গিল *তবিব দেখিয়া কহে নহেত বিমার।মাসুক বিহনে মদ্দ আছে
জারে২ * বিবি বলে খাজেছারা কহিল জেমন। তবিব হাকিম এরা
বলিল তেমন * বিবি বলে জাহ ওছে হাম্মামে লইয়া। গোছল দে
লায়ে আন সেতাব করিয়া * সেই ঘড়ি খাজেছারা লইয়া আমায়।
গোছল দেলায় মুঝে লেবাছ পেন্দায় * হাজের করিল মদ্দ বিবীর
হুজুরে। সাহাজাদি দেখে ফের কহীল আমারে * এক দফা করিনু
মাফ তকছির তোমার।দেলের মতলব কহ হুজুরে আমার * একথা
শুনিয়া এয়ছা খুসি হৈয়া দেলে।জামা জোড়া হৈল তঙ্গ গেনু এয়ছা
ফুলে * বিবীকে কহিনু সোন আমার আরজ। এত দিনে ভাল হৈল
দেলের মরোজ * তুমিত হাকিম মেরা কর দারুপানি। তোমার লা
গিয়া মেরা দেল পেরেসানি *খোজাকে কহিল বিবী একথা শুনীয়া
খাড়া২ আন তুমি কাজিকে ডাকিয়া * সাদীর লগন কর বুঝিয়া ছা
ইত। হুকুম পাইয়া খোজা চলীল তুরীত * একথা সুনীয়া ভেজী
সোকর আল্লার। এত দিনে ভাল হৈল বীমারী আমার * বিবীর ক
থাতে মেরা ঘুচাল আফত। ঘড়ী এক বীচে হৈনু সাবেক ছুরত *

সাত মুল্লুকের বাদসা হইলে জেমন। বিবির কথায় ছেছা হইনু তখন কাজিকে লইয়া খোজা হুইল হাজের। সাদি পড়াইতে আর না করিল দের * কাজিকে বিদায় করি দিয়া কত মাল। হারা ধন পায়ে দেল হইল খোসাল * রোজাদার থাকে জেয়ছা আছিনু তেমন। এফতা-রের সময় এসে পৌছিল তখন * এফতারের ছামনা জত করিয়া তৈয়ার। শুরজ ডুবিতে বলে ছিনু এন্তেজার * খুসি খোসালিতে আমি করিব এফতার। সাম হৈতে জজনাতে হনু হামবেতছর * সু ইয়া রহীলাম দোন এক বেছানাতে। হেন কালে এক বাত আইল দে-লেতে * এতেক কছেল্লা লিনু জানের উপর। জেন কি এনছান বিবি না জানি খবর * জখম করিয়া এছে সিন্দুকে ভরিয়া। গড়ের বাহিরে কেবা দিলেক ডালিয়া * একপোরজা কাগজেতে ভেজে দিল লেখা না পুছিয়া সমাচার দিল মুঝে টাকা * হাবসিনি ইউছফ দোহে মারে কি খাতির। কোন বাতে পেলে বিবী আমার তকছির * এই সব বাত আমি লাগিনু ভাবিতে। আয়েস আরাম মেরা না রহে দেলেতে * এয়ছাই আন্দেসা মুঝে আসিয়া পৌছিল। এফতার করিতে মোর মনে না রহিল * বিবি পাইয়া ওক্ত সে না পায় আহার। খোরাক বিহনে বিবী রহে বেকারার * সরমেতে কোন কথা না কহে আমায় দুই তিন রোজ এয়ছা গোজারিয়া জায় * আমি খালি সুয়ে থাকি বিবির বেছানে। দিন ভোর বৈসে থাকি পেরেসান জানে * একরোজ কহি এক লেণ্ডিরে তরে। গরম করিয়া পানি এনে দেহ মোরে * গোছল না করে দেল আছে বেকারার। মুচকিয়া বলে বিবি কি হৈল তোমার * হায়েজে আছিলে বুঝি হতে চাও পাক। ফুল কেন হাতে নিলে নাহি জদি নাক * আকু পাকু কর খালি হিজড়ার প্রায়। মদ্দের নেসান কিছু না দেখি তোমায় * একথা শুনিয়া আমি কহিনু বিবিরে এনছাফ করিয়া কথা কহনা আমারে * দেল মেরা ভাবনাতে আছে পেরেসান। কি রুপে করিব খুসি কহ বিবীজান * বিবী বলে কোন বাতে আছে পেরেসান। একথা শুনিয়া আমি করিনু বয়ান * জখন পাইনু তুঝে সিন্দুক ভিতর। কেমন আহওাল সেই না জানি খবর তারপরে কাগজেতে লিখিয়া ভেজিলে। না জেনে না শুনে মুঝে কত টাকা দিলে * তার পরে বোলাইয়া আনিলে মেহমান। ঘড়ি বিচে কোথা পাইলে বাদসাই ছামান * তার পরে ছওদাগর লিয়া হাবসি নিরে। কি গোনা প্যাইয়া তুমি মারিলে দোহারে * এত জে খেদমত

আমি করিনু তোমার এতেক সাজাই দিলে কি দোসে আমার * এই সব ভাবনাতে আছি বেকারার। কি রূপে করিব খুসি করোনা বিচার * বিবি বলে আগে তুঝে এই সব হাল। মানা কারলাম তবু করিলে খেয়াল * একথা শুনিয়া কহি হুজুরে বিবীর। মাফ হৈল আগেকার জতেক তকছির * এ দফা করিবে বিবি গোনা মেরা মাফ আর না করিব আমি হুকুম খেলাফ * বিবী বলে একবারে চড়িলে মাথায়। এতেক কিমত দিয়া কিনিলে আমায়*বার বারতুমি এয়ছা করিবে কশুর। কেমন এনছাফ এই কেমন দস্তুর* একথা শুনিয়া কহি বিবীর হুজুরে। কি তকছিরে এয়ছা বাত কহিলে আমারে* সরমের জায়গাবিবি দেখালে আমায়। এহা হৈতে কোনচিজ থাকে পোসিদায় * এক বাতে ধন্দ এয়ছা লেগে গেল দেলে। এতেক সরম হৈবে সে কথা কহিলে*একথা শুনিয়া বিবি কহিল আমায়। এমন খেয়াল কেন হইল তোমায় *এতেক খায়েস জদি হইল তোমার। মন দিয়া সোন তবে সেই সমাচার*বিবির আহাওাল সবে সোনহে দরবেস। কেতাব দেখিয়া কহে মহাম্মদ দানেস *

## বিবীর পরিচয়।

ত্রিপদী * বিবী বলে নেকজাত, সোন জত কহি কত, জত কিছু গোজরিল মোরে। বাদসার কোওারি আমি,কোন বাতে নাহি কমি, থাকি এই দেমেস্ক সহরে * বাপ মেরা নামদার, কোন বাতে কমি তার, নাহি এই দুনিয়ার বিচে। মালমাত্তা হাতি ঘোড়া, তক্ত তাজ জামা জোড়া, সব কিছু এল্লাহি দিয়াছে * ভাই বুন নাই মেরা, হইনু বাপের পেয়ারা,দেখে মুঝে জান বরাবর। কত দাই খাজে ছারা,খেদমতে হাজের তারা, রাত দিন নিকটেতে মোর * ছিনু জবে শিশু কালে, থাকি খোসালিত দেলে,জবে আমি হইনু সেয়ানা। ছেহেলি লইয়া সাতে, হাসি খেলি কৌতুকেতে কোন বাতেনাহিক ভাবনা এক রোজ দেল মেরা, হৈল উদাসিনি পারা, থাকি আমি বড় বেকারার। জায় এয়ছা দিন রাত, কারো সাতে নাহি বাত, দেখে সবে হইল লাচার * এই মর্দ্দ খাজেছারা, দেখিয়া এহাল মেরা, পেলাইল থোড়েক সরবোত। কি জানি কি দারু দিয়া, দিল মুঝে পেলাইয়া, হৈল মুঝে থোড়েক কুওত* খোজাকে কহিনু আমি, এইরূপে রোজ তুমী,সরবোত আনিয়া দিবে মোরে।শুনীয়া এ খাজেছারা, সরবোত ছোরাই পোরা, দিয়া আনে লারকার ছেরে * খোসালিতে পিই

আমি, জুরে গেল জত পরি. মেরা চড়ে হৈনু মস্তহাল। সেই লাড়কা ছিল খাড়া, ছাতি পরে হাত জোড়া, দেখে তারে হইনু খোসাল * ছুরত মুরত তার, দেখে হৈনু জার২, পুছি তারে কিবা তেরা নাম। লাড়কা কহে সাহাজাদি, বান্দাকে পুছিলে জদি, ইউছফ নামে তোমার গোলাম * কহি সেই ইউছফেরে, আন্দেসা না কর কারে, রোজ আইস আমার মকাম। শুনেরোজ আইসে জায়, গরিব দেখিয়াতায় দিন কত বখসেস এনাম * খুসি হয়ে জায় চলে, ফের আইসে বুরা হালে. ফের তারে দিনু কত মাল। জামা জোড়া দিনু কত, তবু আইসে সেই মত, সে রোজ পুছিনু তার হাল*এত মাল দিনুতুঝে, কিবা কর কহ মুঝে, রাহ বাত কহিবে আমায়। একথা শুনিয়া তার, আখে আছু জার২, কহে বিবী কি কব তোমায়*মা বাপ গিয়াছে মরে, থাকি বেগনার ডেরে. মেরা কিছু নাহি এক্তিয়ার। জত মাল দেহ মোরে লিয়া আনি দিই তারে. এখাতিরে আছি বেকারার * ইউছফেরশুনে কথা, দেলেতে লাগিল বেথা, কহি তুমি থাক হে এখানে। নিকটে রহিলে তুমি, তাজিম করিব আমি, শুনে তার খুসি হৈল জানে * খোওাজছারার ঘরে, রহিতে কহিনু তারে, খাজেছারা লিয়া গেল তায়। কহি তারে মেরা সাত. কর রোজ মোলাকাত, শুনে লাড়কা রোজ আইসেজায় * সাহানা লেবাছ দিয়া, রাখিতারে নেওাজিয়া কতরঙ্গ দিনু জেওরাত। কি জানি কি হৈল মুঝে, দেল মেরা নাহি বোঝে, বৈসে তার শুনি মিঠা বাত*জায় এয়ছা কত দিন, বলোগের হৈল চিন; দেখে সবে করিল মালুম। দরওানি কহিল তারে, জওানি পৌছিল তোরে, জাইতে আর না আছে হুকুম * মহলে জাইতে তুঝে, মানা করে দিল মুঝে, তুমি আর না আসিবে ভাই। একথা শুনিয়া মর্দ্দ, দেলেতে পাইয়া দর্দ্দ, সেই হৈতে আর আইসে নাই* শুনে এই সোমাচার, হৈল বড় বেকারার, ছেরে জেন গিরিল আছমান। কিছু নাহি পাই দিসে, রাত দিন থাকি বৈসে, ধড়ে খালিবাকি আছে জান * তিন রোজ গোজরিল, কিছু মুঝে হোস হৈল, দেলে এয়ছা করিনু খেয়াল। জানা জাবে আগে পিছে, এখনি কি হালে আছে, কি রূপে ভোজব থোড়া মাল*দাইয়ের হুজুরে বলি, ঘোচাও দেলের কালি, তুমি এয়ছা নাহিক ব্যথিত। আমার ভালাই চাও ইউছফের কাছে জাও, টাকা লিয়া পৌছাও তুরিত * হাজার আস

রুফি লিয়া,ইউছফেরে দেহ গিয়া,কহ তুঝে বিবির ফরমান। হাজার আস রুফি লেও, তেজারতি করে খাও, বাজারেতে করিয়া দোকান এ কথা শুনিয়া দাই, চলে গেল ধাওাধাই,"ইউছফ বসিয়া ছিল জেথা। আমার জতেক বাত, কহে ইউছফের সাত, দিল তারে সেই সব মাত্তা * বিবির ঘরের কাছে, এক বালা খানা আছে, খরিদ করিবে সেই ঘর। রহ সেথা খুসিহালে,মালের দরকার হৈলে, বিবি দিবে না করিবে ডর*কোন বাতে নাহি কমি, তেজারতি কর তুমি,বাজারেতে করিয়া দোকান। দাইয়ের জবানি শুনে, জৌহেরাত আনে কিনে, দোকানের জতেক ছামান * বহুত আসবাব লিয়া, দোকানে বসিল গিয়া, রোজ২ করে বেচা কেনা। বহুত দৌলত জমে,রাত দিন থাকে কামে,ঠাট বাট হৈল আমিরানা * জত ছিল দোকান দার,হৈল তার তাবেদার, চলে সবে মানিয়া ফরমান। আমার নিকটে ঘর, কিনে লিল দিয়া জর, শুনে মেরা খুসি হৈল জান *দাই মেহের বান মেরা, আরো সেই খাজেছারা, কহি দোহে দেলের মকছেদ। খুবি জদি চাহ মেরা, মতলব করনা পুরা, কেহ জেন নাহি জানে ভেদ * মেরা সেই ইউছফেরে, কি রূপে দেখিব তারে, কহ এর কি করি উপায়। এ-কথা শুনিয়া মেরা, দাই আর খাজেছারা, খাড়া২ শুড়ঙ্গ খোদায় * তার ঘরে মোর ঘরে, সুড়ঙ্গের রাহা করে, দেখে বড় হৈনু খোসাল। সেই জে সুড়ঙ্গ পথে, বড় অন্ধকার তাথে, ঠাই২ রেখে দিনু লাল * খাজেছারা তার পরে, জাইয়া তাহার ঘরে,বোলাইয়া আনে ইউছ-ফেরে। দেখিয়া তাহার মুখ, দুরে গেল জত দুখ, খুসি বড হইনু অন্তরে * বসি দোন একসাত, নানা রঙ্গ কহি বাত, খাই দোন সা-রাব কাবাব। খুসির সোমার নাই. হাসি খেলি নাচ গাই, অঙ্গে দিয়া আতোর গোলাব * মোরগেতে বাঙ্গ দিলে, ইউছফ ডেরেতে গেলে, দিন ভর থাকি পেরেসান। সাম হৈলে আমা জাওা,সেইরূপে খাওা পেওা, কত দিন করিনু গোজরান * এয়ছা কত দিন বাদ, কমিনা হারাম জাত,আসা জাওা করেদিল বন্দ। লোগ দিনু পাঠাইয়া,জেনে আইস কিলাগিয়া,নাহিআসেকমিনা ফরজন্দ*দাইজেয়ে তারে বলে, কেন পেরেসান হালে, আছ বাবা কহ ছওদাগর। বিবি না তোমায় দেখে, পেরেসান হালে থাকে, রাত দিন আছেন কাতর * দাই পোছে সমাচার, না দেয় জওাব তার, ভালা বুরা কিছু না কহিল। দাই এসে কহে মুঝে, পাঠাইলে জেই কাজে, বাত মেরা কিছু না

শুনিল*শুনিয়া দায়ের ঠাই, দেল জলে হৈল ছাই, কেতাবত লিখে ভেজি ফের। আপনা ভালাই চাহ, তুরিত আসিয়া কহ, পেরেসান আছ কি খাতের * লেখন পড়িয়া তুমি, না আইলে জাইব আমি, কোন হালে পৌছাই তোমায়। করে এয়ছা লেখা পড়া, ভেজে দিনু খাড়া২, খাজে ফের চলিল সেথায় * রোকা দিল ইউছফেরে, পড়ে সে মালুম করে, আইল মর্দ্দ আমার হুজুরে। মক্যর ফেরেব করে, পৌছিল আমার ঘরে, দেখি আমি পুছিনু তাহারে*পেরেসানদেখি তুঝে, কিবা হৈল কহ মুঝে,কেন আছ হইয়া লাচার।বোলাইতে গেল দাই, কিছু তারে বল নাই, কহ শুনি এই সমাচার *হামেসা হাজের হৈতে, গোশ্বা হৈলে কোন বাতে,কোন কিছু বুঝিতে না পারি।আপনার খুবি চাহ, সেতাবি করিয়া কহ,কি খাতেরে দেল তেরা ভারি* ইউছফ কহেন বাত, ছাতি পরে দিয়া হাত, সুন বিবি আরজ আমার আমি বান্দা গোনা গার,তোমার নেমক খার,দেল মেরা আছে বেকারার * তোমার দৌলত জোরে, সকলে তাজিম করে, তোমা হৈতে আমার এজ্জত।আমার আরজ ধর, গোনাখাতা মাফ কর,হামেহাল করিবে মদত * ফেরেব আমেজ বাত,করিয়া আমার সাত,ছেনাইয়া লিল মেরা দেল। ফেরেব বাহানা করে, ভেজাইয়াদিল মোরে, মুখে খুব করিল মোহমেল * অন্তরে হারাম ছুরি, মালুম করিতে নারি, বসিতে কহিনু আমি তায়। মহাম্মদ দানেস বলে, মাশুকের কছুর পালে, সে দিগে নজর নাহি জায় *

পয়ার * সোন ছওদার জাদা আমার কাহিনি। হইল আমার পরে জত পেরেসানি * সেই জে ইউছফ তার শুনে মিঠা বাত।বসাইনু তারে আমি পাকড়িয়া হাত*কতরঙ্গ বাত কহে হুজুরে আমার শুনিয়া হইনু খুসি কথাতে তাহার * ইউছফ কহিল মুঝে বাদসার কুওারি। তোমারে আছান জাহা মুঝে তাহা ভারি *পুছিনু ইউছফে আমি কিবা সেই কাম।একথা শুনিয়া মুঝে করিল ছালাম*সহরের বিচে এক আছেত বাগান। নানা জাতি মেওয়া গাছ বেহেস্ত সমান * কতেক তালাব ঝিল কুণ্ডা নোমার।পশু পক্ষ আছে কত দেখিতে বাহার *পোখতা এক বালাখানা দেখিতে সুন্দর।হাবসিনি নেঙড়ি এক তাহার ভিতর * রাগ বাজা করে বান্দি শুনিতে মধুর। দাউদ নবি পড়ে জেন কেতাব জবুর *সেই বাগ বিকাইবে আর সেই বান্দি দেখে মন উচ্যাটন শুন সাহাজাদি * মেহের করিয়া মুঝে দেহ জদি

কিনে। তবেত খোসাল মেরা হয় বড় জানে *লাক টাকা হৈল সেই বাগানের কিস্মত। পাচ লক্ষটাকা হৈল হাবাসিনী আওরত*আমার হক্যেতে জেন পাহাড় সোমান। ধ্রুই বরাবর তেরা হইবে আছান * এইরূপে নানামতে বুঝায় আমায়। রাজি হইনুন আমি তাহার কথায়*তার পেরেসানে আমি থাকি পেরেসান। তাহার খুসিতে খুসি থাকে মেরা জান * এথাতিরে লিনু বাগ খরিদ করিয়া।ইউছফের নামে দিনু কওালা করিয়া*সেই হৈতে রোজ২ করে আসাজাওা হাসি খুসি নাচ গীত করি খাওা পেওা * এক রোজ খোসালেতে বসে ছিনু আমি। আবর করিয়া পানি আইল রিমি ঝিমি *ধিরে২ বহে হাওা নরম নরম। তালাবেতে বিম্ব ভাসে রকম২ * উদাস হইল দেল হৈনু এলোথেলো।হেনকালে দাই মেরা নিকটেতে এলো সরাব লইয়া হাতে পৌছিল সেতাব। দুই তিন পেয়ালা মুঝে পিলায় সরাব*সরাব খাইয়া নেসা হইল আমারে। শুড়ঙ্গের রাহা দিয়া গেনু তার ঘরে * দেখিনু ইউছফ নাই আপনা মকানে। তল্লাস করিতে ফের চলিনু বাগানে * বাগানে তামাসা দেখি করিয়া ছাএর দিন গেল সাম হৈল ছিয়াহি জাহের * হেনকালে ইউছফ আসিয়া পৌছিল। আদাব রাখিয়া মুঝে ছালাম করিল *বড়ই তাজিম করে পাকড়িয়া হাত।মহল ভিতরে মুঝে লিয়া জায় সাত*ঘরের ছামানা দেখে খুসি হৈনু দেলে। বাগানের তামাসা জত সব গেনু ভুলে * রোসনাই করিল জত বলা নাহি জায়। শুরুজ দেখিলে পরে সরমে লুকায় *এই সব তামাসা দেখে বসিনু সেথায়। আবর ফাটিয়া চাদ হইল উদায়*খুসিতে ভরিয়া গেনু দেখিয়া বাহার। নাচ বাজা করে কত ছামনে আমার*তাজ্জব হইয়া রহি এই সব দেখে। জাহা বলে তাহা করি বাত নাহি মুখে*হোস হারা হৈনু জেন পাগলের প্রায়। হেনকালে সেই বান্দি পৌছিল সেথায় * বদ ছুরত বদহাল সেই লেঙড়ি সাত। সারাব ছোরাই পুরে লিয়া আইল সাত * বান্দিরে দেখিয়া দেল হইল খারাব। নাহি খাই নাহি ছুই সরাব কাবাব * ইউছফের তরে আমি পুছি সোমাচার। এই জে আওরত আইল কে হয় তোমার * ইউছফ কহিল মুঝে সোন ছাহেবানি। খরিদ করিয়া মুজে দিয়াছ আপনি * এই বাগ এই বান্দি খরিদ করিয়া। এই অধমেরে দিলে মেহের করিয়া * ইউছফের মুখে জবে একথা শুনিনু। কমবক্তি ধরিল তাহে মালুম করিনু * বড় সাদ করে

বাগ খরিদ করিল। হাবসিনী সাতে বুঝি মহব্বত হৈল *খামোস রহিনু আমি তামাসা দেখিয়া। সরাব লইয়া বান্দি বসিল আসিয়া দেলে২ হৈনু আমি বড়ই বেজার। ভুতিকে রাখিল জেন সঙ্গেতে পেচার * ইউছফের মহব্বতে হইয়া লাচার। ঠাহরিতে নাহি পারি হৈনু বেকারার *সরাবের জাম এনে পেলায় আমায়। খোসালিত হৈয়া তারা দুই জনে খায় * এলো থেলো হৈল বান্দি গেয়ে গিত নাট। বে আদবির বাত কহে করে মালসাট *দেল মেরা জলে পুড়ে হইল জেন ছাই।ছবুরি করিয়া রহি কিছু কহি নাই*গালাগালি করে দোহে সরাব খাইয়া।অঙ্গের বসন সব পড়িলখুলিয়া*মস্তহালহৈয়া দোন করে হুড়াহুড়ি। জমিনে পড়িয়া ফের জায় গড়াগড়ি * তার পরে দোন ফের গিরিল জমিতে। দেখিয়া রজ্জাতি আর না পারি সহিতে*বেওফা বজ্জাত গিধ নেমক হারাম। আমার ছামনে করে বেহেয়াই কাম *একেলা আছিনু কেহ নাহি ছিল সাত।আপনাকে আপনি করিনু নছিহত * কমিনা লোগের সাত করিলে আসনাই। ভাবিলে কি হবে তার লেহনা সাজাই * কখন নিমের গাছে নাহি ফলে আম। গোলামের সাতে মিলে করিলে বদনাম * জওহরের কদর জত জানে জহরিতে। পুত বেচে খায় জারা কি পারে চিনিতে জেয়ছা রুহ তেয়ছাই ফেরেস্তা গেল মিলে। দানা লোগ বলে জাহা নজরে দেখিলে*দেলে২ ভাবি কিছু না পারি কহিতে।ওজুদ জলিয়া জায় ভরিনু গোস্বাতে * উঠিয়া হইনু খাড়া আসিতে মকান। দেখিয়া বেওফা গিধ হৈল পেরেসান * দেলেতে বুঝিল বিবী হইল বেজার। জান বাচাইবা কাল হৈবে মুঝে ভার * কাতর হইয়া কত করে খোসামদি। গোনাখাতা মাফ কর শুন সাহাজাদি*তুমি জদি গোলামেরে না করিবে মাফ। তলওার মারিয়া তবে কর মুঝে ছাফ দেলেতে আইল দদ্দ শুনে তার বাত। বসাইল মুঝে ফের পাকড়িয়া হাত*দেল জান হৈতে তারে করিতুন পেয়ার।মিনতি দেখিয়া আমি হইনু লাচার *বেওকুফ হইনু আমি তার মহব্বতে।জাহা বলে তাহা করি ফিরি তার বাতে * তার পরে এক জাম সারাব লইয়া।আপনি পিইল মুঝে দিল পেলাইয়া * বড় নেসাদার সেই আছিল সারাব। খাইয়া বেহোস হইনু গায়ে নাহি তাব*হাবসিনী এসারা করে সেই কমিনারে। এয়ছা দাও ছেড়ে দিয়া না পাইবে ফিরে * আজ জদি সাহাজাদি জায় ছালামত।কাল তবে দুজনারে মারিবে আলবত *

একথা শুনিয়া সেই ইউছফ গাড়ার। সেই ঘড়ি এসে মুজে মারিল তলওার * এয়ছা জোরে তেগ মারে জোরেতে খেঁচিয়া। হায়াত আছিল তোঞে রহিনু বাচিয়া*আখি খুলে চেয়ে দেখ কহি জালে মেরে। জেমন করিনু সাজা মিলিল আমারে*নাহক আমারে তুমি না মারিবে আর। মাফ কর নাহি মার হবে গোনাগার * পাপ কভু নাহি ছাপে হইবে জাহের। বাদসা সুনিলে তেরা না রাখিবে ছের * জাহা ছিল তাহা হৈল আমার তকদির। খবরদার এই বাত না হয় জাহির *বেহোস হইনু আমি এতেক বলিয়া। দেখিয়া বুঝিল বিবি গিয়াছে মরিয়া*গড়ের বাহিরে ডালে সিন্দুকে ভরিয়া।হেনকালে তুমি এসে লিলে ওঠাইয়া * জান মাল দিয়া মেরা করিলে খেদমত আরাম হইনু ছিল আল্লার মদত * সোন ছওদাগর জাদা কহি জে তোমায়।মালমাত্তা ছিল জত গেল মেরা দায়*তার পরে তুঝে ফের পেরেসান দেখে।খাজাঞ্চির কাছে তুঝে ভেজে দিনু লিখে*মালুম করিল মদ্দ দেখে মোর রোকা। এখাতিরে না পুছিয়া দীল তুঝে টাকা * তার পরে তুঝে ফের ভেজি বাজারেতে। কোন রুপে ভাব হয় ইউছফের সাতে * আপনি ভুলিয়া গেলে ইউছফের বাত্তে।মত লব বুঝিয়া ভেজি দাওত খাইতে * দাওত করিতে ফের ভেজি ইউ ছফেরে।আমি হেথা চলে আইনু আপনার ঘরে*মায়ের হুজুরেভেদ কহীনু তামাম। আঙ্কা মুঝে ভেজি দিল জত ছরঞ্জাম*কাবুতে আনিয়া দোহে মারিনু গরদান। কহীনু তামাম কথা সোন মেহেরবান আমী ফের পুছী বাত বিবীর হুজুরে।কোন বাতেগোনাগার পাইলে আমারে * বিবী মুজে কহে সোন ছওদাগরজাদা। দেল তেরা বুজি বার আছিল এরাদা*হুকুম খেলাফ করে খাইলে সারাব। এখাতিরে দেল মেরা হইল খারাব * থোড়াই মেহনতে কেহু জদি পায় লাল। তার পানে খুব তার না থাকে খেয়াল * থোড়া চিজ হয় জদী বহুত মেহনত। তার সাতে তার খুব হয় মহব্বত * এখাতিরে বুঝি তেরা কেমন ইমান। নহে কি তোমারে আমী করি পেরেসান *তিন দিনে ভূলে গেলে ইউছফের বাতে।আমাকে ভুলীয়া গেলে তার মহব্বতে কা জানি তাহার মত কর দাগা খুর। এই সব ডরে তুজে পেরেসান করী*বাদসাজাদীর পরেজে কীছু হইল।তামাম বয়্যান করে ফকিরে কহীল * ফের সেই সাহাজাদী কহাল আমারে। থাকিতে না চাহে দেল দেমস্ক সহরে*আবরু হোরমত মেরা তেরা এক্তেয়ার।জাহাচাহ

তাহা কর আপনি মোক্তার* এই দেসে থেকে আর না হবে আরাম। দিনে২ তুজনার হইবে বদনাম * সোনহে দরবেস তিন খবর নেহাত। এতেক কহিয়া বিবি নাহি কহে বাত*ফকির শুনিল জত বিবির আহওয়াল। কী করি তদবির তার হইল খেয়াল * সব কাম হৈতে ভারি বিবীর ফরমান। ভাবিয়া না পাইনু দিস। হৈনু পেরেসান*কহিনু বিবীকে তেরা দেলে জাহা চায়। জেহুকুম করিবে তুমি রাজিআছি তায়

সহাজাদি ফকিরের সাতে নেকলিয়া জাইবার বয়ান।

পয়ার ছন্দ। বিবি মেরা দেল বোজে হরেক ছুরতে। তারপরে এই বাত লাগিল কহিতে * বাদসার তবেলা বিচে ঘোড়া বেসোমার। ভাল২ দোন ঘোড়া চুনে আন তার*একথা শুনিয়া আমি গেনু তবে লায়। দোন তাজি লৈয়া আইনু বিবির ডেরায় * মুখেতে লাগাম, দিয়া পিঠেবান্ধা জিন। সাজিতে বুজিতে গোজরিল সেই দিন*তিন পহর রাত জবে আসিয়া পৌছিল। মরদানা লেবাছে বিবী তৈয়ার হইল*সাহাজাদির সাতে আমি হইনু তৈয়ার।ঘোড়ার উপরে দোন হইনু ছওয়ার*সহর ছাড়িয়া দোন গেনু কত দুরে। পানির পেয়াছ বড় হইল বিবিরে*ঘোড়া হৈতে ওতরিয়া গেনু তালাবেতে।পানি পিয়ে দোহে ফের চড়িনু ঘোড়াতে*চার পাচ রোজ এয়ছা জাই নেকলিয়া এক ময়দানেতে মোরা পৌছিনু জাইয়া* বিবি কহে ছওদাগর কহি আপনারে। ইউছুফের মত দাগা না দিও আমারে * একথা শুনিয়া কহি সোন বিবি জান। তোমার খাতেরে জান করিব কোরবান * বেওফার ওকা নাইজানে সকলেতে। তাহার মেছেল বিবি দেহ মেরা সাতে*সবে বলে জার মাকে কুমিরিতে খায়। ধানভানা ঢেকি দেখে সেইডর পায়*আন্দেসা না কর কিছু সোন সাহজাদি।ইউছুফের মত আমি না করিব বদি * কথায়২ এয়ছা গেনু কত দুরে। এনছানের বস্তি আর না দেখি নজরে * বেবাহা ময়দানে এক পৌছিনু জাইয়া। বিবির মহব্বতে জাই খোসাল হইয়া * কলেজা হইল পানি দেখিয়া ময়দান। দেখি বারে পাইখালি জমিন আছমান*জানের ভরসা কিছু না ছিল আমার। ওম্মেদ রাখিনু খালি দরগাতে আল্লার * আল্লা বিনে কেহ আর নাহি পোস্তপানা। রাত দিন জাই চলে করে ভাবা গোনা*এয়ছা ভাতে কত দিন জাই ময়দানেতে। ছামনে দরিয়া এক পাইনু দেখিতে*খাড়া হৈয়া ভাবি দোহে আপনার দেলে। কেমনে হইব পার লোকা নাহি মিলে * আজিস দরক্ত ছিল বড় ছায়াদার।

রখাইনু গাছতলে বিবিকে আমার * কিন্তু ঢুড়িতে আমি গেনু কত দুর। কেনারা না দেখি তার এয়ছা সুমুন্দুর * ঢুড়িতে২ এয়ছা গিয়া কত দুরে। নৌকা না পাইয়া আইনু সেথা হৈতে ফিরে * দরক্তের তলে জবে আসিয়া পৌছিনু। আমার মাশুক বিবি দেখিতে না পাইনু * চারিদিগে ঢুড়ে ফিরে করি হায়২। আছমান টুটিয়া জেন গিরিল মাথায় * গাছের উপরে চাড় তালাস করিতে। ডালে২ ঢুড়ি তবু না পাই দেখিতে * পাতায়২ ফের করীনু তালাস। না পাইয়া ছেড়ে দিনু জিবনের আঁস * হাত পাও ছেড়ে দিয়া গাছ হতে পড়ি। জমিনে গিরিয়া ফের জাই গড়াগড়ি * ফের সেই গাছে চড়ে দেখি ডাল পাত। না পাইয়া সেতা হৈতে ছেড়ে দিনু হাত * কান্দিতে লাগিনু আমি গিরিয়া নিচেতে। পশ্চিম তরফে গেনু তালাস করিতে না পাইয়া আইনু ফের গাছের তলায়। পূরব তরফে জাই ঢুড়িতে তাহায় * ফের সেই গাছতলে পৌছিনু আসিয়া। এই রুপে চারিদিগে বেড়াই ঘুমিয়া * সাহাজাদি বিনে দেল হৈল বেকারার। দেলে২ ভাবি আমি একী সমাচার * জান বুঝি লিয়া গেল মাশুকে আমার। নহে কে আসিবে হেথা জুগ্যতা কাহার * নহেত দামেস্ক হৈতে আইল কেহু সাতে। নেকেলিয়া আসি জবে পাইল দেখিতে * পিছে২ আইল বুঝি বাদসার নৌকর। সেই বুঝী লিয়া গেল দামেস্ক সহর * সাত পাচ দেলে এয়ছা করি ভাবাগোনা। দামেস্ক চলিনু ফের হইয়া দেওনা * ফকীর লেবাছে গেনু দামেস্ক সহর। তালাস করিয়া ফিরি না মেলে খবর * গলি২ ঢুড়ি কত আর ঘরে২। রাহা ঘাট ঢুড়ি কত না পাই বিবিরে * দেমেস্ক সমর ঢুড়ে আইনু ফিরিয়া। তার পরে জঙ্গলেতে ঢুড়িনু জাইয়া * তার পরে পাহাড়েতে করিনু তালাস। না পাইয়া ছেড়ে দিনু বাচিবার আস * আপনার দেলে আমি ভাবিনু এবাত। দেখা জদি নাহি হৈল সাহাজাদির সাত * এয়ছা জান রেখে আর নাহি কিছু লাভ। নাহক ফিরিব কেন হইয়া খারাব * এতেক ভাবিয়া গেনু পাহাড়ে চলিয়া। এখান হইতে আজ জাইব গিরিয়া * বিবীর দেরেগ আর না পারী সহিতে। হাত পাও ছেড়ে চাহি নিচেতে গিরিতে * এক পাও ওঠাইনু গিরিবার তরে। এক মর্দ্দ আইসে কহে আমার হুজুরে * না গেরো২ শুন ছওদাগর জাদা। তোমার মাশুক তুঝে মেলাইবে খোদা * রুম দেসে জাও তুমি শুন মেরা বাত। আজাদ বক্ত নামে বাদসা বড় নেকজাত * তাহার

মতলব আল্লা পুরা করে জদি। সেই দিন পাবে বাবা সেই সাহাজাদি* একথা শুনিয়া হৈনু খোসাল হাজার। রেকাব চুমিয়া পাও ধরিনু তাহার *পুছিনু আপনা নাম কহ গোলামেরে। একথা শুনিয়া বাত কহিল আমারে* মেরা নাম মরতজা আলি নবির আছহাব। পেরেসান দেখে তুঝে আইনু সেতাব * গাএব হইল মন্দ এতেক কহিয়া। এ খাতেরে কা। দেশে পৌছিনু আসিয়া *আজাদবক্ত বাদসা ছিল মকানের কোনে। ফকিরের কথা শুনি খুসি হৈল মনে * তামাম হইল কেচ্ছা এক ফকিরের। দোছরা ফকির কহে সুন কহি ফের* মহাম্মদ দানেস কহে ভাবিয়া খোদায়। জে কেউ সুনিবে দোওা করিবে আমায়*

দোছরা দরবেসের বয়ান।

পয়ার। দোছরা ফকিরের বাত সোন মেহেরবান। দেল দিয়া সোন ভাই জে কিছু বয়ান * চারি জানু হয়ে মন্দ বসেন ফকির। ইয়ারের কাছে বাত করেন জাহির * সোনহে এয়ার সব কহি জে সবাকে। বাদসাজাদা ছিনু আমি পারেছ মুল্লুকে* বড় দানেস মন্দ পয়দা হয় সেই ঠাই* হোনর হেকমত কাম জানেন সবাই * এছফে হান আদা জাহান সহর মসহুর। পাহাড়ের বিচে জেয়ছা মসহুর কহ তুর*হাপ্ত আকলিমেদেস আছে ঠাঙিহ। তেমন সহর আর কোথা পাইবেনাই* সেতাকার ছেতারার কি কহিব ছান্দ। বিদেশি দেখিলে কহে এই বুঝি চান্দ*দোস্তি মহব্বত খুসি ছাপাই দেলের। নেককামনেকরাহা আল্লার জেকের * এছফেহান সহরে মেরাবপের বাদসাই।হাকিম হেকমতওালা কত সেই ঠাই*লাড়কাই ওক্তের জবে আছিল আমার। তালিম করিতে দিল হুজুরে তাহার*ফাজেল ওস্তাদ দেখে দিলতার কাছে। পড়িয়া ফাজেল হৈনু থোড়া রোজ বিচে *বসিতে উঠিতে হয় কেমন প্রকার।মজলেছের কথা সিখে হইনু তৈয়ার * বাদসাই দস্তুর চাই জে কিছু দরকার। তামাম সিখিয়া আমি হইনু তৈয়ার* আদল এনছাফ আর জত নেককাম। একেহ আমি সব সিখিনু তামাম * এয়ছা ভাতে কত দিন গোজারিয়া জায়। সুনিতে আগামি কথা দেল মেরা চায় * খুসি হালে করিব সে জত কারবার। উজির নাজের থাকে জত ছালাদার *একরোজ উজির এক বসিয়া মজলেছে বহুত মুল্লুক মর্দ্দ ছাএর করেছে * মজলেছে বসিয়া মুজে কহে এই বাত। মরিতে সবাকে হবে থোড়েক হায়াত* এয়ছা কিছু কামকরে

জেন্দেগি থাকিতে। কেয়ামত তলকে নামথাকেমুল্লুকেতে*একথা
শুনিয়া কহি সোনহে উজির। থোড়া ভেদ তুমি মুঝে করনা জাহির*
শুনিয়া আমল আমি করিব সে কাম। শুনিয়া কহিল তবে শুন নে-
ক নাম * হাতেম নামেতে এক ছিল নেক মর্দ্দ। কহিতে না পারি
তার মর্দ্দগির হদ্দ * বেগানার তরে মর্দ্দ দিতজান মাল। আপনা
দুখের পানে না করে খেয়াল * আর এক বাদসা ছিল নওফেল না-
মেতে। ছাখাওতি করে মর্দ্দ ঘর আর বেতে * বেহদ্দ খয়রাত করে
রাহেতে আল্লার। গরিব মিছকিনে কভু না দেয় আজার * হাতেম
চাহিয়া তার নাহি হয় নাম। দেলেতে ভাবিল বাদসা করি কোন
কাম * হাতেমের আগে আমি ডালিব মারিয়া। তবে মেরা নাম
জাবে জাহের হইয়া * লড়িতে চলিল মর্দ্দ এতেক কহিয়া। লস্কর
সাজিল সাতে তৈয়ার হইয়া * এমন মুল্লুকে জবে জাইয়া পৌছিল।
হাতেম এ সব বাত শুনিতে পাইল* খোদার তরফে ছিল হাতেমের
দেল। শুনিয়া এবাত বলে হইল মুস্কেল* আমি জদি লড়ি এই নও-
ফেলের সাতে। দুদিগে লস্কর মারা জাবে মহিমেতে*এই সববাতে
আমিহব গোনাগার। আমাল নামেতেসব লিখিবে আমার*আল্লার
নজদিগে জবে হইবে হেছাব। কেমনে দেখাব মুখ কি দিব জওাব*
এতেক ভাবিয়া মর্দ্দ জায় পালাইয়া। পাহাড়ে রএক ঝোড়ে রহে
ছাপাইয়া* গাএব হইল জদি হাতেম মর্দ্দনা। নওফেল দখল করে
তাহার সে মানা * হাতেম না পায় বাদসা কহে সবাকারে। মনাদি
ফেরায়ে দেহ তামাম সহরে*জে কেহুধরিয়া দিবেহাতেমে আমারে।
পানসও আসরুফি আমি দিব জে তাহারে * খুব ভাতে নেওাজিব
তাহার খাতির। বান্দিয়া আনিয়া জেবা করিবে হাজির* চারিদিগে
ধায় লোগ একথা শুনিয়া। হাতেমে ডুড়িতে জায় খোসাল হইয়া*
দুই তিন রোজ এয়ছা গোজারিয়া জায়। কাটুরে তুড়িয়া কাট জঙ্গলে
বেড়ায়*এক বুড়া এক বুড়ি লাডকা তিন জন। কাষ্ঠ কাটিতে গেল
দেখে এক বন* হাতেম জে পাহাডেতে ছিল ছাপাইয়া। তাহার নজ
দিগে এরা পৌছিল জাইয়া * লাকড়ি তুলিয়া এরা জত দুখ পায়
আফছোছ করিয়া বুড়ি করে হায়২ * হাতেমের তরে জদি মিলিত
আমায়। নওফেলের কাছে আমি লিয়া জেতুন তায়*পানসও আস
রুফি মুঝে মিলিত সোনার। তবে এত দুখ ভার ঘুচিবে আমার*
বুড়া বলে এত ভাগ্য আমাদের হবে। জঙ্গলেতে লাকড়ি তবে কে

আর কাটিবে * লাকড়ি মাথায় করে কে জাবে বাজার। সারাদিন বাদে হবে খোরাক কাহার * খানা পাকাইবে কিসে সহরের লোকে ভুক্ক জাবে কবে জবে ধরে খাবে বাঘে * আপনার কাম কর দিন বয়ে জায়। বুড়া কালে খাটেবুঝি শুতে দেল চায় *হাতেম ধরিতে চাহ এতেক ভরসা। কাঙ্গাল হইয়া কেন এত কর আসা * বুড়া বলে কর বুড়ি আপনার কাম। হাতেম ঝোড়েতে বসে শুনিল তামাম * শুনিয়া তামাম রাত ভাবেন বসিয়া। জানতন লিয়া আনি আইনু ভাগিয়া এই জে লাকড়িহারা করেন আরমান। আফছোছ করেন বুড় হইয়া পেরেসান * আমি জদি ভালাই না করি এহাদের। রহম জে দেলে নাই মানুস কিসের * হাতেম দেলের সাতে কহেন এয়ছাই। জে দেলেতে দদ্দ নাই সে লোক কসাই * মহব্বত করিতে পয়দা করিল আদম। নহেত বন্দেগি করে ফেরেস্তা হরদম * হাতেম ভাবিয়া দেলে এই সব বাত। বুড়ার হুজুরে গিয়া দিল মোলাকাত * হাতেম কহেন বাবা সোন বুড়া পির। নওফেলের কাছে মুঝে করনা হাজির * হাতেম আমার নাম সোন পির মদ্দ। মুঝে দিয়া লেহ দান ছুটে জাবে দদ্দ * বুড়া বলে সোন বাবা হাতেম মদ্দানা। তুঝে দিয়া মাল লিব ঘুচিবে ভাবনা * রাছ বটে খুসি হবে আমার জানের। মেরে জদিডালে তুঝে হইব কাফের * বাঘের ছামনে তুঝে দিব পাকড়িয়া। দুনিয়ায় কত দিন রহিবে বাচিয়া * মরিতে হইবে মুজে শুনহে হাতেম। হাসরেতে নাম মেরা হইবে জালেম * এই মাল লিয়া বাবা কত দিন খাব। আল্লার নজদিগে মুখ কেমনে দেখাব * আমা হৈতে নাহি হবে বেওফাই কাম। আলমে বদনাম হবে সোন নেকনাম * হাতেম কহেন তারে মিনতি করিয়া। বাদসার হুজুরে মুঝে দেহ পৌছাইয়া খুসিতে কহিনু আমি সোন বুড়া পির। নাকর আন্দেসা তুমি আমার খাতির * হামেসা আরজ করি দরগাতে আল্লার। জান মেরা জায় জেন কামে বেগানার * জান মাল বেগানার কামে জদি জায়। এবাতে আফছোছ কিছু নাহিক আমার * হাতেম বুড়ার তরে জতেক বুজায়। না করে কবুল বুড়া সে সব কথায় * বুড়া বলে একি আমি ঠেকিনু আপদে। সরমেন্দা করিল মুজে বজ্জাত আওরতে * হাতেম কহিল জদি না লিয়া জাও মোরে। আপনি চলিয়া জাব বাদসার হুজুরে * কহিব এবুড়া পির পাহাড়ে থাকিয়া। তোমার নজদিগে মুঝে আনে পাকড়িয়া * বুড়া বলে ভালাই করিলে বুরা হয়। এইরূপে

সওাল জওাব কথায়২ *জমিল বহুত লোগ সুনে সোর সার।বুড়া বলে এই বার রাথা হৈল ভার * তারা সবে হাতেমেরে ঢুড়িতে আছিল। হাতেমে দেখিয়া বড় খোসাল হইল * পাকড়িয়া লিয়া জায় খোসালিত দেল। হাতেম হাজের করে জেখানে নওফেল * পিছে২ জায় বুড়া করে হায়২। কেমনে এমন মদ্দে বাঘেরে খেলায় নওফেল পুছিল এছে কে আনিল ধরে। বজ্জাত কমিনা এক কাহিল তাহারে * আমার ছেওায় আর জুগ্যতা কাহার। হাতেম ধরিয়া আনে হুজুরে বাদসার * আরসে গাড়িনু ঝাণ্ডা ফতে হৈল মোর। খেলাত সেতাব দেহ পানসও মোহর * আর এক বর্জ্জাত সেই করে সোরসার। ধরিয়া গরদান তার মারে বড় মার * জঙ্গল ময়দানে আমি ঢুড়িয়া২। বাদসার হুজুরে এনে দিনু পৌছাইয়া *আমার মেহনতে সাহা করিবে নজর। আমারে বখসেস দেহ পান সও মোহর * সাতে সাতে ছিল তার জতেক বজ্জাত। সবে বলে আনিয়াছি দেহো না খেলাত * জনে জনে আপনার করেন বড়াই। বুড়া সে কোনেতে খাড়া কিছু কহে নাই * হাতেমের তরে বুড়া কান্দে জার জার। কোনেতে রহিল খাড়া হইয়া লাচার * আপনার সেখি তারা করিয়া তামাম। দেলে দেলে ভাবে সবে কে পায় এনাম * হাতেম কহিল কিছু বাদসার হুজুরে। রাছ বাত সোন তবে কহি জে তোমারে *খাড়া আছে কোন বিচে ঐ বুড়া পির। তোমার নজদিগে মুঝে করিল হাজির * আমাকে ধরিয়া দিতে করিলে একরার। একরার করো না পুরা সেতাবি তোমার*ওজুদের বিচে দেখোজবানহালাল। একরার এনছানেরাখে হামেসা বাহাল* এনছান আর হায় ওানাতে রাখেন জবান। হায়ওানে চাহিয়া কিসে এনছানের নাম * এ কথা সুনিয়া বাদসা ডাকিল বুড়াকে। বসাইল লিয়া তাকে আপনা নজদিগে * রাছ বাত কহো বাবাশুন বুড়া পির। হাতেমে ধরিয়া হেথা কেকরে হাজির * কহিতে লাগিল বুড়া বাদসার ছামনে। জে রূপে হাতেমতাই পেয়েছিল বনে *জে রুপে হাতেমতাই বোঝাইল মোরে। জে রুপে ধরিয়া এরা আনিল হুজুরে * ধরা দিল এসে মর্দ্দ আমার খাতির। করিনু তামাম বাত হুজুরে জাহের * তাজ্জাব হইয়া রহে শুনিয়া নওফেল। সাবাস হাতেম মদ্দ ছাখাওতি দেল * বেগানার কামে দেয় জান আপনার দুনিয়ার বিচে এয়ছা কে হইবে আর * ফেরেব করিয়া জারা কয়ে

ছিল বাত। কহিল নওফেল সবে দেহনা খেলাত * এহা সবে মার জুতা ছেরের উপর। এইত বথসেস দিনু সোনার মোহর * ধড়াধড় তড়াতড় মারহ পয়জার।এয়ছা সোখ কার কাছে নাহি করে আর * মানুসের জবান তেজ তলওার হইতে।ঝুটা নাদান লোকে না পারে বুঝিতে * উচিত সাজাই সবে দিল জনে জনে। নওফেল বসিয়া ভাবে আপনার মনে * হাতেমের মত লোগ না দেখি জাহানে। মারিতে চাহিয়াছিনু মারিব কেমনে *বেগানার তরে মদ্দ দেয় জান মাল। বাদসাই ছাড়িয়া ফেরে ফকিরের হাল *এতেক ভাবিয়া ধরে হাতেমের হাত। নরম জবানে কথা কহে তার সাত*সাবাস সাবাস মদ্দ হাতেম মদ্দানা। দেখে দুখী সুনে শুখী সবে কহে দানা * গলায় ধরিয়া মেলে নজদিগে বসায়। তোমার মুল্লুক আমি দিলাম তোমায়*জে কিছু খাজানা তার করিল তহসিল। হাতেমের কাছে লিয়া করিল দাখিল * পানসও মোহর দিল সেই লাকড়ি হারে। বিদায় হইয়া গেল আপনার ডেরে *ওজির কহেন সোন বাদসা জাহাগির। জে কিছু বয়ান আমি করনু জাহির * ফকির শুনিল জদি উজিরের বাত। আমার দেলেতে বড়া হইল গয়রাত *হাতেম এমনে খালি করিত বাদসাই।তামাম ইরানে মেরা ফেরেন দোহাই*থোড়া কাম করে তার এত হৈল নাম। আল্লা চাহে জাহানেতে পৌছাব আরাম *এমন নিয়মত থেকে মংরু থাকিলে। হাজার আফছোছ হবে আখেরেতে দেলে *খয়ের খয়রাত জেবা করে দুনিয়ায়। আকবতে বদলা তার বুঝে সেই পায় *কেহু জদি এক দানা বোনে দুনিয়াতে কত দানা পায়সেহ না পারিকহিতে*ফকির এতেকভেবে বানাইতে ঘর।হুকুম করিনু জত ডেকে কারিগর*সহর বাহিরে এক বানাও মকান। চাল্লিস দরওাজা হয় চৌদিকে দালান*কোসাদা দরওাজাহয় দেখিতে বাহার।সেতাব করিয়া দেহ করিয়া তৈয়ার*কারিগর ছিল জত আইল তামাম। করিতে লাগিল তারা মহলের কাম * কএক রোজেতে ঘর করিল তৈয়ার। আমায়ে আসিয়া তারা দিল সমাচার খবর শুনিয়া আমি চলিনু দেখিতে। দেখীয়া হইনু খুসি লাগীনু কহিতে * মিছকিন মহতাজ আর গরিব লাচার। সবাকে খয়রাত দিব মোহর সোনার * জার জে ছওাল আছে কহিবে আমারে। মকছেদ করিব পুরা কহনা সবারে *একথা শুনিয়া আইল গরিব মীছকীন। আসরুফি খয়রাত আমি করী সারাদিন*জে কেহু ছওাল করে পুরা

করি ভায়। এইরুপে কতদিন গোজরিয়া জায় * একরোজ ফকির এক ছওয়াল জানায়। কহিল আসরুফি এক দেহনা আমায় * আসরুফি তাহারে দিয়া করিনু বীদায়। দোছরা দরওাজায় ফের দেখিনু তাহায় * দুই খান মোহর ফের করীল ছওয়াল। তখান ছওয়াল তার করীনু বাহাল * তেছরা দরওাজায় ফের হইল হাজের। সেই ভাতে খাড়া হয়ে করিল জেকের * তিন আসরুফি তারে দিলাম সোনার চৌঠা দরওাজায় ফের হইল তৈয়ার * এইরুপে চাল্লিস দুয়ারে ফেরে ঘোরে। একে২ বেড়ায় মদ্দ দুয়ারে২ * চাল্লিস মোহর দিনু সেই দরওাজায়। ফের দেখি খাড়া আছে না হৈল বীদায় * পহেলা দরওাজায় ফের করীল জেকের। বেজার হইয়া কহি তাহার খাতের * ফকিরি লেবাছে ফের জুব্বা দীয়া গলে। ফকিরের বোয়ে কিছু নাহি তেরা দেলে * তিন হরফেতে হয় ফকিরের নাম। না জেনে ফকিরী কর নহে ভাল কাম * এবাতে বদনাম হবে জত ফকিরের। জুব্বা পোসি ফেলে করা পেটের ফেকের * একথা শুনিয়া মদ্দ কহিল গোশ্বায়। ফকির কিসেতে হয় বাতাও আমায় * বাদসাজাদা কহে বাত সোন হে ফকির। সে তিন হরফ কহি তোমার খাতির * ফে থেকে ফাকা আর কাফেতে কেনাত। রে থেকে রেজামন্দি সোন নেকজাত আল্লা জাতে রাজি তাতে ফাকা কসি করা। দুক্ষেতে ছবরি করা আল্লার পেয়ারা * থোড়া খাবে থোড়া কবে থোড়া নিন্দ জাবে। আল্লার নজদিগে তবে পছন্দ হইবে * ছবর জাহাকে নাই সোন হে ফকার। তালাবের বেএজ্যতী বেগর পানির * চাল্লীস দরওাজায় তুমি ফিরীলে ঘুমিয়া। কত মাল লিলে দেখ হেছাব করীয়া * ঐ মাল খেয়ে পিয়ে ফিরে এস ভাই। ছওয়াল করিবে জাহা দীব আমী তাই জমা করিতে নাই ফকিরি জে করে। এক দিনের বান্দিয়াছে দস্তর তাহারে * দোছরা দিনের আছে এলাহি মোক্তার। কাল খাব বলে রাখে হয় গোনাগার * ফকীরি মছলার কীছু নাহি জান ভেদ। তুমি বুঝি না ধরালে তরিকি মোরসেদ * দুনিয়া লালচ তেরা না হইল কম। জুব্বা গলে দীয়া ফের না হয় সরম * একথা সুনিয়া গোস্বা হইয়া ফকির। কহিল জে দিয়াছিলে লেহ জাহাগির * ছাখাওতের নাম বাবা নাহী লিবে আর। ছাখাওতি কাম করা বড়ই দোসওার * ছখির ভি নাম হয় তিন হরফেতে। সেই সব কাম আগে আন আমলেতে * তবেত হইবে নাম সোন জাহাগির। আমিত লালচওালা

নাকারা ফকির * তাহাকে পুছিনু আমি সোনহে ফকির। ছখনাম কিসে হয় করনা জাহির * ফকির কহিল খাজে সোন নামদার। ছিনেতে চাযাই আগে কর এক্তিয়ার * থেহরফেতে রাখ থওফ আল্লার। এয়াতে এয়াদ রাখ পয়দা এস তোমার * আপনা পয়দাস আর মরিবার হাল। আপনা দেলেতে কর হামেসা খেয়াল * আগে তুমি এক্তিয়ার কর এইকাম। শেষে তুমি লিও সাহা ছাখাওতিনাম ছখির এজ্জত বড় এলাহির কাছে। আল্লার হবিব ছখি হদিছেতে আছে * মুল্লুকেং আমি ফিরিনু বহুত। বছরা সহরে এক দেখিনু আওরত * বড় ছখিওত বিবী ছুরত মেহেরি। দেখিয়া তাহার রূপ মহ জায় পরি* এলাহি পেন্দালে তারে ছাখা ওতী জামা। ফেরেস্তা ফরছত নাই লেখে নেক নামা * আমল নামায় তার নাহি বুঝি বদি বাদসার কুঙারী লাড়কি নাহি করে সাদ * আল্লার হুকুম মত করে সেই কাম। আর জত দেখি চাহে বাড়াইতে নাম * এতেক কহিয়া মাল ফেকিয়া সেথায়। ছালাম আলেক করে হইল বিদায় * মিনতি করিয়া আমিকহিনু ফকিরেকছোম দিনু দাতা তুমিমাফকরো মোরে জাহা চাবে তাহা দিবে না হবে বেজার। এতেক কহিনু তবু না হইল কারার * তামাম আসরফি মুঝে দিয়া গেল ফেলে। না লিব বাদসাই তেরা আমাকে শুপীলে* থুক রহে এমন খয়রাত জেবা করে। এমন খয়রাত লেয় লানত তাহারে * এতেক কহিয়া মদ্দ হইল বিদায়। দেল মেরা উচাটন হইল সে কথায়* কেমনে খয়রাত করে বাদসার কুঙারি। কেমন সে রূপ দেখে মহ জায় পরী * কি রূপে দেখিব তারে না পাই ঠেকানা। রাত দিন দেলে মেরা হইল ভাবনা * এই রূপে কত দিন গোজারিয়া জায়। বাপ মেরা মৈল তক্ত শুপিয়া আমায় * আদল এনছাফ কাম করি হামে হাল। দেলে থেকে নাহি ছোটে বিবির খেয়াল*দেখিব সে বাদসাজাদি কেমন প্রকারে। কত দিনে জাই আমি বছরা সহরে * মহাম্মদ দানেস কহে ভাবিয়া খোদায়। ইমান ছাবেত মেরা রাখিবে দুনিয়ায় *

ত্রীপদি * বাদসা ওফাত কৈল, ফকির বাদসাই পাইল, খুসি হালে করি কারবার। বিবীর লাগিয়া মন, হৈল মেরা উচাটন, কত দিনে দেখি সে দিদার * উজির নাজির সাত, ছলা করি এই বাত, সোন কহিজত মেহেরবান। বছরা সহর বিচে, এক বাদসা জাদাআছে তার তরে দেল পেরেসান * শুনিনু তাহার খুবি,বড়া ছখাওত বিবি

তার মত ছুথাওত নাই। শুনিয়া হেক্ষত তার, দেলে মেরা বেকারার, এখাতিরে জেতে আমি চাই * শুনিয়া এবাত মেরা, রাজী না হইল তারা.ভেবে কীছু না পাই উপায়। বীবীর খাতেরে মেরা,জিউনাহি জায় ধরা, রাত দিন করি হায়২ * এক রোজ উজিরে কহি, একান্ত জানিবে ছহি,সেতাবী আসিব আমি ফিরে। রোকছোত করনা মুঝে বাদসাই শুপিনু তুঝে, জত দিন নাহি আসী ডেরে * রাজি কৈনু উজীরেরে,গেরুয়া বস্ত্র পরে; গেনু আর কেহু নাহি জানে। মঞ্জেলং জাই, কত দিন গিয়া পাই. বীবীর মুল্লুক জেই খানে * বস্তির বা-সেন্দা জারা, খুসি খোলালিত তারা. নাহি ছাড়ে পাইলে ফকির। ছামনেতে রহে খাড়া. খেদ মতেতে হাত জোড়া, হরদম থাকেন হা-জির* এই রুপে ঘরে২, সকলে খেদমত করে, থাকি আমিজারঘরে রাত। ছোবে হৈলে জাই চলে, আফছোছ করেন দেলে, নরম জবানে কহে বাত * গেনু জবে সহরেতে, এক মদ্দ এসে পথে, ধরে মেলে গলায়২। খোসাল হইয়া বলে, সহরেতে জদি আইলে, চল তবে আমার ডেরায়*মোছাকের আইলে পরে,পহেলা আমার ডেরে, থাকে সবে করিয়া মেহের। আপনি থাকীবে আজ, করিব খেদ মত কাজ, এই রুপে কহে বের২ * দেখে বড় নেককার, পুছিনু জে নাম তার, কহে মুঝে সোন নেকবক্ত। আমি বান্দা গুম নাম, করি জে খেদমত কাম,নামমেরা রাখে বেদারবক্ত*ছুরতমুরত আর,জবান সুনিয়া তার খোসাল হইল মেরা জান। দুই জনে বাতে২, গেনু তার মহলেতে, দেখি তার আমিরানা সান * বসাইল লিয়া ঘরে, আপনি খেদমত করে, গরম করিয়া আনে পানি। আফতাবা ছেলেফচি লিয়া, পাও হাত ধোলাইয়া, গোলাবে আনিল দিয়া চিনি* ডালিয়া দস্তর খান, কোরমা পলাও জান, আখনির পোলাও নসহুর। কোরমার পো-লাও দিয়া, জরদার বরতন লিয়া, রাখে মদ্দ আমার হুজুর * বাদামি রওগনাজাস, দেখিয়া হইনু খোস,দোপেয়াজা রাখিল থরে২। সির মাল বাকের খানি, গাওজবান ওবরানি, ফিরনি আনিল তার পরে সিরবে রঞ্জ কালদা আর, মারব্বা দিয়া আচার, দিল এনে এতেক মে-ঠাই২ ।কত নেয়ামত পানি,আনিল নেমকদানি,কত চিজ রাখেঠাই২ কত মেয়ামত আর, কি কব বয়ান তার, দেখিয়া হইল দেল তাজা। এক নেওলায় মোর, সেকম হইল পোর, কি কহিব তাতে জত মজা আমি চাই ধুতে হাত, কহিল কেমন বাত, সব চিজ রহিল মজুত।

পেটে মেরা আটে নাই, কেমনে খাইব ভাই, তবু থোড়া পেলাইল চুদ *দস্তুর খান ওঠাইয়া, হাত দিল ধোলাইয়া, মখমলের করিয়া বিছানা।সারিং গেরদা ডালে,আপনি চামর ঝালে,বসি তাহেভাবিয়া বর্দ্দানা * গোলাব আতর দান, মস্ক আর জাফরান, এনে দেয় অজুদে আমার। চাহি আমি পানি পিতে, বরফ এনে গেলাছেতে, কি কহিব ছুরোদ তাহার* পানদান এনে দেয়, পানের মছলা তায়, রুপারতবক দিয়া মোড়া। জে সব মছলা দিয়া, পান দিল খেলাইয়া, খাইতেপান মজাদার বড়া*আসিয়া পৌছিল রাত, সামা জলে ভাতে ভাত,ফানুসের ঝাড় দেয়ালগির। বসিয়া আমারসাত, নানা রঙ্গে কহে বাত মোরে ছেড়ে না জায় বাহির*এক পহোর রাত জবে,কহিল আমারে তবে, সোও তুমি পালঙ্গ উপর। আরাম করিবে জারা, মান্দিগি ছুটিবে তেরা, উঠ জবে হইবে ফজর * আমি কহিনু তারে. কেমনে পালঙ্গ পরে সোব আমি হইয়া কাঙ্গাল। আমিতফকির বটে, কেমনে শুইব খাটে. বেছাইয়া সোব মৃগছাল*বুরিয়া আর চেটাইতে, ফকিরেতে সোয় তাতে, ফকির না সোয় কভু খাটে। দুনিয়াদার লোগ জরা, পালেঙ্গে শুইবে তারা, ফকির থাকিবে মাটে ঘাটে*কহিল সে মর্দ্দ মোরে, জতেক আছবাব ঘরে, তামাম আছবাব দরবেসের। দেলে না করিতে গমি, দেখমতে হাজের আমি, সোও সাহা করিয়া মেহের * দেখিয়া মিনতি তার. দেল মেরা জারং,শুনু গিয়া খাটের উপর। নরম ঠেকিল গায়, দেখিনু বেছানা মায়. রাখিয়াছে ফুলের তুমর * খোসবয়ে হৈনু খোস, দেলেতে আইল জোস, কি কহিব সেই সব বাত। শুইলে করট ফিরে,বাসেতে মোহির করে, জেনআমি আইনু জেন্নত*ছোবে হৈয়া গেল রাত, আনে কত মেওা জাত, দিল এনে আমার হুজুর। কিসমিস বাদাম জাম, খোরমা সরিফা আম আনার আর আঞ্জির আঙ্গুর * জতেক ছামান আর, কি কব বয়ান তার. খেয়ে পিয়ে খুসি হৈল জান।তিন দিন তিন রাত্ত, গেল মেরা এয়ছা ভাত. কহি তারে সোন মেহেরবান * চারি দিন হৈল আজ, জাব মেরা আছে কাজ, বিদায় করনা মুঝে ভাই। কহিল বেদারবক্ত, আমিত ফকির ভক্ত. আজ তুঝে ছেড়ে দিব নাই * টুটি বুঝি কোন বাতে, পাইলে তাই চাহ জাইতে, মাফ কর তকছির আমার। শুনিয়া এবাত তার,কহিনু কি সমাচার, কোন বাতে হলে গোনাগার*

সোন তুঝে কহি ভাই, চার দিন এক ঠাই, থাকি আমি তোমার খাতের। জোরা জবে দিনু গলে, সেই হইতে মেরা দেলে, মুলুকেতে করিব ছএর * নহে তেরা মহর্ব্বতে, দেল নাহি চাহে জেতে, তবে হবে একবার খেলাফ। আমি হব গোনাগার, বুঝে দেখ বেরাদার, এই বাত কর মুঝে মাফ * এ কথা শুনিয়া কহে, দেলে তেরা জাহাচাহে, কি বলিব সোন মোছাফের। বাদসাজাদির কাছে, থাড়া২ আসিপুছে থোড়া এয়ছা কর আপে দের * কহি এক বাত ফিরে, জতেক আছে বাব ঘরে, এই সব চিজ আপনার। সোনা রূপার বাসনেতে, আপনি খাইলে জাতে, সব কিছু তেরা এক্তিয়ার * শুইলে জে খাট পরে, লিয়া তুমি জাও ঘরে, এতে আর দাবি নাই মেরা। লানত ভেজিনু শুনে, ফকির তবে হৈনু কেনে, দুনিয়া দারি কিবা ছিল বুরা * এতেক লালচ জার, ফকিরি না হয় তার, নহে আমি কাবা সে খোনকার। ফকিরি করিয়া ফিরি, মুল্লুকে ছএর করি, মাল মেরা কি কামেদরকার * বেদারবক্ত কহে ভাই, ছরঞ্জাম লিবে নাই, এইকথা সে তো জদি ... আমার খাতিরে তবে, বাহির করিয়া দিবে, তবে হবে আমার খাবি * তুমি জদি নাহি লিবে, আমানত রাখ তবে, কুঞ্জি দিয়া গুদাম ভিতরে। মেরা এই কথা সোন, ভালা বাত জাহা জান, বুঝে কর জে আসে খাতেরে * এইরূপে বাহাছেতে, ঘাড় এক গেল তাতে, আখেরে হইল এই ছলা। রোকছত হইব বলে, মিলি দোহে গলে গলে, দরওাজায় দিয়া কুঞ্জি তালা * আর এক খাজেছারা, আসিয়া ছামনে মেরা, মেলে মর্দ্দ ধরে মেরা হাত। জরির লেবাছ পেন্দা, ছেরেতে দেস্তার বান্ধা, নরম জবানে কহে বাত * হাতেতে সোনার আসা, কমরে বান্দিয়া খাসা, কহে মুঝে শুন মেহেরবান। আপনি মেহের করে, চলনা আমার ঘরে, খোসাল করনা মেরা জান * নাহি তুমি জাওজদি, শুনিলে সে বাদসাজাদি, ফিরে গেল এসে মোছাফের। কি হালে পৌছায় মুঝে, কহিতে না পারি তুঝে, পাছে বিবী নিকটে মেরা ছের * কি কব মিনতি তার, হৈল মর্দ্দ জার২, কহে কত খোসামদি বাত। আমি বলি জাব নাই, সে বলে চলনা ভাই, লাচার হইয়া গেনু সাত * দেখি গিয়া সে মকান, বড়া উচা আলিসান, তারে চেয়ে বড়া ছোলতানাত। তার চেয়ে ভাতে ভাত, খানা পানি মেওাজাত, রাসেতে হইয়া গেনু মাত * তার চেয়ে খানু পিনু, পালঙ্কে জাইয়া শুনু, তারে চেয়ে পাইনু আরাম। গেল এছা দিনরাত সেই ভাবে

কহে বাত, লেহ ভাই জত ছরঞ্জাম *হয়রান হইনু শুনে, ভাবিআমি মনে২, এইবারে কি করি উপায়। রোকছত করিলে পরে, না রহিব এ সহরে, জাব আমি আপন ডেরায় * মুঝে বড়া পেরেসান, দেখে সেই মেহেরবান, কহে বাত হুজুরে আমার। কিবা তেরা আছে দেলে কহিলে বিবীকে বলে, পুরা করি মকছেদ তোমার * কহিনুন আমি তারে, না চাহিতে দিল মোরে, তাতে আমি করিনু এঙ্কার। আর আমি কব তবে, বাদসাজাদিকে কবে, দেলে তুমি করনা বিচার * একথা স্তুনিয়া মেরা, কহে সেই খাজেছারা, দুনিয়ার হেরেস বালাই জে চেকেছে মজা মিটে, দেলে থেকে নাহি ছোটে, দানা লোগে কহেন এয়ছাই * সেকেন্দর বাদসা ছিল, তামাম মুল্লুক লিল, তবু তার না ছোটে ওম্মেদ। কতং বোজরগান, খোওাইয়া দিল মান, কেন সাহাজি কর তুমি জেদ *

এক ফকির আর কোত্তার বয়ান।

ত্রিপদী *কেতাবেতে লেখা আছে, কহি জেতোমার কাছে, শুনে সাহাজি করোনা বিচার। কহে এক ফকিরেতে, আল্লা দিলে পাই খেতে, না করিব কোন কারবার*এতেক ভাবিয়া দেলে, পাহাড়েতে গেল চলে, সেথা বৈসে করেন মেহনত। রাত দিন বন্দেগি করে, ফোরছত নাহিক তারে, এলাহির হইল মদত*এলাহি রাজ্জাক বড়া পাথরের বিচে কিড়া, খোরাক বিহনে নাহি মারে। দরবেস বসিয়া জেথা, খানা পানি ভেজে সেথা,খেয়ে পিয়ে এবাদত করে*এলাহি হেকমতওালা, কে বোজে তাহার লেখা, বুঝে তার কেমন ইনান। খানা পানি বন্দ করে, দিল সেই দরবেসেরে, থাকে মর্দ্দ বড়া পেরেসান * তিন দিন তিন রাত, জায় কেটে এয়ছা ভাত; ভোকেতে আন্দাম জায়জলে।হৈল মর্দ্দ বেকারার,আখে নাহি সোজে তার,পাহাড় থাকিয়া আইল চলে * এক কাফেরের ডেরে, জাইয়া ছওাল করে কাফের শুনিতে তাহা পায়।তিন রুটি দিল তারে,রুটিপেয়ে আইল ফিরে, বহুত তারিফ করে তায় *কাফেরের কোত্তা ছিল, রুটি দিতে দেখা পাইল, লিল কোত্তা ফকিরের পিছে। হামলা করিয়া জায়, ফকির ডালিলতায়,পাছে কোত্তা এসেমুজে নোচে*এতেক ভাবিয়া দেলে,দিলে এক রুটী ফেলে, খায়ে কোত্তা খোসাল হইয়া।সেই রুটি খেয়ে ফের, ছামনেতে দরবেসের, সেই ভাতে পৌছিল জাইয়া*ডর হৈল ফকিরের এক রুটী দিল ফের, খেয়ে কোত্তা ফিরে পিছে লিল।

ঠেকিল বিসম দায়, ফের রুটী দিল তায়, এইরূপে তিন রুটি গেল* রুটি তামাম খাইল, ফের গিয়া পিছে লিল, ভাবে মনে পাছে মুজে কাটে। জত করে দুর২, নাহি সোনে সে কুকুর, ভাগাতে সে নাপারে দাপটে * ভাবিতে লাগিল মদ্দ, দেলেতে পাইয়া দদ্দ, কহে বাত কোত্তার খাতিরে। তেরা মনিবের ঘরে, জাইয়া ছওাল করে, তিন রুটি মেলিল আমারে * জা পানু তা দিনু তোরে, তবুত না ছাড় মোরে, এ তোমার কেমন দস্তর। আপে পাক পরওার, জবান খুলিল তার, কহে বাত হইয়া কুকুর * কোত্তা বলে সোন সাই, কে করিল নাদনাই, এনছাফ করনা থোড়া দেলে। এই কাফেরের ডেরা, জনম গোওানু মেরা, আদা রুষ্টি দিন গেলে মেলে, কোন দিন হাড খাই. কোন দিন ফাকা জাই, বকার চরায়্যা আমি ফিরি। কোথায় না জাই ছেড়ে, থাকি দর ওাজায় পড়ে, নেমকহারামি নাহি করি * দেখিয়া দাপট মোর, নিকটে না আইসে চোর, শুয়ে থাকি করিয়া আরাম। হায়ওান মোতলক আমি, আদম ফরজন্দ তুমি, কে করিল বেওফাই কাম * তুমিতো গোলাম জার, তামাম আলম তার, তার কাছে করিলে একরার। সে জদি খাওায় খাব, আর কোথা নাহি জাব, ভেজে অল্লা খোরাক তোমার * রোজ২ দিত রুটী, ইমান বুঝিতে খাটি, দেখে তেরা কেমন ইমান। তিন দিন না খেয়ে পেয়ে, কাফেরের ঘরে গিয়ে, কর গিয়া কাফেরে ছালাম * এনছান বোজরগ তুমি, কোত্তা নাপাক আমি, বেছবর হৈল কোন জন। খাজেছারা বলে ভাই, লোভ ছাড়া কেহ নাই, ভেবে তুমি দেখ মনে মন * সোলকে শুজগ লোকে কয়ে গেছে একে২ সেই সোলক তোমারে শুনাই। এই জে দুনিয়া বিচে, তামা ছাড়া কেবা আছেঃ দেলে থোড়া বুঝে দেখ ভাই *

ধুয়া * কেনো গো সাই সেসেতে পস্তাবে গো। * দেখিয়াছি কত লোক আঙ্গুলে না কাটে নোক মুখে নানা পেটে ভোক দেখিছি নয়ানে গো * মাথা ভরা আছে জটা, কানে আছে বিন্দু ফোটা, কপালে বিভুতি ফোটা, লোভ নাহি ছাড়ে গো* দেখিয়াছি জেগোসাই, অঙ্গেতে ভুসন ছাই, বাক্য কিছু করে নাই, মরন সোমান গো। * ওরুন কানোন বনে ডাকি তেছে নিরাঞ্জনে, বল আর বুদ্ধিমানে, মনে২ ভাবেগো * জন মের দেখিকুড়ে, বসিয়াছে আসন জুড়ে, কোথায় না জায় নড়ে ঝায়া ছলে আছে গো। * আদি অন্ত দেখি শুথি, জনমের দেখি

দুঃখি,লোভ ছাড়া আছে বাকি, না দেখি এমন গো*দানেস
বলে নহে সাজি, কহ ওছে সাগান সহজি, ওর দ্বারে কত
সাহজি, রয়েছে পড়িয়া গো *

পয়ার * এইরূপে খাজেছারা কতেক বুঝায়। কহেন ফকির ঢের আছেন দুনিয়ায়*আমি কিন্তু নাহি লিব এর সব মাল।সাহাজাদির সাতে মেরা আছেত ছওাল*বিবীর খাতেরে আমি লিখি কেতাবত জওাব আইলে পিছে কারব তেমত * খাজেছারা বলে দেহ লেখে মেরা ঠাই। বিবীর নজদিকে লিয়া তুরিত পৌছাই * একথা সুনিয়া আমি লাগিনু লিখিতে।পহেলা আল্লার নাম লিখ কেতাবেতে * মহাম্মদ নবির তারিফ লিখি তার পিছে। তার পরে লিখি মেরা দেলে জাহা আছে * সোন বিবী সাহাজাদী আরজ আমার। তারিফ শুনিয়া আইনু মুল্লুকে তোমার * জে সব তারিফ আমি কানেতে সুনিনু। তাহা হৈতে দসগুন নজরে দেখিনু * দেখমত করিল জত নওকর তোমার।তাহার বয়ান আমি কি লিখিব আর*ঘরের ছামান জত লিতে কহে মোরে। না লিব আছবাব আমি লিখি এখাতেরে * এছফেহান সহরে ঘর বাদসাই আমার।এখানে আইনু শুনে তারিফ তোমার * মালের লালচ কিছু নাহি মেরা দেলে। শুনিয়া তারিফ তেরা জুর্ব্বা দিনু গলে * ফকির হালেতে আইনু এতেক মেহনতে। বুঝিয়া করিবে কাম উচিত জেমত * আমার মতলব বুজে করিবে মেহের। নহেক মরিয়া জাব তোমার খাতেরে * এতেক লিখিয়া আমি দিনু তার হাতে। কেতাবত লিয়া মর্দ্দ গেল মহলেতে * বিবিকে লেখন দিয়া আনিল জওাব। আসিয়া আমারে কহে আইসহ সেতাব * মহল ভিতরে আমি গেনু তার সাতে। বসে আছে এক বুড়ি পাইনু দেখিতে *সোনার কুরছিতে বসে গায়ে জেওরাত। এন ছানের মত বুড়ি কহে জত বাত*লেঙড়ি কয়েক ছিল হুজুরে তাহার দেখিয়া বুজিনু এই ঘরের মোক্তার * আদবে রহিনু খাড়া বুড়ির হুজুরে। দেখিয়া মেহের করে বসাইল মোরে *বুড়ি বলে রোকা বুঝি আইল তোমার। শুনিয়া জওাব আমি না দিনু তাহার * ছের নিচে করে থাকি সরমেন্দা হইয়া। বাদসাজাদি দিল ফের খবর ভেজিয়া পহেলা ভেজিল মুজে আদাব ছালাম। তার পরে কহে বিবি সোন নেকনাম*এবাতে এক্কার মেরা নাহিক ছাহেব।সওহর করিতে মুজে কিসের আয়েব * পরিচয় নাহি চাহি সোন মছাফের। বাদসাজাদা

হও কিবা কোন মুল্লুকের *সে কথায় মেরা কিছু নাহিক গরজ। আপনা বড়াই কর কেমন ছয়োজ * আল্লার নজদিগে সবে একই সমান বাদসা ও ফকির কিম্বা জতেক এনছান *একবাতে ছোটা বড়া আছে জাহানেতে। এছলালের ফজিলত আছে জাহানেতে * তুমি জেছা দুনিয়াতে হোলে মালদার। এলাহি আমারে মাল দিল বেসোমার সাদির এরাদা খুব আছে মেরা দেলে। সাদি জে করিব মেরা মতলব মিলিলে * পহেলা মোহর জেবা করিবে আদায়। তাহারে করিব সাদি কহিনু তোমায় * মালমাত্তা নহে মেরা কথায় মোহর। তাহারে করিব সাদী জে দীবে খবর * এতেক কহিয়া বীবী ভেজীল খখবর। তাহারে কহীনু আদায় করিব মোহর*এবাতে দেরেগ কীছু নাহিক আমার। জান মাল কদমেতে করিব নেছার *কথার ছওাল এতে ভাবনা কিসের।সেতাবী জওাব দীব না করিব দের *বিবী বলে আজ তুমী থাক এইখানে। কহিব তামাম বাত জাইবে যেহানে * সেইখানে থাকি আমী শুনে এইবাতে। গোজরীয়া গেল দিন পৌছিল জে রাত*এক খোজা এসে মুজে মহলেলীয়া জায়।আলেম ফাজেল সবে বসীয়া জেথায় * বসাইল লিয়া মুজে হুজুরে সবার। নানারঙ্গ চীজ আনে ছামান খাবার * খানা পান খেয়ে বসী খোসাল হইয়া আসীয়া পৌছিল দাই মহল থাকীয়া * বেহরোজ নামেতে এক আছিল জওান। বোলাইয়া তার তরে করীল ফরমান * বোলাইয়া আনে খোজা হুজুরে আমার। তাজ্জব হইনু দেখে ছুরত তাহার * মরদানা হালেতে মর্দ্দ আইল হুজুরে। রুপা আর সোনার কুঞ্জি কতেক কোমরে * ছালাম আলেক মর্দ্দ করিল আমায়। আলেক ছালাম দীয়া বসাইনু তায় * দাই বলে সোনহে বেহরোজ ছরদার।জে কিছু দেখেছ কর বয়ান তাহার *

### বেহরোজের জবানি বিবীর ছওালের বয়ান।

বেহরোজ কহে মুজে সোন নেকনাম। জে কিছু দেখীছী আমি কহীব তাম *এই সাহাজাদী তাবে হাজার গোলাম।ছওদাগরীকামে সবে ফেরে জে মোদাম * তার বীছে আমি এক করি ছওদাগরি। মুল্লুকে২ জেয়ে করী মোছাফেরী * বিকী কীনে করি জবে আমী এ সহরে।জেথা জাহা দেখি কহী বিবীর হুজুরে*নিমরোজ নামে এক আছে জে সহর। পৌছিনু জাইয়া সেথা সোন সে খবর *সেই সহরেতে লোগ আছে বেসোমার। ছিয়াহী লেবাছ পরা দেখিনু সবার

আহা জারি করে সবে হয়ে পেরেসান। দেখিয়া মাতম আমি হইয়ে হয়রান * জার তরে পুছি আমি একি সমাচার। না দেয় জওাব কিছু হইনু লাচার * এইরুপে কত দিন গোজারিয়া জায়। এক রোজ তামাসা এক দেখিনু সেথায় * ছাপা হৈয়া গেল রাত বেহান হইতে। চারিদিগে থেকে লোগ লাগিল জমিতে* সবাকে মালুম ছিলবুঝি সেই দিন। ছোটা বড়া আইল আর ওমরাও মিছকিন*সহর বাহিরে এক আছিল ময়দান। জাইয়া পৌছিল সবে তাহার দরমিয়ান* বাদসাহ আপনি চলে ওজির নাজের।সেই ময়দানেতে সব হইল হাজের সকলে হইল খাড়া বান্দিয়া কাতার। আমিবি পৌছিনু গিয়া দরমিয়ানে তার * ইদের দিনেতে জেছা হয় সব দেসে। সেই মত দেখি আমি নাহি পাই দিসে * জেন কার এন্তেজার খাড়া হৈয়া আছে। হেনকালে এক মদ্দ আইল ঘড়ি বিচে * ছাহেব জামাল লাড়কা দেখিতে বাহার। বতসর সত্তেরোজেন ওমর তাহার*সোর গোলকরে এসে হৈয়া জার২। জরদা রঙ্গ গরু পরে হইয়া ছওার * সেই জামাতের বিচে আসিয়া পৌছিল। বএল থাকিয়া লেবে নিচেতে বসিল এক হাতে তেগ ছিল আর হাতে নাত। গোলাম এক পরি রুপ ছিল তার সাত * গোলাম জাহারে বলে নাত বলে তারে। বুঝিবার তরে আমি কহিনু সবারে * গোলামের হাতে তেগ দিলেন জওান। গোলাম তেগ লিয়া সবাকে দেখান * একেক২ দেখাইল সবাকে তলওার। দেখিয়া তলওার সবে কান্দে জার২ * আহা জারি করে সবে হৈয়া বেকারার। গোলাম চলিল জেথা সাহেব তাহার * জওান উঠীল তেগ হাতে সেই করে। এক চোটে গোলামের ছের জোদা করে গরুর উপরে ফের ছওার হইয়া। সেই তরফেতে ফের চলিল ফিরিয়া জে দিগ হইতে আইল সেইদিগে গেল। নজর থাকিয়া মদ্দ গাএব হইল * খাড়া হৈয়া দেখে সবে দেখা নাহি পায়। জার জে চলিয়া গেল আপনা ডেরায় * এই সমাচার আমি পুছি জারে তারে। হাল হকিকত কেহ না কহে আমারে * বহুত কহিনু সবে খোসামদিকরে মাল দিব বলি তবু না কহিল মোরে*তাজ্জব হইনু দেখে একি সমাচার। সেই হৈতে দেল মেরা ছিল বেকারার * ছওাগরি করে আমি ফিরে আইনু ঘরে। কহিনু তামাম বাত বিবির হুজুরে*বাদসাজাদি শুনে বাত হইল হয়রান। কহিল জে এনেদিবে এহার সন্ধান * তাহারে করিব দাসী আনিলে খবর। এ বাতে আদায় মেরা দাএন গো

। হর * এইসব খবর ভাই জেবা এনে দিবে। বাদসাজাদির সাদি তার সাতে হবে * আপনা দেলেতে খুব করনা গওর॥ তহ্কিক আনিতে পার এহার খবর * তবেত মতলব তেরা পুরা হৈতে পারে। নহেত ফিরিয়া জাও আপনার ঘরে * এই সব কথা জবে কহিল বেহ্‌রোজ কহিনু আলবত্তা জাব জেথা নিমরোজ * তামাম খবর এনে পৌছাব বিবিরে। সেতাবি আসিব ভাই আল্লা জদি করে * নছিবেতে দুক্ষু জদি থাকেত আমার। তবেত এ মুখ ফিরে না দেখাব আর * তবে এক কথা কহি জদি দেলে লাগে। জাইতে এরাদা করি বাদসাজাদির আগে * আপনার মুখে বিবি করিল একরার। তবেত খাতের জমা হইবে আমার*একথা শুনিয়া দিল বিবিকে খবর। বাদসাজাদি কহে আন মহল ভিতর * এক বুড়ি দাই এসে কহিল আমারে। চল মদ্দ মোছাফের মহল ভিতরে * এ কথা শুনিয়া আমি গেনু তারসাতে সোনার কুরছি মুঝে দিলেন বসিতে * জতেক ছেহেলি আছে আদা বেতে খাড়া। ছুরত মেহেরি সবে হাত দোন জোড়া* খাওাছিন কত আছে কত মুল্লু কের। ইরানি তুরানি কত হাবেস দেসের * রুমসাম গেছের আর আরব্ব আজম। ছিন্দহিন্দ চিন কত করম২ * জেওর জিনত করে জতেক খাওাছ। সাটিন মকমল কার জরির লেবাছ্*বৈ গুনি আছমানি ছিয়া উরদু কাসমিরি। কত রঙ্গ লেবাছেতে আছে সারি২ * পরদার বেনারে থেকে কহে পরিজাত। কি খাতেরে আ- ইলে সাহা কহ সেই বাত * এ কথা শুনিয়া আমি কহিনু বিবিরে। তোমার তারিফ শুনে আইনু সহরে * জেমন তারিফ আমি শুনিনু তোমার। হেথা এসে দসগুন দেখিনু তাহার * জার ঘরেজাই আমি নাই ছাড়ে মোরে। খেলায় পেলায় আর খোসামদি করে * সহরের বিচে জবে পৌছিনু আসিয়া। বেদারক্ত লিয়া জায় তাজিম করিয়া জেসব ছামানা এনে খেলাইল মোরে। তাহার বয়ান আর কি কব হু জুরে * সাটিন মখমল কত জরির বিছানা। গেরদাছাপর খাট আর সামিয়ানা * বাসন কাটোরা খোরা রেকাবি বেলওার। পানদান ও গালদান আফতাবা সোনার *আতরদান গোলাবপাশ জত সরঞ্জাম মুঝে কহে লেহ্ ভাই এ সব তামাম * নাহিলিব বলি আমি ফকিরের চেলা। নাহি ছাড়ে করিয়া তায় দিনু কঞ্জিতালা * ফের এক খাজে ছারা ধরিল আমায়।খোসামদি করে চল আমারডেরায়* খাওাপেওা হৈল জত এলাহি সে জানে।কি কব তারিক তার তোমার ছামনে

খাতেহেস হইল ফের দেখিতে দিদার। মোহরের বাতজত সুপিন তোমার * তুমি জদি কহ বিবী আপনা জবানে। তবেত খাতের জমা হয় মেরা জানে * একথা শুনিয়া বিবী কহিল আমারে। আজ তবে থাক তুমি আমার সহরে * কামাল এরাদা জদি থাকে নেকজাত। রাত হৈলে আইস তবে কব জত বাত * একথা শুনিয়া থাকি মহল ছারায়। ভোড়াবন্দি খানা এনে খেলায় আমায়* আফবাত তামাম দিনের ছিল মোছাফের। সাম হৈল ছিয়া এসে হইল হাজের *

মজলেছের জলুছের বয়ান।

সেই ভাতে দাই এসে লইয়া আমায়। বিবীর মহলে দাই সাতে লিয়া জায় * রওসনি করিল তার কি কব বয়ান। সবে কদোর দেখে জদি হয় পেরেসান* জওাহের জড়াও সব খাটের উপরে। জওাহেরের ফুলসব রাখে থরেং *জওাহেরের গাছতাহেজওাহেরের পাতা আইনা সরম পেয়ে নাহি থাকে সেথা * সোনা রূপার কিছু সেথা নাহিক ভ ম। আফতাব মাহতাব ভাগে পাইয়া সরম * খাওাছ খেদমতগারী করিয়া ছেঙ্গার। আদবে রয়েছ খাড়া হুজুরে তাহার* ছেহেলি জতেক তার ছুরত মেহেরি। সরমেন্দা হইয়া ভাগে জদি দেখে পরি * দোস্তি মহব্বত দেখে আক্কেল হয়রান। ইদ জদি দেখে তাকে হয় পেরেসান * জবান সক্কর জেন মিঠাং কথা। সরম পাইয়া তুতি নাহি জায় সেথা * ফুল জদি দেখে বলে না রব বাগানে। ছেতারা দেখিলে বলে নারব আছমানে * গন্দি দেখিলে পরে ছাড়িত দুকান। দেখিয়া আমার আর না সরে জবান *সেসব তারিফ আমি কিকহিব তার। সাদ্দাদ দেখিলে বাগ না বানাত আর * মহাম্মদ দানেস কহে শুন মেহেরবান। বাদসার ছামনে দাই করে জে বয়ান*

দাইএর জবানি বিবীর পরিচয়।

পরদার ভিতরে বিবী বসিল আসিয়া। দাএর খাতেরে কহে কহ বোঝাইয়া * দাইবলে সাহাজাদা শুনহ খবর। বিতিল আগেতেজত বিবীর উপর * এই সহরের বাদসা বড় নামদার। হাতি ঘোড়া মাল মাত্তা ছিল বেসোমার * সাত বেটি পয়দা হৈল এলাহির চাহা। ছুরত মেহেরিসবে নাহি হৈল বেহা*খোসালেতে থাকে সবে নাহিক ভাবনা। দেখিতেহ সবে হইল সিয়ানা * এক রোজ বাদসা কহিল বেগমেরে। বোলাইয়া সাত বেটি আনহ হুজুরে * বেগম শুনিয়াসাত

বেটিকে লইয়া। সাহানা লেবাছ সবে দিল পেন্দাইয়া * মতির ঝা-লোর সব গলে দোলে হার। পাঠাইয়া দিল সবে হুজুরে বাদসার* বাদসাহ দেখিয়া কহে বেটি সবাকায়। সাত বেটি আল্লাতালা বকসিল আমায় * গরিবের ঘরে সবে পয়দা হৈতে জদি। দুনিয়াতে কেহ না কহিত সাহাজাদি * বারেক আমার ঘরে ভেজিল খোদায়। সাহাজাদি নাম তাই হইল দুনিয়ায় * আমা হৈতে মরাতেবা তোমা সবাকার। হাজার সোকর ভেজ দরগায় আল্লার * সাত বহিন এরা খাড়া ছিল সেইখানে। ছয় বহিন কহে তারা বাপের ছামনে * ছহি বাত বটে সাহা জে কিছু কহিলে। আমরা খুসিতে আছি তোমার কপালে* সকলের ছোটা এনি খাড়া সেইখানে। নাদিল জওাব কিছু বাপের ছামনে * খাড়া হৈয়া ভাবে বিবি আপনার মনে। কুফরি কালাম আমি কহিব কেমনে* গজবের নজরে বাদসা চাহে এরপানে তুমিনা কহিলে বাত কিসের কারনে* আপনি রোমালে বেন্দে আপনার হাত। বাপের ছামনে বিবি কহে এই বাত * জান বকসি কর জদি সোন জাহাগির। মাফ জদি কর বাবা আমার তকছির*তবেত হুজুরে আমি করিব আরজ। বাদসা বলে কহ বিবি কি তেরা ছুগজ* বাদসার নজদিগে হৈল আদবেতে খাড়া। হককথা বাবাজান কড়ুয়া লাগে বড়া * জেন্দেগির ওম্মেদ আমি ছাড়িনু নেহাত। হুজুরে আরজ করি সোন সেই বাত * আমার নছিবে জাহা লিখিল খোদায়। রদ নাহি হবে তাহা কহিনু তোমায় * আমি জাহা খাই বাবা আপনা কপালে। কহিনু তামাম বাত জাহা ছিল দেলে * তামাম মুল্লুক জদি পাও ঘসে মরে। ছেজদার উপরে ছেজদা রাত দিন করে * আল্লা জাহা চাহে তাহা রদ নাহি হবে। এই কথা দেখবাবা লেখেছে কেতাবে * তোমারে শুপিল জেবা দিয়ে তক্তাজ। বাদ-সাজাদি কৈল মুঝে সেই কারছাজ * তাহার কোদরতে কার নাহিক দখল। তামাম কেতাবে আছে এয়ছাই নকল* আপনি নায়েবখোদা বোজরগ আমার। তোমার খেদমত করা হুকুম আল্লার * নছি-বের সাতে নাহি এলাকা তোমার। এইসববাতে আল্লা। আপনি মোক্তার * এতেক শুনিয়া বাদসা জলিল গোশ্বায়। আগ লাগাইয়া জেন দিল তার গায় * এক জারা বেটি তেরা এত্তা বড়া বাত। ওতারিয়া লেহ ওর জত জেওরাত * মহাকায় ছওার করে লিয়া জাও ওরে রাখিয়া আসিবে ওছে জঙ্গল ভিতরে* মানুসের গমাগম জেথানেতে

নাই। দেখিব নছিবে ওর কি আছে ভালাই * বাদসার হুকুম পেয়ে চলিল নওকর। রাতকালে রেখে আইল জঙ্গল ভিতর *ওঘন জঙ্গল বন কোকাফ আন্ধার। পর নাহি মারে সেথা পরেন্দা জানওার * চাদ শুরুজ এরে কভু দেখিতে না পায়। অকট জঙ্গলে রেখে আইল এহায়*একেলা জঙ্গল বিচে কেহ নাই সাতে।পেরেসান হৈয়া বিবি লাগিল কান্দিতে*কিবা ছিনু কিবা হৈনু কিবা হব আর।ভাবিতে২ বিবী হইল জার২*এলাহির মরজি এয়ছা করেন তেমন।জাহা চাহে সেই কাম হতেছে এখন * জাহা সে চাহিবে হবে কে জানে সে ভেদ জবতক দম আছে রাখিব ওম্মেদ * ভাবিতে২ নিন্দ আইল বিবির। ছোবে হৈল ছিয়া গেল ছফেদি জাহির * নিন্দ ছুটে গেল বিবী উঠে চমকিয়া।কহিল ওজুর পানি দেহনা আনিয়া*একথা কহিয়া বিবি হইল গোমজাদ। রাত বিচে জভ কথা আইল এয়াদ * হেথা কে আনিবে পানি কহি আমি কায়। তৈয়ম্মম করিয়া করি নামাজ আদায় *কহিতে বিবীর কথা ছাতি ফেটে জায়। নমরুদ শুনিলে পরে করে হায়২*জঙ্গল ভিতরে থাকে একেলা বসিয়া। মোনকে বুঝায় বিবী সোলক পড়িয়া *

সোলক।

কেন রে অবোধ মন বুঝিস না। অবোধের মত বনে করিস রোদনা * দন্ত জবে নাহি মুখে; দুধ খাওাইল মোকে, দন্তো ফের দিয়া তোকে, অন্য কি সে দিবে না। জলস্থলে পশু পক্ষ আছে কত সত লক্ষ, তাদের জে করে রক্ষ, তোরে কি করিবে না * ভাবিস তুই কি কারণ, শুনরে মুরক্ষ মন, ভাবিলে কি পাবি ধন, মিছে কর ভাবনা। জারে প্রভু সৃজিয়াছে, তারে কৃপা করিয়াছে,জত দিন আই দেছে, বে জতনে মারিবে না * শুজন কুজন নর, অন্ন বস্ত্র রুপ বর, দেছে সবে পরস্পর;তোরে কি সে দিবে না * দানেস বলে ধন্ন কন্যে, মোন সিদ্দি তার জন্যে, পালা জায় তোর জন্যে, পুরানেতে দেখ না *

ত্রিপদী * এই সব ভাবে বসে, কিছু নাহি পায় দিসে, জপে দেলে এলাহি আলমিন। থাকে পেরেসান হালে, ভোকেতে অজুদ জলে জায় এয়ছা তিন রাত দিন * আফতাব ছুরত ছবি, ভাবিতে২ বিবী কাল হইল কেন্দে২ দেলে।ওজুদে না মেলে জোর, আখেতে লাগিল ঘোর, তাবু নাই মুখে রাত বলে * নাকে খালি বহে স্বাস, তবু নাহি

জায় আস, পড়ে বিবী কত ভাবে মনে।চৌঠা রোজ ফজরেতে, আসা
বাড়ি লিয়া হাতে, এক মর্দ্দ আইল ছামনে *এসে মদ্দ ধিরে২, খেজে
রের রূপ ধরে, নুরানি চেহেরা তার ছিল।কামেল ফকির মদ্দ, ভাবিয়া
বিবীর দদ্দ, বিটি বলে বিবীকে ডাকিল * আছিলে বাদসার বেটি,
রূপে গুনে পারিপাটি, জঙ্গলেতে গেল ভুজে ফেলে।নছিবেতে আছে
জাহা, কে করিবে রদ তাহা, আল্লার কলম নাহি টলে *এলাহি ভ
জিবে বিবি, আলবত্তা হইবে খুবি, করিম রাহিম তার নাম। এতেক
বলিয়া একে, পানি থোড়া দিল মুখে, বিবী কিছু পাইল আরাম *
সেই বুড়া পির মদ্দ, বিবীর ভাবিয়া দর্দ্দ, নানামতে বুজায় এহায়।
কান্দে বিবী জার২, সে হল সরিকদার, দুজনাতে করে হায়২*থোড়া
ঘড়ি বাদ ফিরে, দরবেস কহিল এরে, না কান্দিও সোন সাহাজাদি।
বিদায় দেহনা মোরে, জাই আমি এ সহরে, আনি কিছু খাবে পিবে
জদি * দেখিয়া মেহের তার, দেলে ভাবে আপনার, আল্লা বুজি ভে
জিল মদত। নহে কি মদত করে, পরের লাগিয়া মরে, এখাতেরে
এত্তা মহব্বত * রাজি হৈল তার বাতে, গেল মদ্দ সহরেতে, রুটি
থোড়া আনে কোথা হৈতে।রুটি বিবিকে দিল, পেরেসানি দুরে গেল
রোজ২ আনে এয়ছা ভাতে * এয়ছা কত দিন জায়, এক রোজ বিবী
তায়, কহে শুন আরজ আমার। দেহ থোড়া এনে তেল, গোছল না
করে দেল আছে মেরা বড় বেকারার * গেল বর্দ্দ থাড়া২, তেল এনে
দিল থোড়া, বিবী তেল দিলেন মাথায়।গোছল করিতে জায়, রাহা
বিচে দেখা পায়, এক মতি পড়িয়া সেথায় * মতি উঠাইয়া লিল,
দরবেসের হাতে দিল, থাড়া২ আসিবে বেচিয়া।কহিতে এতেকবাত
গেল সেই নেকজাত, বেচে মাত্তা দিলেন আনিয়া *বোলাইতে কারি
গরে, কহে বিবী বুড়া পিরে, শুনে মদ্দ কহিল বিবীরে। মাটি থোড়া
খোদ তুমি, মজুর আনিতে আমি, জাই বিবী সহর ভিতরে * দরবে
সের বাত শুনে, মাটী খোদে সেইখানে, গেল মদ্দ মজুর আনিতে।
মাটি খোদে করে খাদ, আলো হৈল জেন চাদ, বালাখানা পাইল দে
খিতে * খুসিতে ভূসিত হৈয়া, মাটি থোড়া ওঠাইয়া, গেল তার দর
ওজা উপর। দরওজা খুলিল ফিরে, গেল চলে সেই ঘরে, ঘর ভরা
দেখিল জওহর * আসরফির ওর নাই, থোড়া বিবী লিল তাই, দর
ওজা করিয়া দিল বন্দ। মজুর লইয়া সাত, আইল সেই নেকজাত,
কহে বিবী সোন হোসমন্দ * ভাল২ কারিগরে, জাহ বাবা আনফিরে,

কাগজেতে আঁকিয়া নমুনা। জেকাম পছন্দ হবে,সেইমত বানাইবে, বাদসাহকে চাহিয়া বালাখানা *সহর বাজার করে, বানাইবে কেল্লা ফিরে, তার পরে করিবে বাগান। ঠাই২ আমিরানা, কর মোছাফের খানা. বাদসা হয় দেখিয়া হয়রান * ফকির শুনিল জবে, কারিগর আনে সবে, খাড়া করে হুজুরে এহার। নকসা দেখায়ে তারে, কহিল সেতাব করে, এয়ছা ঘর করিবে তৈয়ার * শুনে জত কারিগর, বানা ইতে গেল ঘর, আনে কিনে জতেক ছামান। করে বড়া কারিগরি, বা হার হইল ভারি; তৈয়ার করিল সে মকান * সহর হইল বনে, কেহ নাই জানে সোনে, সুর্জ্জ জেন বোনের ভিতর।দেখে লোগ কানাকানি সবে হৈল জানাজানি;বাদসা তক্‌পৌছিল খবর*বাদসা পৌছে সবা কারে, কেহ না কহিতে পারে, সবে কহে কেহ জানি নাই।বাদসাতা জ্জব হৈল, লেখন ভেজিয়া দিল. লেখনেতে লেখিল এয়ছাই *কিথা তিরে আইলে হেথা. কহ তেরা ঘর কোথা, কহ মুজে এই সমাচার। কোথাকার বাদসাজাদি, ভালা বুরা নেক বদী. হেতা তেরা কি কাম দরকার *মকান দেখিতে তেরা, খাহেস হইল মেরা, সেতাবি খবর ভেজ মোরে। এই হাল হাককত, লেখে ভেজে কেতাবত, ভেজে এক কাছেদের তরে * বিবীর নিকটে জাও, ত্বরিত খবর লাও, খাড়া২ পৌছাও পয়গাম।একথা শুনিয়া চলে,খোসালিত হৈয়া দেলে, করে গিয়া বিবীকে ছালাম*লেখন দিলেক হাতে,পড়োবিবিখোসালিতে দিলো ভেজে রোকার জওাব। আপনি করম করে, এই লেঙরির ঘরে আইস সাহা করিয়া সেতাব * জবান দেখিলে পরে, নাজাত হইব মোরে, জবানেতে হাজার ছালাম। এয়ছা ভাতে কতবাত,লিখেদিল তার হাত, দিয়া তারে কতেক ইমান *বিদায় হইয়া চলে, বাদসাকে জাইয়া বলে, জত কিছু বিবির খবর। দেখে জত ছোলতানাত, ক হিল বাদসার সাত, তোমা হৈতে ছামানা জবর *বিবি হোতা রোকা লেখে, তামাম নফর লোকে, কহে সবে সোন মেরা বাত। জেমন দ স্তুর জেথা, সেইমত কর সেথা, সহরের খুব ছোলতানাত*বিবিরফর মান পরে, সেইমত কাম করে, ওমরাএর জেমন দস্তুর। হায়ওান পরেন্দা জত, রাখে এনে কত সত, খাট পরে বিল্লী আর কুকুর*কি কব বয়ান তার, দেখে লোগ জার২,আমি আর কি কহিব ভাই।বাকি কথা দিনু ছেড়ে, কেতাব জাইবে বেড়ে,লিখিবারে ফোরছত থোড়াই বাদসা তার পর রোজে, লেবাছ পোসাক সাজে, সাতে চলে জতেক

আরকান। সহরের পরিবন্দ,দেখিয়া লাগিল ধন্দ,গেল সাহা বিবীর মকান * জওাহের জড়াও ঘর, লাল মতি থরে থর, রওসন হইল এয়ছা তার। কত মতি মাটে ঘাটে, জওাহের জড়াও থাটে আলো সেথা না রাখে দরকার * বাদসা সহরে আইল,বিবী খবর পাইল, গেল বিবী আগু বাড়াইয়া। ছালাম করিয়া খাড়া, আদবেতে হাত জোড়া, খুসী হৈল বিবীকে দেখিয়া * বাদসা বলে এই বীবি, পরি রুপ দেখি ছবি, বুঝি বিবি হবে পরীজাত। নহে কে আসিবে হেথা, দেখা জার এত্তা মাত্তা, ওজিরের সাতে এই বাত *বিবি হোথা খাড়া খাড়া, ছোলতানাত করে বড়া,মাঙ্গাইল খাবারছামান।তরো২ খানা দিল, লোক জনে খেলাইল,দেখে বাদসা হইল হয়রান*বোসে সবে খোসালেতে, নানারঙ্গ বাত চিতে, বিবি কিছু ধরিল নজর।কত দিল জওহেরাত, দিল কত জেওরাত· আর কত সোনার মোহর *কত দিল জামা জোড়া, কত দিল হাতি ঘোড়া,কত রঙ্গ দিলেন বিছানা।থালা ঘটী সত২, বেলওারেরঝাড় কত, কত আর দিল সামীয়ানা*বাদসা খোসাল বড়া, আদবেতে বিবী খাড়া, পোছে সাহা বিবীর খাতীর। কে তুমি কাহার বেটি, রুপে গুনে পরিপাটি, কহ বিবী আমার হাজির * কহিল হুজুরে তার, আমি সেই গোনাগার, খাই আমি আপনা নছিবে * গজব নজর করেঃ জঙ্গলে রাখিলে মোরেঃ সেই বান্দি আমায় জানিবে*বাদসা এবাত শুনেঃ খোসাল হইল মনেঃ জত্তকিছু কোদরত আল্লার। ধরিয়া বাপের হাতঃ কহে নানারঙ্গ বাতঃ বোছা দিয়া ছেরেতে এহার*নজদিগে বসায় এরে, বহুত তাজিম করেঃকহে বাদসা সাবাস হেস্মত। ফেলে আমি দিনু বোনেঃ তোমার কপাল গুনেঃ আল্লাতালা হইল মদত *মহলে খবর দিলঃ ছয় বেটি মাঙ্গাইল বেগম আইল তার সাতে। গলায় ধরিয়া মেলে, আফছোছ করিয়া বলে, আল্লা মুজে রেখেছে হায়াতে * কোলে ওঠাইয়া লিল, ছেরে মুখে বোছা দিল, কান্দে সবে খুসির কান্দনা। তার পরে বসাইল খানা পানি খেলাইল, তার পরে দিল নজরানা * খোসাল হইল দেলে, সকলে বিবিকে বলে, চল বিবি মা বাপের ঘরে। রোজ কত থেকে সেথা, ফিরে তুমি আইস হেথা; পিছে তেরা জে আইসে খাতেরে * বহুত কহিয়া এরে, লিয়া গেল সাতে করে, গেল বিবি বাপের মহলে। করে সেথা খাওা পেওা, হামেহাল আসা জাওা, এই রুপে থাকে খুসিহালে *বাদসা কভু আইসে হেথা,বিবি কভু জায়

সেথা, খাওয়া পেওয়া করে এক সাত। আসা জাওয়া রাত দিন, জায়এ য়ছা কত দিন, আনম্মানা হইল ওফাত* সকলেতে ছালা করে, বাদসাই শুপিল এরে, সেই হৈতে বাদসাই এহার। মহাম্মদ দানেসবলে নেকি কৈলে নেকি ফলে, দেখ কেয়ছা কোদরত আল্লার *

সাহাজাদা নিমরোজে জাইবার বয়ান।

পয়ার * বাদসাজাদি পাইল জদি বাদসাই মাদার। তামাম মুল্লুকে ফেরে দোহাই তাহার * কহিনু তামাম বাত সোন মোছাফের বুঝিয়া করিবে কাম জে আইসে খাতের * তামাম আহওাল জদি শুনিনু বিবির। কহিনু জওাব এনে হইব হাজির * জত দিন নাহি আনি এ সব খবর। মুখ না দেখাব ফিরে তোমার সহর * এতেক কহিয়া আমি হইনু বিদায়। রাহাতে চলিয়া জাই ভাবিয়া খোদায় এক সাল হৈল মেরা জেতে নিমরোজ। দেখিনু তামাসা জেয়ছা কহিল বেহরোজ * ছিয়া লেবাছ পরা দেখিনু সবায়। সহরের লোগ সব করে হায়২ * কএক রোজের পরে এক ময়দানেতে। জমিল তামাম লোগ পাইনু দেখিতে * আওরত মরদ বুড়া লাড়কা ও জওান কান্দিতে২ সবে চলিল ময়দান * ফকিরের হালে গেনু তাহাদের কাছে। জাইয়া হইনু খাড়া জমাতের বিচে * দেখিনু গাএব থেকে গোরুর ছওার। গোস্বা দেল হৈয়া আইল হুজুরে সবার *আমি বলি কোনরূপে করিব সন্ধান। তাজ্জব হইনু তার দেখে তানসান * বেহরোজের ঠাই আমি শুনিনু জেবাত। এক জারা কিছু তার না পাইনু তফাত * বেহোস হইনু দেখে লেগে গেল ধন্দ। সেই রূপ গাএব হইল সেইমর্দ্দ *সকলে ফিরিল আমি আইনু তারসাত। জারে তারে পুছি কেহ নাই কহে বাত * এক মাস ফের আমি থাকি সেইখানে। রোজাদার রমজানের দিন জেয়ছা গনে *আছমান উপরে চাদ হইল উদয়। ইদ জেয়ছা খুসি এয়ছা হইল আমায়*ফের সেই ময়দানেতে চলিল খালকাত। আমিবি চলিয়া গেনু তাহাদের সাত * দেলে২ আপনার করিনু খেয়াল। এবারে দেখিব আমি তামাম আহওাল * হেনকালে সেই মর্দ্দ আইল চলিয়া। জরদা রঙ্গ গোরু পরে ছওার হইয়া * গোরুর নাকের রসি নথ জার নাম। আর হাতে তেগ তার সাতেতে গোলাম * গজোব করিয়া আইল করে সোরসার। মুখে তার গেজা ছোটে বলে মার২ * তাহার ছুরত দেখে এছা হৈল ডর মুখে নাহি সরে কথা কাপি থর২ * আগে পাও ধরি এয়ছা না হয়

জাকত। আথেরে ভাবিয়া দেলে বান্দিনু হেম্মত* এই জওানেরজদি না লিব খবর। কেমনে জাইব ফের বিবির সহর * না গেলে মরিব তবে ভাবিয়া২। জাই জদি পাছে মর্দ্দ ডালেন মারিয়া * না গেলে আফছোছ বড়া হবে মেরা দেলে। জায় জাবে জান জাবে কি হবে ভাবিলে * জওান তলওার দিল গোলামের হাতে। গোলাম সে তেগ লিয়া লাগিল দেখাতে * তলওার দেখায়ে চলে জেখানে জওান। জওান সে তেগ লিয়া মারিল গরদান *গোলামের ছের কেটে করে দুইখান। ফিরিয়া চলিল মর্দ্দ আপনা মকান * আমি তার পিছে২ জাই দওড়াইয়া। সহরের লোগ মুজে না দেয় ছাড়িয়া*এতেক কহিনু তবু না ছাড়িল মোরে। খেচিয়া আনিল তারা সহর ভিতরে*কহিতে লাগিল তারা সোন মোছাফের। এখনি তলওারে জোদা করে দিত ছের*মরিবার সাদ জদি থাকেতো তোমার। আর কোনরূপে মরো সোন বেরাদর * লাচার হইয়া আমি থাকি সেইখানে। দোছরা মা সেতেচাদ উঠীল আছমানে* জেথা হৈতে সেইমর্দ্দ আইল নেকলিয়া তাহার নজদিগে বোনে থাকি ছাপাইয়া * ছোবে হৈতে সেই মর্দ্দ আইল চলিয়া। সেই জমাতের বিচে পৌছিল জাইয়া * সেই ভাতে জতকাম করিয়া জওান। ফিরিয়া আসিতে ছিল আপনা মোকান আমি তার পিছে২ জাই দৌড়াইয়া। গোশ্বায় জলিয়া গেল আমাকে দেখিয়া * বড় হাক হেকে এসে খেচিয়া তলওার। আওাজ শুনিয়া আমি হৈনু বেকারার* আদবে ছালাম করি দোনহাত জোড়া। বাদসার নজদিকে জেন গোলামেতে খাড়া* দেখিয়া আদব মোর কহিল জওান। এথানে আইলে কেন খোয়াইতে জান* খঞ্জরে জড়াও মতি আছিল কোমরে। সেইসব মতি মর্দ্দ দিলেক আমারে*কহিল নগত কাছে নাহিক আমার। এই মতি লিয়া জাও হুজুরে বাদসার* জাহা চাবে তাহা পাবে সোন বেরাদর। জাহ তুমি নহে তুঝে মারিব তলওার * গজব ছুরত দেখে হইনু হয়রান। পাও নাহি চলে মেরা না সরে জবান * এতেক কোসেস করি কথা কহিবারে। সোরসার করে মর্দ্দ চলে জায় ফিরে *আপনার দেলে আমি কহি এইবাত। কিকর ভাবনা চল জওানের সাত*এয়ছা দাও ছেড়েদিয়া ফিরে নাহি পাবি বিবরি লাগিয়া তবে ভাবিয়া মরিবি * এতেক ভাবিয়া আমি গেনু দৌড়াইয়া। তলওার খুলিয়া ফের আইল চলিয়া * এয়ছা গোশ্বা হৈয়া আইল আমার উপরে। একচোটে চাহে মু ঝ দুইফাক করে *

ছের ঝোকাইয়া দিনু মারেহ বলে। দেখিয়া রহম কিছু হৈল তার দেলে
কহিল আমারে মর্দ্দ শুন মোছাফের। নাহক গোঙাবে কেন আপনার
ছের * কেন ভাই মুঝে তুমি কর গোনাগার। আপনার কামে জাহ
কহি বারবার * কহিনু তোমারে মর্দ্দ না করিবে দের। সেতাবি কা
টিয়া সেহ গজলূমের ছের * এয়ছা জান রেখে মেরা কিছু নাহিলাব
ভাবিয়া মারব কেন হইয়া খারাব* জাইতে না দেয় মুঝে নাহি ছাড়ি
পিছে। পিছেং গেনু এক জঙ্গলের বিচে*জঙ্গল হইনু পার সাতেং
তার। দেখিনু জাইয়া সেথা চৌদিগে দেওার*জওান পৌছিল তার
দরওাজা উপর। বড়া এক হাকমারে করে বড়া জোর*আপনি খুলিল
দুয়ার আওাজের জোরে। জওান চলিয়া গেল তাহার ভিতর * বা-
হিরে রাহিনু খাড়া ভাবিয়া খোদায়। থোড়া ঘড়ি বাদে ফের ডাকিল
আমায় * গোলাম আসিয়া কহে চল মহলেতে। বুঝি তেরা মওত
আইল তেরা নাতে * কমবক্তি ধরিল তুঝে শুনরে নাদান। এখনি
করিবে জোদা তোমার গরদান * একথা শুনিয়া তারে কহি এইবাত
নছিবেতে জাহা আছে কেকরে তফাত*চলিনু তাহার সাতেদেখিনু
বাগান। বড়া একঘরে আছে বসিয়া জওান * আদবে ছালাম আমি
করিনু তাহায়। এসারা করিল মর্দ্দ বসিতে আমায় * জওান বসিয়া
আছে মছলন্দউপর। ছামনে হাতিয়ার কত জড়াওজওহর*উঠিবার
ওক্ত জবে হইল তাহার। ছাপিল গোলাম সব হৈল হুসিয়ার* দেখা
দেখি আমি এক গোদামে জাইয়া। ছাপিয়া রহিনু দেলে দহসত পা
ইয়া*জওান উঠিয়া গেল বাগানের কোনে। চড়িবার গরু তার বান্ধা
জেইখানে * গরুর ওজুদে মর্দ্দ মারে বড়া মার। কাপিতে লাগিনু
আমি শুনে সোরবার * আপনা নজরে আমি দেখিবারে তারে।
ঘরে হৈতে নেকলিয়া আইনু বাহিরে*গাছের আড়েতে খাড়া দেখি
তাকাইয়া। কাপিতে লাগিনু বড়া দহসত পাইয়া * বহুত মারিয়া
মর্দ্দ লাঠী দিল ফেলে। জাইয়া পৌছিল এক দোছরা মহলে * কুঞ্জি
তালা খুলে তার ভিতরেতে গেল। এক ছাএতের বাদে ফিরিয়া আ-
ইল*সেই বএলের কাছে আইল ফিরিয়া। দানা ঘাস দেয়বড়-মেহের
করিয়া*পিটেতে ফেরায় হাত মুখতার চোমে। ফিরিয়া আইল সেই
আপনা মকামে * আসিতে দেখিয়া আমি লূকাইনু ঘরে। বসিল
জাইয়া মর্দ্দ মছলন্দ উপরে * তামাম গোলাম ফের হইল হাজের

পুছিল গোলাম সবে কোথামোছাফের* শুনিতে পাইয়া আমি পৌ
ছিনু ছামনে। ছালাম করিয়া খাড়া হৈনু সেইখানে* বসিতে কহিল
মুঝে বসিনু সেথায়। খানা পানি মাঙ্গাইয়া আমারে খেলায় * আ
পনি খাইল আর খেলাইল মোরে। তার পরে পোছে বাত আমার
খাতেরে * কহভাই মোছাফের মতলব তোমার। না কর জানেরডর
কেয়ছা সমাচার * মওতের রাহে আইলে কিসের খাতের। শুনিয়া
তামাম বাত করিনু জাহের * বাদসাজাদা ছিনু ঘর পারেছ সহর।
ছাখাওতি কামে আমি বান্দিনু কোমর * চল্লিস দুয়ারি ঘারে করি
জে খয়রাত। মোকাবেলা হৈল এক ফকিরের সাত * বছরা সহর
গেনু শুনে তার মুখে। সহরের জত হাল কহিল আমাকে* তোমার
খবর মুঝে কহিল বেহরোজ। এখাতেরে আইনু আমি সহর নিম
রোজ * আওল থাকিয়া আমি কহিনু আখের। এখাতেরে তেরা
আগে হইনু হাজের * একথাশুনিয়া ফেলে জোরেতে নিশ্বাস। আফ
ছোছ করিয়া মর্দ্দ ছাড়িল হুতাস * বেহোস হইয়া মর্দ কহে এইবাত
আসকের দর্দ জানে আপে পাকজাত * জে জানে সে জানে দর্দ
কি জানে জল্লাদ। আসকে মাশুকদিয়া পুরায় মোরাদ * এস্কের ক-
ঠিন দুক্ষ পোছে আসকেরে। ফাছেক জানিবে কিবা পোছ ছাদকেরে
এতেক কহিয়া মর্দ গড়াগড়ি জায়। কতক্ষন বাদে কিছু হোস হৈল
তায় * তাহার আফছোছ দেখে করি ভাবাগোনা। এবুঝি আসক
হয়ে হইল দেওনা * আসকের তির গ্রসে লাগে কলেজায়। এখা
তেরে কান্দে মর্দ করে হায়২ * বুঝিয়া মতলব তার পুছিনু তাহারে
আমার জতেক দুক্ষ কহিনু তোমারে * তোমার দেলের বাত কহ
বেরাদর। আল্লা চাহে হয়ে জাবে তদবির তাহার * জান দেল দিয়া
আমি করিব কোসেস। জত দিন কাম তেরা না হইবে সেস* একথা
শুনিয়া মর্দ হইল খোসাল। কহিল আমারে তবে সোন মেরা হাল
পারছের বাদসাজাদা হইল দরবেস। আমার দুক্ষের কথা করিবে খা
হেস * মহাম্মদ দানেস বলে আল্লাহ মোক্তার। নিমরোজের সাহা
জাদার সোন সমাচার *

পারছের সাহাজাদার কাছে নিমরোজের বাদসাজাদা
আপনার আহওাল বয়ান করে।

নিমরোজ ঘর মেরা বাপের বাদসাই। তাবেদার বাদসা কত আছে
ঠাই২ *জে রোজে হইনু পয়দা বাদসার ঘরেতে।হাকিম নজুম ডেকে

লাগিল কহিতে*তালেনামা দেখ সবে খুলিয়া কেতাব।ভালা বুরা দেখে মোরে কহিবে সেতাব *লাহজা২ ঘড়ি২ পহরে পহর।রোজ২ হাপ্তা২ মাহিনা বচ্ছর * জখন জাহা হবে সবে কহিবে আমায়।রা স্কাল দেখিল সবে বাদসার কথায় * জার জে এলেম ছিল সেইমত দেখে।হাজেরহইল সবে বাদসারশুমুখে*কহিতেলাগিলসোনবাদস। নামদার।বড়া নেকবক্ত লাড়কা হইলতোমার*ছেকন্দারমত বাদসাই হইবে লাড়কার।রোস্তমের মত লাড়কা হবে জোরওার *হাতেমের মত দেল হইবেক ছাফ।নৌসেরওা মতলাড়কা করিবে এনছাফ*এর বিচে এক বাত আছে আলম্পানা। চৌদ্দা বচ্ছর তক রহিবে ভাবনা এর বিচে চাদ শুরুজ দেখা জদি পায়। দেওানা হইবে লাড়কা কহিনু তোমায়*মারিয়া ডালিবে লাড়কা বহুতলোকেরে।ঘর ছেড়ে জাবে ফের জঙ্গল ভিতরে*হায়ওান পরেন্দ৮ সাতে হইবে বৈঠক।এই সমে জাহাপানা করিবে আটক*আফতাব মাহতাব জেন না দেখে নজরে আছমান না দেখে জেন রাখ এয়ছা ঘরে*চৌদ্দা বচ্ছর এছে রাখ হে ফাজতে।তবেত জনমএরকাটিবেখুসিতে*একথা শুনিয়া বাদসাহইল দেলগির।বাগান তৈয়ার করে আমার খাতির*আলিসান ঘর একক রিল তৈয়ার।সাগিয়ানা দিল কত উপরে তাহার*আফতাবমাহতাব সেথা জাইতে না পারে।এমন বাগানে বাদসা রাখিল আমারে*দাই সব দুধ দেয় পিই খোসালিতে।সিয়ানা হইনু আমি দেখিতে দেখি তে *কাবেল ওস্তাদ ভেজে পড়াতে আমায়।এইরুপে কতদিন গোজ রিয়া জায়*দশবচ্ছর হৈল জবে ওক্কর আমার।তামাম এলেম লিখে হইনু তৈয়ার *হনুর হেকমত আর এনছাফের কাম।একে২ আমি সব সিখিনু তামাম*খাওাছ গোলাম কত রাখেসেইখানে।আক্কেল মন্দ লোক থাকে আমারছামনে*হামেসা খবরগিরি করেন আমার ঘড়ি২ বাদসা মেরা লেয় সমাচার * কত রঙ্গ মেওা আমি খাই ম জাদার। বাগানেতে ফিরে দেখি কতেক বাহার * জাহা চাই তাহা পাই বসিয়া সেথায়। এইরুপে গোজরিয়া কত দিন জায়*একরোজ বসে আছি বাগান ভিতর। আজব তামাসা দেখি করিয়া নজর*গো মুজের বিচ থেকে আইল একফুল। দেখিয়া রওসনি তার হইনু আ কুল * ক্রমে২ বড় হৈলে চাহি ধরিবারে। হাত বাড়াইতে সেইফুল গেল দুরে *দেলেতে কহিনু ফুল ধরে লিব হাতে। হাসির আওাজ ফের পাইনু শুনিতে * মাথা তুলে চেয়ে দেখি করিয়া নজর। আফ

তার সমান মুখ দেখিতে শুন্দর * সামিয়ানা ফেরে মুখ দেখায় আ
মায়। দেখিয়া তাহার ছবি করি হায়২*হুসিয়ার হইয়া ফের করিনু
নেঘাও। তক্তপরে বসে আছে জওাহের জড়াও * চারিদিগে পরি
তায় দিয়া আছে কান্ধ।তক্তপরে তাজ ছেরে বসেছেন চান্দ*লেবাছ
পোসাক পেন্দা বহুত জওহর। এয়াকুত কতেক তায় মতির ঝালর
এয়াকুতের পিয়ালা হাতে সরাব ঢালিয়া। খেয়ে পিয়ে তক্ত পরে
রয়েছে বসিয়া * বাগানে বোরোজ ছিল বসিল সেখানে। বোলাইয়া
মোরে আমি পৌছিনু ছামনে*বসিতে কহিল আমি বসিনু সেতায়
বহুত পিয়ার পরি করিল আমায় * মুখের উপরে মুখ দিলেক আ
মার। উদাস হইল মন দেখিয়া পিয়ার*সরাবের জাম এক পেলাইল
মোরে। কহিতে লাগিল পরি আমার খাতেরে*বেওফাই করে জত
এনছানের জাত। মহব্বত করে ফের ভোলে সেইবাত * তুঝে না দে
খিয়া আমি রহিতে না পারি। হানিফার তরে জেয়ছা হৈল কৃয়া
পরি * তোমায় দেখিনু জবে বাগান ভিতরে। থাকিতে না পারি
আমি সেই হইতে ঘরে * এয়ছা ভাতে মিঠা বাত কহে সেই পরি।
আসোক আগুন জলে রহিতে না পারি * তামাম দুনিয়ার খুসি
হইল আমায়। জেমন আসিয়া আজ পৌছিনু দুনিয়ায় * জেসব তা
মাসা আমি দেখিনু নজরে।কেহ না দেখিল কভু দুনিয়া ভিতরে *
এইরূপে ঘড়ি এক গোজরিয়া জায়। চারি পরি আচম্বিতে পৌছিল
সেথায় * মাশুকের কাছে এসে কহে কানে২। কি কহিল সেই বাত
আল্লাতালা জানে * শুনিয়া ছুরত গেল মলিন হইয়া। বোলাইয়া
কহে মুজে সোন দেল দিয়া*তোমারে ছাড়িয়া দেলজেতে নাহি চায়
না গেলে মস্কেল হবে কহিনু তোমায় *বসা ওঠা এক সাতে করিব
হামেসা আমার দেলেতে এয়ছা আছিলখাহেস*আছমান হইলবৈরি
না দিল রহিতে।ফিরে দেখা হয়কিনা হয় তেরা সাতে*এতেক কহিয়া
পরি জায় বাওভরে। কহিল আমারে আল্লা নেঘাবান তোরে * হা
ওাছ উড়িল মোর একথা শুনিয়া।হাতে থেকে তোতা মেরা চলিল
উড়িয়া *কহিনু তাহারে আমিসোনপরিজাত।কবেফের মোলাকাত
হবে তেরা সাত *সেতাবি আইলে পরে দেখাপাবে মোরে। নহেত
তোমার সোকে জাব আমি মরে * নহেতো ঠেকানা তেরা বাতও
আমায়। তালাস করিয়া আমি জাইব সেথায়*বিবীবলে সয়তানের
বন্দ হোককানা।কোকাফমুল্লুকে পাবেআমারমকান*এতেককহিয়া

পরি তক্তেতে বসিল। চারপরি চারপায়া ধরিয়া উঠিল * বোলন্দ হইল তক্ত জায় বাওভরে। দুইমনে চেয়ে থাকি নজরে২ * গায়েব হইল পরি দেখিতে না পাই। জমিনে পড়িয়া আমি গড়াগড়ী জাই* আক্যেল হাওাছ গেল হৈনু হোসহারা। তামাম জাহান দেখি আখেতে আন্ধেরা * জরদ হইল রঙ্গ কান্দ জারে জার। ভোক সোক দুরে গেল হৈনু বেকারার * খাক উড়ি কাপড় ফাড়ি করি হায়২। জে দুখ হইল মুজে কহিব কাহায় *এস্কের আগুনে মেরা হৈল বড়া জোস। কারে কিবা কহ আমি হইয়া বেহোস*আমারখারাবি দেখে জতেক নওকর। ডরে ডরাইরা তারা হইল ফাফর * দেখিয়া মাতম করে দাই মেহেরবান। কি হইল বলে মুজে ধরিয়া ওঠান * সেতাব করিয়া পানি দিয়া মেরা মুখে। কিছু নাহি কহি খালি পানী ঝরে চখে*ধুলা ঝেরে কোলে মুজে লিল ওঠাইয়া। ভাবিতে লাগিল সবে আমাকে দেখিয়া * বাদসার হুজুরে গিয়া দিল সমাচার। আচম্বিতে বাদসাজাদা হৈল বেকারার*একথা শুনিয়া বাদসা করে হায়২। আছ মান টুটিয়া জেন গিরিল মাথায় * উঠীতে পড়িতে আইল নিকটে আমার। কহ বাবা কিবা তেরা হইল আজার* কোলে ওঠাইয়া লিল বোছা দিয়া মুখে। কহ কি হইল তেরা কহিবে আমাকে *ছের নিচে করে থাকি না দিনু জওাব। নজুম হাকিমে বাদসা ডাকিল সেতাব* কহিল নজুম লোকে সোন মেহেরবান। কি খাতিরে লাড়কা মেরা হৈল পেরেসান *সেতাব করিয়া এছে করিবে আরাম। দোহারা জায়গির দিব বহুত এনাম *একথা শুনিয়া করে তদবির আমার। মালুম করিতে কেহ না পারে বিমার*তাবিজ লিখিয়া কেহ দিল মোরহাতে কেহ বা দরুদ পোড়ে লাগিল ফুকিতে * নজুম লোকেতে বলে হুজুরে বাদসার। সেতারার গরদেসে লাড়কা হইলবিমার*খাজে খতম কেহ পাড়িতে কহিল। ছদকা খয়রাত দিতে হুকুম করিল *জার জে এলেম মত কহিল বাদসায়। তদবির না হৈল মেরা নছীবে বুরায় * দেওানার হালে ফিরি করি হায়২। এইরুপে তিন সাল গোজরিয়া জায় *চৌঠা বরছ এক মুল্লুক হইতে। এক ছওদাগর আইল বেপার করিতে * মুল্লুক২ হৈতে ছামান লইয়া। বাদসার নজদিগে সব দিল পৌছাইয়া * রঙ্গ২ চিজ আনে কত মুল্লুকের। বাদসা দেখিয়া বড়া করিল খাতের*আওহাল পুছিয়া কহে সোন ছওদাগর। বহুত মুল্লুক তুমি করিলে ছফর *কামেল হাকিম কোথা দেখেছ নজরে। কিম্বা শু

লিয়াছ কানে কহিবে আমারে *ছওদাগর কহে শুন বাদসা নামদার
বহুত মুল্লুকেআমিকরিনু বেপার*হিন্দুস্থান দেশেএকদরিয়ারবিচে
উটের উপরেএক বাগিচা করেছে*সেই বাগানেতেএক আছেন গো
সাই। তেমন হাকিম আর কোথা দেখি নাই*মাথা ভরা জটা থাকে
সিরের মন্দীরে। ঠাকুরের ঘর কত আছে থরে২ *বচ্ছুরে২ সেহ এই
কাম করে। সিবরাত্র হৈলে পরে নেকলে বাহিরে*আসনান করিতে
জায় দরিয়া কেনারে।খুসিহালে দরিয়াতে পাওরিয়া ফেরে*ফিরিয়া
আসেন মন্দ করিয়া আসনান। তার পর জান ফের আপনা মকান *
মুল্লুক২ হৈতে বিমারি আসিয়া। দরওাজায় আইসে তার ছাএত বু
ঝিয়া * লাকে২ লোক আইসে শুনে তার গুন। দুনিয়াতে ফিরে
জেন আইল ফালাতুন *পেসাব দেখিয়া কর পাহছানে বিমার। হাত
ধরে নাড়ি বোজেহাজারে হাজার*দারুপান করে মর্দ্দ বুঝিয়াবিমার
সেই ঘড়ি ভাল হয় জার জে আজার * জেমত বিমারি আইসে দেয়
চাঙ্গা করে। এলাহির মেহের এয়ছা তাহার উপরে *হাজারেহাজার
লোক পাইল আরাম।আপনা নজরে আমি দেখিনু তামাম*আপনি
হুকুম জদিকর একবার।সাহাজাদায় লিয়া জাই হুজুরে তাহার * আ
মার দেলেতে সাহা এমনি বুজায়।থাড়া২ হবেভালা দেখিলে লাড়
কায়*হাজার এনছান সেথা হতেছে আরাম।তোমার লাজেম সাহা
ভেজ সে মোকাম * সবার মালেক আছে পরওার দেগার। তদবির
করিতে আছে হুকুম তাহার * পছন্দ করিল বাদসা শুনে এই বাত।
ছওদাগরে কহে ভাই জাহ লিয়া সাত *আর এক আকেল মন্দ আ
ছিল সেথায়। হুজুরে ডাকিয়া বাত কহিল তাহায় *মুল্লুকে২ তুমি
ফিরিলে বহুত।তেরা আগে ছাপা নাহি জতেক হেকমত*তুমি আর
ছওদাগর জাও নেষাবান। সাহাজাদায় লিয়া সাতে জাও হেন্দস্থান
হেফাজাতে লিয়া জাবে লাড়কারেআমার।এতেক কহিয়া সাতেদিল
জে তাহার * জাহাজ ভরিয়া কত দিলেক আছবাব। ছামনের কথা
হেথা লিখে নাহি লাভ *খারাব ছামান আর চাকর নওকর।বিদায়
হইয়া চড়ি জাহাজ উপর*মঞ্জেল২ রাহা জাই নেকলিয়া। কতদিনে
হেন্দস্থান পৌছিনু জাইয়া *ডিপের নজদিগে দিয়া করিনু নঙ্গর।উ
পরে উঠীয়া দেখি মাকুলসহর*আবহাওা সেথাকার বড়ই বেহতের
খেয়ে পিয়ে ফিরি সেথা করিয়া ছাএর * আবহাওা শুনে দেলে হ
ইল ফরহাত। এস্কের দরদ মেরা না হয় তফাত * পরীর ছুরাত মনে

হয় ঘড়িং। কারে কিছু নাহি কহি সদা এহি পড়ি*কোন পরিএসে মুঝে করিল দেওয়ানা। দেল মেরা ভাল ছিল হইল ভাবনা * তিনমাস থাকি সেথা করিয়া মকাম। চার হাজার বিমারি এসে জমে সে মকাম * ওম্মেদওার রহে সবে রাহা তাকাইয়া। গোসাই ফের কোন রোজ আইসে নেকলিয়া*কতদিনে পাই মোরা জানেতে আরাম। এই রূপ কহা সোনা করেনংতামাম * শিবরাত্র হৈতে ফের হইল বাহির দেখিয়া তামাম লোক খোসাল খাতির * মন্দির থাকিয়া জবে আইল বাহিরেতে। ফজোরে আফতাব জান পাইনু দেখিতে* তামাম বদনে দেছে ভস্সন মলিয়া। আগুন রাখিল জেন ছাইতে ঢাকিয়া মাথাভরা জটা তার মোচে দিয়া তাওা পরিয়া কপনি ডোর জুতা জে চড়াও*মৃগোছাল কান্দে দিল নবিন জওান। জাহানেতে নাহিদেখি তাহার সমান*কলম দান বগোলেতে লইয়া আইল। নখছা লিখিয়া মর্দ্দ সবাকারে দিল * নজর করিয়া সবে একেং দেখে। বিমার বুঝিয়া দারু দিল সব লিখে * তার পরে আইল মর্দ্দ নিকটে আমার। দুইজনে চারিচক্ষে হইল দিদার*খাড়া হৈয়া সেইখানে লাগিনু ভাবিতে। আমারে কহিল তুমি আইস মেরা সাতে * সবাকারে দেখে মর্দ্দচলে জায়ফিরে। আমি তারসাতে গেনু বাগান ভিতরে * আপনি জেখানে থাকে লিয়াগেল সাতে। কহিলগোসাই মুঝেরহ এখানেতে আপনা আসনেমর্দ্দ জাইয়া বসিল। চালিসরোজ এইরূপে গোজরিয়া গেল*আসিয়া গোসাই দেখে করিল খেয়াল। আগে হৈতে মুঝেকত পাইল বাহাল* কহিল আমারে মর্দ্দ ফিরিতে বাগানে। মেওাজাত খাওতুমি জাহা দেলেমানে*এককুলফি মাঙ্গন আরদিলেক আমারে কহিল খাইবে তুমি ছয়মাসা করে * এতেক কহিয়াচলে গেলেন গোসাই। ছয়মাসা করে আমি রোজং খাই * আরাম পাইনু কিছু গায় হৈল জোর। এস্কের দরোদ কিছু নাহি ছোটে মোর * পরির ছুরত আমি দেখিনু জেমন। দুনিয়া জাহানে কিছু না দেখি তেমন * এক রোজ দেখি আমি করিয়া নজর। বড়া এক কেতাব আছে তাকের উপর* কেতাব লইয়া আমি লাগিনু পড়িতে। তামাম এলেম লেখা দেখিনু তাহাতে * দোন জাহানের কথা তাহাতে লিখেছে। তামাম দরিয়া জেন কুজাতে ভরেছে * হামেসা মোতলা আমি করি সে কেতাব। হেকমত হুনুর সিখে হৈল মুঝে ভাব * একসাল গোজারিয়া গেল এয়ছা ভাত। তারপরে আসিয়া পৌছিল শিবরাত * আসন খা

কিয়া ফের উঠিল গোসাই। বাহিরে আসিতে আমি গেনু সেই ঠাই ছালাম করিয়া খাড়া হইনু ছামনে। মুঝে কহে বাদসাজাদা আইসহ এখানে * কলোমের তাড়ি মদ্দ দিল মেরা হাতে। বগোলে দাবিয়া আমি গেনু তার সাতে * দরওাজা থাকিয়া জবে হইনু বাহির। দেখিয়া তামাম লোক খোসাল খাতির* সোকরানা ভেজিল সবে দর গাতে আল্লার। হাত তুলে দোওা করে হাজারে হাজার * জেই ছও দাগর মুঝে লিয়া আইল সাতে। গোসায়ের সাতে মুঝে পাইল দেখিতে * কদমে গিরিল মদ্দ হয়ে জার২। কহিল হোরমত জেন না জায় আমার * ছওদাগরি করি আমি মুল্ল কে২। তোমার তারিফ আমি দেখে গেনু চক্ষে * তোমার তারিফ বাদসা শুনে মেরা ঠাই। কহিল ফরজন্দ মেরা লিয়ে জাও ভাই* হেফাজতে লিয়া জাবে দেস হেন্দস্থান। আখের পুতলি আমার ধড়ের পরান * এতেক কহিয়া বাদসা দিল মোর সাতে। আনিনু জেমন ভাল দেখি তাহা হৈতে * আগে হৈতে দেখি আজ বহুত আরাম। এই রূপে ছওদাগর করিল খোসনাম * দরিয়া কেনারে গেনু গোসায়ের সাতে। গোসাই আসনান করে নামিয়া পানিতে* জেমন দস্তুর ছিল করে সেইকাম। তার পরে ফিরে আইল আপনা মকাম * বিমারি আজারি জত ছিল সেই ঠাই। একে২ সবাকারে দিলেক দাওাই*তার বিচে একমদ্দ আছিল জওান। বিমারির ছববেতে ছিল পেরেসান * উঠীবারে তাকত কিছু নাহি ছীল তারে। দেখিয়া কহিল মুঝে লেহ সাতে করে*দারুপানি দীয়া সবে আইল ফিরীয়া। আপনা আসন বিচে পৌছীল জাইয়া * মালুম করিয়া সেই বিমারির আজার। কাটিলতাহারছের লইয়া হাতিয়ার*তুলিয়া মাথার খুলি দেখে তার বিচে। কান খেজুরা কিড়া এক মগজেতে আছে*মগজ ধরিয়াকিড়াআছিল বসিয়া। গোসাই ওঠাতে চায় সাড়াসি লইয়া*দেখিয়া উঠীয়া আমি লাগিনু কহিতে। দছপানা গরম করে রাখনা কিড়াতে * সেতাবি মরীবে কিড়া নহে জাবে উঠে গরমের আচ জদি লাগে ওর পিঠে*খেচেজদি তোলে এই সাড়াসি করিয়া। মগজ সহিত কিড়া আসিবে চলিয়া * মরীবার খওফ এতে সোনহ গোসাই। গোসাই এবাত শুনে কীছু কহে নাই * আমার উপরে মদ্দ করীল নজর। কিছুনা কহীয়া গেল বাগান ভিতর *গাছের ডালেতে এক বান্দে গিয়া রাসি। মরীল আপনাগলে লাগাইয়াফাসি তালাস করীয়া আমী গেনু তার কাছে। দেখীনু গোসাই গলে রসি

পেটে মেরা আটে নাই, কেমনে খাইব ভাই, তবু থোড়া পেলাইল ছুদ* দস্তর খান ওঠাইয়া, হাত দিল ধোলাইয়া, মখমলের করিয়া বিছানা। সারি২ গেরদা ডালে, আপনি চামর ঝালে, বসি তাহে ভাবিয়া রব্বানা * গোলাব আতর দান, মস্ক আর জাফরান, এনে দেয় অজুদে আমার। চাহি আমি পানি পিতে, বরফ এনে গেলাছেতে, কি কহিব ছরোদ তাহার* পানদান এনে দেয়, পানের মছলা তায়, রূপারতবক দিয়া মোড়া। জে সব মছলা দিয়া, পান দিল খেলাইয়া, খাইতে পান মজাদার বড়া* আসিয়া পৌছিল রাত, সামা জলে ভাতে ভাত, ফানুসের ঝাড় দেয়ালগির। বসিয়া আমার সাত, নানা রঙ্গে কহে বাত মোরে ছেড়ে না জায় বাহির* এক পহোর রাত জবে, কহিল আমারে তবে, সোও তুমি পালঙ্গ উপর। আরাম করিবে জারা, মান্দিগি ছুটিবে তেরা, উঠে জবে হইবে ফজর * আমি কহিনু তারে, কেমনে পালঙ্গ পরে সোব আমি হইয়া কাঙ্গাল। আমিত ফকির বটে, কেমনে শুইব খাটে, বেছাইয়া সোব মৃগছাল* বুরিয়া আর চেটাইতে, ফকিরেতে সোয় তাতে, ফকির না সোয় কভু খাটে। দুনিয়াদার লোগ জরা, পালঙ্গে শুইবে তারা, ফকির থাকিবে মাটে ঘাটে* কহিল সে মর্দ্দ মোরে, জতেক আছবাব ঘরে, তামাম আছবাব দরবেসের। দেলে না করিবে গমি, দেখ মতে হাজের আমি, সোও সাহা ফরিয়া মেহের * দেখিয়া মিনতি তার; দেল মেরা জার২, শুনু গিয়া খাটের উপর। নরম ঠেকিল গায়, দেখিনু বেছানা মায়, রাখিয়াছে ফুলের তুমর * খোসবয়ে হৈনু খোস, দেলেতে আইল জোস, কি কহিব সেই সব বাত। শুইলে করট ফিরে, বাসেতে মোহির করে, জেন আমি আইনু জেন্নত* ছোবে হৈয়া গেল রাত, আনে কত মেওা জাত, দিল এনে আমার হুজুর। কিসমিস বাদাম জাম, খোরমা সরিফা আম আনার আর আঞ্জির আঙ্গুর * জতেক ছামান আর, কি কব বয়ান তার, খেয়ে পিয়ে খুসি হৈল জান। তিন দিন তিন রাত, গেল মেরা এয়ছা ভাত, কহি তারে সোন মেহেরবান * চারি দিন হৈল আজ, জার মেরা আছে কাজ, বিদায় করনা মুঝে ভাই। কহিল বেদারবক্ত, আমিত ফকির ভক্ত, আজ তুঝে ছেড়ে দিব নাই * টুটি বুঝি কোন বাতে, পাইলে তাই চাহ জাইতে, মাফ কর তকছির আমার। শুনিয়া এবাত তার, কহিনু কি সমাচার, কোন বাতে হলে গোনাগার*

সোন তুঝে কহি ভাই, চার দিন এক ঠাই, থাকি আমি তোমার খাতের। জোরা জবে দিনু গলে, সেই হইতে মেরা দেলে, মুলুকেতে করিব ছএর * নহে তেরা মহর্ব্বতে, দেল নাহি চাহে জেতে, তবে হবে একবার খেলাফ। আমি হব গোনাগার, বুঝে দেখ বেরাদার, এই বাত কর মুঝে মাফ * এ কথা শুনিয়া কহে,দেলে তেরা জাহাচাহে, কি বলিব সোন মোছাফের। বাদসাজাদির কাছে,থাড়া২ আসিপুছে থোড়া এয়ছা কর আপে দের * কহি এক বাত ফিরে, জত্তেক আছ বার বরে, এই সব চিজ আপনার। সোনা রূপার বাসনেতে, আপনি খাইলে জাতে, সব কিছু তেরা এক্তিয়ার*শুইলে জে খাট পরে,লিয়া তুমি জাও ঘরে, এতে আর দাবি নাই মেরা। লানত ভেজিনু শুনে, ফকির তবে হৈনু কেনে, দুনিয়া দারি কিবা ছিল বুরা * এতেক লা লচ জার, ফকিরি না হয় তার, নহে আমি কাবা সে খোনকার। ফ কিরি করিয়া ফিরি,মুল্লুকে ছএর করি, মাল মেরা কি কামেদরকার* বেদারবক্ত কহে ভাই,ছরঞ্জাম লিবে নাই, এইকথা সোনে জদি বিবী। আমার খাতিরে তবে, বাহির করিয়া দিবে, তবে হবে আমার খা রাবি * তুমি জদি নাহি লিবে,আমানত রাখ তবে,কুঞ্জি দিয়া গুদাম ভিতরে। মেরা এই কথা সোন, ভালা বাত জাহা জান, বুঝে কর জে আসে খাতেরে* এইরূপে বাহাছেতে,ঘাড় এক গেল তাতে, আ খেরে হইল এই ছলা। রোকছত হইব বলে, মিলি দোহে গলে গলে, দরওাজায় দিয়া কুঞ্জি তালা*আর এক খাজেছারা, আসিয়া ছামনে মেরা, মেলে মর্দ্দ ধরে মেরা হাত। জরির লেবাছ পেন্দা, ছেরেতে দেস্তার বান্দা, নরম জবানে কহে বাত * হাতেতে সোনার আসা, কমরে বান্দিয়া খাসা, কহে মুঝে শুন মেহেরবান। আপনি মেহের করে, চলনা আমার ডরে, খোসাল করনা মেরা জান * নাহি তুমি জাওজদি,সুনিলে সে বাদসাজাদি, ফিরে গেল এসে মোছাফের। কি হালে পৌছায় মুঝে,কহিতে না পারি তুঝে,পাছে বিবী নিকটে মেরা ছের * কি কব মিনতি তার, হৈল মর্দ্দ জার২, কহে কত খোসামদি বাত।আমি বলি জাব নাই, সে বলে চলনা ভাই, লাচার হইয়া গেনু সাত *দেখি গিয়া সে মকান, বড়া উচা আলিসান, তারে চেয়ে বড়া ছোলতানাত। তার চেয়ে ভাতে ভাত, খানা পানি মেওাজাত, বাসেতে হইয়া গেনু মাত * তার চেয়ে খানু পিনু, পালঙ্গে জাইয়া শুনু, তারে চেয়ে পাইনু আরাম। গেল এছা দিনরাত সেই ভাবে

কহে বাত, লেই ভাই জত ছরঞ্জাম *হয়রান হইনু শুনে, ভাবিআমি মনে২, এইবারে কি করি উপায়। রোকছত করিলে পরে, না রহিব এ সহরে, জাব আমি আপন ডেরায় * মুঝে বড়া পেরেসান, দেখে সেই মেহেরবান, কহে বাত হুজুরে আমার। কিবা তেরা আছে দেলে কহিলে বিবীকে বলে, পুরা করি মকছেদ তোমার * কহিনুন আমি তারে, না চাহিতে দিল মোরে, তাতে আমি করিনু এঙ্কার। আর আমি কব তবে, বাদসাজাদিকে কবে, দেলে তুমি করনা বিচার * একথা সুনিয়া মেরা, কহে সেই খাজেছারা, দুনিয়ার হেরেস বালাই জে চেকেছে মজা মিটে, দেলে থেকে নাহি ছোটে, দানা লোগে কহেন এয়ছাই * সেকেন্দর বাদসা ছিল, তামাম মুল্লুক লিল, তবু তার না ছোটে ওম্মেদ। কতং বোজরগান, খোওাইয়া দিল মান, কেন সাহাজি কর তুমি জেদ *

### এক ফকির আর কোত্তার বয়ান।

ত্রিপদী *কেতাবেতে লেখা আছে, কহি জেতোমার কাছে, শুনে সাহাজি করোনা বিচার। কহে এক ফকিরেতে, আল্লা দিলে পাই খেতে, না করিব কোন কারবার*এতেক ভাবিয়া দেলে, পাহাড়েতে গেল চলে, সেথা বৈসে করেন মেহনত। রাত দিন বন্দেগি করে, ফোরছত নাহিক তারে, এলাহির হইল মদত*এলাহি রাজ্জাক বড়া পাথরের বিচে কিড়া, খোরাক বিহনে নাহি মারে। দরবেস বসিয়া জেথা, খানা পানি ভেজে সেথা,খেয়ে পিয়ে এবাদত করে*এলাহি হেকমতওালা, কে বোজে তাহার লেখা, বুঝে তার কেমন ইনান। খানা পানি বন্দ করে, দিল সেই দরবেসেরে, থাকে মন্দ বড়া পেরেসান * তিন দিন তিন রাত, জায় কেটে এয়ছা ভাত; ভোকেতে আন্দাম জায়জলে।হৈল মন্দ বেকারার,আখে নাহি সোজে তার,পাহাড় থাকিয়া আইল চলে * এক কাফেরের ডেরে, জাইয়া ছওাল করে কাফের শুনিতে তাহা পায়।তিন রুটি দিল তারে,রুটিপেয়ে আইল ফিরে, বহুত তারিক করে তায় *কাফেরের কোত্তা ছিল, রুটি িতে দেখা পাইল, লিল কোত্তা ফকিরের পিছে। হামলা করিয়া জায়, ফকির ডালিলতায়,পাছে কোত্তা এসেমুজে নোচে*এতেক ভাবিয়া দেলে,দিলে এক রুটী ফেলে, খায়ে কোত্তা খোসাল হইয়া।সেই রুটি খেয়ে ফের, ছামনেতে দরবেসের, সেই ভাতে পৌছিল জাইয়া*ডর হৈল ফকিরের এক রুটী দিল ফের, খেয়ে কোত্তা ফিরে পিছে লিল।

ঠেকিল বিসম দায়, ফের রুটী দিল তায়, এইরূপে তিন রুটি গেল* রুটি তামাম খাইল, ফের গিয়া পিছে লিল, ভাবে মনে পাছে মুজে কাটে।জত করে দুর২, নাহি সোনে সে কুকুর, ভাগাতে সে নাপারে দাপটে * ভাবিতে লাগিল মন্দ, দেলেতে পাইয়া দন্দ, কহে বাত কোত্তার খাতিরে। তেরা মনিবের ঘরে, জাইয়া ছওাল করে, তিন রুটি মেলিল আমারে * জা পানু তা দিনু তোরে, তবুত না ছাড় মোরে, এ তোমার কেমন দস্তর।আপে পাক পরওার, জবান খুলিল তার, কহে বাত হইয়া কুকুর * কোত্তা বলে সোন সাই, কে করিল নাদনাই, এনছাফ করনা থোড়া দেলে। এই কাফেরের ডেরা, জনম গোওানু মেরা, আদা রুটি দিন গেলে মেলে, কোন দিন হাড খাই, কোন দিন ফাকা জাই, বকার চরায়্যা আমি ফিরি। কোথায় না জাই ছেড়ে, থাকি দর ওাজায় পড়ে,নেমকহারামি নাহি করি * দেখিয়া দাপট মোর, নিকটে না আইসে চোর, শুয়ে থাকি করিয়া আরাম। হায়ওান মোতলক আমি, আদম ফরজন্দ তুমি, কে করিল বেওফাই কাম * তুমিতো গোলাম জার, তামাম আলম তার, তার কাছে করিলে একরার।সে জদি খাওায় খাব,আর কোথা নাহি জাব,ভেজে অল্লা খোরাক তোমার * রোজ২ দিত রুটী, ইমান বুঝিতে খাটি, দেখে তেরা কেমন ইমান। তিন দিন না খেয়ে পেয়ে,কাফেরের ঘরে গিয়ে, কর গিয়া কাফেরে ছালাম * এনছান বোজরগ তুমি, কোত্তা নাপাক আমি, বেছবর হৈল কোন জন।খাজেছারা বলে ভাই, লোভ ছাড়া কেহ নাই, ভেবে তুমি দেখ মনে মন *সোলকে শুজন লোকে কয়ে গেছে একে২ সেই সোলক তোমারে শুনাই। এই জে দুনিয়া বিচে, তামা ছাড়া কেবা আছেঃ দেলে থোড়া বুঝে দেখ ভাই *

ধুয়া * কেনো গো সাই সেসেতে পস্তাবে গো। * দেখিয়াছি কত লোক আঙ্গুলে না কাটে নোক মুখে নানা পেটে ভোক দেখিছি নয়ানে গো * মাথা ভরা আছে জটা, কানে আছে বিন্দু ফোটা, কপালে বিভুতি ফোটা, লোভ নাহি ছাড়ে গো*দেখিয়াছি জেগোসাই,অঙ্গেতে ভুসন ছাই, বাক্য কিছু করে নাই, মরন সোমান গো। * ওরুন কানোন বনে ডাকি তেছে নিরাঞ্জনে, বল আর বুদ্ধিমানে, মনেহ ভাবেগো *জন মের দেখিকুড়ে,বসিয়াছে আসন জুড়ে,কোথায় না জায় নড়ে মায়া ছলে আছে গো*আদি অন্ত দেখি শুখি,জনমের দেখি

দুঃখি,লোভ ছাড়া আছে বাকি, না দেখি এমন গো*দানেস বলে নহে সাজি, কহ ওহে সাগান সহজি, ওর দ্বারে কত সাহজি, রয়েছে পড়িয়া গো *

পয়ার * এইরূপে খাজেছারা কতেক বুঝায়। কহেন ফকির ঢের আছেন দুনিয়ায়*আমি কিন্তু নাহি লিব এর সব মাল।সাহাজাদির সাতে মেরা আছেত ছওাল*বিবীর খাতেরে আমি লিখি কেতাবত জওাব আইলে পিছে কারব তেমত * খাজেছারা বলে দেহ লেখে মেরা ঠাই। বিবীর নর্জদিকে লিয়া তুরিত পৌছাই * একথা সুনিয়া আমি লাগিনু লিখিতে।পহেলা আল্লার নাম লিখ কেতাবেতে * মহাম্মদ নবির তারিফ লিখি তার পিছে। তার পরে লিখি মেরা দেলে জাহা আছে * সোন বিবা সাহাজাদী আরজ আমার। তারিফ শুনিয়া আইনু মুল্লুকে তোমার * জে সদ তারিফ আমি কানেতে সুনিনু। তাহা হৈতে দসগুন নজরে দেখিনু * দেখমত করিল জত ন শুকর তোমার।তাহার বয়ান আমি কি লিখিব আর*ঘরের ছামান জত লিতে কহে মোরে। না লিব আছবাব আমি লিখি এখাতেরে * এছফেহান সহরে ঘর বাদসাই আমার।এখানে আইনু শুনে তারিফ তোমার * মালের লালচ কিছুনাহি মেরা দেলে। শুনিয়া তারিফ তেরা জুবা দিনু গলে * ফকির হালেতে আইনু এতেক মেহনতে। বুঝিয়া করিবে কাম উচিত জেমত * আমার মতলব বুজে করিবে মেহের। নহেক মরিয়া জাব তোমার খাতেরে* এতেক লিখিয়া আমি দিনু তার হাতে। কেতাবত লিয়া মর্দ্দ গেল মহলেতে * বিবিকে লেখন দিয়া আনিল জওাব। আসিয়া আমারে কহে আইসহ সেতাব * মহল ভিতরে আমি গেনু তার সাতে। বসে আছে এক বুড়ি পাইনু দেখিতে *সোনার কুরছিতে বসে গায়ে জেওরাত। এন ছানেয় মত বুড়ি কহে জত বাত*লেঙড়ি কয়েক ছিল হুজুরে তাহার দেখিয়া বুজিনু এই ঘরের মোক্তার * আদবে রহিনু খাড়া বুড়ির হুজুরে। দেখিয়া মেহের করে বসাইল মোরে *বুড়ি বলে রোকা বুঝি আইল তোমার। শুনিয়া জওাব আমি না দিনু তাহার * ছের নিচে করে থাকি সরমেন্দা হইয়া। বাদসাজাদি দিল ফের খবর ভেজিয়া পহেলা ভেজিল মুজে আদাব ছালাম। তার পরে কহে বিবি সোন নেকনাম*এবাতে এক্কার মেরা নাহিক ছাহেব।সওহর করিতে মুজে কিসের আয়েব * পরিচয় নাহি চাহি সোন মছাফের। বাদসাজাদা

হ্ ও কিবা কোন মুল্লুকের *সে কথায় মেরা কিছু নাহিক গরজ। আপনা বড়াই কর কেমন ছুগোজ * আল্লার নজদিগে সবে একই সমান বাদসা ও ফকির কিম্বা জতেক এনছান *একবাতে ছোটা বড়া আছে জাহানেতে। এছলালের ফজিলত আছে জাহানেতে * তুমি জেছা ছুনিয়াতে হোলে মালদার। এলাহি আমারে মাল দিল বেসোমার সাদির এরাদা খুব আছে মেরা দেলে। সাদি জে করিব মেরা মতলব মিলিলে * পহেলা মোহর জেবা করিবে আদায়। তাহারে করিব সাদি কহিনু তোমায় * মালমাত্তা নহে মেরা কথায় মোহর। তাহারে করিব সাদী জে দীবে খবর * এতেক কহিয়া বীবী ভেজীল খখবর। তাহারে কহীনু আদায় করিব মোহর*এবাতে দেরেগ কীছু নাহিক আমার। জান মাল কদমেতে করিব নেছার *কথার ছওাল এতে ভাবনা কিসের।সেতাবী জওাব দীব না করিব দের *বিবীবলে আজ তুমী থাক এইখানে। কহিব তামাম বাত জাইবে বেহানে * সেইখানে থাকি আমী শুনে এইবাত।গোজরীয়া গেল দিন পৌছিল জে রাত*এক খোজা এসে মুজে মহলেলীয়া জায়।আলেম ফাজেল সবে বসীয়া জেথায় * বসাইল লিয়া মুজে হুজুরে সবার। নানারঙ্গ চীজ আনে ছামান খাবার * খানা পান খেয়ে বসী খোসাল হইয়া আসীয়া পৌছিল দাই মহল থাকীয়া * বেহরোজ নামেতে এক আছিল জওান। বোলাইয়া তার তরে করীল ফরমান * বোলাইয়া আনে খোজা হুজুরে আমার। তাজ্জব হইনু দেখে ছুরত তাহার * মরদানা হালেতে মদ্দ আইল হুজুরে। রুপা আর সোনার কুঞ্জি কতেক কোমরে * ছালাম আলেক মদ্দ করিল আমায়। আলেক ছালাম দীয়া বসাইনু তায় * দাই বলে সোনহে বেহরোজ ছরদার।জে কিছু দেখেছ কর বয়ান তাহার *

বেহরোজের জবানি বিবীর ছওালের বয়ান।

বেহরোজ কহে মুজে সোন নেকনাম। জে কিছু দেখীছী আমি কহীব তাম *এই সাহাজাদী তাবে হাজার গোলাম ।ছওদাগরীকামে সবে ফেরে জে মোদাম * তার বীছে আমি এক করি ছওদাগরি মুল্লুকের জেয়ে করী মোছাফেরী * বিকী কীনি করি জবে আমী এ সহরে।জেথা জাহা দেখি কহী বিবীর হুজুরে*নিমরোজ নামে এক আছে জে সহর। পৌছিনু জাইয়া সেথা সোন সে খবর *সেই সহরেতে লোগ আছে বেসোমার। ছিয়াহী লেবাছ পরা দেখিনু সবার

আহু জারি কর্য়ে সবে হয়ে পেরেশান। দেখিয়া মাতম আমি হইয়ে হয়রান ✱ তার তরে পুছি আমি একি সমাচার। না দেয় জওাব কিছু হইনু লাচার ✱ এইরুপে কত দিন গোজারিয়া জায়। এক রোজ তামাসা এক দেখিনু সেথায় ✱ ছাপা হৈয়া গেল রাত বেহান হইতে। চারিদিগে থেকে লোগ আসিল জমিতে✱ সবাকে মালুম ছিলবুঝি সেই দিন। ছোটা বড়া আইল আর ওমরাও মিছকিন✱সহর বাহিরে এক আছিল ময়দান। জাইয়া পৌছিল সবে তাহার দরমিয়ান✱ বাদসাহ আপনি চলে ওজির নাজের।সেই ময়দানেতে সব হইল হাজের সকলে হইল খাড়া বান্দিয়া কাতার। আমিবি পৌছিনু গিয়া দরমিয়ানে তার ✱ ইদের দিনেতে জেছা হয় সব দেসে। সেই মত দেখি আমি নাহি পাই দিসে ✱ জেন কার এন্তেজার খাড়া হৈয়া আছে। হেনকালে এক মদ্দ আইল ঘড়ি বিচে ✱ ছাহেব জামাল লাড়কা দেখিতে বাহার। রক্তবর সজ্জেরোজেন ওম্মর তাহার✱সোর গোলকরে এসে হৈয়া জার২। জরদা রঙ্গ গরু পরে হইয়া ছওার ✱ সেই জামাতের বিচে আসিয়া পৌছিল। বএল থাকিয়া লেবে নিচেতে বসিল এক হাতে তেগ ছিল আর হাতে নাত। গোলাম এক পরি রুপ ছিল তার সাত ✱ গোলাম জাহারে বলে নাত বলে তারে। বুঝিবার তরে আমি কহিনু সবারে ✱ গোলামের হাতে তেগ দিলেন জওান। গোলাম তেগ লিয়া সবাকে দেখায় ✱ একে২ দেখাইল সবাকে তলওার। দেখিয়া তলওার সবে কান্দে জার২ ✱ আহা জারি করে সবে হৈয়া বেকারার। গোলাম চলিল জেথা সাহেব তাহার ✱ জওান উঠিল তেগ হাতে সেই করে। এক চোটে গোলামের ছের জোদা করে গরুর উপরে ফের ছওার হইয়া। সেই তরফেতে ফের চলিল ফিরিয়া জেদিগ হইতে আইল সেইদিগে গেল। নজর থাকিয়া মদ্দ গাএব হইল ✱ খাড়া হৈয়া দেখে সবে দেখা নাহি পায়। জার জে চলিয়া গেল আপনা ডেরায় ✱ এই সমাচার আমি পুছি জারে তারে। হাল হকিকত কেহ না কহে আমারে ✱ বহুত কহিনু সবে খোসামদিকরে মাল দিব বলি তবু না কহিল মোরে✱তাজ্জব হইনু দেখে একি সমাচার। সেই হৈতে দেল মেরা ছিল বেকারার ✱ ছওাগরি করে আমি ফিরে আইনু ঘরে। কহিনু তামাম বাত বিবির হুজুরে✱বাদসাজাদি শুনে বাত হইল হয়রান। কহিল জে এনেদিবে এহার সন্ধান ✱ তাহারে করিব দাসী জানিবে খবর। এ বাতে আছোয় মেরা দাএন মো

হর * এইসব খবর ভাই জেবা এনে দিবে। বাদসাজাদির সাদি তার সাতে হবে * আপনা দেলেতে খুব করনা গওর॥ তহকিক আনিতে পার এহার খবর * তবেত মতলব তেরা পুরা হৈতে পারে। নহেত ফিরিয়া জাও আপনার ঘরে * এই সব কথা জবে কহিল বেহরোজ কহিনু আলবত্তা জাব জেথা নিমরোজ * তামাম খবর এনে পৌছাব বিবিরে। সেতাবি আসিব ভাই আল্লা জদি করে * নছিবেতে দুক্ষ জদি থাকেত আমার। তবেত এ মুখ ফিরে না দেখাব আর * তবে এক কথা কহি জদি দেলে লাগে। জাইতে এরাদা করি বাদসাজাদির আগে * আপনার মুখে বিবি করিল একরার। তবেত খাতের জমা হইবে আমার*একথা শুনিয়া দিল বিবিকে খবর। বাদসাজাদি কহে আন মহল ভিতর * এক বুড়ি দাই এসে কহিল আমারে। চল মন্দ মোছাফের মহল ভিতরে * এ কথা শুনিয়া আমি গেনু তারসাতে সোনার কুরছি মুঝে দিলেন বসিতে * জতেক ছেহেলি আছে আদা বেতে খাড়া। ছুরত মেহেরি সবে হাত দোন জোড়া* খাওাছিন কত আছে কত মুল্লুকের। ইরানি তুরানি কত হাবেস দেসের * রুমসাম মেছের আর আরব্ব আজম। ছিন্দহিন্দ চিন কত করম২ * জেওর জিনত করে জতেক খাওাছ। সাটিন মকমল কার জরির লেবাছ*বে শুনি আছমানি ছিয়া উরদু কাসমিরি। কত রঙ্গ লেবাছেতে আছে সারি২ * পরদার কেনারে থেকে কহে পরিজাত। কি খাতেরে আইলে সাহা কহ সেই বাত * এ কথা শুনিয়া আমি কহিনু বিবিরে। তোমার তারিফ শুনে আইনু সহরে * জেমন তারিফ আমি শুনিনু তোমার। হেথা এসে দসগুন দেখিনু তাহার * জার ঘরেজাই আমি নাই ছাড়ে মোরে। খেলায় পেলায় আর খোসামদি করে * সহরের বিচে জবে পৌছিনু আসিয়া। বেদারক্ত লিয়া জায় তাজিম করিয়া জেসব ছামানা এনে খেলাইল মোরে। তাহার বয়ান আর কি কব হুজুরে * সাটিন মখমল কত জরির বিছানা। গেরদা ছাপর খাট আর সামিয়ানা * বাসন কাটোরা খোরা রেকাবি বেলওার। পানদান ও গালদান আফতাবা সোনার *আতরদান গোলাবপাশ জত সরঞ্জাম মুঝে কহে লেহ ভাই এ সব তামাম * নাহিলিব বলি আমি ফাকিরের চেলা। নাহি ছাড়ে করিয়া তায় দিনু কঞ্জিতালা * ফের এক খাজে ছারা ধরিল আমায় খোসামদি করে চল আমার ডেরায়* খাওাপেওা হৈল জত এলাহি সে জানে। কি কব তারিক তার তোমার ছামনে

লাল। বাদসা পাইয়া বড়া হইল খোসাল* রোজ২ দেখে বাদসা দে থায় সবায়। নছিহত করিল কিছু উজির বাদসায় * নেসাপুর দেসে এক কুকুরের গলে। বার দানা লাল এয়ছা সারি২ঝোলে* ঝুটবাত বলে বাদসা করিল মালুম। এখাতেরে আমা পরে পড়িল জুলুম * আল্লাতালা এক বেটা দিত জদি মোরে। তালাস করিয়া দিত বাদ সার হুজুরে * নানামতে বুঝাইয়া বাদসার খাতির। মাফ করাইয়া লিত বাপের তকছির * কহিল ওজিরজাদী মায়ের হাজির। কি ক রিবে আম্মাজান তোমার তকদির * লড়াই না করা জায় তকদিরের সাতে। মস্কেল পড়িলে হয় ছবর করিতে *বেছবর হৈলে আম্মা হবে গোনাগার। আল্লার রহমে আম্মা রহ উমেদওার * মস্কেল আছান করে আপনি রহমান। দুক্ষপরে সুখ আছে কেতাবে ফরমান *রোনা পীটনা আহাজারি নহে ভালকাম। দুস্মন সুনীলে পরে হাসীবে তা মাম*চোগল খোর জেয়ে কবে বাদসার হুজুরে। এক হবে আর কবে বাদসার খাতেরে* বাদসার হালেতে দোওা কর হামেহাল। এলাহি মতলব তেরা করিবে বাহাল* বাদসার তারিফ কর হাজার২। মাফ করে দেহ গোনা আমি কমিনার * আমরা গেলাম তেরা নাহি চলে জোর। হরবাতে গোনাগার জে কেহ চাকর *এই সব বাত আম্মা কহ হরদম। গজব হইতে ফের হইবে রহম * এইরূপে বুঝাইল উজিরের বেটী। না পারে জওাব দিতে হইলেন খাটি* বেটির মুখেতে বিবী এ তেক সুনিয়া। আপনা মোকামে গেল ছবর করিয়া *দিন গোজারিয়া গেল পৌছে এসে রাত। দাদাকে ডাকিয়া লাড়কী কহে কিছু বাত* দাদা কাহারে বলে সোন সর্ব্বজন। শিশুকাল হৈতে জেবা করেন পা লন*মরদ হইলে দাদা রেণ্ডী হৈলে দাই। হিন্দী জবানে লোগ কহেন এয়ছাই*কহিল ওজিরজাদী সোন দাদাজান।সহিতে না পারি আমি আম্মাজির তান * হাত পাকড়াইয়া লেড়কী কান্দে জার২। কহিল সোনহে দাদা আরজ আমার * বাপ মেরা বন্দখানা রহিল কয়েদ। নেসাপুরে জেতে চাহি জানিতে জে ভেদ * কুকুরের গলে জার লাল বার দানা। কোনরূপে করি গিয়া তাহার ঠেকানা * আনিব তাহারে আমি করিয়া তালাস। বন্দখানা আছে বাবা করিব খালাস*পহেলা শুনিয়া দাদা করিল এঙ্কার। এয়ছা বাত মেরা আগে না কহিবে আর কহিল ওজীরজাদী সোন মেহেরবান। নাহি জদি জেতে দিবে না

রাখিব জান * এতেক শুনিয়া মর্দ্দ রাজি হৈল তায়। কহিল চলহ তেরা দেল জেথা চায়*কহিল ওজিরজাদী সোন দাদা জান। চুপে২ দেহ করে জতেক ছামান* একথা শুনিয়া মর্দ্দ চলিল সেতাব। তৈয়ার করিয়া দিল তামাম আছবাব*বাদসাই পছন্দলিল জত ছরঞ্জাম হাতি ঘোড়া উট গাধা নওকর গোলাম।*উঠ গাধা পরেমাল করিয়া বোঝাই। মরদানা লেবাছ পিন্দে হইল ছেপাই * হইল ওজিরজাদী ঘোড়ায় ছওয়ার। ঘরে হৈতে চুপে২ হৈল রাহাদার *রাত বিচে জায় বিবী কেহ নাই জানে। ছোবে হৈতে ওজিরের জব্ধ এহা সোনে* শুনিয়া মাতম করে ছেরে মারে হাত। সরম হইল মোরে কহিতে এ বাত *রাত বিচে কোথা গেল জওয়ানি আওরত। আল্লাতালা মেরা কেন না দিল মওত * আল্লার নজদিগে আমি করিনু কি গোনা। চারিদিগে চেয়ে দেখি না পাই ঠেকানা * সহিতে না পারি আর এই সব দুখ। কোনখানে দেখাইব কালা২ মুখ*জাহের হইলে পরে এই সব বাত। ওজির মরিয়া জাবে সরমে নেহাত*কারে কিছু নাহি কহে বদনামের ডরে। ছবর করিয়া রহে আপনার ঘরে*চলিল ওজিরজাদ লেবাছ মরদানা।মঞ্জেল২ জেয়ে পাইল ঠেকানা*নেসাপুরে সহরেতে জাইয়া পৌছিল। ছওদাগরি ছারা ছিল তাহাতে রহিল * তামাম আছবাব লিয়া রাখে সেই ঘরে। রাত গোজরিয়া গেল উঠিল ফজরে হাম্মামে জাইয়া বিবী গোছল করিয়া। খাওা পেওা খুসিহালে করিল বসিয়া * তার পরে গেল বিবী ফিরিতে সহর। জাইয়া পৌছিল এক চৌরাহা উপর*খাড়া হৈয়াদেখেবিবি করিয়া নজর।দোকানএক দেখে তাহে বহুত জওহর * সেই দোকানের জেবা আছিল ছরদার পচাস বরছ এরছা ওমর তাহার*ওমরায়ের মততার জতেক লেবাছ কএক আছবাব বসে আছে তার পাছ * কুরছির উপরে বসে আছে খোসালিতে। কতেক গোলাম আছে হাজের খেদমতে * বাত চিত করে সবে খুসি খোসালিতে।দেখিয়া ওজিরজাদী রহে তাজ্জবেতে নেসাপুরে আইনু আমি জাহার কারন। সেই বুঝি এই মর্দ্দ ভাবে মনে মন*জার কথা বাপমেরা কহিল বাদসায়।বুঝিনু সেইমর্দ্দ এই বসিয়া হেথায় * মেহের করহ মুজে আল্লা পাকজাত। ছওদাগর সাতে জেন হয় মহব্বত * এই রুপে ভাবে বিবি দেলে আপনার দোছরা দোকানে গেরেনজর তাহার *লোহার পিঞ্জারা সেই দোকানেতে আছে। দুজনা জওান বন্দ আছে তার বিচে* দেওানার হালে

দোহে আছে পেরেসান। ওজুদের বিচে খালি বাকি আছে জান * হাতে নোক ছেরে জটা জানুপরে ছেরা দুইদিকে হাবসি খাড়া আছে তাহাদের *দেখিয়া আইল কয় ওজিরজাদির। ফিরিয়া হইল খাড়া হইয়া দেলগির*সেদিগে নজর করে দেখে তাকাইয়া। দোকানেগা লিচা কত রাখে বিছাইয়া*একখাট আছে সেই হাতির দাতের।মখ মলের গদি তাতে কাম জরোদের * কোত্তা এক বসে আছে উপরে তাহার।বার লাল গলে ঝোলে কাতারে কাতার*কোত্তার গায়েতে জত জরির লেবাছ।দুজন গোলাম তার আছে দোন পাছ *একজনার হাতেতার ময়ুরের চামর। হামেসা বাতাস করে কোত্তার উপর* রোমাল লইয়া হাতে একজনা আছে।খেলায়গেলায় আর মুখ পাউ পোছে * ছুরত জামাল দোন আছিল জওয়ান।এই সব তামাসা বিবি দেখিল তামাম * আল্লার দরগায় ভেজে সোকরানা হাজার। এ লাহি মকছেদ পুরা করনা আমার * দেলে২ ভাবে বিবি কি করি উ পায়। কেমনে এ বার লাল দেখাব বাদসায় *বাবাজান আছে মেরা বন্দখানা ঘরে।কেমন প্রকারে আমি ছাড়াইব তারে*এই সব ভাবা গোনা করেন দেলেতে। জমিল বহুত লোক বিবিকে দেখিতে * ছু রত দেখিয়া সবে হৈল জার২।মর্দ্দানা লেবাছ বিবি ঘোড়ায় ছওয়ার আওরত বলিয়া কেহ না পারে চিনিতে। ছওদাগর দোকান হইতে পাইল দেখিতে *হুকুম করিল এক গোলামে ডাকিয়া। ছওদাগর জাদায় হেথা আন বোলাইয়া *গোলাম চলিয়া গেল শুনে এইবাত বিবিকে কহিল তুমি আইস মেরা সাত*সোন ছওদাগরজাদা আরজ আমার। ছওদাগর দেখিয়া খুসি তেগোর দিদার * আপনি চলনা ভাই দোকান ভিতর। খোসাল হইল বিবি শুনিয়া খবর *চলিল তা হার সাতে সেই দোকানেতে।ছওদাগর উঠীয়া মেলে ধরিয়া গলাতে আসকের বোরছি তার লাগিল ছিনায়। তাজিমে বসায় তারে আ পনা জাগায় * পেসানি উপরে কত বোছা দেয় তার। বুঝিল উজির জাদি দেলে আপনার*মতলব করিল পুরা এলাহি আলমিন।জেথা তেরে এত দুক্ষ করি রাত দিন*থাজে ছওদাগর ফের পুছিল তাহায় কোথা হেতে আইলে বাবা কহিবে আমায় *কি জানি কাহার বেটা কোথায় মকান।কহিল উজিরজাদি সোন মেহেরবান*এস্তম্বলের ঘর জেথা রুমের সহর।বাপ মেরা ছওদাগরি করে বরাবর*জইফি ওমর তার আসিয়া পৌছিল। এথাতিরে ছফরেতে আমারে ভেজিল *

পহেলা ছফর এই হইল আমার। সহরে আসিয়া শুনি তারিফ তোমার *জোনাব দেখিতে বড়া আছিল ওম্মেদ। এলাহি কাঁরল পুরা আমার মকছেদ *খোসাল হইল জান দেখিয়া তোমায়। এখন জাইব আমি দেল জেথা চায় * একথা শুনিয়া সেই খাজে ছওদাগর। বহুতি মিনতি করে হইয়া কাতর*মেহের করিয়া চল গরিব খানায় খাও পেও নাহি করে জাইবে কোথায় *এদেশে আসিয়া কোথা করিলে মোকাম। নওকর চাকর কোথা জত ছরঞ্জাম *কহিলওজির জাদি সোন নেকনাম। কারও ছারায় চিজ রাখিনু তামাম*এখানে আইনু তেরা দেখিতে দিদার। আল্লার রহম হউক উপরে তোমার একথা শুনিয়া কহে খাজে ছওদাগর। আমার নিকটে আইলে আমি দিব ঘর*মনাছেব নহে থাকা ভাটিয়ার খানায়।সেতাব করিয়া বাবা আইসহ হেথায় * বেচা কেনা করে দিব জত ছরঞ্জাম। আমার নিকটে আইসে না হয় বদনাম *মেহনত করিয়া তুমি আইলে হেথায় দুগুনা মনোফা করে দিব জে তোমায় *কহিল ওজরজাদি আইনু হেথায়।জে কিছু কহিবে আমি রাজি আছি তায়*একথা শুনিয়া খাজে গোমস্তা পাঠায়। তামাম আছবাব আনে আপনা ডেরায়*দিলেক ওজিরজাদি সাতেতে গোলাম। ছওদাগরের ডেরে এনে রাখেন তামাম * গোজরে তামাম দিন হৈল নিমাসাম। দোকান করিয়া বন্দ চলিল মোকাম * কোত্তার খাদেম দোন সাতে২ চলে। এক মর্দ্দ লিল তার কোত্তাকে বগোলে * আর একজনা লিলো কোত্তার ছামান।তার পিছে জায় দুই হাবসিরজওান*লোহার পিঞ্জরা দোন করিয়া মাথায়।কয়েদি দুজনায় আছে লইয়া তাহায়*ছওদাগরজাদার হাত ধরে ছওদাগর।সাতে করে লিয়া জায় আপনারঘর*আলিসান সে মকান বাদসাই ছামান।দেখিয়া উজিরজাদিহইল হয়রান*জেয়ছা ঘর তেয়ছা তার জত ছরঞ্জাম।তেয়ছাই খাবার চিজ রাখিল তামাম খাটের উপরে লিয়া রাখিল কোত্তায়।মুখহাত পোছাইয়া খানা দিল তায়*খানা খেলাইয়া মুখ পুছিল রোমালে। পিঞ্জারা তরফে সেই খানা লিয়া চলে*কোত্তা জাহাখেয়েছিলসেই ঝুটা খানা।পিঞ্জারা থাকিয়া আইসে খায় দুইজনা * ঝুটা পানি পেলাইয়া দিলেকদোহায়।কয়েদ করিয়া ফের রাখেপিঞ্জিরায়*উজিরের বেটি আর খাজে ছওদাগর।খানা পিনা মাঙ্গাইয়া বৈসে তার পর*কহিল ওজিরজাদি নাহি খাব খানা। দেখিনু তোমার দেলে নাহি বিবেচনা*জত চিজ

পয়দা হৈলো দুনিয়া জাহানে। এনছানে বো জেরগ বড় জানে সর্ব্বজনে কুকুর নাপাক বড়া একথা মসহুর। এনছানে খেলাও ঝুটা কেমোন দস্তর*কোন মজহাবেতে রওআছে এইকাম। মুল্লুকে২ তেরা হইবে বদনাম*এক বরাবর হৈল জতেক এনছান। কেহবা দৌলতওালা কেহু পেরেসান*কোন বাতে খাতা পেয়ে করিলে কয়েদ। নাপাকের ঝুটা দেও এ কেমন জেদ*মুছলমান নাহি তুমি বুঝিনু নেহাত। মোবা মেরা হৈল দেলে নাহি খাব ভাত*কোত্তা পুজা করে কোথা হৈয়া মোছলমান। এখাতেরে নাহি খাব কহিনু নিদান*মকরু হইল তেরা খানা মেরা পরে। জবতক মোবা রবে দেলের ভিতরে*একথা শুনিয়া কহে খাজে ছওদাগর। জে কথা বলিলে তুমি জানি সে খবর *এখাতেরে মেরা বড়া হইল বদনাম। খাজে কোত্তা পুজা বলে সহোরে তামাম* খাজেছাগ পরস্ত নাম হইল আমার। কাফের মোসরেক পরে লানত হাজার *দিন এছলাম মেরা কলেমা নবির। শুনিয়া খোসাল দেল ওজিরজাদির *কহিল উজিরজাদি সোন মেহেরবান। দেলেতে গুমান রাখ হৈয়া মোছলমান * আপনার নাম করো খুসিতে বদনাম কে কোথায় জেনে শুনে করে এয়ছা কাম * খাজেছাগ পরস্ত বলে সোন বাবাজান। একথা শুনিলে বড়া হবে পেরেসান *জে খাতেরে আমি দোহে করিনু কয়েদ। কার কাছে নাহি খুলি সেই সব ভেদ * জতেক মাশুল দেয় জত ছওদাগরে। দুগুনা মাশুল লাগে ইহার খাতেরে * কুকুরের ঝুটা দেই দোন কএদিরে। এ খাতেরে দুনা আমি দেই এ সহরে *তবু কারে নাহি কহি শুন বাবাজান। শুনিলে দুক্ষের কথা হবে পেরেসান*লাভ কভু নাহি বাবা শুনে এই কথা। খোসালেতে আছ বাবা পাবে শুনে বেথা *শুনিলে হইবে গোস্বা কএদির পরে। না করো খেয়াল বাবা কহিনু তোমারে * বুঝিল উজিরজাদি আপনার দেলে। কি কাম দরকার মেরা এসব খেয়ালে * জে কামে আইনু আমি সেই কাম করি। নাহক এহাকে কেন পেরেসান করি* এতেক ভাবিয়া বিবি খায় সেই খানা। কেহ না চিনিতে পারে লেবাছ মর্দ্দানা*এয়ছা কত দিন বিবি থাকে সেইখানে। আওরত বলিয়া তারে কেহু নাহি জানে * ছুরত মুরত আর মিঠা২ বাত। দেখিয়া সে ছওদাগর নাহি ছাড়ে সাত*আপনা নজর ছাড়া নাহি করে তারে। ইউছফে পাইয়া জেয়ছা হৈল এয়াকুবেরে*এইরুপে কত দিন জায় গোজরিয়া। একরোজ বসে খাজে মজলেছ করিয়া*খুসিতে জসোন করে

জমাত করিয়া। হাগা চিজ নেয়ামত খায় মাঙ্গাইয়া * সেই ওক্তে কান্দে বিবি হয়ে জার২। আখে আছু মুখে আহা হৈয়া বেকারর * খাজে ছাগ পরস্ত কহে ছওদাগর জাদায়। কি দুখ উঠেছে মোনে ক হিবে আমায় *কি খাতেরে আছু তেরা ঝরে দোন চোখে। কেহকটু কথা বুজি কহিল তোমাকে *রোমালেতে আখ তার দেয় পুছাইয়া পেসানিতে বোছা দেয় কোলে উঠাইয়া *কহিল উজিরজাদা সোন ছওদাগর। ছওদাগরি কানে আইনু তোমার সহর * বাপ মেরা ঘরে আছে ইউফ ওমোর।কি জানি কি হালে আছে না মেলে খবর*বুড়া কালে আমি তার না রহিনু কাছে। এত দিন বাপ মেরা আছে কিনা আছে * মেহের মহব্বত তেরা হৈল মুজে ভারি। তুজে ছেড়ে একা আমি জাইতে না পারি * সেথা জাও হেথা রও দুই হৈল ভার। তুজে না দেখিলেজান না বাচিবে আর*খাজে ছওদাগর সুনে কান্দে জার২।কি কহিলে নাহি কহ এয়ছাসমাচার*বুড়া খেদমতগারেকক কেমনে ছাড়িবে।তুজে নাদেখিলে জান কেমনে বাচিবে *তোমার জে দায়ে জান নেকলিবে মেরা।বেগর আজলে বাবা জাব আমি মারা * জাবার এরাদা তুমি নাহি কর মনে।জতদিন বেচে আছি রহ এইখানে আমাবাদে কেহ আর নাহিক আমার।আমার মালের তুমি হইবেমো ক্তার*খাতেরজমা লোক এক দেহ পাঠাইয়া।আপনা বাপেরে হেতা লেহ মাঙ্গাইয়া*আবহাওা হেতাকার বড়ই বেহেতের।বাপবেটা থাক সবে খোসাল খাতের *মাল আছবাব সুদ্ধা আনিবে হেথায়। তুমি আমি দুইজনে থাকিব বজায়*জতেক খরচ হবে সকলিআমার।খুসি খোসালেতে করজত কারবার *হেসাব কেতাব মেরা সব লেহ বুজে খোরাক পোসাক খালি দিবে বাবা মুজে * কহিল উজিরজাদি সুন ছওদাগর। জখন আইনু আমি করিতে ছফার *একরার করিয়া আ ইনু বাপের ছামনে। হেতা থাকি এক সালে পৌছিব এখানে*এক রার খেলাপ হৈলেহবগোনাগার।কেমনে দেখাবমুখ হুজুরে আল্লার বাপের খুসিতে খুসি হয় পাকজাত।না খোস করিলে নাব না দিবে সফাত*বাপ জদি রদ কহে হইবে মনজুর।আল্লাররহোম থেকেজাব আমি দুর * তোমার মেহের এয়ছা আমার উপর। বাপেরে চাহিয়া আমি দেখিনু জবর * মেহের করিয়া মুঝে দেহনা বিদায়। সেতাব করিয়া করি একরার আদায় * মেহের মহব্বত তেরা না ভুলিব আর জতদিন জান আছে ওজুদে আমার * জেন্দেগি ওফাই জদি করেন

দোহার। আসিয়া কদোম বোছি করিব তোমার * নহেত তোমার সাতে এই দেখা সোনা। খোসালে বিদায় দেহ নাকর ভাবনা * থির সক্কোর এয়ছা মিঠা২বাত। কহিল উজিরজাদিছওদাগর সাত*খাজে ছাগ পরাস্ত শুনে ভাবেমনে২। এহাকে ছাড়িয়াআমি থাকিব কেমনে ছওদাগর কহে শুন ছওদাগর জাদা। আমি তেরা সাতে জাব জাহা করে খোদা * জান জদি ধড় ছেড়ে হইবে বাহার। খালি ধড়কোন কামে আসিবে আমার * এতেক কহিয়া ডাকে নফর গোলাম। তৈয়ার করিতে কহেজত সরঞ্জাম*নিলেকউজিরজাদি জতেকআসবাব তৈয়ার হইল বিবি জাইতে সেতাব * খাজেছাগ পরস্ত জায় করিতে ছফর। ছওদাগর জতছিল শুনিল খবর * আসিয়া কহিল সবে সোন ছওদাগর। মোরা তেরা সাতে জাব রুমেরসহর*এতেক কহিয়া সবে হইল তৈয়ার। রাহা পরে জায় সবে হৈয়া রাহাদার * হাজার২ উট করিয়া বোঝাই। লেবাছ পোসাক পিন্দে হইল ছেকাই * এরাকি তরুকি অরবি ঘোড়ায় ছওয়ার। কোমর বান্দিয়া চলে বান্দিয়া হাতিয়ার* তলওয়ার কাটারি ছুরি নেজা ভালা সাতে। চলিল রাহার পরে হাসিতে খেলিতে * উজিরের বেটি আর খাজে ছওদাগর। আম্মারি বান্দিয়া চড়ে হাতির উপর*বোগদাদের তক্তছিল ওটেতে বান্দিয়া। তাহার উপরে কোত্তা লিল উঠাইয়া*পিঞ্জারা সহিত দোন কএদির তরে। বসাইয়া লিল দোন উঠের উপরে*মঞ্জেল মঞ্জেল এয়ছা জায় নেকলিয়া। কতদিনে এস্তম্বলে পৌছিল জাইয়া* সহর বাহিরে গিয়া করিল মোকাম। ওতারিয়া রহেসবে করিয়া আরাম* কহিল ওজির জাদি খাজে ছওদাগরে। হুকুম পাইলে জাই আপনার ডেরে * মা বাপের জোনাব বুঝি কর একবার। তোমার লাগিয়া করি মকান তৈয়ার *ঘর খালি করি গিয়া আপনার তরে। মাল আছবাব লিয়া রবে সেই ঘরে * একথা শুনিয়া কহে খাজে ছওদাগর। তোমার থা তেরে আইনু রুমের সহর * তোমার মজ্জিতে জেয়ছা হয় বাবাজান আপনা নজদিগে দিবে আমার মকান * একথা কহিয়া বিবী হইল বিদায়। মরদানালেবাছ শুদ্দা আইল ডেরায়*দেখিয়া তামাম লোগ হইল হয়রান। কোথা হইতে আইল এই নবিন জওয়ান* পরিচয় দিয়া গেল আপনার ঘরে। তার পরে গেল ফের মায়ের হুজুরে * ছালাম করিয়া কহে মায়ের কদমে। আইনু তোমার বেটি ফিরে এই রুমে* ওজিরের জরু শুনেকরে ফজিহত। এতদিন কোথা ছিলে বেহায়া আ

জরত * না হৈল সরম তুঝে দেখাইতে মুখ। জাত কুল মজাইলি তোর এত বুক * ছবুরি করিয়াছিনু কারে নাহি বলি। ওজিরের মুখে ফের দিতে আইলি কালি*দুরহও কালামুখি এথান থাকিয়া। ওয়া রের সাতে তুমি জাহনা চলিয়া * কহিল ওজিরজাদি সোন আম্মা জান। বেগর তকছিরে কেন কর জালাতন*ছেরের পাগড়ি বিবী ফেলে দিল দুরে। মায়ের হুজুরে বাত কহে গোস্বাভরে* আম্মা হৈয়া তুমি মেরা দেখাও ইয়ার। এবাতে সরম কিছু না হৈল তোমার *সে দিন করিলে মুঝে এয়ছা ফজিহত। এথাতেরে করি আমি এতেক মেহনত বাপ মেরা বন্দথানায় রহিল কয়েদ। তোমার মুখেতে শুনে এই সব ভেদ * আম্মা বেটার জন্যে করিলে আরমান। দেরেগ পাইয়া গেনু করিতে সন্ধান * নেসাপুর গেনু আমি ছওদাগর বেসে। মতলব ক রিয়া পুরা আইনু ফিরে দেসে*ছওদাগর আইল তার লিয়া সব মাল কুকুর আইল গলে বার দানা লাল*ছওদাগরি বেসে গেনু লইয়া ছা মানা। লিয়া গেনু জত তার আনিনু দুগুনা * আমানতে খেয়ানত নাহি করি তেরা। নাহক ফজিহত কর না জেনে মাজেরা * আর এক রোজ আমি জাব বাহিরেতে। বন্দথানা আছে বাপ খালাছ করিতে হুকুম পাইলে আম্মা করি এই কাম। দেলের হজরত তবে মিটিবে তামাম* ওজিরের জরু জবে সোনে এই বাত। আপনার দেলে বিবী জানিল নেহাত * কোন বাতে না পাইল বুরাই খেয়াল। দেল জান হৈতে বিবী হইল খোসাল*আল্লার দরগায় ভেজে হাজার সোকর। ছাতি লাগাইয়া লিল গদির উপর * ছেরে মুখে বোছা দিয়া কহিল বেটিরে। জাহাতে বেহেতেরহয় করগিয়া ফিরে*পাইয়া ওজিরজাদি মায়ের ফরমান। ছওদাগরি বেসে জায় ছাড়িয়া মকান * থাজেছাগ পরস্তে জেথা ওতারিয়া ছিল। আপনা মকানে তারে আনিতেচলিল থাজেছাগ পরস্ত হোথা কহে মনে মন। ছওদাগরজাদা কেন না আ ইল এখন * এতেক ভাবিয়া মর্দ্দ যায় তালাসেতে। দুইজনে মোলা কাত হইল রাহেতে * ছওদাগর কহে কোথা ছিলে বাবাজান। তুঝে না দেখিয়া দেল ছিল পেরেসান*কোথা গিয়া ছিলে বাবা আমাকে ছড়িয়া। বিবীবলে গেনু তেরা হুকুম পাইয়া*মাবাপের কদম বোছি করিয়া সেতাব। হুজুরে আইনু ফিরে দেখিতে জোনাব *সহরের দর ওজায় দরিয়া কেনারে। তুঝে বাসা দিব মেরা বাগিচা ভিতরে *দে খিতে মাকুল বাগ বড়া ছায়াদার। সেই বাগে গেলসবে হইয়া তৈয়ার

বাগানেতে বালাখোনায় বসিল জাইয়া। খাওা পেওা করে দোহে খোসালে বসিয়া * আছরের ওক্তে জায় কারিতে ছাএরা। তামাসা দেখিয়া দোহে খোসাল খাতের *হেনকালে একমর্দ্দ বাদসার নফর জাইয়া পৌছিল সেই বাগান ভিতর * দেখিল বাগানে বৈসে আছে ভুজওান। বড়া ছোলতানেতে আছে বহুতি ছামান * তামাসা দেখিয়া মর্দ্দ ভাবে মনে২। বাদসার উকিল বুঝি আইল এখানে * কোথাকার বাদসা বুজি ভেজিল ওকিল। এ খাতেরে রুম দেশে হইল দাখিল * ছওদাগর এক লোগে দিল পাঠাইয়া। পুছে আইস এই মর্দ্দ খাড়া কি লাগিয়া * বাদসার লোগেরে এসে পোছে সমাচার। কি খাতেরে খাড়া তুমি কহ বেরাদর * কহিল সে মর্দ্দ আমি নওকর বাদসার। লস্করের বিচে আমি আছি মির সেকার * একথা শুনিয়া হাবসি কহে ছওদাগরে। ছওদাগর কহে ওছে বোলাও হুজুরে * এতেক শুনিয়া তারে আনে বোলাইয়া। খাবার ছামানা দিল ছামনে ধরিয়া * খাওা পেওা করে মর্দ্দ বসে খোসালিতে। আছবাব দেখিয়া দেলে লাগিল ভাবিতে * কোত্তার গলেতে দেখে লাল বারদানা। তাজ্জব হইয়া কিছু না পায় ঠেকানা * নাম গ্রামপোছে সেই নফর বাদসার। বিদায় হইয়া জায় ঘরে আপনার * রাত গোজরিয়া জায় হইল ফজর। মির সেকার জেয়ে দিল বাদসাকে খবর * আমাকে কহিল সোন বাদসা আলম্পানা। ছওদাগর আইল এক লইয়া ছামানা বারদানা লাল তার কোত্তার গলায়। কুকুরের ঝুটা দোন এনছানে খেলায় * একথা শুনিয়া গোস্বা হইল আমার। গরদান মারিতে আমি কহিনু তাহার * এনছানে কয়েদ রাখে পিঞ্জারা ভিতর। কোত্তাকে রাখিল গিধি তক্তের উপর * কুকুরের ঝুটা খেতে দেয় এনছানেরে। সেতাবী কাটিয়া ডাল সেই কাফেরেরে * বেদিন বজ্জাত তার এমন এনছাপ। তলওার মারিয়া ছের করে দেহ ছাপ * ফিরিঙ্গির ইলচি ছিল দরবারেতে বসে। শুনিয়া আমার কথা মুচকিয়া হাসে তাহার উপরে মেরা পড়িল নজর। ছুগুনা হইনু গোস্বা ইলচির উপর * কহিনু বে আদবি করে নেকলিলে দাত। ইলচি হইয়া হাসে এতেক হেস্মত * একথা শুনিয়া ইলচি জোড় করে হাত। আলম্পানা সোন কিছু গোলামের বাত * তুমি এয়ছা বাদসা কেহ নাহি দুনিয়াতে। নাহক কারিলে কেহ না পারে টিকিতে * উজিরের কথা এতে

চাহার দরবেস,

হৈল কিনা রাছ। বন্দখানা হৈতে তারে করনা খালাছ * এছওদাগর আইল সহরে তোমার। হাল হকিকত আগে পোছনা তাহার*কোতার গলেতে কেন লাল বার দানা। কিথাতেরে দুই মদ্দে দিল বন্দখানা * এই সব ভেদ আগে সোন জাহাগির। বুঝিয়া করিবে কাম জেহয় তকছির * নাদানের কথা শুনে কৈলে এয়ছা কাম। মুল্লুকেং তেরা হইবে বদনাম * আলমপানা হৈয়া কেন এমন গজব। এই সব বাতে মুঝে হইল তাজ্জব * ইলচির মুখেতে শুনে এতেক সম্বাদ। উজিরের বাতজত হইল এয়াদ * উজিরের বেটি আর খাজে ছওদাগরে কোত্তা ও কয়েদি দোন মাঙ্গানু হুজুরে * আইল ওজিরজাদি খাজে ছওদাগর। পহেলা আইল দোহে দরবার ভিতর*উজিরের বেটি আইল লেবাছ মর্দ্দানা। আওরত বলিয়া তারে নাহি জায় জানা * দেখিয়া ছুরত তার সকলে হয়রান। সাহানা লেবাছ পোন্দা আমিরানা সান * খাঞ্চা ভরিয়া মুঝেদিল জওহেরাত। কোরনেস করিয়া খাড়া জুড়ে দোনহাত * উজালা হইল ঘর জওহেরের জোতে। ছওদাগর ছালাম করে লাগিল কহিতে * আলম্পানা ছালামত দওলত জেয়াদা। গোলামে ডাকিতে কেন ভেজিল পেয়াদা * একথা কহিয়া খাড়া রহিল ছামনে। আদব তরিক দেখে খুসি মনেং*গজব নজরে তারে পুছি এইবাত। এনছান হইয়া কর এমন বেদাত * আপন জাবার রাহে খোদ কেন খাদ। বুঝনু সয়তান হৈতে হইলে ওস্তাদ * কাহার ওম্মত তুমি কিবা তেরা দিন। কেমন মজহাব তেরা কি তেরা আইন * কাফের লোকেতে কেহ না করে এ কাম। কোন দেসে ঘর তেরা কিবা তেরা নাম * ছওদাগর কহে মুঝে সোন নামদার। আল্লাকে ওয়াহেদ জানি আমি গোনাগার * না আছে সারিক তার জমিন আছমানে। নাবির কলেমা মেরা গাথা আছে জানে * নবির আওলাদ আর জভেক আছহাব। কোরান হদিছ মানি এচারি মজহাব পেসওা এমাম আমি জানি সবাকায়। পাচ ওক্ত করি আমি নামাজ আদায় *রোমজানের রোজা রাখি মালের জাকাত। হজ করে আইনু আমি সোন নেকজাত * মোছলমানি দিনে আছি নবির ওম্মত। কুফর মোসরেক পরে হউক লানত* জেখাতেরে গোস্বা হৈলে আমার উপর। কার আগে নাহি কহি সেসব খবর * এখাতেরে দেসেং হইল বদনাম। খাজেছাগ পরস্ত বলে রাখে মেরা নাম * দুগুণা মাসুল দিতে কবুল করিনু। তবু এইভেদ বাত কারে না কহিনু * এই

সব বাত্ত জদি কহে ছওদাগর। জুগুনা হইল গোশ্বা তাহার উপর* ফেরেবের রাতে মুজে চাহ ভুলাইতে। কদাচিত তুঝে আজ না দিব জাইতে * জাবদি না ভেদ বাত্ত শুনিব তোকে। না কহিলে পেট তেরা করে দিব চাক *মোছলমান হয়ে তুমি কর এয়ছা কাম। মহা স্কাদি দিনে এতে হইবে বদনাম * এহলাম হইবে জারি মারিলে তোমায়। কেহ জেন এয়ছা কাম না করে দুনিয়ায় * ছওদাগর কহে মুজে বাদসা জাহাগির। মাফ করে দেহ জাহা আমার তকছির * জতেক দওলত মেরা জাব তুজে দিয়া। খালি তনে জাই মেরা বেটাকে লইয়া একথা শুনিয়া কহি শুনরে নাদান। আমার কবজে আছে তামাম জাহান * মালের লালচ কিবা দেখাও আমায়। না কহিলে ভেদ বাত কে ছাড়ে তোমায় * দোন আখে আছু পড়ে একথা শুনিয়া। ওজির জাদির পানে দেখে তাকাইয়া * ছওদাগর বলে শুন ফরজন্দ আমার বাদসার এনছাফে আমী হৈনু গোনাগার * কি করিব তুজে আমি শুপিব কাহায়। এতেক কহিয়া মন্দ করে হায়২ * গোশ্বা হয়ে কহি তারে সোনরে মক্করা। সেতাবি করিয়া কহ নহে জাবে মারা *একথা শুনিয়া পাও চুমিল আমার। জোড় হাতে কহে সোন বাদসা নামদার মারিতে হুকুম জদি না করিতে মোরে। কদাচিত একথা না কহিতুন কারে * মালমাত্তা জত মেরা লিতে ছেনাইয়া। তবু না কহিতুন আমি জাইতুন ভাগিয়া * জানকে চাহিয়া কিছু নাহিক পিয়ারা। এ খাতেরে কহি আমি সোন সে মাজেরা * ফরজ হইল মুজে বাচাইতে জান। আল্লার হুকুম এই কেতাবে ফরমান * মোরজি মোবারক জেয়ছা হয় জাহাগির। করিব তামাম বাত হুজুরে জাহির *আলম্পানা ছালামত আরজ আমার। কয়েদি দুজনা আন হুজুরে তোমার*তাহাদের ছামনেতে কহি জত বাত। সাজা দিও কিছু জদি কহিব তফাত পছন্দ হইল কথা শুনিয়া তাহায়। পিঞ্জারা সহিত দোন মাঙ্গান দরবার*পিঞ্জারা থাকিয়া দোহে কারিনু বাহার। ছওদাগর জেথা সেথা করিনু হাজির *

থাক্ষেছাগ পারস্তের বয়ান *

কহিল সে ছওদাগর জোড়ে দোন হাত। আলম্পানা ছালামত শুন মেরা বাত * বড়া ভাই বৈসে এই আছে ডাহিনেতে। মেজলা ভাই আছে মেরা বাও তরফেতে *দোন হৈতে ছোটা আমি পারসেতে ঘর বাপ মেরা সেই দেসে ছিল ছওদাগর*চৌদাবচ্ছর জেনহইল আমার

বাবাজান মৈল আমি হইনু লাচর * এক দিন দুই ভাই কহিল আ
মারে। বাপের জেমাল আছে লেহ হেচ্ছাকরে*একথা শুনিয়া আমি
হইনু তাজ্জব। কহ ভাই কি খাতেরে এতেক গজোব * বাপের মা
লেতে আমি নহে দাওাদার। জাহা চাহ তাহা কর তোমারা মোক্তার
বাপ মেরা গেল মরে আছ দোন ভাই। আর এয়ছা দরোদ মন্দ দুনি
য়াতে নাই*দাল খোক্কা জাহা হয় দিও মুজে খেতে। হামেসা রহিব
আমী দোহার খেদমতে * হেসাব কেতাব মেরা কিছু কাজ নাই। মা
লের মোক্তার মেরা আছ দোন ভাই * একথা শুনিয়া দোহে দিলেক
জওাব। আপনি খারাব হবে করিবে খারাব * একথা শুনিয়া আমি
হইনু পেরেসান। বুঝিনুন ভাই চেয়ে নাহি মেহেরবান * তালিম কা
রনে মুজে কহে এয়ছা বাত। ছোট ভাই হইনু তাই করে নছিহত *
ছবর করিনু আমি এতেক ভাবিয়া। বেহানে পেয়াদা এক পৌছিল
জাইয়া * কাজির নজদিগে মুজে লিয়া গেল ধরে। কহিল বাপের
মাল লেহ হেচ্ছা করে * ঘরেতে জেমন আমি কহিনু ভায়েরে। সেই
মত কহি বাত কাজির হুজুরে * দোন ভাই কহে ফের কাজির ছামনে
মিছা কিবা ছাচ্ছা কহে জানিব কেমনে *ফারখত লেখিয়া জদিদেয়
আমাদের। দাওাদার নাহি হব বাপের মালের * একথা শুনিয়া
আমি বুজিনু দেলেতে। এয়ছা বাত কহে মুজে তম্বির ছুরতে *নছি
হত করে মুজে দোন বোজরগান।কহিনুন লেখে পড়ে লেহ ভাইজান
লেখা পড়ি করে দিনু আপনার হাতে। মোকানে আইনু ফিরে দেল
খোসালতে*তারপরে রোজ এসে কহিল আমারে। ঘর ছেড়েদিয়ে
তুমি জাহনা বাহিরে*তখন বুঝিনু আমি আপনার দেলে।থাকিতে
না খোস আছে বাপের মহোলে * বাপ মেরা ছিল জবে জেত ছফ
রেতে। কত রঙ্গ চিজ এনে দিত মেরা হাতে * সকলের ছোটা আমি
করিত পেয়ার। ভাল২ চিজ দিত খাতেরে আমার * তরকোস্থান
হৈতে এক আনিয়া আওরত। বাপ মুজে দিয়াছিল করিতে খেদ
মত * আর এক দফা মুজে দিল এক ঘোড়া। তার পেটে হৈল এক
মাকুল বাছাড়া * দানা ঘাস দিয়া তারে লাগিনু পালিতে। এ সব
ছামানা লিয়া জাই সেথা হোতে * খরিদ করিনু ঘর দিয়া সব দাম
তারপরে লিনু কিনে হাসবি গোলাম * এই জে কুকুর মেরা ছিল
সাতে২ ।সেই ঘরে থাকি আমি খুসি খোসালিতে*তার পরে বাজা
রেতে করিনু দোকান। বেচাকেনা করি বসে হরেক ছামান * ওস্কেদ

রাখনু খাল আল্লার দরগায়। আল্লা জাতে রাজি কারু জোর নাহি তায় * তিন সাল গোজরিয়া জায় এয়ছা ভাতে। জমিল বহুত মাল দেখিতে২ * এর্জ্জুত হোরমত সব হইল আমার। আমির লোগের কাছে হইল এতবার *আল্লার দরগায় ভেজি সোকর হাজার। খুসি খোসালিতে বসে করি কারবার * হাবসীর দু গোলামেতে করেন খেদমত। খোসাল হইয়া আমি পড়ি এক বয়াত*এই সোলক পড়ি আমি বসিয়া২। মহাম্মদ দানেস কহে কেতাব দেখিয়া *

ধুয়া * দয়া জাদ থাকে তার, তবে মনে ভয় কার *
সবে জদি রোসে তুমি, না ডরিবে কার তর * ভূপতি হইলে বৈরী, তাহে সঙ্কা নাহি করি; প্রভু জদি কৃপা করে তবেতো পাবে নিস্তার*সহোদর বাদ সাদে তাহে প্রান নাহি কান্দে, তুমি ভিন্ন না ভাবিও ত্রান কত্তা সর্বাকার * মিত্র সত্রু হৈলে রুষ্ট তাহে প্রান আছে তুষ্ট, তব পাদ সেবে হব ভবনদি তবে পার * জগত হইলে বাদি, সিদ্দি মনে সাদি জদি, অঙ্গুল চুম্বন মোর করিবে সকলসংসার*দানেস তব দাসের দাস, এই মোর মনেআস, ওচরন রিদয়েরাখিএই বাসনা আমার *

ত্রিপদী * সোন বাদসা নামদার, করি বসে কারবার, খুসিহালে আপনার ঘরে। গোলাম আছিল মেরা, বাহারে থাকিয়া তারা,এসে কহে আমার হুজুরে * আখেতার আছু ঝরে, দেখিয়া পুছিনু তারে কেন কান্দ কহরে গোলাম। গোলাম শুনিয়া বলে, রহো তুমি খুসি হালে, একথা শুনিয়া কিবা কাম*হসর হইবে জবে, কি বলে জওাব দিবে, দেলে কিছু না কর বিচার।সুনিয়া পুছিনু তায়,কি তেরা হইল দায়, কহ মুজে সেই সমাচার *গোলাম সুনিয়া কহে, বাজারের চৌরাহে, বান্দা আছে তেরা বড়া ভাই।এহুদি ধরিয়া তারে লাঠী সোটা কোড়া মারে, নানা রুপে করেন সাজাই * এহুদি কহেন তারে, মারিতে২ তোরে, ভেজে আজি দিব জমঘরে।নহেত সেতাব করে, দেহ মেরা টাকা ফিরে,সুনে আইনু এয়ছাই খবর*আরামে রহিলে হেথা ভাই তেরা মরে সেথা, কেমনে দেখাবে লোগে মুখ। সরোম না হবে তেরা, বড়া ভাই জায় মারা, রাহি লোগে দেখে ভাবে দুখ *সুনিয়া উড়িল হোস, লহু মেরা হোল জোস, পাওলাঙ্গা চলিনু বাজার। জেমোন সুনিনু হেথা জাইতে দেখিনু সেথা, পুছি সবে একি;সমাচার * থোরেক ছবর কর, কেন ওছে মার ধরো, রাস্ত কহ আমার

খাতির। স্নুনিয়া এহুদী বলে, দয়া জদি কৈলে গেলে, টাকা এনে কর না হাজির * কহি সেই এহুদিরে, কত খারে কহ মোরে, খত লেখা দেখাও আমায়।এহুদি কহেন বাত,কাছারিতে আছে খত,দেখগিয়া দেল জদি চায় * এহুদির কথা সুনে, এক হাজার টাকা গুনে, দিনু দোন গোলামের ছেরে। ভেজে দিনু খাড়াং, লইয়া টাকার তোড়া, ছাড়াইয়া আনিনু ভায়েরে *দেখিয়া ভায়ের হাল, হাত নোক ছেরে বাল, হৈয়া আছে মরন সমান। জাইয়া হাম্মাম বিচে, গোছল দিয়া আঙ্গ মুছে, জানে কিছু পাইল আরাম *সাহানা লেবাছ দিয়া, রাখি বোহে সেওাজিয়া, হামেহাল রহিনু খেদমতে।আগে কার জত বাত না কহি ভায়ের সাত,ভাই মেরা মরিবে লজ্জাতে*সোন বাদসানাম দার, এই সব সমাচার, পোছ মেরা দোন বেরাদরে। সত্তি কিবা কহি নিছে, দেখ সাহা আগে পুছে, দোন ভাই আছেন হুজুরে*এয়ছা কত দিন জায়, এক রোজ গোহাকায়, কহি সোন দোন বেরাদার।এই জে সহর মাঝে, দুনিয়ার কাম কাজে; ভুজে কেহ না করে এতবার*মাল আহাব লিয়া,দোছরা সহরে গিয়া,কর ভাই ছওদাগরি কাম।বোঝা ইয়া কহি দোহে, খামোস হইয়া রহে, দিনু কিনে জত ছরঞ্জাম * বুঝিনু আপনা দেলে, সরমেতে নাহি বলে, মালুম করিয়া এই বাত। ছওদাগর ছিল জারা, ছফরেতে জায় তারা, দিনু ভেজে তাহাদের সাত *জতেক ছামানা লিয়া, বোখারা সহর গিয়া, এক মাস রহিল সেথায়। ছওদাগরি কাম করে, জত ছওদাগর ফিরে, আইল সবে আপন ডেরায় * এই দুই ভাই মেরা, ফিরে না আইল এরা, পুছি আমি জত ছওদাগরে। কেহ কিছু নাহি বলে, পেরেসান হৈনু দেলে, ভাই কেন না আইল ঘরে * এক ছওদাগর সাত, কহিয়া নরম বাত, পুছি তাহে ভায়ের খবর। কছোম দিনু তারে, তবে সে কহিল মোরে, আছে দোন বোখরা সহোর * এক জনা খুসিহালে, জাইয়া সে জুয়া খেলে, খোয়াইল তাতে জত মাল। জুয়া খেলা লেপে পোছে, জুয়া ওালা জত আছে, দেয় কিছু দেখিয়া কাঙ্গাল * জতেক খেলোওার হার, তাহাদের খেদমত গার, হৈয়া আছে তেরা বড়া ভাই।আর এক ভাই জেয়ে, ভাঙ্গি বাচ্ছাকে পেয়ে, তার সাতে করিল আসনাই * খোওাইল জত মাল, তার হলো সেই হাল, ভাঙ্গ ঘুটে দেয় ভাঙ্গি লোগে।সরোম পাইবে বলে, কেহনা তোমাকে বলে, এই বাত কহে মেরা আগে*এসব খবর সুনে, সাত পাচ ভেবে গুনে, কিছু আর না

পাই উপায়। দেলেতে পাইয়া বেথা, আপনি চলিনু সেথা, কতদিনে গেনু বোখারায় * বহুত ঢুড়িয়া রাহে, আখেরে পাইনু দোহে, লিয়া আইনু কেরায়া মকানে। হাম্মামে গোছলদিয়া, লেবাছ পোসাগলিয়া পেন্দাইনু আপনা ছামনে * কোন কথা না পুছিনু, মাল আছবাব লিনু, খরিদ করিয়া সেথা ফের। দোন ভাই সাতে করে, ফিরে আমি আস ঘরে, সেথা আর না করিনু দের * জাইতে সহর বিচে, থোড়া দুর বাকি আছে, রাহা বিচে করিনু মছলত। আগে আমি চলে জাই পিছে তোমরা আইস ভাই, তবে তেরা বাচিবে হোরমত * সহরে পৌছিবে জবে, নাকারা করিবে তবে, সবাকারে হইবে খবর। ফলা নার ভাই আইল, ছফরেতে গিয়াছিল, ফিরে আইল আপনা সহর অনেক মছলত করে, চুপেং আইনু ঘরে, মালুম করিতে কেহ নারে সহর করিনু দেশে, ভাই মেরা ফিরে আইসে, আগে বাড়াইতে হবে মোরে * এইরূপে কহি বাত, গোজরিয়া গেল রাত, বেহানেতে হইনু তৈয়ার। আগু বাড়াইতে জাই, আওয়াজ শুনিতে পাই, বাহিরেতে করে সোরসার * দেখিনু বাহিরে জেয়ে, একমর্দ্দ খাড়া হয়ে, কান্দে সেহ হয়ে জার জার। পুছিনু তাহারে আমি, কোথা হোতে আইলে তুমি, কি কাম কেমন সমাচার * কহিল সে মর্দ্দ মোরে, তোমার ভায়ের তরে, লোটা গেল আমার মকান। শুনিয়া এছাই বাত, পুছি তাহে হকিকত, কহ তুমি করিয়া বয়ান * কহিল আসিয়া দোহে, আমার মকানে রহে, রাত কালে পাড়ল ডাকাত। তাদের সকল লিল ঘর মেরা লোঠা গেল, ভাবি আমি শুনি এইবাত * পুছিনু ভায়ের কথা, সে কহে রহিল সেথা, ভুকা লাঙ্গা হইয়া কাতর। শুনিয়া আপনি গেনু, কাপড় পরিতে দিনু, আনি দোহে সহর ভিতরে * সহরের লোগ জত, তামাসা দেখিতে কত, আইল সব কাতারে কাতার। ছাপাইয়া রাখি ঘরে, দেখিতে না দিই কারে, সরমেন্দা হইয়া বেরাদর * মহাম্মদ দানেস বলে, নেকি কৈলে নেকি ফলে, বদি কৈলে বদি তারে খায়। কুড়া খোদে মরিবারে, আপনি সে পোড়ে মরে, এয়ছা কত দেখিনু দুনিয়ায় *

খাজে ছওদাগরকে দরিয়ায় ডালিবার বয়ান।

পয়ার। এই রূপে তিন মাস জায় গোজারিয়া। দুই ভায়ে কহি আমি ছামনে ডাকিয়া * বেকারের হালে দোহে আছ পেরেসান। কামেতে কোমর বান্দ খুসি হবে জান * তোমার নছিবে বুরা দেখিনু

বুঝিয়া। মেরা সাত্তে সফরেতে জাইব লইয়া * এতেক কহিয়া চিজ। করিনু তৈয়ার। কিস্তির উপরে গিয়া হইনু ছওার * কোত্তাকে ছাড়িয়া আমি গেনু জাহাজেতে। কুকুর দেখিয়া ঝাপ দিলেক পানিতে কুকুরের হাল আমি নজরে দেখিয়া। সেতাবি করিয়া ডিঙ্গা দিনু পাঠাইয়া *জাহাজ উপরে কোত্তা ওঠাইয়া দিল। বাদওান খেচিতে কিস্তি হাওাতে চলিল*এইরূপে একমাস গোজারিয়া জায়। দেখনা কি হাল মুঝে করেন খোদায়*আমার লেঙড়ি ছিল ছুরত জামাল। মেজলা ভাই দেখে করে আসক খেয়াল*আসক হইল তার দেখিয়া ছুরত। বড়া ভাই আগে গিয়া কহে এই বাত * ছোট ভাই হরবাতে করিল সরমেন্দা॥ জিতা জানে দোন ভাই হয়ে আছি মোর্দা * বড়া হৈয়া ছোট ভায়ের তাবেদারি করা। বাপ হৈয়া হোনু মোরা গিধড়ের পারা * বড় বলে রাস্ত বটে জে কিছু কহিলে। কোন রূপে মেরে ওছে রহিব খোসালে*মারিবার হেকমত কিছু কর বেরাদর।তামাম মালের মোরা হইব মোক্তার* মারিবার তরে মোরে করিল ফিকির কাবুতে না পায় দোহে ছিল দেলগির * এক রোজ শুয়ে ছিনু আ-রাম করিয়া। হাত পাও দাবে সেই আওরত আসিয়া * হেনকালে মেজলা ভাই আসিয়া জাগায়। চওকিয়া উঠে আমি পুছিনু তাহায় কহিল তামাসা কিছু দেখাব তোমায়। সেতাবি করিয়া তুমি আই সহ হেথায় * একথা শুনিয়া আমি গেনু দৌড়াইয়া। বড়া ভাই দরিয়াতে আছে তাকাইয়া* জাহাজের কেনারেতে পানির ভিতর। কহে মুঝে বড়া ভাই করিতে নজর * দরিয়ার মানুস এক এই দরিয়াতে। এই ঘড়ি উঠেছিল নাচিতে কুদিতে* একহাতে মতি তার করে বড়া নাচ। আর হাতে মুক্ত আর জওাহেরের গাছ * ঘড়ি২ এসে নাচে দেখিতে সুন্দর। একথা শুনিয়া খুব করিনু নজর * নেঘাও করিয়া দেখি না পাই দেখিতে। মেজলা ভাই ধাক্যা মারে পিছন হইতে * আচম্বিতে এয়ছা ধাক্যা মারিল জোরেতে। সামালিতে না পারিনু গিরিনু পানিতে * আকু পাকু করি আমি উঠিবারে চাই। দেখিয়া আমার হাল হাসে দুই ভাই * কান্দিয়া কহিনু আমি হোয়ে জারে জার। ওঠাইয়া লেহ ভাই দোহাই আল্লার* দরিয়ার মৌজায় মুঝে খেচে লিয়া জায়। ওজুদে না মেলে জোর করি হায়২ * এয়ছা সে পানির তোড় ছেরের উপর। হেলিবার তাব নাই হইনু কাতর * আল্লাকে এয়াদ আমী কল্লীনু দেলেতে। হেনকালে কীছু জেনো

ঠেকিল হাতেতে * আখি খুলে চেয়ে দেখি করিয়া নজর। দেখিনু কুকুর আইল ছামনেতেমোর*দরিয়াতে মুঝেজরে দিলেক ডালিয়া কুকুর সে হাল দেখে পড়িল কুদিয়া * ধরিনু কোত্তার দুম মজবুত করিয়া। আমারে লইয়া কোত্তা জায় পাঙরিয়া*সাতরাত সাতদিন ভাসি দরিয়ায়। তারপরে মুঝে লিয়া তোলে কেনারায়* একরোজ থাকি সেথা বেহোসহইয়া। কোত্তার আওাজকানে পৌছিল জাইয়া সোকরানা ভেজিনু আমি দরগাতে আল্লার। চারিদিগে চেয়ে দেখি হইয়া হুসিয়ার * নজর করিয়া এক দেখিনু সহর। জাইতে এরাদা কার গায়েনাহি জোর* দুই চার পাঙ এয়ছা লাগিনু চলিতে। রাত দিন চলে গেনু সেই সহরেতে * রাত গোজরিয়া গেল হইল ফজর। জাইয়া পৌছিনু এক বাজার ভিতর*নানবাই হালওাই জত খুলিয়া দোকান। বেচা কেনা করে বৈসে জতেকছাগান* ভোকে মেরা পেট জলে দেল চায় খেতে।দেলে২ ভাবিফের কড়ি নাই হাতে*চাহিতে সরম হয় চাহব কেমনে। থাকিতে না পারি ফের চালনু দোকানে*. সরম হইল মুঝে চাহিতে না পারি। ছবুরি করিয়া আমি সেথাহতে ফিরি * পেটেতে আগুন মোর লাগিল জলিতে। থামিতে না পারি ফের গেনু দোকানেতে*সরম থাতেরে সেথা কিছু নাইচাই। সেথান হইতে ফের কত দুর জাই * আখেতে না সোজে মোর গায়ে নাহি তাব। কলেজা জলিয়া মোর হইল কাবাব*শুইয়া রহিনু একগাছের তলায়। দেখিনু দুইমর্দ্দ সেথা হৈতে জায়*সাহানালেবাছ পেন্দা আমিরানা সান। হাত ধরাধরি জায়দুজন জওান * আপনা দেসের লোগ বুঝিনু এয়ছাই। নেঘাও করিয়া দেখি মেরা দোন ভাই *বড়ই খোসাল দেল হইল আমার। আল্লার দরগায় ভেজি সোকরানা হাজার * দোন ভাই সাতে মেরা হোল মোলাকাত। বারেক কাহার কাছে না বাড়ান হাত * ভায়ের নজদিগে গিয়া ছালাম করিনু। জাইয়া বড়ার হাত চুমিতে লাগিনু* বড়া ভাই দেখে মুঝে করে সোর সার। মেজলা ভাই চড় মারে মুখেতে আমার * কাতর হইয়া ধরি বড় ভায়ের হাত। বড়া ভাই ফেলে দিল মেরে এক লাথ* ইউছফের ভাই জেয়ছা কৈল ইউছফেরে। সেই মত সাজা এরাদিলেক আমারে আমি বলিভাই আইল বাচিল হোরমত। ভাইবলে আজ তুমি আছ ছালামত * ভোকেতে কলেজা জলে জোর নাহি গায়। দোন ভাই

মারে মুজে করি হায়২ * জমিল বহুত লোগ তামাসা দেখতো সে খিয়া আমার হাল লাগিল পুছিতে* এমন লাড়কায় তোমরা মার কি খাতির। এই দোন ভাই মেরা দেখায় তকছির *আমার ভায়ের এই খরিদা গোলাম। তাহারে মারিয়া মাল লুটিয়া তামাম * এই হারামজাদ তারে দারয়ায় ডালিয়া। তামাম আছবাব লিয়া আইল ভাগিয়া * তল্লাস করিয়া মোরা ফিরি দেসে২। এত দিন বাদে মোরা পাইনু এ দেসে * লোগের ছামনে মুঝে কহিল এয়ছাই। জালেম জাল্লাদ তুমি মার মেরা ভাই* বেওফাই করগিথি সোনরে গোলাম। নেমক খাইয়া কর নেমক হারাম * আপনা ঘরের তুঝে করিল মোক্তার। এ খাতেরে এয়ছা কাম করয়ে গাঙার * ফজিহত করে মুঝেকরিয়া মক্কার। ভায়ের লাগিয়া ফেরকান্দিল বিস্তর *তোমারে মারিয়া আজ লিব ভায়ের দাদ। দেলে না করিবে আর বাচিবার সাধ * হাকিমের লোক এক পৌছিল আসিয়া। গোস্বা হৈয়া কহে এছে মার কিলাগিয়া * হাতপাকড়িয়া মুঝে হাকিমের লোগে লইয়া চলিয়া গেল কোতওালের আগে * সাতে২ গেল মেরা ঐ দোন ভাই। কোতওালের আগে এরা কহিল তেয়ছাই * ঘুস রেসওত কিছু দিল কোতওালেরে। কোতওাল রেসবত পেয়ে সেহগেল ফিরে * হাজের করিল মুজে হাকিমের কাছে। হাকিম শুনিয়া বাত মুজে ফের পোছে * সে সমায় ছিনু আমি বড়া পেরেসান। ওজুদের বিচে খালি বাকি ছিল জান* দরিয়াতে পড়ে একে নাহি ছিলজোর দোছরা ভোকেতে আমি আছিনু কাতর * তেছরা আমার পরে মারে বড়া মার। বাত নাহি সরে মুখে হইনু লাচার*ছের নিচেকরে থাকি গালে দিয়া হাত। হাকিম দেলের বিচে জানিল নেহাত* আমার জোলুম সেহ কারল মালুম। শুলে চড়াইতে মুজে করিলহুকুম একথাশুনিয়ামুঝে ধরিলজাল্লাদ।বিপাক দেখিয়াকরিআল্লাকেএয়াদ

খাজে ছওদাগরকে শুলি দিবার বয়ান।

পয়ার * সোন আল্লা পরওার মালেক সবার। বেতকছিরে মারা জায় বান্দা জে তোমার * আফছোছ করিতে কেহ নাহিক দুনিয়ায় ভাই হয়ে হোলো বৈরি নছিব বুরায় * জার২ হোনু আমি এতেক ভাবিয়া। আমার তরফে কেহ না দেখে চাহিয়া * চড় ঘুসা মারে কেহ কেহ মারে লাত। রেসওত খাইয়া সবে কহে কড়া বাত * গোতলাম হইয়া মি কর এয়ছা কাম। ছাহেব মারিয়া লুটে লেহ সবদাম

দেশে না করিবে আর বাচিবার সাধ। এতেক কহিয়া লিয়া চলিল জাল্লাদ * হাতে পায় ধরি আমি তাহা সবাকার। তবু কেহ২ মুখ পানে না চাহে আমার * এই দুই ভাই তেরা হজুরে হাজির। ঝুট বাত কিবা ছাচ্ছা পোহে জাহাগির * এহুদির হাত হোতে ছাড়ানু ভায়েরে। তালাস করিনু গিয়া বোথারা সহরে * লুটিয়া লইল্ল রাহে আসিতে ডাকাত। ফিরে আসী লিয়া জাই আপনার সাত * আদায় করিল সেথা সেই সব ধার। আপনি রুমের বাদসা করিবে বিচার * জানের দুসমন মেরা এই দোন ভাই। এত দুক্ষ পেয়ে দিই এতেক সাজাই * তাহা বাদে সোন বাদসা খারাবি আমার। ওম্মেদ রাখিনু খালি দরগাতে আল্লার * তুমি আল্লা মার জাদ তবে জাই মারা। তোমা বিনে হেথা সেথা নাহি মোর চারা * এলাহি বান্দার পরে করিল মদত। আপনা কোদরতে কিছু দেখায় হেকমত * বাদসার কলেজা বিচে হইল বীমার। হাকিম নজুম করে তদবির তাহার * দারুপানি করে জত না মেলে আরাম। ভাবীতে লাগিল সবে করী কোন কাম * এক পির মর্দ্দ বসে আছিল দরবারে। কহিতে লাগিল জেয়ে বাদসার হজুরে * গরিব মিছকিনে কিছু দেহনা খয়রাত। বন্দওান ছাড়িয়া দেহ হইবে সাফাত * একথা শুনীয়া বাদসা করিল ফরমান সেতাবি ছাড়িয়া দেহ জতেক বন্দওান * আরকত মাল দিল খয়রাত করিয়া। কয়েদি সবাকে দিল খালাছ করিয়া * এক মর্দ্দ ময়দানেতে শুনে সোর সার। ঘোড়া কোদাইয়া আইল নিকটে আমার * সেই ওক্তে শুলে মুজে চড়াইতে ছিল। দেখিয়া সে মর্দ্দ মুজে ছেনাইয়া লিল গজব করিয়া কহে তাহা সবাকারে। এয়ছা ওক্তে দেহ এছে শুলির উপরে * বাদসা বেহালে আছে নাহি জানে ভেদ। খালাছ করীয়া দিল জে ছিল কয়েদ * এতেক কহিয়া মুজে দিলেক ছাড়িয়া। সোকরানা ভেজিনু আমি খালাছ পাইয়া *

### খাজেছাগ পরস্তকে কুঙায় ডালিবার বয়ান।

পয়ার * কোতওালের কাছে ফের দোন ভাই গেল। হাল হকিকত মেরা সকলি কহিল * রেসওত খাইয়া তারা কহে এই বাত। খাতেরজমা রহ দোন না কর দহসত * এমন কয়েদ এবে করিব ওহারে। খোরাক বিহনে মর্দ্দ ঠাএ জাবে মরে * এতেক কহীয়া এসে ধরিল আমায়। বিপাক জানিয়া আমি করি হায়২ * কোসভর জায় ফের সহর থাকিয়া। পাহাড় উপরে মুজে চলিল লইয়া * সেই পাহা

ড়ের কথা সুন নামদার। ছোলেমান ছিল জবে পেগম্বার তার * দেও
সব সেই ওক্তে খুদে ছিল গার। বড়া তঙ্গ কুঙা সেই ভিতরে আন্ধার
জেন্দান ছোলেমানি নাম আছিল কুঙার। ডালিত গজব জারে হইত
বাদসার * রাতকালে সেইখানে লিয়া মুজে জায়। কোতওাল ধরিয়া
মুজে ডালিল তাহায় * জখন ডালিল মুজে কুঙার ভিতর। মালুম
না ছিল মুজে সেসব খবর * কতক্ষন বাদে হোস হইল আমার।
দেলে ভাবি বুজি আমি হইনু মোরদার * তেই বুঝি গোরস্থানে ক
রিল দফন। তার বিচে শুনি কথা কহে দুইজন * আপনা দেলেতে
আমি ভাবিনু নেহাত। মনকের নকির বুজি এসে কহে বাত * আমায়
আইল বুঝি পুছিতে ছওাল। এয়ছাই দেলের বিচে কারিনু খেয়াল *
নেয়াও করিয়া ফের লাগিনু সুনিতে। হাতারিয়া ফিরি কিছু নাপাই
দেখিতে * এয়ছাই মালুম ফের হইল আমায়। জেন কেহ চাল চেনা
বসিয়া চিবায় * পুছিনু তাহারে শুন বান্দা জে খোদার। কে তুমি
কহিবে রাস্ত ওাস্তে আল্লার * কহিল সে মর্দ্দ মুজে আমিত বন্দওান
ছোলেমানি কুঙা এই নামেতে জেন্দান * পুছিনু তাহারে ফের সোন
বেরাদর। মরিনু কি বেচে আছি কহ সমাচার * একথা শুনিয়া মর্দ্দ
হাসিয়া হয়রান। কহিল ধড়ের বিচে আছে তেরা জান * আজ কাল
বিচে ভাই জাবে তুমি মরে। একথা শুনিয়া ফের কহিনু তাহারে *
কি তুমি খেতেছ মুজে দেহ থোড়া খাই। শুনিয়া গজব করে দিলেক
থোড়াই * দেখিনুন জও থোড়া দিল মুজে খাইতে। সোকরানা জে
জিয়া জও লাগিনু চেবাতে * কুঙার ভিতরে আমি রহিনু পাড়িয়া।
এইরুপে সাত রোজ জায় গোজরিয়া * দরিয়াতে পড়ে আমি সেই
হোতে ভুকা। সাত২ তিন সাত করে দেখ লেখা * মরিবার হাল হনু
নাকেতে নিস্বাস। দেলে থেকে উঠে গেল বাচিবার আস * কোনঘাড়ি
জান মেরা হইবে বাহের। পড়ে করি দেলে দেলে আল্লার জেকের *
কখন২ দেখি দুই পহররাতে। রোমালেতে রুটিবেন্দে ডালিল কুঙাতে
এক ছোরাই পানি দিত রসিতে বান্দিয়া। সেই দুই মর্দ্দ খাইত খো
সাল হইয়া * এই জে কুকুর মেরা ছিল সাতে২। রাতজোগে রুটি
দিতে পাইল দেখিতে * উপরে থাকিয়া কুত্তা দেখিল তামাম।
দেলে২ ভাবে কোত্তা কারি কোনকাম * আমার মনিব এই রয়েছে জে
স্থানে। কোনরুপে রুটি পানি ভেজিব এখানে * এতেক ভাবিয়া গেল
সহর ভিতর। নানাবায়ের দোকানেতে করিল নজর * কোরছ বুঝিয়া

রুটিমুখে করে নিল।সেখান হইতে কোত্তা ভাগিয়াআইল*পিছে২
খেদাড়িয়া জায় দোকানদার ।আখেরে ফিরিয়া গেল হইয়া লাচার*
কত লোগ ঢিলা মারে বলে ডুর২ । তবু না ছাড়িল রুটি অবোলা
কুকুর * সহরের কোত্তা দেখে জায় খে াড়িয়া । হামলা করে রোকে
ডরে জায় পলাইয়া * তারা সবে ফিরে গেল হইয়া হয়রান । রুটি
লইয়া আইল জেখানে জেন্দান * কুওাতে ডালিয়া রুটী লাগিল ডা
কিতে। কোত্তার আওাজ মেরা পোঁছিল কানেতে * ছামনে গিরিল
রুটী লিনু ওঠাইয়া। কুকুর চলিল ফের পানির লাগিয়া * এক বুড়ি
ছিল এক বস্তির কেনারে। কুকুর পোঁছিল তার ঝাপড়ির দুয়ারে *
চরখা পিওনি বুড়ি করেন বসিয়া। ঘরেতে কুকুর দেখে পোঁছিল
আসিয়া * ঘরের দুয়ারে গিয়ে চারি দিগে তাকে। দেখিল পানির
ঘড়া আছিলসুমুখে*আছিল পানিরলোটাচালেওঠাইতে।কোত্তাকে
দেখিয়া বুড়ি লাগিল হাকিতে*ঘড়ার উপরে কোত্তা গিরিল জাইয়া
তখন পানির ঘড়া গেল জে টুটীয়া*মারিতে চলিল বুড়ি লাঠি লিয়া
হাতে। দেখিয়া কুকু গেরে বুড়ির পায়েতে*চারিদিগে ঘোরেভার
ছুম হেলাইয়া।পাহাড় তরফে ফের জায় দৌড়াইয়া*ফিরিয়া আসিয়া
ফের গেরে তার পায় । পানির লোটার কাছে ঘুরিয়া বেড়ায়*কখন
পানির লোটা ধরে জেয়ে দাতে।কখন পায়েতে মুখ লাগেন ঘসিতে
কখন আচল তার দাতেতে ধরিয়া। পানির ঘড়ার কাছে লেজায় খে
চিয়া *বুড়ির দেলেতে দদ্দ দিলেক রহমান ।কুকুরেরহাল দেখে বুড়ি
পেরেসান* লোটাতে বান্দিয়া রসি পানি ওঠাইল ।কুকুরের সাতে২
পাহাড়ে চলিল*বুড়ির আচল কোত্তা ধরিয়া দাতেতে ।আগে২ চলে
জায় সেই পাহাড়েতে *কুওার কেনারে গিয়া হইল হাজির । দেখায়
এসারা করে বুড়ির খাতের*ভিতরে ডালিল রসিলোটাতে বান্দিয়া
রুটি খেয়েপানিপিনু খোসাল হইয়া*রুটিপানিখেয়েকিছু গায়েহৈল
জোর ।আল্লার দরগায়ভেজিহাজারসোকর*রোজ২ রুটি এনেখেলায়
আমায় ।বুড়ির মারফতে পানি হামেসা পেলায়*রোজ২ রুটি আনে
দোকান হইতে। দেখিয়া দোকানি সব লাগিল কহিতে * জখন এ
কোত্তা এসে বাজারে পোঁছিবে। একরোজ এক রুটি বারি মত দিবে
নহেত্ত কোত্তার সাতে আটা নাহি জায় ।এইরূপ রুটি তারা হামেসা
জোগায়*বুড়ি জদি হিলাছাজি করে পানি দিতে । তখন কুকুর জায়
বাসন ভুড়িতে *দেলেতে দহসত পেয়ে দেয় রোজ পানি ।খোসাল

হইল দেল ঘুচে পেরেসানি * এইরূপে ছয়মাস জায় গোজরিয়া । ছুরত
মুরত মেরা গেল বেগড়িয়া * দুনিয়ার হাওা মেরা নাহি লাগে গায়
জেন্দানের বিচে পড়ে করি হায়২ * একরোজ রাতকালে আছিনু ব
সিয়া । সেই দুই মর্দ্দ তারা আছিল শুইয়া * নিন্দের খোমারে তারা
ছিল অচেতন।আল্লাকে এয়াদ আমি করি মনেমন * এলাহি আলমিন
আল্লা ওঠাও আমারে । সহিতে না পারি দুখ নহে ড.ল মেরে * এই
বাত কহিআরকান্দিজারেজার।দেখিনু তাহারবিচেকোদরতআল্লার
আল্লার কোদরত কিছু পাইনু দেখিতে।উপরে থাকিয়া রসি গিরিল
নিচেতে * আওাজ সুনিনু এক কুঙার ভিতর ।মজবুত করিয়া তুমিধর
এইডোর * একথা সুনিয়া আমি বুঝনু এয়ছাই ।ওঠাইতে আইলএই
মেরা দোন ভাই * নহে কে আসিবে হেথা কেবা আছে আর।সেইরসি
লিয়া বান্দি কোমরে আমার *দোনহাতে ধরি আমি মজবুত করিয়া
জেন্দান হইতে মুজে লিলেক খেচিয়া * উপরে আসিয়া দেখি বড়ই
আন্ধার ।দেখিতে নাপাই আমি তাহার দিদার * কুঙাহৈতে জেইজনা
ওঠাইল মোরে।কহিতে লাগিল সেহ আমারখাতেরে * সেতাব আমি
সহ চলে নাহি সহে দের । কেহ জদি দেখে তবে না বাচিবে ফের * স
নিয়া দৌড়িয়া জাই উঠতে পড়িতে।ওজুদে না মেলে জোর নাপারি
চলিতে * পাহাড়ের নিচে জবে পৌছিনু জাইয়া।জিনবান্দা দুইঘোড়া
দেখিনু জাইয়া * একঘোড়া পরে সেহ আপনি চড়িল । দোছরা ঘো
ড়ার মুজে চড়িতে কহিল * ছওার হইয়া দোহে ঘোড়ার উপরে । জা
ইয়া পৌছিনু এক দরিয়া কেনারে * দশবার কোসআইনু ছাড়িয়াসহর
রাত গোজরিয়া গেল হইল ফজর * মেহনত করিয়া জেবা ওঠাইল
মোরে।ঘোড়ায় ছওার করে আনেএত দুরে * ঘোড়া কোদাইয়া আইল
নিকটে আমার। খেচিল আমার পরে মারিতে তলওার * ঘোড়ায়
থাকিয়া আমি গিরিনু জমিনে। জোড়হাতে খাড়া হৈনু তাহার ছা
মনে * কহিনু তাহারে আমি সোন মেহেরবান । এতদুখ হৈতে মুঝে
করিলে আছান * ভালাই করিয়া ফের কেন কর বুরা ।বোকরি গিধড়ে
ধরে হৈল সেই ধারা * গিধড়ে ধরিল বকরি খাইবার তরে । ছাড়াইয়া
একমর্দ্দ জবে করে তারে * সেইহাল কর ভাই কীসের খাতির ।কোন
বাতে পাইলে তুমী আমার তকছির * নাহক করীয়া মুজে ডালিল
কুঙায় ।মেহের করীয়া তুমি ওঠাইলে আমায় * ফের তুমি মার মুঝে
কেমন বিচার । এতেক সুনিয়া হৈল রহোম তাহার * পুছীল আমারে

তুমি আইলে কোথাহৈতে। কেবা তুঝে ডালিলেক জেন্দান বিচেতে একথা শুনিয়া আমি কহিনু তামাম। নিমরোজে ঘরছিল খাজেনেরা নাম * ছওদাগরজাদা আমিকরিছওদাগরি।নছিবেরগুনে আমিদেশেং ফিরি * ভায়ের আহওাল সব করিনু বয়ান। শুনিয়া আমার দুক্ষহৈল পেরেসান * আফছোছ করিয়াকান্দে আমার খাতির। তাহার দুক্ষের কথা করিলজাহির * মহাআহ্লাদ দানেসবলেশুনছওদাগর।মনদিয়াসোন কিছু বিবির খবর * জেবরাদের রাজার কন্যার দুক্ষের বিবরন।

ত্রিপদী * তোমার দুক্ষের কথা,সকলি কহিলে হেথা,সোন বলি আমার উদ্দেশ। মনদিয়া সোন তুমি, রাজার কুওারি আমি, জেরবাদ নামে ঐ দেস * ঐজে জেন্দান বিচে,জেজন কয়েদ আছে, পিতার পা ত্রের হয় পুত্র। নাম ওর বাহারমন্দ, জানে নানা রঙ্গ ভঙ্গ, সর্ব্ব সাস্ত্র সিখে হৈল গুরু * একদিন মহারাজ, তেজিয়া সে রাজ্যকাজ, পাত্র মিত্র সবার সহিত। কতসাধ, পুত্রগন,আনন্দিত হৈয়া মন, একমাঠে হৈল উপনীত * নানা অলঙ্কার পরে,সকলে কৌতুককরে,কেহআনে, করে কোরেবাসী। চুওা ও চন্দন অঙ্গে, নানা রঙ্গ ফুল সোঙ্গে, জেন সবে পন্নিমের সসী * কেহুবা চড়িয়া ঘোড়া, পিঠে ঢাল হস্তে খাড়া কেহু আইল হস্তির উপর। কেহ মারে মালসাট কেহুকরে গীত নাট আনন্দের কিছু নাহিওর * কেহুবা পরিয়াখাসা,বসিয়া খেলায় পাসা কেহং খেলেন চৌগান। জার জত কত সাদ্দি, দেখাইল বিদ্যা বুদ্ধি, জার ঘটে জত ছিল জ্ঞান * মাতা মোরে সাতেলিয়া,বাহির দালানে গিয়া,গোপনে তামাসা দেখে বসে। সখীগণ ছিলসাতে,হাসিখেলি কৌতুকেতে,মন মগন হয়েগেল রসে * দেওান কুওারে দেখে,সরহেন লাগে বুকে, বিরহেতে হইনু কাতর। জতেক সাধুর বালা, নানারঙ্গে করে খেলা, সবা হইতে স্বরূপ শুন্দর * দেখেমোর পোড়েমন, পল কেতে অচেতন,ভেবেকিছু নাহি পাই দিসে। দাসীকে কহিনু আসি, এনে দেহ ঐ সসী, অশ্বপরে আছে জেবা বসে * দাসীকেসীরপা দিয়া নানামতে বুঝাইয়া,গোপনে আনিতে কহি তারে। সেরপা পাইয়া দাসী, অন্তরে হইয়া খুসি, এনেদিল দেওান কুমারে * কুমারে পাইনু জদি,তরঙ্গ বহিল নদী, উথলিলপ্রেমের সাগরে।দোহেমিলে একস্তরে সয়ন মন্দির ঘরে, থাকি মোরা আনন্দ অন্তরে * একদিন গোপনেতে, বসে দোহে কৌতুকেতে, বাক্যছলেকরি পরিহাস।কোটালে দেখিতে পেয়ে, রাজারে কহিল গিয়ে,শুনেরাজা বলে সর্ব্বনাশ * ক্রোধেকেহে

কোটালেরে, পলোকে আনিয়া ধরে, কেটে ফেল সত্ত তাহার॥ সভাসদগণ শুনে,প্রমাদ গুনিয়া মনে,প্রাণরক্ষা করাইল তার॥সেসে হৈল এইজুক্তি,কুঙাতে ফেলিয়া সাস্তি,কর ওরে শুন মহারাজ। শুনে রাজা দিল সায়,ইন্দেরাতে ফেল তায়,পিতা মোর করে এই কাজ॥ করে সেই রজনীতে, ভাগনা তার ছিল সাতে, চোর সঙ্গে হেয়াগেল চোর। হইল বচ্ছর তিন,অন্নবিনে তনুক্ষীণ, সেই সোগে হইল কাতর এই দুক্ষ হৈল মনে, ধরে এই দুইজনে, সাস্তি দেয় না করে বিচার। কোন সোগ নাহি জানি,থাকি চিরবিরোহিনী, দোস ঘাট না বুঝিল তার॥শুনে তার মধুরবাণী,বেকুল হইল প্রাণী,মনদগধ হইনু বিকল বন্ধি হৈনু গিয়ান ফাঁদে,পরান সদত কান্দে, একারনে তেগিনু অন্ন জল॥ কালানিসী অবসেসে, আমার সিওরে বসে, দেখাইল এমান স্বপন। শীঘ্র গিয়া ইন্দেরাতে, দড়ি ফেলে ভিতরেতে, তোলেকন্যা পাত্রের নন্দন॥ মুকুতা মাণক লিয়া, কুঙারের সঙ্গে গিয়া, জাবে চড়ে অশ্বের উপর। বিলম্ব না কর সেথা, এত বলে গেল কোথা, নীদ ভঙ্গ হয়ে গেল মোর॥দিষ্টি করি চারি পানে, কেহনাহি কোনখানে, ভেবে কিছু নাহিপাই দিসে। সরন হইল ফের,তিলেক না করি দের, গেনু সেথা কুঙারেরবেসে॥বিধাতা হইলসথা,লল্লাটেতোমায়লেখা ভাগ্যগুনে হইলে উদ্ধার। জাথাকে আমার ভাগ্যে,তোমার পাইলে আজ্ঞে, দিই কিছু করিতে আহার॥পুরি কুচুরী খই, লুচি চিনী মণ্ডা দই, সন্দেস জিলিপী মতীচুর।কতভাজি কতঝোল,ডালনা ঘণ্টঅম্বল ঘৃত দিয়া ভাজিল ডম্বুর॥ দয়া করে সেইকন্যা,দুক্ষ করে মোরজন্যা খাওাইল কতেক ছামান।লেবাছপোসাকদিয়া,রাখেমুঝেনেওাজিয়া জানে কিছু পাইনু আছান॥থাড়াং সেইঘড়ি, দোগানানামাজ পড়ি, পানা চাহি ওঠাইয়া হাত। দেখিয়া রাজার বেটি,রুপে গুনে পরিপাটি পুছিতে লাগিল এইবাত॥সোনহে সাধুরবালা,কিনিমীত্তে এতবেলা ওঠা বসা কিসের কারন। কহি তারে সোন কন্যা,ওঠা বসা তারজন্যা জার তাবে চৌদা এভুবন॥ আছমান জমিন আদি,জঙ্গল পাহাড়নদী, কৈলজেবা চক্ষের পলকে। তামাম জাহানবিচে,জেকিছু পয়দা আছে, সবার মালেক জানতাকে॥জেন্দান হইতেমোরে,জেজনা উদ্ধারকরে উছিলা করিল জেবা তুঝে। মেহের হইল তার,ভেজে তুঝে সদতশার, এতবেলা ছিনু তার কাজে॥কন্যা কহে মেহেরবান,তুমি বুঝি মোছল মান,শুনে আমি পড়িনু আলহামদ। কন্য ফের কহেমোরে,জাবতেরা

দিনপরে, জোলানাহি জায় তেরা দরদ * আলহামদো পড়িনু ফিরে কলেমা পড়ানু তারে, কবুল করিল মেরা দিন। মহাম্মদ দানেসবন্দে সুনে খুশী হৈল দেলে, বল সবে আমিন আমিন *

থাজেছাগ পরস্তের ভায়েদের শুলি থেকে ছাড়াইবার বয়ান।

পয়ার * রাজার কুমারি জদি হৈল মোছলমান। মহাম্মাদি দিন পরে আনিল ইমান * এইরূপে দুইমাস গোজরিয়া জায়। রাহাদার হৈনু দোন ভাবিয়া খোদায়*রাতদিন চলেজাই নাকরি আরাম। দেখিয়া সহর এক করিনু মোকাম*জেরবাদছেড়েমোরা আইনু জেসহর সরন্দিপ আগেতার শুনিনু খবর * বিচখানে সেইদেস বড়ইআবাদ দেখিয়া সহর দেল হৈল মেরা সাধ*আবহাওা সেথাকার বড়ই মাকুল। তার কাছে কিবা তেরা রুম এস্তাম্বূল*নওসেরঙা হৈতেসেতা করিত বিচার। রায়েত প্রজারে কভু না দেয় আজার * সেই দেসে থাকি মোরা আরাম করিয়া।বিবিকে করিনু সাদি কাজিকে ডাকিয়া এইরূপে তিনসাল গোজরিয়া জায়। ছওদাগরি করি আমি বসিয়া তথায়*বিবির দওলতে আমিকরি তেজারতি।জতছওদাগর মোরাকরে খোসামতি * ওজির আজম ছিল সেদেসে ছরদার। জবাব বুঝিতে আমি চলিনু তাহার* দেখিনু লোকের ভিড় এক ময়দানেতে। এক মর্দ্দে সমাচার লাগিনু পুছিতে * কহিল সে মর্দ্দমুঝে সোন মেহের বান। গেরেপ্তার হৈল দোন বিদেসি জওান*চুরি করে ছিল দোহে সকরে আসিয়া। আর দুইলোগ এরা ডালিল মারিয়া*গরদান মারিবে আজ সেই দুজনের। ময়দানে জমিল লোগ এহার খাতের * একথা শুনিয়া আমি বুঝিনু দেলেতে। আমি এয়ছাই গেরেপ্তার হইনু তহমতে* শুলে চড়াইতে মুঝে করিল হুকুম। বুঝি কারে সেইরূপে করেন জুলুম *মালুম করিয়া ভেদ জাব হেতা হৈতে। দোনভাইবান্ধা আছে পাইনু দেখিতে*কলেজা জ্বলিয়া গেল লহু করে জোস।তাহা সবেকহি থোড়াকরহ খামস*একমুটাটাকা দিনু তাহাসবাকারে।পৌছিনু জাইয়া ফের হাকিমেরডেরে*এয়াকুতের দানাএক নজর ধরিনু হালহকিকত জত বয়ানকরিনু*হাকিম কহিল মুজেসোনছওদাগর ছাবেত হইলখুন দোহার উপর*জদি আমি ছাড়িতবে জানহ মদ্দাই বাদসার হুজুরে সব কয়ে দিব ভাই * একথা শুনিয়া কহি মিনতীকরিয়া।মদ্দায়ের তরেতুমি লেহ বোলাইয়া*এতেক শুনিয়া কহে সেই

চাহার দরবেস,

ফরিয়াদিরে৷ পাচ হাজার টাকা ফের গুনে দিনু তারে* নানামতে বুঝা
ইনু তাহার খাতির। মাফ করাইয়া দিনু ভায়ের তকছির৷* আপনি কা
মের সাহা কর না বিচার৷ এই দোন খাড়া আছে হুজুরে তোমার* একথা
শুনিয়া তারা নিচে করে ছের। কহিনু দুক্ষের কথা শুন কহি ফের*.

খাজেছাগ পরস্তকে ভায়ের৷ দেসে লিয়া জাবার বয়ান।

পয়ার। খালাছ করিয়া আনি আপনার ঘরে৷ না কহিনু কোন কথা
দোন বেরাদরে* হাম্মামে ডালিয়া দোহে গোছল দেলাই৷ খানা পানি
মাঙ্গাইয়া একসাতে খাই * আর কোন বাতে আমি না পাইনু বুঝাই
তিন সাল গোজরিয়া গেলজে এয়ছাই* জখন ফিরিতে আমি জাতুন
ময়দান৷ দোন ভায়েরে রেখে জাতুত আপনা মোকান* এইরূপে কতদিন
জায় গোজরিয়া। আমার কবিলা ছিল মহলে বসিয়া * এরাদা হইল
তার গোছল করিতে৷ ঝাকি মেরে দেখে বিবী দেওানখানাতে* কোন
মরদেরে সেথা দেখিতে না পায়। গোছল করিতে বিবি হাম্মামেতে
জায়* বোরখা ডালিয়া বিবি করেন গোছল৷ মেজলা ভাই ঝাকি মেরে
দেখিল সকল* বড়া ভাই কহে গিয়া আসক হইয়া। মারিতে মছলত.
করে দুইজনে বসিয়া* মালুম না ছিল মুঝে এই সব বাত৷ দেলে কহি দোন
ভাই ছাড়িল বেদাত* হামেসা সোকরানা করি আল্লার দরগায়। এত
দিনে দোন ভাই আইল রাহায় * এইরূপে কতদিন গোজরিয়া জায়।
এক রোজ বড় ভাই কহিল আমায় * কান্দিয়া২ কহে আমার হুজুরে
খাহেস হইল জাতে আপনা সহরে * তারিফ করেন বৈসে আপনার
দেসের। মেজলা ভাই সেই খানে আছিল হাজের * বহুত তারিফ
দোহে করিল ছামনে। শুনিয়া কহিনু আমি ভাই দুইজনে * মরজি
মোবারক জদি হয় তোমাদের। জাইব আপন দেসে না করিব দের
এতেক কহিয়া আমি গেনু মহলেতে। আপনা জরুকে সব লাগিনু
কহিতে * শুনিয়া কহিল তেরা দেল জাহা চায়৷ জে কিছু কহিবে তুমি
রাজি আছি তায় * একবাত কহি তুঝে সোন দিয়া মন। এই দুই ভাই
তেরা জানের দুস্মন * এদের বয়ান জত কহিলে আমায়। কেন তুমি
ভুলে জাও তাহার কথায় * আপনা আস্তিন বিচে পাল তুমি সাপ
দুস্মনের বাতে ভোল কেমন এনছাপ* জাহা খুসি তাহা কর কি কব
তোমায়। এইরূপে নানামতে বুঝায় আমায়* না শুনে বিবির বাত
হইনু তৈয়ার৷ তামাম আছবাব লিয়া হৈনু রাহাদার* জত ছওদাগর
আর ছিল সে সহরে। আসিয়া পৌছিল সব আমার হুজুরে* তারা

কহে মোরা সবে জাব তেরা সাতে। ছওদাগরি কামে আর সহর দে
খিতে*এতেক কহিয়া সবে সরঞ্জাম লিয়া॥ মঞ্জেলে২ সবে জায় নেক
লিয়া*ওতারিয়া রহি কোথা না করি আরাম। একদেসে গিয়া মোরা
করিনু মোকাম* বড়া ভাই কহে মুঝে শুন মেরা বাত। হেথা হৈতে
তিনকোস হইবে তফাত*পানির নহর সেথা কত সত ছিল। বেহেস্তের
বিচে জেয়ছা আছে ছলছাবিল*ছল ছবীল নামেতে এক বেহস্ত ভিতর
সেইমত আছে হেথা পানির নহর*সেই ময়দানেতে আছে নানা রঙ্গ
ফুল। বেহেস্তের মত বাগ দেখিতে মাকুল * আপনা এক্তিয়ার জদি
হইত আমার। দেখিতে জাইতুন সেথা কেমন বাহার*নানা রঙ্গ ফুল
আছে সেই জে বাগানে। দেখিয়া আরাম কিছু হৈত মেরা জানে* এ
তেক শুনিয়া আমি কহিনু ওহায়া চল ভাই ফিরে আসি জেথা দেল চায়
তামাম কাফেলা বিচে করিনু খবর। আজ হেথা রহ কাল জাইব ফজর
খাবার ছামান কিছু লিয়া জাহ সাতে। ঘোড়ার উপরে চাহি ছওয়ার
হইতে*ভাই মুঝে মানা করে হইতে ছওয়ার। পাও পিয়াদা ফিরিবার
বড়ই বাহার*নওকরে হুকুম কর ঘোড়া লিয়া সাতে। পিছে২ জায় জেন
সেই ময়দানেতে * সাতে করে লিয়া জাই দোন গোলামেরে। তিরে
ন্দাজি করে জাই রাহার উপরে * এই রুপে কত দুর জাই নেক লিয়া
এক গোলামেরে ভাই দিলেক ভেজিয়া*ফরমাস করিয়া তারে ভেজে
এক কামে। কত দুরে গিয়ে কহে দোছরা গোলামে* সেতাবী করিয়া
ওহে আন বোলাইয়া। এত দের হৈল কেন না আসে ফিরিয়া*এতেক
কহিয়া তাকে ভেজিল ডাকিতে। তিন ভাই জাই আর কেহ নাই সাতে
সাতে২ ছীলমেরা এই জে কুকুর। কথায়২ এয়ছা গেনু কত দুর* কোথা
বা পানির ঝরনা কোথা বা বাগান। কাটা গাছ দেখি আর বেবাহা
ময়দান*পেসাব করিতে আমি বসিনু সেখানে। মেজলা ভাই তেগ
লিয়া আইল মেরা পানে * গরদান ফিরিয়া আমি দেখি তাকাইয়া
মেজলা ভাই তেগ মারে ছেরেতে খেচিয়া*কহিনু তাহারে কেন মা-
রের জালেম। জাহা বল তাহা করি হইয়া খাদেম * বড়া ভায়ে কহি
আমি এনছাফ করিতে। এনছাফ বদলে চোট মারিল বাজুতে* ভারি
চোট লাগে মুঝে হইনু বেহোস। দেখিয়া এ দোন ভাই হৈল বড় খোস
মারিতে২ মুঝে করে ডালে চুর। দেখিয়া করিল হামলা অবলা কু
কুর* কোত্তাকে ঘায়েল করে তলওার মারিয়া। কোত্তা আর আমি
সেথা রহিনু গিরিয়া*দম নাহি চলে মেরা মুখে না হি বাত। দেখিয়া

বুঝিল ভাই হইল ওকাত* জখম করিল দোহে আপনা বদনে। ঘোড়ায় চড়িয়া জায় কাফেলা জেখানে * জাইয়া কহিল সেথা সবার হুজুরে। রাহাজানে মেরে ডালে আমার ভায়েরে* জখম হইয়া মোরা আইনু ভাগিয়া। সেতাবি করহ কুচ ডেরা ওঠাইয়া * নহে ত মারিবে এসে লোঠেরা দুস্মন। মালমাত্তা লুটে লিবে করে জাবে খুন* একথা শুনিয়া সবে ডরে ডরাইল। কাফেলা সহিতে সবে ভাগিয়া চলিল আমার কবিলা বিবি শুনে সমাচার। ছের পেটে কেন্দে ওঠে হৈয়া জারং * ভায়ের বজ্জাতি তারে আছিল মালুম। বুঝিল এ দোন ভাই করেছে জুলুম * আপনার হাতে তুলে লইল খঞ্জর। চালাইয়া দিল বিবি গলার উপর * আপনার জান বিবি করিল নেছার। আলম্পানা পোছ থাড়া আছে বেরাদর * ঝুট কিবা রাস্ত কহি বোঝ জাহাগির দোন ভাই আছে তেরা হুজুরে হাজির *

খাজেছাগ পরস্তকে বাদসাজাদি লিয়া জাইবার বয়ান।

পয়ার * সোনহে দরবেস সব কহি সবাকারে। ছাগপরস্ত এয়ছা বাত কহিল আমারে* এতেক শুনিয়া আমি কান্দি জারেজার। ফের মুঝে কহে সেই খাজে ছওদাগর * আলমপানা ছালামত কহি জে তোমারে। হুকুম পাইলে দাগ দেখাই হুজুরে*জত চোট করেছিল ও জুদে আমার। সেইসব দাগ আছে দেখ নামদার*কাপড় খুলিয়া মুঝে দেখায় ওজুদ। তামাম বদনে দাগ আছিল মৌজুদ* চার আঙ্গুলের দলে নাহি ছিল ফাক। তামাম ওজুদে দাগ আছিল বেবাক * ছাগ পরস্ত খোলে ফের ছেরের দেস্তার। দেখাইল এক দাগ ছেরে আপনার * এয়ছা গাড়া হয়েছিল ছেরের উপর। আনার একথাকে সেই গাড়ার ভিতর * আরকান দওলত মেরা দেখে সেই ডোব। আখি মুন্দে লিল সব হইয়া তাজ্জব * ছাগ পরস্ত কহে মুঝে সোন নামদার মারিয়া চলিয়া গেল দোন বেরাদর* পড়িয়া রহিনু আমি সেই ময়দানেতে। ঘায়েল হইয়া কোত্তা ছিল মেরা সাতে*লহুতে ওজুদ মেরা হৈল সোরবর। বেহোস হইয়া থাকি গায়ে নাহি জোর * জান মেরা কোনখানে ছিল আটকিয়া। নহে ত ওজুদ জেত থাকেতে মিলিয়া* মোরদারের মত ছিনু ময়দান উপর। সরন্দিপ সহরের ছরহর্দ্দ ভিতর সেই সহরের বিচে পড়েছিনু মাটে। আরএক সহর ছিল তাহার নিকটে বাদসা একছিল সেথা বড়া নামদার। ছুরত মেহেরি এক বেটি ছিল তার বলা নাহি জায় তার রূপের বয়ান। কতং বাদসাজাদা দোখরা ক্ষয়

য়ান*আসক হইয়া ফেরে হইয়া খারাব।আওরত্ত মরদ সেতা নাছিল হেজাব*বেসরম হৈয়া সবেফেরে জেতা সেতা॥তালাস নাকরে কেহ কেবা থাকে কোথা*এক রোজ সেই বিবি ছেহেলির সাতে ।আপনা বাগান বিচে আইল ফিরিতে*আমি জেথা পড়ে ছিনু ময়দানের বিচে ফিরিতে২ বিবী আইল মেরা কাছে * দেখিয়া আমার হাল হৈল পেরেসান ।ময়দানেতে মারা গেল বিদেসি জওান*গোলামের তরে বিবী করিল ফরমাস । নাকে হাত দিয়া এর দেখহ নিস্বাস *দেখিল ওজুদে মেরা বাকি ছিল জান ।ওঠাইয়া লিয়া মুঝে চলিল বাগান* নরম বিছানা পরে সোওাইয়া মোরে। হাকিম তবিব কত বোলায়ে হুজুরে*আমি আর কোত্তা মেরা দেখে কবিরাজ ।কাটাঘারমত তারা করিল এলাজ *কয়েক রোজেতে মুঝে দিল চাঙ্গা করে। আরাম পাইয়া বসি খোসাল খাতেরে * বিবির নফর লোগ করেন খেদমত্ত। আপনার হাতে বিবী করেন মেহনত*হাকিম বিদায় করে দিয়া কত মাল। আরাম পাইয়া বসি হইয়া খোসাল *বাদসাজাদি কহে শুন বিদেসি জওান। ময়দানে পড়িয়া ছিলে মরন সমান * জালেমেতে তেরা পরে করিল জুলুম। এখন হইবে ভাল করিনু মালুম *আমাদের বড়া বোত হৈল মেহেরবান। এখাতেরে ছালামতে আছে তেরা জান*ছামনেতে খাড়া হৈয়া কহে এইবাত ।বেহোস হইনু ফিরে দেখিয়া ছুরত*ঝুট জদি কহি মুঝে আল্লার কছম। হোস গোস নাহি ছিল বহে খালি দম*মালুম করিয়া বিবি মাঙ্গায়ে তখনি।ছেড়কাইয়া দেয় গায়ে গোলাবের পানি*ঘড়ি এক বাদে মেরা হৈল কিছু হোস ছামনে বিবীকে পেয়ে হৈনু বড় খোস*ছাপাইয়া রাখে মুঝে বাগান ভিতর। রাত জোগে রোজ২ লইত খবর * চল্লিস দিন বাদে আমি করিনু গোছল। আরাম হইল মেরা জখম সকল*আমাকে দেখিয়া বিবি খুসি বাগ২ ।সেতাব আনিয়া দিল লেবাছ পোসাগ*কোত্তার জখম সব হইল আরাম ।খুসি খোসালিতে সেথা থাকি ছোবে আম বীবীর খাতেরে কহি নানারঙ্গ বাত। দেলে ভাব কি রূপেতে করিএছে হাত*একরোজ বিবি কহে শুনহে জওান। আপনার হাল তুমি করনা বয়ান *কোথা হৈতে আইলে হেথা কোথায় মকান ।জখম করিয়া কেবা ডালিল ময়দান *হাল হকিকত মুঝে পোছে পরিজাত। একে২ জত হাল কহি তার সাত*শুনিয়া আমার দুক্ষ কান্দে জার২ কহিল সে এত দিনে গেল দুক্ষ ভার * তোমার সহিত আমি করিনু

ছুলুক। আরামে থাকিবে আর নাহি পাবে দুখ * একথা শুনিয়া আমি কহিনু বিবিরে। আল্লার রহম হউক তোমার উপরে * বহুত নেকুই বিবি করিলে আমারে। ফিরে জেন পয়দা হৈনু দুনিয়া মাঝারে *হামেসা মেহের জেন থাকেন তোমার।এতেক কহীয়া আমী কান্দি জার২ * কতেক বুজায় বীবী কারিয়া খাতের।রাত দিন মেরা আগে থাকিত হাজের *বাদসাজাদি জেতজবে আপনার ঘরে।ফোরছত পাইয়া আমি থাকিতুন জেকেরে *চুপে২ করি আমি নামাজ আদায়।এইরূপে কতদিন গোজরিয়া জায়*একদিন বাদসা আগে বিবি হৈল রুজু।ফোরছত পাইয়া আমি করিলাম ওজু *খাতেরজমা হয়ে করি নামাজ আদায়। আচানক সাহাজাদি আইল সেতায় *এইবাত কহে বিবি আসিতে রাহায়।দেখিব বিদেসি জাগে কিম্বা নিন্দ জায়* দেখিতে না পায় মুজে ছিনু এক ঘরে।তালাস করিয়া বিবি চারিদিগে ফেরে*পুসিদা হালেতে আমি ছিনুনামাজেতে।দেখিয়া নামাজপড়া রহে তাজ্জবেতে*নামাজপড়িতে বিবি না দেখেকখন।ওঠাবসা দেখে মোর ভাবে মনেমন*দেলেতেবুঝিলবুঝিহইলপাগল।মনাজাতপড়া দেখে হাসে খল২*দেখিয়া বিবিরহাসি হৈল মুজেডর।পুছিলআছর বুজি হৈল তেরা পর*না দিনু জওাবআমি নিচে করি ছের।দাইবলে মোছলমান এই মোছাফের *দুসমন আইল এই লাত মনাতের। না দেখে আল্লায়এরা করেনজেকের*একথাশুনিয়া বিবি হাতেমারেহাত গোস্বায় জলিয়া ফের কহে এই বাত*এসব খবর আমি আগে জানি নাই।তবে কেন তুরুকের করিতুন ভালাই*আমার বোতেরে নেস্তে হইল মনকের।গজোবে পড়িল তেঞি লাতমনাতের*না বুঝে এহারে আমি করিনু মদত। না জেনে ঘরেতে এনে করিনু খেদমত * একথা কহিয়া বিবি গেল সেতা হৈতে। দহসত পাইয়া আমি লাগিনু ভাবিতে * উদাস হইল দেল কান্দি জার২। আখের আচুতে মুখ ধরি আপনার *তিন রাত তিন দিন জায় এয়ছা ভাতে। একেলা বসিয়া আমি লাগিনু ভাবিতে * তাহাবাদ বিবি আইল সারাব খাইয়া। আমার নজদিগে আইল গজোব করিয়া * তির কামান হাতে করি বসিল বাগানে। সারাব লইয়া দাই রহিল ময়দানে *বিবি বলে দাই তুমি আনহ খবর। বড়া বোত জার পরে করিলকহোর *মরে কিম্বা বেচে আছে বীদেসি জওান।দাই বলে ওজুদেতে বাকি আছে জান* বিবী বলে আন ওছে আমার হুজুরে। একথা সুনিয়া দাই ডাকিল

আসরে * দওড়াইওড়ি গেনু আমি বিবির ছামনে। *জোর নজরে
বিবি চাহে মোর পানে* বিবির ছুরত দেখে উড়িল হাওাছ।ছালাম
করিয়া খাড়া হৈনু তার পাছ *আদব রাখিয়া আমি করি জোড়হাত
দেখিয়া কাতরমুখে কহেপরিজাত*তুঝকে বাচায়া আমি হৈনু গোনা
গার।বড়া বোত এইরাতে কইবে বেজার *আমার দিনের নেড়ে বড়ই
দুসমন।দুশমন আনিনু ঘরেবড়ই জবুন*দাই বলেজেনে তুমি নাকরিলে
গুনা। এইবাতে কিছু দেলে নাকর ভাবনা*ভালাই কারলেহয় বহুত
ছওাব।বোতের দুসমন জেবা সে হয়েখারাব*দায়ের একথা শুনেকহে
এসারাতে।এসারা বুঝিয়া দাই কহিলবসিতে*এক জাম সারাবফের
দায়ের মারফতে।কহিল এতুরুকেরে দেহনাখাইতে*সারাব পেয়ালা
মুজে দিল সেই দাই।দহসতপাইয়া আমীলীনু তারঠাই*গোস্বাহৈয়া
মেরা সাতে নাহি কহে বাত। আড় চক্ষে দেখে মুজে সেই পরিজাত
মতলব বুঝিয়াআমী লাগিনু পড়ীতে।চুপেং এইবাতলাগিনুকহিতে
কাবু বিচে আছি জার সেই জদি মারে। থঞ্জরের নিচে রেখে দের
কেন করে *ছিনা বিচে বরছা জার লটকাইরা রাখে।থোড়াঘড়িরাখা
খালি ডুক্ক দেও। তাকে *একথা শুনিয়া বিবি হাসে মুচকিয়া। দা
য়ের গুরোফে দেখেআখি ঘোমাইয়া*শুইয়া আছিলদাই বিবিপোছে
তারে।নিন্দের খোমারে বুজি ধরিল তোমারে *মতলব বুঝিয়া দাই
কহিল তাহায়।গালেব হইল নিদ্রা আসিয়া আমায়*এতেক কহিয়া
দাই গেলেন চলীয়া।বিবী আর আমি সেথা রহিনু বসিয়া*বড়িএক
বাদে বিবি কহেন আমারে।সারাবের জাম এক পেলাও আমারে *
শুনিয়া পেয়ালা আমি দিনু তার হাতে।কান্দিয়া গিরীনু ফের বিবির
পায়েতে*হাত ঝাড়া দিয়া বিবি কহে এইবাত।আদাওত রাখমেরা
ঠাকুরের সাত *কোন বাতে বড়া বোতে পাইলে বুরাই।সোনরে না
দান তেরা না দেখি ভালাই *তুমি জারে পুজা কর জানিয়া ছাহেব।
দেখিতে নাপায় কেহ থাকেনগায়েব*আমি তারে কহি বিবি করনা
এনছাফ। দেলেতেবুঝিয়া দেখ কার দিনছাফ*এক জারা পানি হৈতে
করিল এনছান।পলকে করিল জেবা জমিন আছমান * তুমি এয়ছা
পরিজাত জে করিল পয়দা। হাজার এনছান জার জামালেতে কেদা
পলকেতে জান জেবা লেয় ছেনাইয়া।কোথা থেকে কোথা এনেদিল
মেলাইয়া*এমন মালেক ছেড়ে জাব আমি কোথা।তুমি জারেপুজা
কর শুন তায় কথা*জাহের মালেক জান সেহত পাথর।হেলিজে তু

লিতে জারনাহী আছে জোর *আপনার হাতে তারে করিয়াতৈয়ার সবার উপরে কর তাহারে মোক্তার*কেটেকুটে আপনার হাতেবানা ইলে।তারে খোদা জেনে ফের:ছের ঝোকাইলে *মোছলমান মোরা সব জানি এক খোদা।জে করিল পয়দা সবেতারে করি ছেজদা*আপনার হাতে গড়ে তারে পোজ জাদ। দোজখে চলিয়া জাবে সোন সাহাজাদি * লাত মনাতের পুজা সব দেহ ক্ষমা। ছাফ দেলে পড় বিবি নবির কলেমা*চীনিতে জে পারে জত হালাল হারাম।বেহেস্ত থাকিবে সেহ হামেশা মদাম* একথা শুনীয়া বীবি আনিল ইমান। কহিল আমারে তুমি কর মোছলমান*এতেক শুনিয়া আমি খোসাল হইনু।নবির কলেমা তারেতখনি পড়ানু*সরাসারিএত সব বাতাইনু তায়।তালিম করিনু তারে জতেক মছলায় * কহীল সে বিবি মুজে শুন মোছাফের। মা বাপ রহিল মেরা হইয়া কাফের * কি কার তদবির তায় কহনা সেতাব। কহিনু তাহারা দিবে আপনা জওাব *কি কারবে এইবাতে নাহী তেরা চারা। বাপের বদলে বেটি নাহি জাবে ধরা*একথা সুনিয়া বিবি কহে এইবাত।সাদি মেরা দিতে চাহেকাফেরের সাত * চাচারা ভায়ের সাতে হবে সাদী কাম।এইমত বাত চিত হইল তামাম*কাফেরের সাতে মেরা হইবে মীলন। এহার তদবির কীবা ভাবহ এখন * একথা শুনীয়া আমী কহিনু বিবীরে। এহার জওাব আমি দীবত তোমারে *বিবি বলে চল মোরা জাই নেক লীয়া।আমী কহী জাব তুজে কেমনে লইয়া *বীবি কহে তুমি আগে জাও হেথা হৈতে।দরিয়া কেনারেরহকারওছারাতে*জাহাজ খুলায়া জবে জাইবে ছফর। সেই সমে মুজে তুমি ভেজিবে খবর*রোজ২ দাই জাবে নাকটে তোমার। দায়ের মারফতে তুমি দিবে সমাচার*বেদীনের কাছে দেল না চাহেথাকিতে।জাহাজে চড়িয়া আমী জাব তেরা সাতে * আমী তারে কহি ফের সোন বিবিজান। এমন ইমানে জান করিব কোরবান * এতেক কহিয়া আমী হইনু বিদায়। জাইয়া পৌছিনু এক কারওা ছারায় * এইরুপে কত দিন রহি সেখানেতে। দেখি এক ছওদাগর জায় ছফরেতে * নেকবক্ত ছওদাগর বড়া ছোলতানাত। জাইয়া তাহারে আমি কহি এইবাত * মেহের করিয়া জদি লিয়া জাও মোরে। কোন রুপে জাই তবে আপনা সহরে * এদেসে দেখিনু বড়া কাফেরের জোর। উচাটন হৈল মন এথাতেরে মোর * একথা সুনিয়া মুজে কহে ছওদাগর। সেতাবি আসিয়া চড় জাহাজ

উপরে * আমি তাকে কহি ফের শোন মেহেরবান। আমি আর মেয়া
সাতে আছে দুইজন * এক বিবী আছে আর কোত্তা এক সাতে। আর
এক সিন্দুক লিয়া জাব জাহাজেতে * জাহাজের কেরায়া জদি থোড়া
লেহভাই। খুসি খোসালেতে তবেসাতে তেরা জাই * একথা শুনিয়া
কুটরি দিলেন আমায়। থোড়েক কেরায়া দিয়া চড়িনু ডিঙ্গায় * কোত্তা
আর সিন্দুক লিনু জাহাজেতুলিয়া। দাইকে কহিনু কহবিবীকেজাইয়া
কহিবে বিবীকে তুমি এইসমাচার। বিদেসি দেসেতেজায় হইয়া ছওয়ার
একবার দেখা দিয়া রাখতার জান। সেতাবিখবর দেহদাই মেহেরবান
এতেক শুনিয়া দাই কহিল জাইয়া। খবর শুনিয়া বিবী আইল চলিয়া
জওহের লিয়া আইল সিন্দুকভরিয়া। তামাম দৌলত দিল আমাকে
সুপিয়া * বিবীকে লইয়া চড়ি জাহাজ উপর। বাদওান খেচিয়া দিল
তুলিয়া নঙ্গর * মঞ্জেল২ এয়ছা জায় নেকলিয়া। শুনিনু আওাজ এক
বন্দরেজাইয়া * বন্দর হইতে আইল এয়ছাই আওাজ। খাড়া রহ কোথা
জাবে লইয়া জাহাজ * আওাজ শুনিয়া সবে ডরে ডরাইল। সেতাবি
করিয়া কিস্তি নঙ্গর করিল * ভাবিতে লাগিল সবে জাহাজেতে বসে
সাহাবন্দর জাহাজেতে কি খাতেরে এসে * জত ছওদাগর ছিল জা
হাজে ছওয়ার। এক২ বান্দিসাতে আছিল সবার * আপনা২ সবে বা
ন্দিকে লইয়া। সিন্দুকের বিচে সবে রাখে ছাপাইয়া * আমিবি রা
খিনু এক সিন্দুক ভিতর। বন্দরের ছরদার চড়ে জাহাজ উপর * আ
সিয়া কহিল সবে শুন ছওদাগর। জতেক লেঙডি আছে জাহাজে তো
মার * নেকালিয়া দেহভাই সেতাব করিয়া। বাদসার হুকুম সবেজাইব
লইয়া * বাদসার পছন্দহবে জাহারউপরে। কিম্মতকরিয়া বাদসালইবে
তাহারে * একথা শুনিয়া তাহেকহে ছওদাগর। লেঙডিনা আছে মেরা
জাহাজ উপর * এতেক শুনিল জদি বন্দরের ছরদার। তালাস করিতে
পাইল সিন্দুক মাঝার * তামাম লেঙডি মর্দ্দ লিল নেকলিয়া। বাদ
সার হুজুরে এনেদিল পৌছাইয়া * ভাবিতেলাগিনু আমিহৈয়া পেরে
সান। ছেরেতে গিরিল জেন টুটিয়া আছমান * দেলে না রাহল আর
মওতের ডর। মনাজাত করি আমি হইয়া কাতর * সারাদিন দোওা
মাঙ্গি আল্লারহুজুরে। সাহাবন্দর আইল ফের জাহাজউপরে * তামাম
আওরত সব দিলেক ফিরিয়া। আমার বিবিকে আর না দিল ছাড়িয়া
কান্দিতে লাগিনু আমি হৈয়া জার২। আসিয়া বুঝায় মুঝে জতছও

দাগর*বাদসার পছন্দ জদি হইল তাহায়।কিকরিব মোরা তবেচারা নাহি তায়*আল্লাকে এয়াদ কর ছাড় সে খেয়াল। তারে চেয়েদিবে আল্লা ছুরতজামাল*এইরূপে বলেমুঝে জত ছওদাগর।বাদসাজাদি বলে কেহ না জানে খবর*বিবীর খাতেরে আমি করি হায়২। কহিনু সবাকে মুঝে দেহ কেনারায়*আরনা জাইব আমি তোমাদের সাতে এতেক শুনিয়া মুঝে তুলিল আড়েতে* উপরে উঠিলাম আমি সেই বন্দরেতে। এইজে কুকুর মোর ছিলসাতে২*বিবীমুঝে দিয়াছিলজত্ত জওাহের। সিন্দুক সাহর্ত আমি লিয়া আইনু ফের*তালাস করিয়া আমি ফিরি কত্ত ঠাই। বিবীর ঠেকানা কিছু কোথায় না পাই*সাহা বন্দরেরছিল বহুতনওকর।পুছিতেলাগিনুসবে বিবিরখবর*জওাহের দিয়া আমি পূছিনু জারে তারে। বিবীর খবর কেহ কহিতে না পারে রাতদিন ঢূড়ে ফিরি না করি আরাম। খাও৷ পেও৷ নিন্দ মোর ছুটিল তামাম*দেওানারহালে আমি ফিরি হামেহাল। রাতদিন দেলেমেরা বিবির খেয়াল*আখেরে দেলের সাতে করিনু মছলত।সাহা বন্দরের ডেরে থাকিবে আলবত*এতেকভাবিয়া ফেরজাইয়া বন্দরে। তালাস করিয়া আমি ফিরিঘরে২*বন্দরের ছরদার তারঘরের বাহেরে। চারি তরফেতে তার ফিরি ঘরে২ * চৌকি পহরি তার ছিল দরওাজাতে কোনরূপে নাহিপারি মহলেজাইতে*মহলেরপানি জাইতজেইরাহা ধরে। মানুস জাইতে পারে দেখি নেঘাকরে*লোহার গরাত্তে দেছে তাহার দরমিয়ান।দেখিয়া দেলেতেবড়া হৈনু পেরেসান* বহুত কো সেসে আমি ভুড়িয়া ডালিনু। সাহানা লেবাছ পিন্দে মহলেতে গেনু চোরেরমতন আমিফিরিছাপাইয়া। সাহাজাদি কোথা আছে তালাস করিয়া*বহুত ঢূড়িয়া দেখা নাপাইনুতারা কান্দিতে লাগিনু আমি হইয়া লাচার*কতক্ষণ বাদে ফের পাইনু শুনিতে৷ কেহ জেনএইকথা লাগিল কহিতে*কোফরস্থান হোতেআল্লা৷নেকালে আমায়।এছলাম আনিল জেবা দেখাও তাহায় * কবুল করিবে আল্লা এই মনাজাত কোনরূপে দেখা জেনহয় তারসাত*এইরূপে কান্দেবিবি হয়েজার২ আওাজ সুনিয়া গেনু নিকটে তাহার*সাহাজাদি বসেআছে চিনিয়া তাহায়। কদমে গিরিনু আমি বলেহায়২* ঘড়িএক থাকিদোহে বে-হোস হইয়া। গলায় ধরিয়া মেলে চেতন পাইয়া*তারপরে সমাচার পুছিনু বিবিরে। সাহাজাদি কহে বাত আমার হুজুরে * সাহাবন্দর আনেমুঝে আপনার ঘরে। মনাজাত করি আমি আল্লার দরবারে *

অবব নাপাক তেরা হুকুমের বান্দা। বাদসায় নজদিগে মুজে না কর সর্মিন্দা॥এলাহি মেহের হৈল আমার উপর।সাহার বন্দর রাখে মুঝে মহল ভীতর॥আর জত বান্দি আনে জাহাজ থাকিয়া।বাদসার হুজুরে সব দিল পৌছাইয়া ॥ বাদসা তাহার বিচে না দেখে আমারে।হুকুম করিল ছেড়ে দেহ সবাকারে॥আমার খাতেরে বাদসা ছিল পেরেসান জাহাজেতে গেনু আমি পাইয়া সন্ধান॥ভাগিবার কথা মেরা নাকরে জাহের।সরম হইবে বলে এহার খাতের॥সাহাবন্দরে দিল খবর ভেজিয়া। আজম জাহাজ দেখ তালাস করিয়া॥জাহাজে আওরত জত আন সবাকারে।এখাতেরে সাহাবন্দর আনিল সবারে॥বাদসা নাহি জানে মুঝে রাখিল হেথায়।বেমার হইল বেটি কহিল সবায়॥বাদসা বলে বেটী মেরা হইল বেমার।মসহুর করিয়া দিল এই সমাচার॥রোজ কত বাদে বাদসা কহে এই বাত।বেমার আছিল বেটী হইল ওফাত সাহাবন্দর হেথা মুজে রাখীল কয়েদ। আপনার বিছানেতে শুতে করে জেদ॥কবুল না করি বলে হইল লাচার। সেই হতে আজাবেতে আছি গেরেপ্তার ॥কহিনু এয়ছা বাত কহ জদী ফিরে।খঞ্জর গলাতে দিয়া আমি জাব মরে ॥ সাহাবন্দর শুনে আছে হইয়া লাচার। এলাহি বারেক তেরা দেখালে দিদার॥বিবি কহে সোন তুজে কহি নেক নাম। মেহনত করিয়া জদি কর এককাম॥তবেত ভালাই হয় তোমার আমার। নহে এই দেখ। শুনা সোনহে হুসিয়ার॥আমি কাহে আগুনে জলিতে হয় জদি। এখনি গিরীব আমি কহ সাহাজাদি ॥ সিড়ি জদি পাই তবে জাই আছমানেতে।জে হুকুম করিবে আমি রাজি আছি তাতে এতেক শুনীয়া বিবি কহিল আমায় ।সেতাবি করিয়া তুমি জাহ বোত খানায়॥বড়া বোত রাখিয়াছে জেই বোতখানাতে।কালা কম্বল এক আছে দরওাজাতে ॥সেই কম্বল দেহ তুমি গায়ে আপনার।এলাহি মকছেদ পুরা করিবে তোমার॥এদেসে দস্তুর এক আছে বরাবর।সেই কম্বল দেয় জেই ওজুদ উপর ॥ এই মুল্লুকের বিচে জত লোক থাকে সকলেতে কিছু২ দিয়া জায় তাকে॥দুইতিন রোজ এয়ছা রহিলে সে খায় ।বহুত দওলত পায় দুক্ষ দুরে জায়॥বড়া বোত থাকে জেই ঘরের ভিতর ।বেশুমার মাত্তা সেথা নাহী তার ওর ॥সেই মাল হতে কীছু করেন খয়রাত ।সেই ঘরে জাও খাজে সোন মেরা বাত ॥চিনিতে না পারে জেন মোছলমান বলিয়া। বাত না কহিবে রবে খামস হইয়া তিনদিন পুরা তেরা হইবে জখন ।কহিবে আসিয়া তুঝে পুজার বামন

খেলাত পাইলে ভাই জাহনা চলিয়া। এথানে বসিয়া আর কিসের লাগিয়া*জে মাত্তা পাইলে তুমি হোলে তওঙ্গার।কোন কামে বসে আছ কি তেরা দরকার*বাহমনের তরেতুমিকহিবে এয়ছাই।মালের লালচে আমি হেথা আসি নাই *জুলুম করিল মুঝে এই দাগাবাজ ফরিয়াদ করিতে আইনু শুন মহারাজ* বোতখানার মালেকবুড়ি বাহমেনর মাতা।তার সাতে আছে মেরা এমছাফের কথা*ফরিয়াদ করিতে আমি আইনু তার কাছে। না করে এনছাফ তবে বড়া বোত আছে*বোতের নজদিগে আমি করিব আহাদ।সোনে কিনা সোনে দেখি গরিবের ফরিয়াদ *এইসব বাত বিবি আমাকে সেথায়।বহুত বুঝাবে তবু নাহি হবে বিদায়*আখেরে আসিবে বুড়ি লাচার হইয়া নিচেবে তাহারে বুড়াজইফ দেখিয়া*দুইসও চাল্লিসতার হইলওন্দার হইল ছত্রিসবেটা সোন সে খবর*বোতথানারবিচেবুড়ি হইল মক্তার বোতের নজদিগে বড়া মোরতেবা তার*গরিব মিছকিনআর আমির ওজির।এথাতেরেতারেসবেকরেনথাতির*তাহারহুকুমকেহ নাকরে খেলাফ।কাতর হইয়া বল করিতে এনছাফ*মছাফেরি হালে আইনু হইয়া লাচার।আপনি না কর জদি এনছাফ আমার* বোতের নজ দিগে জান করিব কোরবান।একথা শুনিয়া বুড়ি হবে মেহেরবান* হাল হকিকত বুড়ি পুছিবে তোমার।কহিবে আজমে ঘর আছিলআ মার*বোতের জিয়ারত আমিআইনু করিতে।তোমার তারিফআমি শুনিনু দেসেতে*এথাতেরে আসি আমি মুল্লুকছাড়িয়া।কাবলাকে আনি আমি সঙ্গেতে করিয়া *ছুরাত জামাল বিবি দেখিতে শুন্দর নবিন বয়েস তার থোড়াই ওন্দার*কিরুপে দেখিল তারে বন্দরেরছর দার। ছেনাইয়া লিল গিধি জরুকে আমার * আপনা মহলে তারে রাখে ছাপাইয়া। হোরমত মারিল মেরা কিসের লাগিয়া* আমা সবাকার কায়দা জত মোছলমান।বেগানা আওরতে জেবা করেপেরে শান *ছেনাইয়া নেয় কিনা দেখিলে নজরে। কোনরূপে মারি সেই জালেমের তরে*জত দিন আওরতের না করিথালাছ। থাও পেও ছাড়ি আর জিবনের আস *বিদেসে আসিয়া আমি হইনু লাচার।দে থিব এদেসে আমি কেমন বিচার*এইবাতেজবে মুজে সেথাইলবিবি সেই রাহা হৈয়া ফের চলিনু সেতাবি*ছোবে হৈতে বোতথানায়জা ইয়া পৌছিনু। কম্বল উড়িয়া আমি বসিয়া রহিনু *রোজ২ এতমাল জাগিলজমিতে।একেলা না পারিআমি হেসাব রাখিতে* বেসোমার

মাল দেখে ভাবি মনে মন। চারিদিগ হইতে আইল জতেক ব্রাহ্মণ
নাচ বাজা করে সবে ভজন করিয়া। আমাকে কহিল আর কেনহেব
সিয়া*খেলাত লইয়া ফেরদিলেকআমায়।কহিলচলিয়া জাওআপনা
ডেরায়*ব্রাহ্মণ সবাকেআমি কহিনু এয়ছাই।ফকিরি করিতে আমি
হেথা আসি নাই*বড়া বোতের কাছে মেরা আছেন ফরিয়াদ।জাইব
চলিয়া হৈলে হাসেল মোরাদ *ব্রাহ্মনের মাতাআছে এই মন্দিরেতে
জাবদি না মোলাকাত হয় তার সাতে*ততদিন হেতা হৈতে কোথা
জাবনাই।মানা জদি কর তবে বোতের দোহাই*এতেক শুনিয়াকহে
বুড়িকে জাইয়া।বোলাইয়া লিল মুঝেলোগ পাঠাইয়া*কাল কম্বল
দিয়া গায়ে আপনার। জাইয়া পৌছিনু আনি হুজুরে তাহার * ছক্ক
মর মর এক দেখিনু জাইয়া। বড়া বোতে তার পরে রাখে বসাইয়া*
লালমতি মুক্তা তাতে কতেক আলমাছ।বেসোমারসোনা রুপা ছিল
তার পাছ*বসিয়া আছিল বিবি সোনার কুরছিতে।দুই লাড়কাখাড়া
তার ডাহিন বামেতে *ছিয়া লেবাছ বুড়া আছিল বসিয়া। আপনা
নজদিগে বুড়ি লিল বোলাইয়া *বোছা লাগাইনু আমি কুরছির পা-
য়াতে।আমার আওহাল বুড়ি লাগল পুছিতে*সাহাজাদি জতবাত
সেখাইল মোরে।সেই বাত কহিআমি বুড়ির হুজুরে*শুনিয়া কহিল
বুড়ি আমার খাতেরে।খাড়া২ সাজা আমি দেলাইব তারে*দুইলা
ড়কা ছিল তার দোনতরফেতে।কাহিলএমোছাফেরেলিয়া জাওসাতে
কহিবে তোমার দেসে কেমন বিচার। বড়া বোত শুনে বড়া হইল বে
জার *সাহাবন্দর ছেনাইয়া আপনার জোরে। বেগানার জোরুরাখে
আপনার ঘরে*সেতাবি করায়া সাহা করনা বিচার।নহেত গজোবে
তুমি হবে গেরেপ্তার*এতেক শুনিয়া দোনলাড়কা চলে জায়।সহো
রের লোগ জতদেখিবারে পায়*দেখিয়া তামাম লোগ কিবা ছোটা
বড়া। সেই দোন লাড়কা দেখে উঠে হৈল খাড়া*পিছে২ ধায় সবে
লাড়কাকে দেখে। কদোমের ধুল তার মলে সবে চক্ষে*তাবারোক
জেন দেয় চক্ষে সবাকার। জাইয়া পৌছিল দোন দরবারে বাদসার *
বাদসাকে খবর দিল জাইয়া দরওান।। আগে বাড়াইয়া বাদসা চলাল
আপনা *বহুত তাজিমকরে লিয়া জায়সাতে।তক্তের উপরে দোহে
দিলেক বসিতে * পুছিতে লাগিল বাদসা সে দোন লাড়কারে। কি
খাতেরে আইলেবাবা কহনা আমারে*দোন লাড়কা কহেশুনবাদসা
নামদার। মামাজান ভেজে দিল হুজুরে তোমার * এই মোছাফের

মন্দ আনীতে সহরে। সাহাবন্দর জরু এর লিয়া গেল জোরে * এমন
বেদাত হয় তোমার সহরে। বড়া বোত গোস্বা হয়ে ভেজিল আমারে
একথা সুনিয়া বাদসা ডরে ডরাইল। ধরিয়া আনীতে তারে হুকুম
করিল * সাহাবন্দরে বেন্ধে আন পাকড়িয়া। বিবিকে লইয়া আইস
সেতাব করিয়া * এনছাফ করীব জার পাইব তকছির। সমসের মা
রিয়া তার ওড়াইব সির * একথা সুনিয়া আমি ভাবিতে লাগিনু।
না বুঝে না শুজে এবে জান খোওাইনু * বাদসা হুকুমকৈল আনিতে
বিবিরে। দেখিলে চীনিবে সাহা পাপনা বেটিরে * এতেক ভাবিয়া
করি আল্লাকে এয়াদ। পুছিল সে লাড়কা দোহে কেনহে গোমজাদ
আমি কহি মহারাজ সোন নামদার। এছলামের জরু থাকে ভিতরে
পরদার * দরবারেতে আইসে জদি মোমিন আওরত। দোন জাহা
নেতে তার কিসের হোরমত * একথা শুনিয়া সেই লাড়কা দুইজন
বাদসাকে কহিল তেরা এনছাফকেমন * বড়বোত কয়ে ভেজেমারিতে
তাহারে। সে কথা খেলাফ করেআনিবে হুজুরে * ঝুট বাত ঠাহরিলে
আমা দোহাকার। সাহাবন্দর হৈল তেরা বড়ই এতবার * জাহা খুসি
তাহা কর মোরা দোন জাহি। বোত জানে তুমি জান মেরা দোস নাই
আমার হুকুকতার করিনু আদায়। এতেক কহিয়াদোন জাইবারেচায়
একথা শুনিয়া বাদসা ডরে ডরাইল। বুড়ির লাড়কার হাত জাইয়া ধ
রিল * মাফ কর বাবা দোন তকছির আমার। এইবাত না কহিবে হু
জুরে মামার * বহুত মিনতি করে দোনহাত জোড়া। কোনমতে নাহি
সোনে রহে দোন খাড়া * দরবার সহিত সবে কহে এইবাত। সাহা
বন্দর বটে এয়ছা কমিনা কমজাত * এয়ছাই জুলুম সেই করে জারে
তারে। সে সব খবর নাহি মালুম বাদসারে * বাহমানের মাতা জাহা
কহিয়া ভেজিল। রাস্ত বটে এই কথা পছন্দ হইল * এইবাত কহে সবে
দরবার সহিত। আপনা দেলেতে বাদসা হইল ভাবিত * খাড়া২ দিল
বাদসা আমাকে খেলাত। লিখিল হুকুমনামা আপনার হাত * ছনদ
উপরে বাদসা করিল মহর। কহিল জে মার রাখ একিয়ার তোর *
আসরফি নজর দিল সেদোন লাড়কায়। এক রোকা দিল বাদসা বাহম
নের মায় * তাজিম করিয়া দোন বিদায় করিল। রোকা লিয়া তিন
জন জাইয়া পৌছিল * বুড়ি দেখিয়া বড়া খোসাল হইল। আমার
হুকুমনামা পড়িতে লাগিল * আদাব ছালাম লেখে উপরে তাহার
জাহারে ভেজিল নামা হুজুরে আমার * বন্দরের ছরদার করে ভে

জিনু তাহারে। এক্তিয়ার দিনু এরে জাহা খুসি করে*মাল আছবাব জত আছেন বন্দরে। সবার মালেক আমি করিনু ওহারে * আমার তকছির গামা করে দিবে মাফ। কমিনা নাদান আমি কি জানি এন ছাফ * ছনদ পড়িয়া বুড়ি খুসি হোল দেলে। আমারে ডাকিয়া ফের এই কথা বলে * পান সও ছেপাহি লেহ আপনার সাতে। বন্দরের ছরদারে মেরে রহে বন্দরেতে * একথা শুনিয়া আমি করিনু ছালাম জাহা তুমি ভালজান কর সেইকাম* একথা শুনিয়া বুড়ি করিল ফর মান। হুকুম পাইয়া আইল পাচসও জওয়ান * সবাকে কহিল বুড়ি সোন মেরাবাত। এই মোছলমানে সবে লিয়া জাও সাত*সাহা বন্দ রেরে মেরে এহাকে ছরদার।হুকুম মাফিকসবে চলিবেএহার*বিদায় করিলে সবে আসিবে চলিয়া। এতেক কহিয়া দিল বিদায় করিয়া* বন্দরের বিছে জবে জাইয়া পৌছিনু।সাহাবন্দর বসে আছেদেখিতে পাইনু * গোস্বায় জলিয়া গেল ওজুদ আমার। সমসের খেচিয়া মারি গরদানে তাহার * বন্দরের বিচে আমি হইনু মুক্তার। জতেক লস্কর মেরা হোল তাবেদার * তারপরে গেনু আমি মহল ভিতর সাহাজাদি দেখে মুঝে ভেজিল সোকর*হাল হকিকত আমি কহিনু তাহায়। সাহাজাদি শুনে মেলে ধরিয়া গলায়*দুইজনে এয়ছাখুসি কিকব বয়ান। খুসির দরিয়ায় জেন বহিল তুফান*এইরূপে কত দিন রহি বন্দরেতে। নওকর সবাকে ডেকে লাগিনু কহিতে * জেবা জেই কামে আছ কর সেইকাম। ভালা বুরা বাত এসে কহিবে তামাম * আপনা কবজে আমি আনিনু সবারে।খোসালেগোজরান কর রহিয়া বন্দরে*বোতখানার ছেপাই সবে করিনু বিদায়। এনাম পাইয়া সবে দোওয়া করে জায় * বোতখানার বিচে জত আছিলবাহমন। বহুত খে লাত আমি দিনু জনেজন *ভেটঘাট নানা চিজ হরেক দেসের।বুড়ির লাড়কার আগে করিনু হাজের*লাল জওয়াহের কত করিয়া মাথায়। আপনি লইয়া আমিগেনুবোতখানায়*বুড়ির ছামনে আমি রাখিনু জাইয়া। খোসাল হইল বুড়ী নজর পাইয়া * ফের মুঝে দিল বুড়ি বহুত খেলাত। কহিল বাদসার সাতে কর মোলাকাত * রোজ২ জাবে বাবা দরবারে বাদসার। বাদসাকে লেখিল বুড়ি তারিফআমার বুড়ির লিখন পেয়ে আমির উজির। দরবার সহিত করে আমার খাতির * বাদসা এক ঘোড়া মুঝে দিলেক এনাম। বিদায় হইনু আমি করিয়া ছালাম * বাদসার দরবারে জেবা ছাহেব ছরদার ।মাল

কাত্তাদিয়া আমিকরি এক্তিয়ার* আমার পৌরস সবেকরে জেথ সেথা আটেঘাটে দরবারেতেকহে মোরকথা* খোসালেতেরহি আমি সেই বন্দরেতে। আদল এনছাফ খুব লাগিনু করিতে* সেইমতে বন্দরখুব করিনু আবাদ। দাদখার দাদ দিই জার জে মোরাদ। আসা জাওা করি রোজ বাদসার দরবারে। এস্তেমত হোরমত খুব হইল হুজুরে * এইরুপে একমাস গোজরিয়া গেল। আপনা মছহাব বাদসা আমারে কারল*আমার ছালায় বাদসা করে জত কাম। মুল্লুকেং মোর হইল খোসনাম* এবাদত বন্দেগি আমি করি খোসালিতে। ভাবনা আ সেন্দা কিছু না ছিল দেলেতে*একরোজ আমি আরসেই সাজাজাদি চুপেং কাজীডেকে করিলামসাদি*এইরুপে দুইসালরহি সেই থানে কখন এয়াদ করি ভাই দুই জনে * কোন হালে আছে তারা কেয়ছা সমাচার। এয়াদ হইলে দেল থাকে বেকারার*এইরুপে কতদিনজায় গোজারিয়া।ছওদাগর এক গোরো পৌছিল আসিয়া*জেরবাদ গিয়া ছিল তেজারতি কামে। আপনার দেসেজায় সহর আজমে* বন্দরের বিচে জেথা আমার মকান। জাহাজ লইয়া সবে করিল চাপান* সে দেসের দস্তুর এয়ছা আইলে ছওদাগর। বন্দরের ছরদারে সবে ধরেন নজর * তারপরে সাহাবন্দ জাহাজে চড়িয়া। মাশুলের ছুরত কিছু লেয় মাঙ্গাইয়া * জেরবাদ থেকে জবে আইল ছওদাগর। আমার হু জুরে সবে ধরিল নজর*তারপরে রোজ গেনু জাহাজ উপর। দেখিনু জাইয়া দোন বসিয়া নওকর* পুরানা কাপড় পিন্দেথানা লিয়া ছেরে আসিয়া রাখিল দোহে আমার হুজুরে * আমি আর ছওদাগর সেই খানা খাই। নেঘাও করিয়া দেখি মেরা দোন ভাই * সেই ঘড়ি দেল মেরা উঠিল জলিয়া। দোনভায়ে লিনু ফের খালাছ করিয়া* লেবাছ পোছাগকত দিনু ভাতেভাত।হামেহাল খাওাপেওা করি এক সাত্ত কতদিন রহি এয়ছা খোসাল খাতের। দোন ভাই করে ফের মারিতে ফেকের*একরোজ রাতে মুঝে গাফেল পাইয়া। চোরের মতন দোন পৌছিল জাইয়া * জখন পৌছিল দোন মেরা ছেরানায়। ওফাদার কোত্তামেরা দেখিবারে পায় * হামলা করিয়া কোত্তা করে বড়া সোর আওাজ শুনিয়া ওঠে জতেক নওকর * নিন্দছুটে গেল আমি বসিনু উটীয়া। দেখিনু তলওার দোন আছে হাতে লিয়া * ধরিয়া বান্দিল দোহে নওকর গোলাম। কহে সবে ভাই হয়ে কর এয়ছা কাম*মুঝে কহে বাদসা আগে করির এনছাফ।বারেং কতবার করেদিনু মাফ *

হেচ্ছা নাহি দিলমুঝে বাপের মালের। ইহুদীর হাতে হতে ছাড়া
ইনু ফের * তার পরে মাল লিয়া গেল বোখারেতে। সেথা হৈতে
আনি রাহেলে টীল চোরেতে * তার পরেজাহাজেতেজাই সাতেলিয়া
জাহাজ থাকিয়া দিল দরিয়ায় ডালিয়া * ভূকা পেয়াছা হয়ে আমি
পৌছিনু বাজার। সেথা ফের ধরে মুঝে মারে বড়া মার * শুলে চড়া
ইতে মুজে ফিকের করীল। এলাহি আলমিন মুজে বাচাইয়া দিল *
ফেরেব করিয়া ফের ডালিল জেন্দানে। তারপরে কাটে মুজে জাইয়া
ময়দানে * তাহাবাদে কাটিবারে করিল এরাদা। মেহের করিয়া মুঝে
বাচাইল খোদা * এতেক ছাজাই পেয়ে করিনু কয়েদ। কহিনু বাদ
সার আগে জত কিছু ভেদ * কারাগারে বন্ধ জদি করি দুইজনে। কি
জানি মরিয়া জাবে খোরাক বিহনে * কোনরূপে ভাগে জদি হেকমত
করিয়া। কাবুতে পাইলে মুঝে ডালিবে মারিয়া * এথাতেরে রাখি
লোহে পিঞ্জিরা ভিতর। কহিনু বাদসার আগে তামাম খবর * খাজে
ছওদাগর এয়ছা কহিল আমারে। হয় মারো নহে রাখ জে আইসে
খাতেরে * আজর বাইজানের ছওদাগর জাদার বয়ান *

পয়ার * একথা শুনিয়া কহি খাজে ছওদাগরে। এবাতে কছুর
তেরা কে করিতে পারে * এনছানের চাহি জেয়ছা করিলে তেয়ছাই
বেওফা জালেম তেরা এই দুই ভাই * জেয়ছা কাম তেয়ছা তুমি
করিলে সাজাই। ভাই হৈয়া কোথা এয়ছা করে বেওফাই * আর
এক বাত তাহে করিনু ছওাল। কেমনে পাইলে ভাই বারদানা লাল
একথা শুনিয়া কহে খাজে ছওদাগর। সোনহে দরবেস সব সে সব
খবর * চারসাল বন্দরেতে জায় গোজরিয়া। একরোজ তামাসা দেখি
ছাতেতে চড়িয়া * বালাখানা হৈতে আমি পাইনু দেখিতে। জঙ্গল
কেনারে দোনএনছানে আসিতে * নওকরে হুকুমকরি আন বোলাইয়া
আনিল সে দুইজনে হুকুম পাইয়া * আওরত মরদ দোহে দেখিনু
নজরে। আওরতে ভেজিনু আমি মহল ভিতরে * জওানের তরে
আমি বসাইনু কাছে। দেখিনু ওজুদে তার জান বাকি আছে * ধুপের
তাপেতে ছিয়া হইল চুরাত। বেতাবহইল মর্দ্দ মুখেনাহি বাত * হাল
হকিকত আমি লাগিনু পুছিতে। কহিল ভোকেতে বাত নাপারি ক
হিতে * হইল বহুত দিন খানা না খাইনু। জঙ্গলের ঘাস পাতাখাইয়া
বাচিনু * কান্দিতে লাগিল মর্দ্দ এতেক কহিয়া। খাবার ছামান আমি

দিনু মাঙ্গাইয়া* তিনসালের লাড়কা এক ছিল তার সাতে। পহেলা লাড়কার তরে দিল কিছু খাইতে * তারপরে খায় মর্দ্দ সেই সরঞ্জাম খাইয়া বখীল দেলে পাইয়া আরাম * তারপরে কহি তারে সোনহে জওান। কোথা হৈতে আইলে কাহে এত্তা পেরেসান * মাথা ভরা জটা তেরা হাতে বড়া নোক। গায়েতে সামর্থ নাহি পেটে তেরা ভোক * এতেক শুনিয়া মর্দ্দ করে হায় ২। সাতে একথলি ছিল রাখিল সেতায় আপনার হাতে থলি খুলিনু তাহার। লাল জওাহের তাহে দেখি বে সোমার * উজালা হইল ঘর জওহরের জোতে। কতরঙ্গ হইল সেই দেওানখানাতে * জরদ সবুজ লাল ছফেদ আর ছিয়া। কত রঙ্গ লাল তাহে তাজ্জব দেখিয়া * বেবাহা কিম্মত তার এক ২ লাল। বাদসাই করিতে পারে পাইলে কাঙ্গাল * লাল মতি দেখে তাহে পুছি সমাচার। কোথা হোতে আইলে কোথা মোকান তোমার * থোড়েক ওক্তর তেরা গরিবির হালে। জব্ধ লাড়কা সাতে আর মাল কোথা পেলে * একথা শুনিয়া মর্দ্দ কহে এই বাত। আজরবাই জানে ঘর ছুরহর্দ্দ বেসাত * ছওদাগর জাদা আমি করি ছওদাগরি। নছিব হইল বুরা দেসে ২ ফিরি জিতা জানে কত দিন ছিনু গোস্তরান। জতেক আহওাল মর্দ্দ আমাকে শুনান * মহাম্মদ দানেস কহে হুজুরে সবার। ছওদাগর জাদার কথা সোনে ছওদাগর *

ছওদাগর জাদার ছওদাগরীতে জাইবার বয়ান।

ত্রিপদি * সোনহে দরবেস চার, সেই থাজে ছওদাগর, জে রুপে পাইল বারো লাল। একরোজ ছাতে বসে, তামাসা দেখেন খোসে, দেখে দোন ফকিরের হাল * লোগ পাঠাইয়া দিয়া, নিল দোহে মাঙ্গাইয়া, দেখে এক মরোদ আওরত। এক লাড়কা ছিল কোলে, দেখিয়া তাহারে বলে, কেন তেরা এমন ছুরত * সেই মর্দ্দ কহে বাত, থাজে ছওদাগর সাত, শুন কেন আইনু হেথায়। বাপ মোর ছওদাগর, আজরবাই জানে ঘর, একরোজ কহিল আমায় * জইফি ওক্তর মেরা, কোন রোজ জাব মারা, বুঝে সুজে লেহ জত মাল। ছফরেতে চলো সাতে, হুসিয়ার হইবে তাতে, নহে সেসে হইবে জঞ্জাল * মাহতারি শুনিল আর, খেস কোড়ুমা বেরাদার, কহে বাত আমার বাপেরে। দস বছরের ছেলে, এখন ছফরে গেলে, মুরুখ্য হইয়া জাবে ফিরে * সিখিলো এলেম জত, সব জাবে অকারত, কিছু আর না রহিবে মনে। সকলেতে বুঝাইল, বাপ মেরা না শুনিল, কহে মোর মায়ের ছামনে * ওক্তর হইল

তারি,করি আমি ছওদাগরি,জমাইনু বহুত দওলত।নাহি জদি বুঝে লিবে,সেসে কেন পস্তাইবে,হয় জাদ আমার মওত ✱ বাপ মোর এত বলে, মুঝে সাতে লিয়া চলে,মাল ও আছবাব লিয়া সাতে।জাহাজে ছওার হৈনু জেরবাদ দেসে গেনু, বেচে মাল আসি সেতা হোতে ✱ ফিরীয়া আসিতে ঘরে,ঘরছিল থোড়া দুরে,হেনকালে আইল তুফান মেঘে হোল অন্ধকার,বহুত আওাজ তার,দেখে সব হোলে পেরেসান মওজ করিল জোর, দেখিয়া লাগিল ঘোর, কেহ কার না পাই ঠেকানা। আমি জেই জাহাজেতে, গেল এক মুল্লুকেতে,ভাবি সবে এ লাহি রব্বানা ✱ মালেক নাখোদা তায়, দেখে করে হায়২, কান্দে সবে হইয়া হয়রান। জাহাজ পানিতে ভাসে, এয়ছা ঢেউলাগে এসে সেই ঘড়ি হৈল খান২ ✱ জাহাজ পড়িল মারা, লোক জোন কোথা তারা, কেবা কার করেন তালাস। ভাসিতে লাগিনু একা, তক্তা এক পাইনু দেখা,বাচিবার কইল কিছু আস ✱ ধরে তক্তা বুকে দিয়ে, ধীরে ধীরে সাতারিয়ে, দরিয়ার কেনারা পাইনু। ধড়ে খালি ছিল জান, হৈনু বড়া পেরেসান,হাঁটা দিয়া উপরে উঠীনু ✱ নজর করিয়া দেখে বসে সব চাসলোকে,জমী সব করেন আবাদ। বদ ছুরত হাল হয়ে, কালো হাবসীকে চেয়ে, নাঙ্গা তারা ছিল মাদার জাদ ✱ বুট ভাজা খেতে ছিল,আমাকে দেখিয়া দিল,আমি থোড়া সেই বুট খাই। কথা না বুঝিতে পারি, এসারা করিয়া ফির.আরাম পাইয়া নিন্দ জাই ✱ নিন্দের খুমারী তাতে, এক মর্দ্দ লিয়া সাতে, রাহা দেখাইয়া দিল মোরে। বুট থোড়া দিল সাতে,গেনু আমি খাতে২,জাইয়া পৌছিনু কত দুরে ✱ ছামনে সহর মেলে, চলিনু খোসাল দেলে, দেখি এক উচা বালাখানা। কিকব ঘরের কথা- পাথরেতে গেছে গাথা,দসগজ ছিল তার পানা ✱ লম্বাইতে দুইকোস,দেখিয়া হইনু খোস;মরমরের আছিল দুয়ার। কুফল দেখিনু দোরে, সেথা হৈতে গেনু ফিরে.ভিতরেতে কেহ নাহি তা ✱ দরওাজা হইনু পার. সেথা হৈতে দেখি আর বড়া এক আজিগ সহর। দরিয়ার কেনারেতে, বহুতি বুরুজ তাতে, খুসি হয়ে ভেজিনু সোকর ✱ এক মর্দ্দ বৈসে আছে, দেখিয়া চলিনু কাছে,কহি তাকে ছালাম আলেক।আলেক ছালাম দিয়া,বসায় আমারে লিয়া, সেথাকার জেজনা মালেক ✱ মোছাফের দেখে মোরে, খাবার ছামানা ছারে,এনেদিল নিকটে আমার। নানারঙ্গ খানাপেয়ে খেয়ে পিয়ে খুসি হয়ে,ধরেমুঝে নিন্দের খোমার ✱ শুয়ে সেথা নিন্দ

জাই,কতক্ষন বাদে ভাই, চেতন পাইয়া উঠে,বসি। সহরের মোক্তার কার, পুছে মুঝে সমাচার, ঘর কোথা কহরে বিদেসি * শুনে আমি জত বাত, কহিনু তাহার সাত, শুনে মন্দ হৈল পেরেসান। আজ তুমি রহ হেথা, ফজরেতে হবে কথা, পেরেসান আছে তেরা জান * শুনে খুসি হৈনু জানে, সেই রোজ সেই থানে, থাকি আমি পাইয়া জতন। ফজরেতে এক তোবড়া, আর এক লিয়া কাপড়া, পৌছাইয়া দিল একজন * কোদালি দেখিনু জবে, দেলেতে ভাবিনু তবে,বুঝি বিধী হইল বৈমুখ। রুটির বদলে বুঝি,মেহনত করাবে আজি,দুক্ষের কপালে নাহি সুখ * জওয়ান কহিল মোরে, ভাব তুমি কি খাতেরে জাহ চলে ওই দীপ বীচে। জাহা তুঝে মেলে ভাই, লিয়া তুমি জাহ তাই.একগজ জমীনের নীচে * আমি এইকথা শুনে,গেনু চলেসেই থানে, খুদি সেই দীপেরউপর। খুদিতে২ সেতা. বেসোমার নাজা পোতা, দেখি আর বহুতি জওহর * সেই জওাহের লিয়া, জওয়ানের আগে গিয়া,রেখে দিনু ছামোনে তাহার। জওয়ান ডিবায় পুরে, সেই মাত্তা দিল মোরে, কহে মাত্তা হইল তোমার * জওয়ান কহিল ফের, সোন বাবা মোছাফের,জাহ তুমি ছাড়িয়া সহর।শুনে কহি জওয়ানেরে আপনি মেহের করে, দিলে মুঝে বহুতি জওহর। কিকামে আসিবে মেরা ভোকেতে জাইব মারা, পাথর নাহিক জায় খাওা। জওয়ান শু নিয়া বলে,আফছোছ করিয়া দেলে,আমি আর কিকরিব দাওা * আজ মেতে বরমেরা হেথা একে গেছি ধরা,এক্তিয়ার নাহি কিছু মোর। বি পাকে পড়েছি এসে, জেতে নাহি পারি দেসে,হেথা মেরা নাহিচলে জোর * আসিতে দেখিলে পথে, দসগজ পানা জাতে, পাথরের দেখিলে দোকান। দারগা হইনুতার, সোন বাবা সমাচার, আছি আমি বড়া পেরেসান * মানা করি এথাতেরে,হেথা হৈতে জাহ ফিরে, নাহি মান চারা নাহি মোর। নাহিজাদি বাতরাখ,এই দেসে জদি থাক,জাও তবে মহল ভিতর * সাদা দাড় আছে মুখে, দেখিলে চিনিবে তাকে, বড়া ভাই বসে আছে মেরা। জাইয়া তাহার পাছ, কথা তুমি কহয়াছ তবে কিছু ভাল হবে তেরা * আর এক নেসানি তাহে,বাজারের চৌ রাহে, মোর মতন দেখিবে ছুরাত। আমার অঙ্গুরি লিয়া, দেহ তার হাতে গিয়া, খাড়া২ কর মোলাকাত * জা বলিবে সোন তাই,বেফর মানি কর নাই,তবে তেরা হইবে এহছান। খবরদারে রবে তুমি,বার২ কহি আমি,নহে হারাইবে তেরা জান * এতেক শুনিয়া একা, সেজা

গিয়া করি দেখা, মিলি.দোহে গলায়২।মহাম্মদ দানেস বলে,আখে রেতে কোন হালে, রাখে মুঝে মালেক খোদায় *

ছওদাগরজাদার সাদী ওজিরজাদীর সাতে।

পয়ার। দারোগার কাছে আমি হইনু বিদায়। বাজারের চৌরা স্তেতে পৌছিনু সেথায়* জাইয়া দেখিনু লোগ আছিল বহুত। বেচা- কেনা করে খালী মরোদ আওরত * এয়ছাই লোগের ভিড় বাজারে দেখিনু। একহাত জমি তার খালি না পাইনু * খালি জদি ফেকে সেই জামাতের ছেরে। জতজোর ফেকে তবু নিচে নাহি গেরে* সেই জে ভিড়ের বিচে জাওা নাহি জায়। কতেক কোসেস আমি পৌ ছিনু সেথায়* দেখি একপির মদ্দ বসিয়া কুরছিতে। আছিল ছফেদ রেস তাহার মুখেতে * ছালাম করিয়া হৈনু ছামনেতে খাড়া। নও জওান দেখিয়া বাত পোছে সেই বুড়া * কি খাতেরে আইলে তুমি সহর ভিতরে। মওতের রাহে বাবা কে আনিল তোরে * একথা শু নিয়া আমি আঙ্গটি দেখাই। আঙ্গটি দেখিয়া বুড়া কহেন এয়ছাই * বে আদব ভাই তুঝে মানা না করিল। মওতের রাহে কেন পাঠাইয়া দিল * কহিতে লাগিনু আমি শুন বুড়া পির। এবাতে ভায়ের তেরা না আছে তকছির* এখানে আসিতে মানা করে বার২। হুজুরে আ ইনু বাতনা রাখে তাহার*বুড়া বলে তবে কেন আইলে হেথায়। আ মার দুক্ষের কথা কহিনু তাহায় * জত কিছু গোজরিল আমার উ পর। বুড়ার হুজুরে কহি সেসব খবর * তামাম আহওাল সব শুনে মোর মুখে। আপনা মোকামে বুড়া লিয়া জায় মোকে * বাদসাই ছামানা দেখি ঠাট আমিরানা। কতঠাই কতচিজ কেকরে ঠেকানা * তার পরে খানা পানি দিল মুজে খাইতে। খাওা পেওা করি দোহে খুসি খোসালিতে * কহিতে লাগিল বুড়া ডাকিয়া আমায়। এমন নাদানি বাবা কেকরে কোথায় * এখানে আইলে কেন হারাইতে জান। পড়িয়া এখানে আমি হৈনু পেরেসান * রছম দেসের এই কি কব তোমায়। কুফরি চলন হেথা সয়তানি দাগায়*বুঝিতে নাপারি এরা কেমন মজহাব। সয়তান দাগায় পড়েহইল খারাব*হেথাকার দেখ জত মোরদ আওরত। বাদসা সহিত এরা পোজে একবোত*সয় তান বোতের পেটে আছেন বসিয়া।জেজাহা মকছেদ করে দেয় বাত। ইয়া * নাম গ্রাম কহে বোত এমনি সয়তান। দজ্জালের মত এর জতেক ফরমান * মোছাফের আসে জদি এই সহরেতে। বাদসাকে

খবর তারহয় পৌছাইতে * বাদসা সহিত এসে করে এইকাম। বো
তের ছামনে গিয়া করায় প্রনাম * দণ্ডবত নাহি জদি করে সে বো
তেরে। তাহারে ফোকিয়া দেয় দরিয়া মাঝারে * মনে জদি করে নদি
জাব পাওরিয়া। কের আর খায়া তার জাইবে বাড়িয়া* পোতা তার
হয়ে জায় চালতে না পারে। হামাগুড়ি দিয়া জায় ঘসটিয়া মরে *
নবিন জওান তুঝে দেখে ভাবিমনে। এমন আপদ হৈতে বাচিবে কে
মনে * একথা শুনিয়া কহে সোন বুড়া পির। কি রূপে বাচিব তার
করনা তদাবর*আমার খাতেরে কহে সেইবুড়া পির। তদাবর আছে
এক করি সে ফিকির*এলাহি আলমিন আল্লা রাজি হয়জদি। উজির
জাদিরসাতে দেলাইব সাদি* আমি ফের কহিতারে শুন বুড়া পির
আমাকে পছন্দ কেন কারবে ওাজর * বিপাকে পড়িয়া আমি হৈনু
বদহাল। কিরূপে পাছন্দ করে করনা খেয়াল * পির মদ্দ কহে শুন
ছওদাগরজাদা। বোতের ছামনে তুঝে করাইব ছেজদা * আমি তারে
কহি বাবা সোন পির মর্দ্দ। আমা হৈতে এই কাম নাহবে হরচন্দ *
পির মদ্দ কহে মুজে সোন বাবাজান। হেমাত করিয়া কাহে খোয়া
ইবে জান * লাচারিতে এই কামকর কত দিন। জাহেরা খারাব হবে
বাতুনে মোমিন * আল্লা জদি কতদিন রাখে ছালামত। জে হয় ক-
রিবে ছালা বুঝবে জেমত * কবুল করিনু আমি হইয়া লাচার। বা
দসার খাতেরে বুড়া দিল সমাচার * খবর পাইয়া বাদসা মাঙ্গায়
আমায়। বোতখানার মান্দরেতে মুঝে লিয়াজায় * বহুতজামাতকত
বাহমন পুজুরি। কাতার বান্দিয়া সবেছিল সারি২ *ছেজদা করাইল
বাদসা লইয়া আমায়। দেলে২ বলি ছেজদা করিনু খোদায়* বাদসা
আর সেইবুড়া মেলে দুইজন। জাইয়া ধরিনু আমি ওজিরের দাওন*
বাদসা পুছিল কাহে ধরিলে ওজিরে। পিরমর্দ্দ কহেবাত বাদসার হ
জুরে * সাদি করিবারে চাহি ওজির জাদিরে। জত দিন জিব রব
তোমার সহরে। বাদসা বলে এইমদ্দ ফরজন্দ কাহার। পিরমদ্দ কহে
এই এগানা আমার * একথা শুনিয়া বাদসা দিলেক জওাব। কবুল
করুক তবে আমারমজহাব*কবুলকরিনু আমি মজহাব বাদসার। বু
তের ছামনে ফের জায় আরবার*আদবে হইনুখাড়া বোতের হুজুরে
খোসাল হইল বোতদেখিয়া আমারে*কহিতেলাগিল বোতডাকিয়া
আমায়। ওমেদওার রহজদি পৌছিলে হেথায় * আমার রহমে তুমি
রহ ওমেদওার। খোসালে থাকহ হেথা কিছুনাহিডর* একথাশুনিয়া

সবে জমিনে গিরিল। বোতের কদমে পড়ে লটিতে লাগিল*প্রণাম করিয়া সব হইল বিদায়।জামাতা সহিত গেল ওজির ডেরায়*সাদি পড়াইল জেয়ছা দেসের চলন * খোসালে গোজরান করি মোরা দুইজন* ওজির দেহেজ দিল বেটী দামাদেরে।খোসাল হইয়া দোঁহে থাকি এক ঘরে*এয়ছাই ছুরত তার কি কব বয়ান। পদ্মমনি চিন্তনি তারা দেখিয়া হয়রান * খুসিতে গোজরান দোন করি এক সাতে। গোছল করিনু দোন উঠে বেহানেতে * তার পরে জাই আমি বাদসার হুজুরে।বাদসা খেলাত দিল দেখিয়া আমারে*আমারখাতেরে কহে বাদসা নামদার। রোজ২ আইস বাবা দরবারে আমার*রোজ২ জাই আমি আদব রাখিয়া। বাদসা খোসাল হৈল তারিক দেখিয়া * বাদসার আহবাব মুঝে করিলেক খোদা। বড়া খোসালিতে আমি নাহি কোন ধান্দা। * এইরূপে দুই সাল গোজরিয়া গেল।আমার ক বিলা বিবির হামেল রহিল*দশমাস দশদিন হইলতাহার।মেরাএক লাড়কা হৈল পেটে থেকে তার*ঘড়ি একবাদে ফের সেহ পরিজাত দেখিতে২ বিবী হইল ওফাত * দেখিয়া বিবির হাল করি হায় হায় আছমান টুটিয়া জেন পড়িলমাথায়*আফছোছকরিয়া আমি কান্দি জার২। দেসের আওরত গেল শুনে সোরসার *আমি জেথা কান্দি বোসে করে হায়২। দোন হাত মারে তারা আমার মাথায়*জতেক আওরত জায় মারে মোছাফেরে।চুতোর খুলিয়া রহেআমার হুজুরে সেই পির মদ্দ শুনে আসিয়া পৌছিল। মদোত্ত হইয়া জেবা সাদি দেলাইল * আমারে ডাকিয়া কহে সেই বুড়া পির। পেরেসান কেন হও বিবির খাতর*আমি তারেকহি ফের সোন পির মদ্দ।দেওানা হইল বুঝি নাহি দেলে দদ্দ * একথা শুনিয়া কহে সেই বুড়া পির তোমার মওত এসে হইল হাজির * পহেলা কহিনু তুজে এই সব বাত। বুঝিনু আজল তুজে আনিল নেহাত *মরিবার রাহে আইসে কান্দিলে কি হবে। ঘড়ি এক বাদে বাবা গোরস্থানে জাবে * এতেক শুনিয়া আমি করি হায়২।সহরের লোগ এসে ধরিল আমায়*বোত খানায় লিয়া মুজে করিল হাজির। দেখিনু জাইয়া সেথা বাদসা ও উজির * আরকান দওলত আর রায়েত প্রজারা। জোড়হাতে বোতের নজদিগে আছে তারা * আমার ঘরেতে জত ছিল ছরঞ্জাম। বোতখানায় লিয়া সব করিল নিলাম *বেচীয়া তামাম চিজ কিনিল জওহর।সেই জওাহের রাখে সিন্দুক ভিতর*চাল্লিস দিনের তাতে

খোরাক রাখিয়া ।আমার হাতেতে সব দিলেক শুপিয়া * ওজির জাদিরে দিল সিন্দুকে ভরিয়া।গোরস্থানে জায় সবে ঢোল বাজাইয়া পহেলা সহরে আমি জে রোজ আইনু।দুই কোস লম্বা সেই হাবেলি দেখিনু *দরওয়াজা খুলিয়া তার গেল ভিতরেতে। সিন্দুক লইয়া রাখে সেই মোকানেতে *আমার নিকটে এসে কহিল বাহ্মন। জে নোম পেয়েছ ফের হইবে মরন*এইখানের হ বাবা জরু লাড়কা লিয়া চাল্লিস রোজ থাবে জাহা লেহনা বুঝিয়া*একথা শুনিয়া দেলজলিল এয়ছাই। বাহ্মনের তরে আমি মারিবারে চাই * বোতের উপরে চাহি ভেজিতে লানত।দেলের বিচেতে এয়ছা বান্ধিনু হেম্মত*এসা রাতে মানা করে না খোল জবান। পহেলা আসিয়াছিনু জাহার ম কান *কহে মুঝে মানা তুঝে করেছিনু ভাই। না রাখিয়া বাত মেরা পাইলে সাজাই *ভায়ের নজদিগে ভেজি হইয়া লাচার। ভাই তুঝে দেখে করে আফছোছ হাজার *বাচিবার তরে তেরা দেলাইল সাদি কি করিব মোরা তেরা নছিবেতে বাদি*এখন তোমারে এই কারি নছি হত। জবান সামটে থাক নাহি কহ বাত*একথা শুনিয়া আমি ডরে ডরাইনু। জবানেতে খামসির মোহর রাখিনু *তারপরে গোরস্থানে রাখীল আমায়। সকলেতে গেল চলে আপন ডেরায় * গোরস্থানে বসে আমি কান্দি জারে জার। এতেক কসেলা ছিল নছিবে আমার বাপ মুঝে ঘরে হতে আনে নেকলীয়া। তুফান হইয়া গেল জাহাজ ডুবীয়া*এখানে আইনু আমি পড়িয়া বিপাকে। জিতা জানে মুজে ফের গোরস্থানে রাখে *মনাজাত করি ফের আল্লার দরগায়।তোমা বিনে মেহেরবান কে আছে দুনিয়ায়*হায়২ করি আমি ছেরে রাখি হাত। একেলা রহিনু আর কেহ নাহি সাত *মরা লাস ছিল জেথা ওজিরজাদীর। কান্দিয়া২ কহি বীবির খাতির*ফরজন্দ হইতে বিবি জদি জাবে মরে। তবে কেন সাদি বিবী করিলে আমারে * দুই তিন রোজ ভাই গোজরে এয়ছাই। তারপরে সেই খানা নেকলিয়া খাই* পানির পেয়াছ বড়া হইল আমারে। ঢুড়িতে লাগিনু পানি মহোল ভিতরে*দেখিনু সিন্দুক সেতা আছে বেসোমার। মোরদার ভিতরে আছে দেখিনু তাহার * আছিল পানির ঝরনা পাইনু দেখিতে। আরাম হইল দেল সেই পানি পিতে * চাল্লিস রোজ এইরূপে জায় গোজরিয়া। দিয়েছিল জত রুটি ডালিন খাইয়া * তার পরে রোজ আমি ভাবি মনে মন। খাইনু তামাম রুটি কি হবে এখন *ফরিয়াদ

কেঁদিনু আমি আল্লার দরগায়। তোমা বিনে মেহেরবান কে আছে দুনিয়ায় * করিম রহিম আল্লা হও মেহেরবান। বিপাকে পড়েছি মুঝে দেও জিউ জান * ভাবিতে লাগিনু আমি হৈয়া জার২। আল্লার করমে আর খুলিল দুয়ার * দরওাজা খুলিয়া এক আনিল মোরদার। এক পিরমর্দ্দ আইল সাতেতে তাহার * বুড়ার কবিলা বিবি হইল ওফাত। এথাতেরে বুড়াকে আনিল তারসাত * সহরের লোগ তারে আনিল ধরিয়া। চাল্লিস রোজের দিল খোরাক বুঝিয়া* বহুত সিন্দুক ছিল সেই গোরস্থানে। ডর পেয়ে রহি আমি ছাপিয়া সেথানে * মালুম করিতে কেহ না পারে আমায়। বুড়ার সহিত লাস রেখেসবে জায় * পির মর্দ্দ রহে সেই মোরাদরের কাছে। পেরেসান হালে রহে ছের করে নিচে * দেখিনুন বুড়া আছে ছের ঝোকাইয়া। সিন্দুকের পায়া লিনু হাতে উঠাইয়া* ধীরে২ জাই আমি পিছেতে বুড়ার। লাটি ওঠাইয়া মারি ছেরেতে তাহার * মারা গেল সেই বুড়া রুটিলিনু হাতে। চালস রোজ সেইরুটিখাই খোসালিতে তারপরে গোরস্থানে আইল মোরদার।সেইরুপে মেরেলিনু খোরাক তাহার*এইরুপে কতদিন গোজরিয়াজায়।খুবছুরতবিবি এক আনিল তাহায়*সেইজে বিবির হৈল খছোম ওফাত। এথাতেরে দিলতারে সওহরেরসাত*দেথিতে শুরুপ বিবি জওান বাহার। দেখিয়া চালনু আমি নিকটে তাহার*ছুরত দেখিয়া তারে না মারিনু লাঠি। ছিনাইয়া লিনু তারজত ছিল রুটি * খাইবার ওক্ত জবে পঔছিত আসিয়া আপনি খাইতুনখোড়া আওরতেরে দিয়া*একদিন পুছি আমি সেই আওরতেরে। কে তুমি কাহার বেটি কহনা আমারে* একথা শুনিয়া বিবি কহিল আমারে। ওকালতি কামমেরা বাবাজান করে* চাচারা ভায়ের সাতে সাদিদিল মেরা।বেহারেতে খছোম পড়িল মেরা মারা খছোমের সাতে সবে ভেজিল আমায়। কহিনুন তুজে হেথা আনিল খোদায়*গোরস্থানে পেরেসানে আছিনুলাচার। এথাতেরে জোড়া তুজে ভেজিল আমার* পহেলা ফেরায় মুখ আওরতের দস্তুর। তার পরে সেসে বিবি করিল মঞ্জুর * সাদির ছামানা জত করিনু তৈয়ার আপনি ওকিলমোল্লা আপনি মোক্তার * আপনি বয়রাত আর আপনি সেকাজি। বিবির এজেন লিয়া আপনি সে রাজি * গাওা রাহল খালি পরওার দেগার। এইরূপে সাদি বেহা হইল দোহার*মোছল

চাহার দরবেস,

পানি বেনা জত বিবিকে সোনাই। এই রুপে কতদিন রহিনু এয়ছাই একলাড়কা পয়দা হৈল দেখিয়া খোসাল। দেখিতেং এছা গেল তিন সাল * একরোজ বিবী ফের কহিল আমায়। কতদিন এয়ছা হালেরহিবে হেথায় * জিতা জানে গোরস্থানে কতদিন রব। মোরদার না মারিলে মোরা খেতে নাহি পাব * দুই তিন মাহিনা জদি না মরে এনছান। খোরাক বিহনে তবে নেকালিবে জান * একথা শুনিয়া ভেবে না দেখি উপায়। পেরেসান হৈয়া আমি ভাবিনু খোদায় * রাতদিন দেলবিচে লাগিনু ভাবিতে। একরোজ দেখি আমি শুইয়া খাবেতে * পানি জাবার রাহা আছে দেখনা ঢুড়িয়া। সিন্দুকের লোহা আছে মারো তাকে গিয়া * কোসাদা হইলে বড় সেই রাহা হয়ে। আপনি চলিয়া জাবে জরু লাড়কা লিয়ে * চমকিয়া উঠী আমি পাইয়া চেতন। পাইনু পানির ঝরনা ঢুরিয়া তখন * সেই লোহা লিয়া মারি পাথর উপরে। খুদিতে না পারি আমি জেত্তা মারি জোরে * একসাল গেল মেরা খুদিতেং আসিয়া পঔছিনু তেরা এই বন্দরেতে * আকছোছ হইল দেখে ছওদাগরজাদায়। বহুত খাতের দারি করিনু তাহায় * লেবাছ পোসাক দিয়া রাখি নেওয়াজিয়া। নায়েবাত কাম দিনু পিয়ার করিয়া * আমারক বিল। বিবি সেই সাহাজাদি। বন্দরে মারিয়া জারে করেছিনু সাদি * জতেক ফরজন্দ হোল সেকোমে বিবির। ওফাত করিল সবে দেখিয়া দেলগির * একলাড়কা হোল তার পাচবরছের। সেহো বিবি মরিয়া গেল নছিবের ফের * লাড়কার সোগে বিবি হোল জারে জার। আপনার জান দিল করিয়া নেছার * বিবির খাতিরে আমি করি বড়া গম। ধুলায় লুটিয়া কত করিনু মাতম * তারপর গেনু আমি বাদসার দরবারে। আপনার সাতে লিনু ছওদাগর জাদারে * বাদসাকে জাইয়া আমি করিনু ছালাম। বাদসাকে কহিয়া তারে দিনু মেরা কাম * বন্দরের চৌধুরী দার হোল ছওদাগরজাদা। মোকানে আসিতে আমি করিনু এরাদা বাদসার মোকানে গিয়া বিদায় হইনু। সেই বন্দরেতে ফের জাইয়া পঔছিনু * আমার আছিল সেতা জত ছরঞ্জাম। মালমাত্তা হাতি ঘোড়া লইয়া তামাম * ছওদাগরজাদা কত দিল জওহেরাত। লইয়া আইনু আমি আপনার সাত * নেসাপুরে আইনু আমি হইয়া বিদায়। খুসি খোসালেতে আমি রহিনু সেতায় * দোনভাই বন্দ ছিল পিঞ্জেরা ভিতর। নেসাপুরে বাদসা সোনে সেসব খবর * জতেক মাশুল লেয় আর ছওদাগরে। দ্বিগুনা মাশুল লাগে এহার খাতেরে * ছওদাগরজাদা লালু

থোড়া এয়ছা দিলে। সেই লাল বারোদানা কুকুরের গলে*কোত্তার খেদমত করে দুজনা গোলাম ॥খাজেছাগ পরস্ত এতে হোলো মেরা নাম*খাজে ছওদাগর মুঝে কহেনামদার ।॥লাড়কার খাতেরে দেখি জোনাব তোমার*এই ছওদাগরজাদা গেল নেসাপুর। খোসাল হইনু আমি দেখে এরনুর* জব লাড়কা নাহি মেরা দুনিয়া জাহানে। এই মাল কোথাজাবে আমারবিহনে* ভাই হয়েছেল মেরা জানের দুস্মন কাবুতে পাইলেমুঝে মেরেকরে খুন*এয়ছা দরদ মন্দ মেরা না আছে দুনিঞাায়। এখাতেরে মালমাত্তা শুপিব এহায়*একথা শুনিয়াকহি খাজে ছওদাগরে ।॥এই লাড়কা কোথা পাইলেকহিবে আমারে * এ কথা শুনিয়া খাজে করে জোড়হাত।আলমপানা ছালামত সোনএই বাত* তোমার রায়েতের॥ঘর রুমের সহরে। ছওদাগরজাদা এইছও দাগরি করে*একথা শুনিয়া আমি পুছিনু লাড়কায় ।॥কোথা ঘরকার বেটা কহিবে আমায়*একথা শুনিয়া লাড়কা জমিনে গিরিল। জমিন চুমিয়া পাও আসিয়া ধরিল* জান বখসি হয় জদি বাদসা জাহাগির আপনি করিবে মাফ বান্দির তকছির * ওজিরের বেটি আমি সোন আলমপানা। গজব করিয়া জারে দিলে বন্দখানা * বার দানা লাল জদি পারে দেখাইতে। তবে মেরা বাপ জান রবে ছালামতে* নেসা পুরে গেনু আমি এহার খাতের। কোত্তা লাল ছওদাগর করিনু হা জের * মরজি মোবারোক জাহা হয় জাহাগির। মেহের করিয়া মাফ করিবে তকছির*ওজিরের বেটিজবে কহিল আমায়। খাজেছওদাগর শুনে করেহায়২ * এতেক মেহনত মেরা অকারণে গেল। এতেক ক হিয়া খাজে বেহোস হইল * গোলাবের পানি কত দিনু তার গায়। কতক্ষন বাদেকিছু হোস হৈল তায় * চেতন পাইয়া খাজে কহে এই বাত। ওজির জাদিরে বড়া করে নছিহত * ফেরেব করিয়া দুক্ষ দিলে তুমি মোরে। বড়াসাদ কোরে আমি আইনু এসহোরে*মনে করেছিনু এই ছওদাগর জাদায়। জতেক দওলত মেরা সুপিয়া এহায় * বুড়া কালে থোড়া দিন করিব আরাম। আমিবাদে দুনিঞাতে রবে মেরা নাম * মতলব মেহনত মেরা গেল অকারত। ভোলাইল মুঝে এই হইয়া আওরত * সেই বাহমনের হাল হইল আমায়। কাসিতে জাইব কিম্বা জাইব মক্কায়* এতেক কহিয়া মন্দ কান্দে জারেজার। রওানা দেখিয়া হইলু আফছোছ আমার*খাজে ছওদাগরে কহি সোন মেরা বাত। ওজির জাদির সাদি দিব তেরা সাত * বিবির সেকোমে হবে

ফরজন্দ তোমার। সেই লাড়কা হবে তেরা মালেক মোক্তার * খো
সাল হইল খাজে একথা শুনিয়া। ওজির জাদিরে দিনু মহোলে ভে
জিয়া * তারপরে ওজিরেরে করিলাম খালাস। গোছল দেলাইয়া দিনু
বহুতি লেবাছ * ওজিরের তরে বাত কহিনু তামাম। তারপরে দুজনার
হৈল সাদি কাম * তার পরে মোছাহেবি কাম দিনু তায়। এইরুপে
কতদিন গোজরিয়া জায় * দুই লাড়কা হোল সেই ওজির জাদির।
খাজেছাগ পরস্তদেখে খোসালখাতির * খুসি খোসালেতে দিনগেল
গোজরিয়া। কহিনু কাহিনী মেরা বয়ান করিয়া * তারপরে কহ কেচ্ছা
জাহা আছে বাকী। দানেস বলেকহ আমি সেইমত লেখি * কালিক
লম মেরা নাহি সহে দের। জেন্দেগীর আশ নাই কহি বের বের *

তেছরা দরবেশের বয়ান।

পয়ার। বাদসার কাহিনী জদি হইল তামাম। তেছরা দরবেশকহে
সোন নেকনাম * জতেক আহওাল মেরা করিব বয়ান। দেল লাগা-
ইয়া সবে করিবে ধেয়ান * বাপ মেরা বাদসা ছিল বড়া নামদার। সবে
এক লাড়কা আমিহইনু তাহার * আজম মুল্লুকে মেরা কদমি মকান
বাপ মেরা দেখে মুজে জানের সমান * লাড়কাই ওস্তাদে দিল এলেম
সিখিতে। সেয়ানা হইনু আমি দেখিতে২ * জওানি ভরিয়া খুব আ-
ইল আমার। একরোজ জাই আমি করিতে সেকার * ঘোড়ার উপরে
আমি হইনুছওার। এয়ার আছবাব চলে সাতেতে আমার * বড়া এক
ময়দানেতে পৌছিনু জাইয়া। ছোরখাব বহুরি বাজ দিনু ওড়াইয়া *
আছমানে উড়িল পাখি দেখিতে২। পাখীর সেকার কত লাগিনু ছু-
নিতে * এইরুপে কত দুর জাই নেকলিয়া। ময়দানে তামাসা আমি
তাজ্জুব দেখিয়া * কতরঙ্গ ফুল সেই ময়দানেআছিল। ফুলেররঙ্গেতে
রঙ্গ জমীনেতে হৈল * ছবজার বাহার তাহে কতেক বুরুজ। পাথরের
রঙ্গ জেন চমকে শুরুজ * ধীরে২ জাই কত তামাসা দেখিয়া। ছামনে
হরিন এক পৌছীল আসিয়া * বড়া ছিয়া রং ছিল সেই জে হরিন।
বেবাহা কিমতী তার পীঠে ছীল জিন * সোনার লাগামতার আছিল
মুখেতে। পায়েতে নেপুর ছিল লাগীল নাচীতে * ঘোড়ারছুমেরশব্দ
শুনিতে পাইল। কুদে২ চারীদীগে ঘুমিতে লাগিল * খোসাল হইল
দেল হরীন দেখীয়া। এয়ার লোগেরে আমী কহী বোলাইয়া * খবর
দার পিছে২ না আইস আমার। একেলা হরিন আমি করীব সেকার *
এতেক কহিয়া ঘোড়া দওড়াইনু মেরা। কুদিয়া চলিল ঘোড়া বুঝিয়া

এলায়া ❋ বহুত মেহনত করি ধরিবারে তায়। ধরি২ করি ফের ধরা নাহি জায় ❋দেলে করি দাগ না চড়াব এর গায়। বেগর জখমে আজ ধরিব এহায়❋বহুত কোশেস করি না পারি ধরিতে। লাচার হইয়া তির চালাই জোরেতে ❋এয়াই মারিনু তীর জুড়িয়া কামানে। জাইয়া বসিল তির হরিনের রানে ❋ কারি তির লেগে পাও টোটে হরিনের। ধীরে২ তিন পায়েচলে জায় ফের❋ ঘোড়া হতে ওতরিনুধরিবারতরে জাইয়া পৌছিল এক বাগিচা ভিতরে ❋ পিছে২ জাইয়া আমি সেই বাগানেতে।গায়েব আওাজ এক পাইনু শুনিতে❋এইবাত কহেজেন হয়ে জার জার। আমার বাচ্ছাকে জেবা দিলেক আজার❋ আফছোছের তির তার লাগে কলেজায়। আমার মতন জেন সেহ দুক্ষপায় একথা শুনিয়া আমি চুড়ি চারিদিগে।দেখি একবুড়াপির বসে সেই বাগে ❋দেখিনু হরিন বসে আছে তার কাছে।পির মদ্দতির তার পাও হৈতে খেচে❋আফছোছ করিয়া কত কান্দে সেইবুড়া।ছালামকরিয়া হৈনু ছামনেতে খাড়া❋জোড়হাতে আদবেতেকহি এইবাত।নাজেনে না শুনে বাবা করেছি বেদাত ❋আমার তকছির মাফ করিবে আপনি নহেত দেহনাসাজা জেহয়এখনি ❋একথা শুনিয়া কহে সেইবুড়াপির আসিয়া মারিতে জদি মুজে এই তির ❋না হতো আফছোছ এতশুন সমাচার।অবলা জানওারে কাহে দিলেক আজার❋আছিল তকদিরে জাহা গেল গোজরিয়া। দুই জনে তির আইস ডালি ওখাড়িয়া ❋ একথা শুনিয়া দোহেনেকালিনু তির। দারু লাগাইল গায় সেইবুড়া পির ❋তারপরে খানা পিনা জাছিল হাজের। খাওাইল মুঝে খুব কবিয়া খাতের ❋ খাটের উপরে মুঝে কহিল শুইতে। শুনীয়া রহিনু আমি দেল খোসালিতে ❋ থোড়া ঘড়ি বাদ নিন্দ ছুটে গেল মোর। বুড়াকে না দেখি ফিরে নিকটেতে মোর❋দহসত পাইয়া চুড়ি ঘরের ভিতর। দেখিনু আওরত এক তক্তের উপর ❋ পুন্নিমার চান্দ জেন বসিয়া ঘরেতে। নাছারার লেবাছ তার দেখিনু গায়েতে ❋সেইপির মদ্দ সেই বিবীর পায়েতে।আপনার ছের রেখে লাগিল কান্দতে ❋ বুড়ার আওহাল দেখে কার হায়২।বিবীকে দেখিয়া জোর নাহিছিল গায় ❋ বেহোস হইয়া গিরি হইয়া বেতাব। দেখিয়া সে পিরমর্দ্দআনিল গোলাব ❋ছেরকাইয়া দেয় মেরা ওজুদ উপর। থোড়া ঘড়িবাদ কিছু হোস হোল মোর ❋উঠিয়া হইনু খাড়া ছামনে বিবির।ছালাম করিনু তারে নোওাইয়া ছির ❋ না দেয় জওাব তার নাহি কহে বাত

ঠোট না হেলায় বিবীনাহি তোলেহাত*দেমাগ দেখিয়াপুছি বিবীর
খাতেরে। ছালামের জওাব কেন না দেও আমারে*কোন মজহাবে-
মানা আছে এই বাত। মেতাব করিয়া মুঝে কহ পরিজাত * থোড়া
কথা বলা ভাল জানেন সকলে। এত থোড়া কিছু নহে বুঝে দেখ
দেলে * আসকের জান জায় মাশুক বিহনে। তবু কি মাশুক তার
কথা নাহি সোনে * ওাস্তে খোদার থোড়া কহ বিবী কথা। নছিবের
দোষে আজ আসিয়াছি হেথা * মেহমান জানিয়া থোড়া করিবে
খাত্তের। বহুত বুঝাই আমি করি বড়া দের *বাত নাহি কহে বিবি
ঠোট না হেলায়। রহিত্তে না পারি গিয়া ধরি তার পায় * কাঠের
উপরে জেন গেরে মেরা হাত। দেখিনু পাথর কেটে করিল মুরাত*
তাজ্জব হইনু সেই মুরত দেখিয়া।আজরবোততারাস বুঝি দিল বানা
ইয়া*পির মদ্দ বসে ছিল পুছিনু তাহায়। তির মেরে ছিনু তেরাহার
নের পায় * আমারে মারিলে তুমি মাশুকের তির। কলেজা হইল
টোকরা হইনু আস্থির * জে দোওা করিলে তুমি তাই হৈল মোরে।
এহার ভেদের কথা কহিবে আমারে *জঙ্গল ময়দানে কেনে একেলা
বসিয়া। বোত পুজা কর কেন কহ বোঝাইয়া * একথা শুনিয়া বুড়া
দিলেক জওাব।শুনিয়া এবাত তেরা কিবা হবে লাভ *জঙ্গলময়দানে
থাকি ছাড়িয়া সহর। শুনিলে আমার দুক্ষ হইবে কাতর * একথা
শুনিয়া কহি সোন বুড়া পির।না কহিলে জুদা তেরা করেদিব ছির*
আপনা ভালাই চাহ করিবে সেতাব। নহেত এখনি তুমি।হইবে খা
রাব * দেখিল আমার বড়া গোস্বার ছুরাত। নরম জবানে বুড়া কহে
এইবাত *আল্লাতালা সবে জেন রাখে পানাতলে। আসক খেয়াল
কার নাহি দেয় দেলে * আসক এমন বুরা সোনহে জওান।। মাশুক
খাতিরে মর্দ হারাইলে জান*ফরহাদ।মজনুর:কেচ্ছা।মালুম সবারে
এখাতেরে মানা করি শুনিতে তোমারে * নাহিক জওানি কেনে ক
রিবে বরবাদ * মালমাত্তা জাবে তবু না পুরিবে সাদ*একথা শুনিয়া
আমি কহিনু বুড়ায়।দুস্মন বলিয়া তুমি জানবে আমায় *আসনাই
করিতে আমি নাহি আসি হেথা।জান জদি বাচাইবে কহ সেই কথা
একথা শুনিয়া বুড়া হৈল পেরেসান। কান্দতে২ মর্দ্দ করিল বয়ান
খারাব হইনু আমজেমন ছুরত।দেল দিয়া সোন তবে সেই।হকিকত
নেমাছিয়া নাম মেরা ছওদাগর ছিনু। এই ওক্করেতে সব মুল্লুক ফি-
রিনু*বাদসা জত আছে এই দুনিয়া বিচেতে।জাইয়া পৌছিনু আমি

সবার খেদমতে* এক দফা দেলে এয়ছা খেয়াল করিনু। নাছারার মুল্লুক আমি কভু না দেখিনু * সেতাকার বাদসা আর ছেপাই ছর দার। দেখিতে খাহেস দেলে হইল আমার * এয়ার সবার সাতে মছলত করিয়া। ভাল২ চিজ লিনু জাহাজে পুরিয়া*জত ছওদাগর ছিল সেই সহরেতে।সকলে কহিল মোরা জাবতের: সাতে*এতেক কহিয়া সবে ছরঞ্জাম লিয়া।জাহাজ উপরেসবে চড়িনু জাইয়া*লঙ্গর তুলিল কিস্তি চলে বাওভরে। কয়েক রোজেতে গেল বেলাত সহরে সহরে উঠিয়া দেখি বড়া ছোলতানাত। আওরত মরদ দেখি বড়া খোবছুরত *কোঠা বালাখানা সেথা আছে বেসোমার। গাল কুচী চৌরাহাতে বহুতি বাজার*সহর বাহিরে বাগ দেখিতে মাকুল।কত রঙ্গ আছে আর নানা রঙ্গ ফল * খোসাল হইনু দেলে সহর দেখিয়া জাইয়া রহিনু ঘর কেরায়া করিয়া *জবে মোরা গেনু সেই সহর ভি তর। সহরেতে লোগ সব:পাইল খবর * এক মর্দ্দ খাজেছারা বড়া ছোলতানাতে।আসিয়া পৌছিল খাজে কাফেলা বিচেতে*আসিয়া পুছিল খোজা আমা সবাকারে। তোমাদের মোক্তার কেবা কহিবে আমারে*সকলে এসারা করে দেখায় আমায়।এসারা বুঝিয়া এসে ছালাম জানায় *আলেক ছালাম দিয়া পুছি সমাচার। কি খাতেরে আইলে মর্দ্দ নিকটে আমার *খাজেছারা কহে মুজে সোন ছওদাগর ছরঞ্জাম লিয়া চল মহল ভিতর * সাহাজাদি শুনে বাত ভেজে দিল মোরে।ভালা২ চিজ লিয়া পৌছাও হুজুরে* খোজাকে কহিনু কাল জাইব বেহানে। রাহের মন্দেগি বড়া আছে পেরেসানে*বিদায় হইল খোজা একথা সুনিয়া। সাতে জত ছওদাগর লিনু বোলাইয়া *বাদ সাই পছন্দ জত ছিল ছরঞ্জাম। মাঙ্গাইয়া সেই চিজ রাখিনু তামাম ভালা২ চিজ জত ছিল মেরা পাছ। কত জওাহের আর জতেক লে বাছ *বেহান হইতে গেনু মহল ভিতর। বোলাইরা লিল খোজা শু নিয়া খবর*খাজেছারা পাকড়িলএসেমেরা হাত।খুসি খোসালেতে দোন জাই এক সাত * ছেহেলি জতেক তারা ছিল সারি২।পরকেটে ছেড়ে জেন দেছে সব পরি*উদাস হইল দেলচলিতে না:পারি।হুসি য়ার হইয়া আমি জাই ধীরি২ *তার পরে সাহাজাদি বসিয়া।জেথায় খাজেছারা সেই ঘরে লিয়া মুজে জায় * আলিসান মকান দেখে হ ইনু হয়রান। বিবীর ছুরাত দেখি বিদরে পরান *। হাত পাও কাপে; মেরা উড়িল হাওাছ। জোড়হাতে খাড়া হইনু সাহাজাদি পাছ *

জত ছরঞ্জাম আমি লিয়া গেনু সাতে। তামাম আছবাব বিবী জা
গেল দেখিতে *পছন্দ করিল বিবী জত ছরঞ্জাম। মুজে কহে ছওদা
গর কিবা লিবেদাম*তামাম চিজের দামকহিনু বিবিরেসাহাজাদি
কহে কাল আইসহ ফজরে * হেছাব করিয়া দাম দিব জে তোমায়।
একথা সুনিয়া আমি হইনু বিদায়*দেলেং খুসিহৈনু আইনু চলিয়া
এই বাগানেতে কাল দেখিব আসিয়া * দেওানার হালে আইনু আ
পনা ডেরায়।জত ছওদাগর দেখে পুছিল আমায় *কহ ভাই এমছা
হাল কিসের লাগিয়া। কহিনু ধুপেতে দেল গেছে ঘাবরাইয়া * তুর
দারাজের রাহা বিবির মকান। ছরদ গরমে দেল হইল পেরেসান *
একথা সুনিয়াসবেহাও করে গায়।বেকারার হালে রাত গোজরিয়া
জায় * বেহান হইতে গেনু বিবীর মহলে। দেখিয়া সে সাহাজাদি
বসিবারে বলে *বসিনু আদাব সাত ছামনে তাহার।বিবি কহেকত
লিবে মোনাফা ইহার * বিবিকে কহিনু জেয়ছা মরজি আপনার।
বড়া সাদ ছিল দেলে দেখিতে দিদার * মোরাদ হাছেল মেরা ক-
রিল খোদায়। দোন জাহানের খুসি হইল আমায় * জাহা দিবে
তাহা লিব না হব দেলগির।একথা সুনিয়া দেল খোসাল বিবীর *
বিবি বলে পুরাং দিব তেরা দাম। মেহনত করিয়া মেরা কর থোড়া
কাম * বখসিস এনাম তুজে দিব ভাতে ভাত। সেতাব করিয়া মেরা
রাখ এইবাত * সুনিয়া বিবির বাত কহিনু তাহায়। জান মাল চাহ
জদি রাজি আছি তায় * তেরা আগে জানমাল রাখিনু মৌজুদ।
তেরা কামে জান জায় নছিব ছাবুদ*একথা সুনিয়াবিবী লিখিলপয়
গাম। আর এক রোমাল তাহে চেকরের কাম * রোমাল ভিতরে
রোকা দিল লেপটিয়া।আর এক অঙ্গুরিদিল হাওালা করিয়া*কহিল
বাগিচা এক দেল কোসা নামেতে। সেতাব করিয়া তুমি জাহ সেখা
নেতে *কএখোছরো নামে দারগা আছে তাতে। রোকা আর অঙ্গুরি
মেরা দেহ তার হাতে*সেতাব করিয়া জওাবআনিবে আপনি।খানা
জদি খাবে সেতা পিবে হেতা পানি * সেতাব করিয়া আন লিখন
জওাব।এনাম খেলাত তুঝে দিব বেহেছাব*একথা সুনিয়া আমি বি
দায় হইনু।পুছিতেং এয়ছা কতদুর গেনু*দুইকোস তফাতেতে দে
খিনু বাগান। নিকটে জাইয়া মেরা খুসি হৈল জান * দেখিনু জওান
এক সেরের ছুরাত। সোনার কুরছিতে বসে আছে নেকজাত * চার
জানু বসে মদ্দ সমসের বান্দিয়া। দিয়াছে লোহার টোপ মাথায়

তুলিয়া*পানসও জওান আছে হুজুরে তাহার।হুকুমের তাবেআছে
বান্দিয়া হাতিয়ার*ছালাম করিয়া খাড়া হৈনুছামনেতে।বিবিরপয়
গাম দিনু দরোগার হাতে * খোসামদ বাত কত কহিতে লাগিনু।
বিবির রোমাল ফের তাহাকে দেখানু * বিবির জতেক বাত লাগিনু
কহিতে।শুনিয়া আঙ্গুল কাটে আপনার দাতে*মুজে কহে আইলে
হেথা বিবির ফরমানে।বুঝিনু মওত তেরা আনিল এখানে*আপনা
খুসিতে আইলে মওতের রাহে।বাগান ভিতরেজাহ দেল জদি চাহে
ছুরবে নামেতে গাছ দেখনা জাইয়া।লোহার পিঞ্জেরা এক আছেলট
কাইয়া *একমর্দ্দ আছে সেই পিঞ্জেরা ভিতর। লিখন তাহারে দিয়া
আনহ খবর * হুকুম পাইয়া আমি চলিনু বাগানে। জাইয়া হইনু
খাড়া পিঞ্জারা জেখানে *দেখিনু জওান এক বড়া খাব ছুরত। ছা
লাম করিনু তারে ওঠাইয়া হাত *বিবির লিখন দিনু কয়েদির হাতে
কেতাবত পাইয়া মর্দ্দ লাগিল পড়িতে*তামাম মতলব মর্দ্দ পড়িতে
না পায়। চারি দিগ হৈতে লোগ ঘিরিল আমায় * আসিয়া মারিল
তেগ ওজুদ উপর।জত লোগ আইসে মারে জার জত জোর*দহসত
পাইয়া আমি হৈনু জারে জার। কেহ না দরদ ভাবে সকলি গাড়ার
চোরের মতন মুজে করিল জখম।হোস গোস গেল মেরা বহে খালি
দম * চার পায়া পরে মুজে দিলেক তুলিয়া। ছুতরোপে ধরে দোন
আনে ওঠাইয়া * কেহ বলে জাই চল ময়দানে ডালিয়া। কোত্তা গি
ধড়ে এছে জাইবে খাইয়া * কেহ বলে বাদসাজাদি সোনে এইবাত।
জিতা জানে গাড়ায় গাড়িবে একসাত * এয়ছাই মছলত দোন করে
জেতে২। আপন কানেতে আমি পাইনু শুনিতে * সেই দুই জওা
নেরে কহি এইবাত। খোদার তরফে চেয়ে করনা রেয়াত *ধড়ের বি
চেতে আছে জারা এয়ছা জান।নিদানের কালে দোন হওমেহেরবান
জতক্ষন বেচে আছি না সেতাবে আর।মরিলে জা খুসি দোনকরবেরা
দার *মোরদার জেন্দার কাছে থাকে এক্তেয়ার।জাহা খুসিকর কেহ
নাহি দাবিদার*আর এক বাত পুছি তোমা দোহাকায়।ক তকছিরে
মার মুঝেকহিবে আমায়*তোমরা কেবটে কোথা লিয়া জাও মোরে
শুনলে আফছোছ মেরা সব জায় দুরে * এতেক শুনিয়া দোন হৈল
মেহেরবান। কহিতে লাগিল শুন করিয়া বয়ান * কি খাতিরে মারি
তুঝে কহি সে খবর। জাহাকে দেখিলে তুমি পিঞ্জেরা ভিতর *

করিল তাহার বাপ আগেতে বাদসাই। মরিবার সময় পাইল তক্ত তার ভাই *মরিবার কালে তক্ত শুপিয়া ভায়েরে।আপনা লাড়কায় দিল তাহার খাতেরে *কহিল লাড়কা মেরা আপনা জানিবে। মেরা লাড়কা তেরা লেড়কি সাদি দেলাইবে * নাবালগ আছে লাড়কা বুঝিতে না পারে। সেয়ানা হইলে সব দিবে হেচ্ছা করে * আপনার ছোটা ভাইয়ে কয়ে এইবাত। দেখিতে২ বাদসা হইল ওফাত*সেই হৈতে এই বাদসা করেন বাদসাই।ভুলে গেল জে সব কহিল এর ভাই না দিল মালের হেচ্ছা ভায়ের লাড়কায়। আপনা লেড়কির সাদি না দেয় তাহায় * পাগল বলিয়া নাম মসহুর করিয়া। পিঞ্জারা ভিতরে রাখে কয়েদ করিয়া *চৌকি পহরী তার থাকে চারিদিগে। পরেন্দা ডরেতে নাহি জায় সেই বাগে * মারিবার তরে কত করিল হেকমত কে মারিতে পারে জার আল্লার মদত*জওহর খাওালে তাহা হৈয়া গেল পানি। বাদসাজাদা পরে ভাই এত পেরেসানি * বাদসাজাদা পিঞ্জারাতে রহিল কয়েদ। সাহাজাদি সাতে এর আছে ভেদাভেদ* সাহাজাদা বিনে বিবি আছেন বেতাব। বিবি বিনে সাহাজাদা হইল কাবাব*তেরা হাতে বিবি জবে ভেজিল পয়গাম। জাচুছের মুখেবা দসা সুনিল তামাম *হাবসির জওান বাদসা দিলেক ভেজিয়া।এথা তেরে গেল তুজে তাহারা কাটিয়া * বাদসা ফের ছালা করে ওজিরে ডাকিয়া। বেটিআর ভাতিজা দোনগিয়াছে মিলিয়া *কিরুপেমারিব তায় করহ তদবির।বিবীর মহলে গেলচলিয়া ওজির*সাহাজাদিবসে ছিল বুঝাইল তায়। কেন বিবি মারা জাবে বেগানার দায়*আপনার খুবি জদি চাহ আপনাকে। আপনার হাতে তুমি মেরে ডাল তাকে ওজিরের মুখে বিবি একথা শুনিয়া।বাদসাজাদায় আজ ডালিবেমারিয়া*একথা শুনিয়া দোন জওানের মুখে।দেখিতে সাহস বড় হইল আমাকে*জানমেরা আজরাইলে করে টানাটানি।শুনিয়া এবাতত্তুরে গেল পেরেসানি *সাতে করে লিয়া দোন চলিল সেথানে। ছাপিয়া রহিনু আমি মহলের কোনে*তক্তের উপরে বাদসা দিয়া আছেবার সাহাজাদি খাড়া আছে ধরিয়া তলওার * পিঞ্জারা থাকিয়া আনে ভাতিজার তরে। বিবিকে হুকুম করে মারিবার তরে*মারিতে চলিল বিবি খোচয়া তলওার। নীকটে জাইয়া দিল কীকীয়া হাতীয়ার * সাহাজাদা খাড়া ছিলধরে তার গলা।তুজে দেখেখুসি হৈনুতুরেগেল জালা*সাহাজাদা বুলে বিবি মারহ তলওার।এবাতে আফছোছকীছু

নাহিক আমার * সেতাবি তোমার সোগে আছি পেরেসান। মরিলে কিহালে রাখে আপনি ছোবহান * বিবীবলে সাহাজাদা না হবে দেল গীর। মারিতে না আসি আমি তোমার খাতির * বাহানা করিয়া আইনু নজদিগে তোমার। বড়া সাদ ছিল মেরা দেখিতে দিদার * বাদসা তামাসা দেখে বেটি ভাতিজার। সরমেন্দা হইয়া ডাকে ওজিরে তাহার * এসব তামাসা মুঝে দেখাতে আনিলে। দাই এসে লিয়া জায় বিবীকে মহলে * ওজীর হইল গোস্বা বাদসার কথায়। বাদসাজাদার ছের কাটিবারে জায় * মনে করে এক চোটে করিব ওয়ার। এতেক ভাবিয়া জায় খুলিয়া তলওার * নিকটে জাইয়া তেগ খেচে মারে জোরে। আচম্বিতে তীর গেরে ওজিরের ছেরে * এয়ছাই পুলাদি তীর গিরিল মাথায়। টুটিয়া মাথার খুলি গিরিল সেতায় * ওজির মরিলে দেখে বাদসা পেরেসান। দহসত পাইয়া বাদসা জাগিলমকান * সাহাজাদায় লিয়া গেল পিঞ্জরায় পুরিয়া। এসবতামাসা দেখে আইনু চলিয়া * তারপরে বিবী মেরা পাইয়া খবর। বোলাইয়া লিলো মুজে মহল ভিতর * জখোম দেখিল বিবি অজুদে আমার খাড়া২ মাঙ্গাইল হাকিম ডাক্তার * হাকিম লোগেরেকহে করিতে তদবীর। রাতদিন বিবী মেরা নজদিগে হাজির * চাল্লিস রোজেতে মুজে করিল আরাম। হাকিম লোগেরে দিল বখসেস এনাম * তার পরে বিবী মুঝে কহে এইবাত। আপনা মুল্লুকে তুমি জাহো নেকজাত * বিবীকে কহিনু আমি খাতেরে তোমার। এতেক কসেল্লা লিনু জানেতেআমার * একথাশুনিয়া বিবীমাল মাত্তা লিয়া। আমারখাতেরে বিবি দিল নেওাজিয়া * বেসোমার মাল মুঝে দিল সেই বিবী। বিদায় করিয়া মুঝে দিলেক সেতাবি * কহিল এখনি ঘরে জাহ ছওদাগর। বাদসা শুনিলে তবে জাবে জমঘর * সেখান হইতে সবে আইনু চলিয়া। লোগ লওাজেম মেরা খোসাল দেখিয়া * সেখান হইতে কুচ করিনু রাহেতে। কত দিনে আইনু সবে এই মুল্লুকেতে * নফর চাকোর আর এয়ার সবায়। এখানে থাকিয়া সবে করেন বিদায় * মকান করিনু আর বানানু মুরত। ঠীক২ বানাইনু বিবির ছুরাত * সেই হতে এখানেতে থাকি হামেহাল। দেলে থেকে উঠে গেল তামাম খেয়াল * জতদিন আল্লাতালা রাখিবে হায়াতে। জান মেরা গোড়াইব বোতের খেদমতে * এতেক এয়াদ করে বসিনু হেথায়। গোজরিল জত কিছু কহিনু তোমায় * এসব বয়ান জবে কহে পিরমর্দ্দ। শু

নিয়া আমাকে হইল আসকের দর্দ*আসকের তীর মেরা লাক্কেকলে
জায়। সেইঘড়ী কেন্দে উঠী করি হায়২ * ফকিরি লেবাছ আমি পি
ন্দিনু তখনে।দেলে ভাবি সেই বিবী দেখিব কেমনে*ফিরিঙ্গির দেস
আমি দেখিব কেমন। উদাস হইল মন ফিরি বনে বন * মজনু ফর
হাদ জেয়ছা হইল পাগল। সেইমত ফিরি আমি পাহাড় জঙ্গল* এই
রূপে কতদিন জায় গোজরিয়া।ফিরিঙ্গির বেলাত আমি পৌছিনু জা
ইয়া* গলি কুচা ফিরি আর ফিরী ঘরে২। বহুত ফিরিনু সেই সহের
বাজারে*বিবির নিকটে মুঝে জাওা হৈলদায়। পেরেসান হৈনু ভেবে
না দেখি উপায়* এতেক মেহনতকরি জাহার খাতীরা দেখা না পা
ইনু কেয়ছা ছুরত বিবির* এইসব ভাবা গোনা করি হামেহাল। এক
রোজ ফিরিবার হইল খেয়াল * বাজারে ফিরিতে গেনু তামাসা দে
খিতে। বহুত লোগের ভিড় সেই বাজারেতে* ঘড়ি এক ফিরি সেথা
তামাসা দেখিয়া।দেখিনু তামাম লোগজায় পলাইয়া*দোকানদার
ভাগে সব বান্দিয়া দোকান। এক পলকের বিচে হইল ছুনছান*তার
পরে এক মর্দ্দ বড়া উচামান। জোরেতে হইবে বুঝি রোস্তম সোমান
দুহাতে তলওারলাঙ্গা ঢালছিলো পিটে।ছামনেতে পায়জারে ডালে
তারে কেটে * ছেরেতে লোহার টোপ জেরা দিয়া গায়। তিরগুলি
নেজা গোর্জ্জ চড়িয়া ঘোড়ায় * তার পিছে একমর্দ্দ আইসে ধীরে২।
মোদ্দা এক তুলে লিয়া আপনার ছেরে * তাবুত তুলিয়া মর্দ্দ মখম
লেতে মুড়ে। সেই জওানের পিছে ফেরে ঘুরে২* দেখিয়া তাহারে
আমি জাই নজদিগেতে।দুরহৈতে মানা লোগকরে এসারেতে*মানা
নাহি শুনিতার জাই পিছে২। জওান পৌছিল এক মকানের বিচে*
আমি তার পিছে২ জাই সেইঘরে। দেখিয়া মারিতে তেগ আইল
আমারে*হাসিয়াকহিনু তারে সোনহে জওান।দেরনা করিবে মেরা
মারিতে গরদান *সহিতে না পারি আর জানেতে আজাব। কলেজা
জলিয়া মেরা হইল কাবাব * এই ঘড়ি মারো তুমি কছোম আল্লার।
দাওাগির নাহিহব হাসর মাঝার* একথা শুনিয়া মর্দ্দ সাপটিল হাত
নরম জবানে মুজে কহে এইবাত * কোথা হৈতে আইলে ভাই কিবা
সমাচার। জান কেন দিতে চাহ করিয়া নেছার* একথাশুনিয়া [illegible]হি
ছানি রোস্তমেরে।এস্কের আগুন মুঝে আনে এসহরে * পিরমর্দ্দ জত
বাত কহিল আমায়। বয়ান করিয়া আমি সোনাইনু তায়*আপনার
দুক্ষের কথা কহিনু তামাম। জানেতে করিনু আমি আরাম হারাম

একথা শুনিয়া সেই ছানি রোস্তমের। আখে থেকে পানি তার হইল জাহের* দেলেসা ভরসা মুঝে দিল সেইমদ্দ। বিবির লাগিয়া দেলে না করিবে দর্দ্দ*তোমার এলাজ ভাই আছে মেরা হাতে। সাহাজাদি পাবে জদিথাক মেরা সাতে*নাপিত ডাকিয়া মেরা ফেকে নোকচুল লেবাছ পোসাক দিল দেখিতে মাকুল * গোছল দেলায়ে মুঝে হাম্মামে জাইয়া। হামাচিজ নেয়ামত খেলায় বসিয়া * তার পরে কহে মর্দ্দ আমার খাতেরে। দেখিলে তাবুত মেরা গোলামের ছেরে* এই সাহাজাদা ছিল পিঞ্জারা বিচেতে। মারা গেলনাস তার আছে তাবু দেতে* ওজির মরিল জবে ছেরে গেরে তির। বাদসা রাখিল ফের নতুন ওজির*সেই দাগাবাজকত হেকমত করিয়া। বাদসাজাদার ছের ডালিল কাটীয়া * মারা গেল সাহাজাদা শুনিনু খবর। আগ এয়ছা জলে উঠে ওজুদেতে মোর * মারং করে ছুটে ওজিরের পানে। এক চোটে ভেজে দিনু দোজখ দরমিয়ানে*বাদসাকে মারিতে জাই তল ওয়ার খেচিয়া। জোড়হাতে বাদসা মুঝে কহে বোঝাইয়া * আল্লার দোহাই আমি কিছুই না জানি। ওজির বজ্জাত জত করিল সয়তানি বাদসা কাতর হৈয়া কতেক বোঝায়। না মর্দ্দ বুঝিয়া আমি ছেড়ে দিনু তায়*মাসেং এইকাম করি সেই হোতে। নতুনং চাদ উঠে আছমানেতে * জোমারাত হইলে পরে করি এইকাম। তাবুত ছেরেতে করে মেরা এ গোলাম * সহর বাজার ফিরি করিয়া মাতোম। মুঝে দেখে ভাগে লোগবলে বুঝ জোম*ছানি রোস্তমের মুখে একথা শুনিয়া।দেল মেরা কাল ছিল গেল জে ফুটীয়া*আল্লারদরগায় ভেজি সোকরানাহাজার।মেলাহয়া দিলজেবা এয়ছা মদতগার*আল্লাজাহার পরে হয় মেহেরবান। আলম চলেনতার মানিয়া ফরমান*খোসাল হইয়া আমি ফিরি তার সাতে। সাম হোল ছিয়া তার গিরিল দুনিয়াতে * মাছের পেটেতে জেন ইউনছ পৌছিল। ইউছফ নবিরে জেন কুঙায় ডালিল*সেই আন্ধয়ারিতে মর্দ্দ তাবুতের তরে।গোলামের বদলে মোর তুলে দিল ছেরে * কহিল আমারে চল বিবির মোকান। সাহাজাদি আগে তুমি নাখোল জবান* করিব মিনতি খুব তোমার খাতির। আমার কথার বাবা না হবে বাহির * একথা শুনিয়া আমি করিনু ছালাম। কহিনু জানিবে মুঝে আপনা গোলাম* আমার লাগিয় তুমি করিবে মেহনত। তেরা বাত রদকরি মেরা কি তাকত*এতেক কহিয়া দোন চলিনু রাহেতে। জাইয়া পৌছিনু মোরা বাদসাই

বাগেতে * চবুতারা ছিলো এক বাগানের বিচে। মুঝে সাতে লিয়া মর্দ্দ গেল তার কাছে * ছঙ্গ মরং দিয়া বানাইল সান। শুজনি গা লিচা কতছিল স্থানেস্থান* চারিদিগে গেরদা তার কাম জরদোজের মতির ঝালোর তাহে দিয়াছেন ফের* আলমাছ উপরে বিবি খাড়া হৈয়াছিল।বিছানাতে ঘরতার করেদেছে আল*সারিং গেরদা তায় জড়ক্ত জড়াও।সাখিগণ এসে তারে করিতেছে বাও*তাবুতরাখিতে মুঝে কহিল সেথায়।কহিল থাকিতে মুঝে গাছের তলায়*দণ্ডেক বাদে ফের মসাল জ্বালিয়া। গাছতলে আইল বিবি ছেহেলি লইয়া দেখিয়া সে মর্দ্দ তার গেল নজদিগেতে। ছালাম করিয়া খাড়া হৈল জোড়হাতে*সাহাজাদি পোছে কহ কিবা সমাচার।কিকামে আইলে হেথা কি তেরা দরকার*জওয়ানকহিল বিবিকহিতে ডরাই।তবেআমি কহি তেরা রেজা জদি পাই* বিবি কহে কহ মর্দ্দ না করিবে ডর। শু নিয়া বিবিকে কহে আমার খবর*বাদসাজাদা আইল এক ঘর আজ মেতে।পাথর ছুরাত তেরা পাইল দেখিতে*বাদসাই ছাড়িয়া ফেরে জঙ্গল ময়দান। ফিরিল বহুত রোজ হইয়া হয়রান * তারপরে বেলা য়েতে আসিয়া পৌছিল।আপনার জানে বড়া কসেলা খেচিল*আমি জাইতে ছিনু মাতম করিতে।জান দিতে আইল মর্দ্দ মেরা নজদিগেতে এত জে মেহনত লিল না মেলে মোরাদ।এখাতেরে বলেআর বেচে কিবা সাদ*আমিতারে ওঠাইনু মারিতে তলওয়ার। কহে মুঝে মার তুঝে কছম আল্লার* কহে কেন মিছে কামে জানজায় জলে।সমসের মারহ নহে ছুরি দেহ গলে*দেখাইনু বড়া ডর খেচিয়া সমসের।কহে মুঝে কেন মিছে কর তুমি দের* তোমার আসক ঠিক নহেত মক্করা। আজমায়েস করিয়া আইনু হুজুরেতে তেরা * আসকের চাহি জাহা পাইনু তামাম। এখাতেরে তেরা আগে আনিনু পয়গাম*বিবিবলে সাহাজাদায় রাখিলি কোথায়।বাদসাজাদা হয় জদি রাজি আছি তায় একথা সুনিয়া মুজে নজদিগে বোলায়।সাহাজাদি দেখে মুজে দেখি আমি তায়*দেখিয়াবিবির ছবিআকেলহয়রান। বেহোসহইয়ামেরা না সরে জবান *সাহাজাদি দেখে মুজে আসক হইল।বুঝিয়ারোস্তম ছানি বিদায় হইল *আমাকে কহিল বিবি থাক খুসিহালে।রোজ আসা জাওা কর রাতকালে * একথা শুনিয়া তার পায়েতে গিরিনু কহি তাহে দুনিয়াতে ফিরে জেন আইনু * সে রোজ বিদায় হৈনু এ তেক কহিয়া। ছানি রোস্তমের ডেরে পৌছিনু জাইয়া * দিনভরবসে

আমি রহি সেখানেতে।ঘড়িওলার মত ঘড়ী লাগীনু গুনীতে*সাম
ওক্তে সেতা হৈতে হইনু বিদায়। আসিয়া পৌছিনু ফের সেই বাগী
চায় *চবুতারা কাছে আমি বসিনু জাইয়া।বড়ী একবাদে বিবি পৌ
ছিল আসিয়া * বান্দি একসাতে লিয়া বসিল সেথায়। দেখিয়া কা
তর হয়ে ধরি তার পায়*বিবীমেরাহাতেধরে তুলিয়াবসায়।আপনি
উঠিয়া মেলে ধরিয়া গলায় * তার পরে বিবী ফের কহিল আমায়।
এমন ছুরত তুজে মেলা হবেদায় *হেথা হৈতে লিয়া মুজে চলেকোন
দেসে। নছিবেতেথাকে জাহা হবেতাহা সেসে*একথা সুনিয়াআমি
বিবিকে লইয়া।বাগানে থাকিয়া দোন আইনুচলিয়া*বিবীকে পাইয়া
এয়ছা খুশি হৈনু দেলে।খুসিতে দুগুনা মেরা দেহ গেলফুলে*রাহা
হারাইনু দোহে খুসিতে ভরিয়া। পেরেসান হয়ে ফিরি ঘুমিয়া২ *
বিবি বলে আর আমি না পারি চলিতে।সেতাবি করিয়া চলো জাবে
জেথানেতে * ঘুমিয়া২ ঘাও হইল পায়েতে। রাত ছাপা হৈলফের
পড়িব ফেরেতে *বিবীর এবাত শুনে লাগিনু ভাবিতে।কহিনু গো
লাম মেরা আছে নিকটেতে*খরিদা গোলাম মেরা বড়া মেহেরবান
আজচল থাকি বিবিতাহার মোকাম*বিবি বলেচল তেরা দেলজেথা
চায়।ঝুট কথা বলে আমি ঠেকিলাম দায়*কোথা বা গোলাম মেরা
কোথা তার ঘর। ভাবিতে২ ফিরি রাহের উপর * দেখিনু দরওাজা
এক কুঞ্জী দেয়া তায়।কুলুপ তুড়িয়া দোহে পৌছিনু সেথায়*মহলে
জাইয়া দেখি বড়া ছোলতানাত *গালিচা দুলিচা ঘরে আছে ভাতে
ভাত*সিসী ভরা ছিল কত গোলাপি সরাব। বাবুরচিখানায় দেখি
রুটি আর কাবাব*খোসালিতে খাই দোন সেই সব চিজ।হালালকি
হারাম তাহা না করিতজমিজ*রাতছাপা হয়েগেলখুসিখোসালিতে
ফজরেতে সোরসার পাইনুসুনিতে*সাহাজাদিকোথাগেল নামেলে
ঢুড়িয়া।গলাগলি ঢোল ফের দিল বাজাইয়া*থানায়২ফেরভেজিল
পয়গাম।গড়েরদুয়ারে রাখে কতেক গোলাম*তাহা সবাপরেএয়ছা
হুকুম বাদসার। বেগর পাসেতে কেহ না জায় বাহার*চৌকিপহরি
ফের সহরকোতওাল।দুইহাতে তলওার আর পিটেধরেঢাল*এনাম
খেলাত আর দিব বেসোমার। সুনিয়া জাল্লাদ জত হইল তৈয়ার *
কুটনি জাইয়া সব ফেরে ঘরে ঘরে। গোলি২ ঢোড়ে আর সহর বা
জারে*দরওাজা খুলিয়া দোহেআছিনু খোসালে।হেনকালেএকবুড়ি
আইল মহলে*জইফ ওক্কর তার সয়তানেরখালা।তছবি হাতেকালা।

মুখি আইল একেলা * বোরখা ডালিয়া আইল মহল ভীতর। হাত তুলে দোওা মুজে করিল বিস্তর *আল্লা তেরা ভালা করে কামায়েনর কত। হায়াতদারাজি থাক ছহিছালামত*গরিব ফকীরনী একমুষ্টীর ভিকারী। সারাদীন দেসে২ ভিক মেঙ্গে ফিরি*দুইরোজ খানা কোথা খাইতে না পাইনু। বড়া আসাকরে বাবা তেরা ডেরে আইনু*সাহা জাদি সোনে জদি এইসববাত। বুডীকে দিলেক বিবি এনাম খেলাত খেলাত পাইয়া বুড়ী দিল কত দোওা। ভাল থাক তেরা ডেরে করি আসাজাও। *এমন নেসানি কিছু দেহ বিবি মোরে। আসীয়া দেখাব তবে চিনিবে আমারে*মরে জদি জাই তবেকাফন কিনিয়া। দাফনক রিয়া মুজে রাখিবেগাড়িয়া*একথাশুনিয়াবীবিআঙ্গুটিখুলিয়া। বুড়ির আঙ্গুলে বিবি দিল পেন্দাইয়া*আঙ্গটি পাইয়া বুড়ী খোসাল হইল ছালাম করিয়া বুড়ী বিদায় হইল *দেলে২ ভাবে বুড়ি কিকরিউপায় বিবীর নেসানি আজ দেখাব বাদসায় * এতেক ভাবিয়া বুড়ী চলিল রাহেতে। হেনকালেঘরওালা আইল ঘরেতে * ঘোড়ায় ছওার মদ্দ নেজালিয়া হাতে। হরিন সেকার করেলিয়া আইল সাতে*দরওাজা দেখিল খোলা মহলে আসিয়া। কুটান বুডারে দেখে জায় নেকালিয়া জাইয়া ধরিল বাল বুড়ির ছেরের। মহল ভিতরে তারে খেচে আনে ফের*দোন পায়েরসীদিয়া দিল লটকাইয়া। মারিতেলাগিল কোড়া জোরেতে খেচিয়া*এয়ছা মার মারে মদ্দমারাগেল বুড়ি। মহলভীতর চলে আইল দড়বড়ি * কলেজা কাপিয়া গেল দেখিয়া তাহায়। কেমনে ভাগীব কিছু না দেখি উপায়*কাতর দেখিয়া মুজে কহেসে জওান। ডর না করিবে এই আমার মোকান*খোসালেতে রহ দোহে না কর ভাবনা। আমি তেরা পিট পরে আছি পোস্তপানা * লিয়াছু আমার পানা লাচার হইয়া। কমি না করিবতেরা খেদমত লাগিয়া * বারেক আসিয়া আমি হইনু দাখিল। নহে তোমা দোন পরে হইতমুস্কিল *দরওাজা খুলিয়া দোন ছিলে খোসালেতে। দর্জ্জাল আসিয়া ছিল সন্ধান জানিতে *বাদসা শুনিলে তবে মারিত গরদান। বারেক আইনু তাই বাচাইলে জান * সাহাজাদি মুচকিয়া কহে এইবাত। সা হাজাদা হেথা মুজে লিয়া আইলসাত*কহিল গোলামমেরা ঘরতার এই। খোসালেতে রহ হেথা ডর কিছু নাই *একথা সুনিয়া মদ্দ বি বিকে বুঝায়। বাদসাজাদা রাছ বাত কহিল তোমায় *আওরত মরদ জত জাহানে তামাম। বাদসার ছামনে সবে নেঙড়িগোলাম *মাল

মাত্তা দেয় কত খেলাত জায়গির। গোনাখাতা মাফ করে পাইলে তকছির*নছিব ছাবেত মেরা করিল খোদায়। সাহাজাদা সাহাজাদী আমার ডেরায় *দোন জাহানেতে বাড়ে এজ্জত আমার। জান মাল কদমেতে করিব নেছার * জতদিন দেলচাহে রহ আরামেতে। দেলে বোঝ আছি জেন আপনা ঘরেতে * কোনবাতে গম না করিবে সাহা আর। হুকুম করিবে জাহা হইবে দরকার * বাদসা না জানিবে তুমি আছ মেরা ঘরে। ফেরেস্তা মাল,ম জাহা কারতে না পারে*এইরূপে নানামতে বুঝায় আমায়। খোসাল হইনু বড়া তাহারকথায়*পুছিনু জওানে কহ কি নাম তোমার। কহিল বেহজাদ খা নাম জে আমার হাজার সাবাসী দিনু বেহজাদের তরে। হাজার সাবাস তেরা হেম্মত উপরে * আজতুমি বাচাইলে আমার হোরমত। আদায় করিব জদি থাকি ছালামত* এতেক কহিয়া থাকি খোসাল খাতের। বেহজাদ খা থাকে মেরা খেদমতে হাজের * খেদমতের সরত জেয়ছা করিল খেদমত। খরীদা গোলাম হৈতে করিল মেহনত* এইরূপে কতদিন জায় গোজরিয়া। এয়াদ হইল মুঝে মা বাপ বলিয়া * উদাস হইল দেল হৈনু বেকারার। বেহজাদ দেখিয়া আইল নজদিগে আমার * আদবেতে জোড় হাত কহে এইবাত। কি গোনা করিনু মুঝে কহিবে নেহাত * কোন বাতে খাতা জদি হয়ে থাকে মেরা। উচিত ছাজাই দেহ ছানেতে মেরা * একথা শুনিয়া আমি কহি বেহজাদেরে। কোনবাতে পেরেসানি না মেলে আমারে * আমারে কহিলে জেয়ছা আপনা মোকান। হামেহাল খুসিহাল আছে মেরাজান *চারিদিগে দুস্মনেতে আছিল ঘেরিয়া। এতদিন জেতুন আমী থাকেতে মেলিয়া তুমি এয়ছা দোস্ত মেরা কে আছে এখানে। তেই আমি জানে মানে রহিনু আরামে * খোদা তুঝে খুসিরাখে বাড়ায় মোরাদ। বেহজাদ পাইয়া দোওা দেলে হৈল সাদ*বেহজাদ কহিলমুঝেশুনসাহাজাদা থাকিতে এখানেজদি না থাকে এরাদা*জাইতে জদি দেলচাহে দিব পৌছাইয়া। খোসাল হইনু তার একথা শুনিয়া * কহিনু বেহজাদ খায়ে শুনহ জওান। পৌছাইতে পারজদি আমার মোকান * মা বাপের কদম বুঝি করি একবার। দোন জাহানেতে বাড়ে মরতবা আমার * হইল বহুত দিন ফকিরের বেসে। মা বাপে ছাড়িয়া আমি ফিরি দেসে২ * কোনহালে আছে তারা বলা নাহি জায়। দেওানা

হইল কিবা ভেবে মারা জায়*এস্কের আগুনে দেল হইল কাবাব ছাকি মুঝে খেলাইল গোলাবি সরাব * জ্ঞান জদি ধড়ে ফের আসিয়া ব সিল। মাবাপের কথা এখন এয়াদ হইল * ওাজেব হইল মুঝে বা পের খেদমত। মেহেরবানী করে মুঝেকরহ মদত * একথা শুনিয়া মর্দ্দ উঠে হৈল খাড়া। সেতাব করিয়া আনে তাজি তীন ঘোড়া * সওকোস জায় ঘোড়া ঘড়ী এক বিচে। এয়ছা তিনঘোড়া মর্দ্দ আনে বেছে২ * সাহাজাদি চড়ে এয়ছা ঘোড়ার উপরে। পরেন্দা জানওার জেয়ছা জায় বাওভরে*আমি একঘোড়াপরে হইনু ছওার। বেহজাদ তাহার পরে হইলতৈয়ার*ছওারহইল মর্দ্দবান্দিয়া হাতিয়ার। বেহ জাদ আগে২ হৈল রাহাদার * দেলাসা ভরসা দেয় না কর ভাবনা। আমি তেরা পিটপরে আছি পোস্তপানা*এতেককহিয়া গেল গড়ের দুয়ারে। বডাএকহাক মর্দ্দ হাকে বড়াজোড়ে * দরওাজায় কুলফছিল ডালিল তুড়িয়া। নেঘাবান লোকছিল লিলেক ডাকিয়া*সোনজত নেঘাবান কহি সবাকারে। জাইয়াকহনা তেরা বাদসার হুজুরে * তো মার বাদসার বেটি মেহের নেগার। বাদসাজাদার সাতে সাদি হৈল তার * আজমেতে ঘর তার জায় মর্দ্দ ঘরে। বেহজাদ পোস্তপানা আছে পিটপরে * মর্দ্দমি থাকেত আইস লড় তারসাতে। নহেত চ লিয়া জাও আজম দেশেতে * ভাগিয়া না জাই মোরা কহনা জাইয়া আপনা বেটিকে বাদসা লিক ছিনাইয়া* নহেত খিমার বিছে রহ ছা পাইয়া। সহর ছাড়িয়া আমরা জাই নেকলিয়া*একথা শুনিয়া তারা কহিল বাদসায়। বেটি তেরা আজমেতে নেকলিয়া জায়* একথা শু নিয়া বাদসা আগ বরাবর। ছাহেব ছরদার লোগেভেজিল খবর*তিন জনা চোর ভাগে সহর থাকিয়া। কাটীয়া গরদান ছেরদিবে পাঠাইয়া বাদসারহুকুম পেয়ে ছাহেব ছরদার।কোমর বান্দিয়া সবে হইল তৈ য়ার*জাইয়া পৌছিল জতবাদসার ফউজ। দরিয়ার বিচে জেন উঠিল মউজ*ঘোড়ার ছুমের গদ্দ ওঠে আছমানেতে। তিনজনা পড়ি মোরা ঘোড়ার তলেতে*বেহজাদ ভরসা দিলআমা দোহাকারে।দোনহাতে তেগ লিয়া চলিল লস্করে*ধরিল ঘোড়ার বাগ আপনার দাতে। তল ওার খেচিয়া মর্দ্দ মারেন জোরেতে * এয়ছা জোরে তেগমারে লস্ক-র খেচিয়া। ঘোড়ার সহিত লোগে চলিল কাটিয়া*একঠাই খাড়া নাই চাক এয়ছা ঘোমে। চাল্লিস পঞ্চাস মর্দ্দ কাটে একদমে* কারেমারে নেজা গোর্জ্জ কারেমারে তীর।তেগতলে মারে কারে ফাসির জিঞ্জির

ঘড়ীএকে লহুনদী দীল বহাইয়া।লহুর দরিয়ায়লোক জায় সাতারিয়া। ছাহেব ছরদার দোন ছিল লস্করেতে। বেহ্জাদ দোহার ছের কাটিল জোরেতে *ছরদার পড়িল মারা ভাগিল লস্কর। বাদসা দেখিয়া বড়া হইল ফাফর *আছিল বক্কার পোস ফউজবাদসার।আসিয়া ঘিরিল ফের চারিদিগে তার *আমি আর সাহাজাদীদেখিয়া কাতর।খাড়া হয়ে রহি এক পোলের উপর * জওনপুরের পোল জেয়ছা দেখিতে বাহার। তার কাছে নাহি কিছু এজ্ঞত এহার*বিবাকে রাখিনু সেই পোলের দরমিয়ান। আপনি জুড়িনু তীর লইয়া কামান*মহাম্মদদা নেস কহে কেতাব দেখিয়া।একদফে লড়াই বড়া তাজ্জব শুনিয়া *

ত্রিপদী-ছন্দ * বাদসা কোমর বেন্দে, লেবাছ পোসাক পিন্দে, সেজে আইল লইয়া লস্কর। লোকের হসরত এয়ছা, রোজ কেয়ামত জেয়ছা, কুদে ফেরে করে জোর সোর*হাতি ঘোড়া উঠ পরে, ছওয়ার হইয়া ফেরে,হিন২ ঘোড়ার আওয়াজ। শুনে লাগে কানে তালা,নাচে গায় করে খেলা, সেকার পাইল জেন বাজ*বেহ্জাদ ছাড়িয়া ঘোড়া ময়দানে হইয়া খাড়া, হাকে ঘোড়া বলে মার২।দেখিয়া দাপট তার কে গেরে অজুদে কার, ময়দানেতে হৈল সোরসার*আছমান কড়কে জেয়ছা,ঘন২ হাকে তেয়ছা,কুদেবুলে জেনমস্তহাতি।কারে মারেতেগ তুলে, কারে বা জিঞ্জির গলে.কার বুকে জোরে মারে লাথি*ধরিয়া হাতির শুড়ে, জেমন রোস্তম ফাড়ে,দাতে ছের ডালে ওখাড়িয়া।তেগ মারে জার ছেরে, ছওয়ার সহিত তারে, ডালে জেন করাতে চিরিয়া *
ময়দানেতে মরা লাস, ভেসে ফেরে জেন ঘাস, লহুনদি বহিল তুফান ভাসে লোক আড়ে ওড়ে, কেহবা লুকায় গারে, দেখে বাদসা হৈল পেরেসান * মুখে বলে হায়২, কলেজা জলিয়া জায়,লোগ জন সব গেল মারা। বাদসাইতে নাহি আসা,বেটি হৈতে এই দশা,আরমেরা নাহি কিছু চারা*করেবাদসা জোড়হাত,ডরপেয়ে কহে বাত,মাফকর তকছির আমার।লিয়া জাওবেটি মেরা.দাওাগিরনাহিতেরা,হব তেরা হুকুম বরদার *বেহ্জাদ কহেন সাহা. বেটি তেরা দেহ বেহা, খোসা লিতে করহ বিদায়। বাদসা এবাত সুনে, রাজি হোল ভেবে গুনে; ...দি দিল ডাকিয়া মোল্লায়*বাদসা খোসাল হয়ে,বেটি দামাদেরে পেয়ে, করে মেরা বহুত খাতের।মোজকভ সেথা রহি,বাদসার হজুরে কহি,আর মেরা নাহি সহে দের*মাবাপ হইল মনে,জিউ মেরানাহি মানে,খুসিহালে করহ বিদায়।বাদসা শুনিয়া বলে, জাহাতেরাচাহে

দেলে, তাহা কর রাজি আছি তায় *শুনিয়া বাদসার বাত, বেহ্জাদ
লইয়া সাত,সাহাজাদি হইল তৈয়ার।বাদসকে ছালাম করে, চড়িনু
ঘোড়ার পরে,তিনজন হৈনু রাহাদার * মঞ্জেল২ জাই, ডরভয় কিছু
নাই, ডর থালি পরওার দেগার ।তিনজনা একসাতে,সবে ছহি ছালা
মতে, আইনু মোরা ছরহদ্দ ভিতর*হাল হকিকত লেখে, ভেজেদিনু
বাবাজিকে, শুনে বাদসা হইল খোসাল । সাদিয়ানা বাজে গড়ে,দো
গানা নামাজ পড়ে, ধন জেনপাইল কাঙ্গাল *দুরে গেল পেরেসানি
শুখা গাছে পেলেপানি,বাদসা আইল আগুবাড়াইয়া।আমিরওাজির
সাতে, দরিয়ার কেনারাতে, খাড়া মেরামুখ তাকাইয়া *সেই জে ন-
দির ধারে, গেনু মোরা একবারে, কিস্তি নাহি ছিল কেনারায় ।বাদসা
ভেজিল নৌকা, তাহাবি পাইনু দেখা, আর নাহ দেরি করা জায় *
দেলে বড়া হৈনু খোস,লহু মেরা করে জোস,ঘোড়াকেমারিনুকোড়া
খেচে । গেরে ঘোড়া দরিয়ায়, জোরে সাতারিয়া জায়, পরিহৈনুঘড়ি
এক বিচে * বাপের কদমে গিরি, জাই আমি গড়াগড়ি, কোলেওঠা
ইয়া লীল সাহা ।কহে মুজে কোথা ছীলে,কোনকামে গোঙাইলে,এত
বলে করে আহা২ *হেথা সেই সাহাজাদি, আমাকে দেখিল জদি,
দরিয়াতে হয়ে আইনু পার ।ছিল তার মাদি ঘোড়া, আমার ঘোড়ার
জোড়া,দেখে ঘোড়া গিরিল তাহার*পড়ে ঘোড়া নদি বিচে, বিবিজে
লাগাম খেচে,বেহজাদ গেরে তাহা দেখে।দরিয়ার বিচে পড়ে,ঘোড়া
নাহি আগুবাড়ে, গায়েব হইল সেতা থেকে * বিবির লাগিয়া জান,
হৈনু বড়া পেরেসান, সদা আমি করি হায়২ । দেল মেরা গেল জলে,
বাদসা মুজে লিয়াকোলে,খাড়া২ ডুবুরি মাঙ্গায়*বহুততালাসকরে
চারিদিগে ফেরে ঘোরে, কিছু না মিলিল তার চিন।জেলে লোগজাল
ফেলে, তবু না ঠেকানা মেলে,জায় এয়ছা তিনরাত দিন*সাহাজাদি
না মিলিল, হোস গোস দুরে গেল,হনু জেন উদাসিনি পারা।বাদসা
করেহায়২,ভেবে না ঠেকানাপায়,ফনি জেনহলো মনিহারা*বুঝাইল
নানামতে, নাহি ভুলিসেইবাতে,কান্দি আমি করি হায়২।কিছুনাহি
পাই দিসে, ফিরি ফাকেরের বেসে, বসি সেই নদির কেনারায় *জিউ
নাহি বোধ মানে,চেয়ে থাকি নদি পানে,আখেরে পলক নাহি মা[illegible]
এয়ছা কতদিন গেল, মাসুকেরে না মিলিল, দেলে চাহে ডুবেআমি
মরি *এতেক ভাবিয়া মনে, বিবি ডোবে জেইখানে, সেইখানেজাই
সাতারিয়া।গিয়া এক ডুব দিনু, আওাজ শুনিতেপাইনু, নারীডোব

ওঠহে ভাসিয়া * জাহতুমি রুমদেশে, দুই ফকির আছে বসে,সেতা তেরা মিলিবে মাশুক ।এথাতেরে আইনু হেতা, কহিনু তামাম কথা রাহাঘাটে পেয়ে এত দুক্ষ * শুন বাদসা নামদার, মেরা এই সমাচার, জতকিছু গোজরিল মোর ।মহাম্মদ দানেস বলে, রছুলের পাওতলে সাফ সাফা করিবে আখেরে *

চৌঠা দরবেসের বয়ান *

পয়ার *চৌঠা দরবেসে কহে আপনা বয়ান ।দেল লাগাইয়া সবে করিবে খিয়ান * বাদসার ফরজন্দ আমি চিনিতে মকান ।সব বাতে পুরাছিনু বহুতি ছামান * এলেম হেলেমে খুব হইনু হুসিয়ার।খুসি খোসালেতে থাকি ঘরেতে আমার * জমানার ভালা বুরা না পারি চিনিতে। মনেকরি এই হালে থাকিব দুনিয়াতে * এইরুপে কতদিন গোজরিয়া গেল ।এলাহির চাহা মেরা বাবাজান মৈল*মরিবারসময় মেরা ডাকীয়া চাচায়। বাদসাই শুপিলো আর শুপিল আমায় * কহিল ভায়ের তরে সোন ছোট ভাই ।মালমাত্তা ছেড়ে আমি নিজঘরে জাই * আমার ফরজন্দ জবে হইবে হুসিয়ার ।এহাকে শুপিবে তুমি বাদসাই মাদার * আপনী মোক্তার হয়ে চালাইবে কাম। খবরদার কোনবাতে না হয় বদনাম * তেরা বেটি মেরা বেটা সাদি দেলাইবে বেঠি দামাদের খুব মদত করিবে * এতেক কহিয়া জান শুপিল খোদায়।তামাম আলম শুনেকরে হায়২ *চাচামেরা বাদসা হলো তক্তে দিল বার ।তামাম চিনিতে ফেরে দোহাই তাহার*হুকুম করিলচাচা গোলাম সকলে। ভাতিজারে লিয়া রাখ আওরত মহলে * জতদিন নাহি হবে জওানি ওক্ষার * কোথায় না জায় রাখ মহল ভিতর *মহলে রাখিল মুজে হুকুন পাইয়া। ছেহেলীর সাতে ফিরি হাসিয়া খেলীয়া*খাওা পেওা ওঠা বসা আওরতের সাতে। জাইতে নাদেয় মুজে মরোদের ছহবোতে *বেগম সকলে মুজে কহে এইবাত ।সাদী তেরা হবে এই সাহাজাদীর সাত * চাচা তেরা বাদসা আছে তাহার বেটিকে। সাদি দিয়া তক্ত তাজ শুপিবে তোমাকে * খোসাল হইনু আমি শুনিয়া খবর। চৌদা বরছ মেরা হইল ওক্ষার *মোবারকনামে ... গোলাম আছিল ।লাড়কা কাল হইতে মুজে পালন করিল*মেকুই খছলত তার বড়া আক্কেল মন্দ। এথাতেরে বাপ মেরা করিত পছন্দ*আমারে করিত মর্দ্দ বহুতি পিয়ার। হামেসা বসিতুন আমি নিকটে তাহার*জওান দেখিয়া মুজে খুসী হলো দেলে ।কোলেবসা

ইয়া মুজে এইবাত বলে * থোড়া রোজ বাদে বাবা তক্তে দিবে বার সাহাজাদী সাতে সাদি হইবে তোমার *মোবারক হামেহাল কহেন এয়ছাই। চাচা মেরা এইবাত কিছু জানে নাই * একরোজ ছেহেলি এক আসিয়া আমারে তামেচা মারিল মেরা মুখের উপরে* আদনা ছেহেলো এয়ছা মারিল তামেচা। কান্দিতেলাগিনু আমি বলে চাচাহ জামতে গীরিয়া আমি জাই গড়াগড়া। মোবারক দেখে মুজে আইল দড়বড়ি*মুখহাত পুছেলিল কোলে ওঠাইয়া। কহিল বাদসার আগে জাব তুজে লিয়া*বাদসা জদি দেখে তুজে হয় মেহেরবান। এয়াদ দেলাব তেরা বাপের ফরমান * এতেক কহিয়া মুজে লিয়া জায় সাতে চাচার হুজুরে খাড়া হৈনু আদবেতে * চাচা পোছে মোবারক কহে সমাচার। কি খাতেরে আইলে মদ্দ নজদিগে আমার * মোবারক কহে সোন বাদসা নামদার। হুজুরে আইল এই ভাতীজা তোমার সাদির লায়েক লাড়কা হইল সিয়ানা। জে হয় করোনা চাচা করে বিবেচনা*বাদসা বলে বেটি মেরা দিব ওছে সাদি।মোবারক শুনে কহে মোবারক বাদী *নজুম রাঙ্কালেবাদসা লীল বোলাইয়া। ছায়েত দেখিতে কহে সেতাবি করিয়া *বাদসা বলে দেখহ নজুম লোগ শুনো ভালদিন নাহি বুঝি লেয় মোর মনে *বাদসার মরজির বাত লাগিল শুনিতে। ভাল দিন নাহি বলে নজুক লোগেতে*এই সালে জেকেহ থাকিবে আরামেতে।কখন না দুক্ষ পাবে লেখে কেতাবেতে*বাদসা শুনিয়া কহে সোন মোবারক। এই সালে দিন এয়ছা নাহি মোবারক এই সালে আল্লা জদি রাখে ছালামতে। ভাতিজার সাদী দিব সাহাজাদীর সাতে* মহল ভিতরে ওছে রাখ হেফাজতে। মোবারকশুনে মুজে লিয়া গেল সাতে *মহল ভিতরে আমি রহিনু জাইয়া। দুইতিন রোজ এয়ছা জায় গোজরিয়া *তারপরে মোবারক আছিল জেখানে জাইয়া হইনু খাড়া তাহার ছামনে * মোবারক দেখে মুজে লাগিল কান্দিতে।কান্দনা দেখিয়া তারে লাগিনু পুছিতে*কেন দাদা কান্দ তুমি কহ বিবরন।লাড়কা কাল হৈতেমুজে করিলে পালন*কখননা দেখি তুজে এত পেরেসান। কি খাতেরে কান্দ দাদা করনা বয়ান * মোবারক কহে শুন বাদসার ফরজন্দ।বাদসার লায়েক হৈলে ক[illegible] পছন্দ*এখাতেরে লিয়া গেনু বাদসার হুজুরে। তোমার হক্যেরচিজ মিলিতে তোমারে*ওজির নাজের তুজে দেখিয়া জওান। সকলেতে তেরা পরে হলো মেহেরবান* বাদসার লায়েক তুমি এতদিন হৈলে

তেয়া/হক তুঝে দিতে তারে সবেদেলে* এই ভেদ চাচা তেরা করিয়া মাশ্,ম।তোমার উপরে চাহে করিতে জুল্,ম*আমারে ডাকিয়া কহে এইসমাচার।কোনরুপে ভাতিজাকে মারহ আমার*কেহ জেন নাহি জান এই সব বাত। হেকমত করিয়া মার পাইবে খেলাত * এত বলি মোবারক লাগিল কান্দিতে। শুনিয়া আছমান জেন গিরিল ছেরেতে* না মারিতে হৈনু জেন মরন সমান।পায়েতে ধরিনু তার বাচাইতে জান *মোবারকে কহি সুনমোবারক ভাই।এমন বাদসাই মো করে কাম নাই*জান জদি বেচে থাকে সেই পনি মত। ভালাই করতে গেলে পৌছিল মওত * খোসামদি করি আমি পায়েতে ধরিয়া। মবারক লিল মুজে ছাতি লাগাইয়া* কহিল না কান্দ তুমি সুন সাহাজাদা। কে মারিতে পারে জারেরাজি আছে খোদা*আমা হৈতে নাহি হবে বেওফাই কাম। নিমক খাইয়া হব নিমক হারাম* তোমার লাগিয়া মেরা জান জদি জায়। আমা হৈতে কভু তেরা না হবে বেজায় * এক ছালা ঠাহরিনু করি সেই কাম। বেচে জদি থাক তবে থাকিবে খোসনাম * এতেক কহিয়া মেরা পাকড়িয়া হাত। বাবাজির মহলেতে লিয়া গেল সাত*খেত পিতশুইত জেথা বাদসা জাহাগির। সেইঘরে মুঝে লিয়া করিল হাজির * আছিল কুরাছএক তুজনা ধরিনু। সেখান হইতে থোড়া তফাতে রাখিনু * ফরাস বিছানা ছিল কুরছির নিচেতে। মবারক তুলে তাহা রাখিল তফাতে সেথাকার মাটি সব ডালে ওঠাইয়া * মবারক চলিয়া গেল দুয়ারখু লিয়া* মুঝে বোলাইল মদ্দ নিচেতে জাইয়া। শুনিয়া কলেজা মেরা উঠিল কাপিয়া * ফেরেব করিয়া মোরে লিয়া আইল সাতে। হেক মত করিয়া আজ গাড়িবে গোরেতে * এলাহি নাছিবে মেরা এয়ছা লিখে ছিল। আখেরে নিকটে মেরা মওত পৌছিল * সাহাদত কলেমা আমি পড়িতে২। লাচার হইয়ে তার গেনু নিকটেতে * দেখিনু তাহার বিচে আমিরানা সান। চারিদিগে আছে তার চারিটী মকান * একে২ ঘরে আছে দস২ তোড়া। সোনা রুপার জিঞ্জিরেতে বান্ধা সব জোড়া * জিঞ্জির জড়াও ঘড়া রাখে লটকাইয়া। তাহার উপরে ইট রাখে বসাইয়া * একে২ ইটে তার একটি বান্দর। বান্দরে বানায় সব কাটিয়া পাথর * আর এক জালা ছিল তাহার উপর। আসরফিতে জেই জালা হয়েছিল পোরে*নওটা বান্দর তাতে রাখে

জালাতে ঘড়ায়। এতেক বান্দর আমি দেখিনু তাহায় * আর এক হাওাজেতে ছিল লবালব। জওাহেরাত খালি তাতে দেখিনুন সব* মোবারকে পুছি আমি শুন দাদাজান। এ সব দওলত কার কহার মোকান * মোবারক কহে মুজে সোন সাহাজাদা। ওকথা সুনিতে জদি করিলে ইরাদা* বাপ তেরা বাদসা ছিল বড়া নামদার। জেনর মুল্লুকে ছিল আসা জাওা তার * ছাদকে মুল্লুকে বাদসা থাবেজে জেনের।তেরা বাপ জেয়ে সেথা করিত থাতের*ভেটঘাট নানা চজ আপন দেসের। আসরফি লইয়া জেত মুল্লুকে জেদের * এক সও গোলাম লিত আপনার সাতে। একমাস সেই দেসে রহিত খেদমত তবে সে জেনের বাদসা মেহের করিয়া।একটি বান্দর দিত বাদসাকে সুপিয়া * জওাহের বান্দরে এই আনিয়া ঘরেতে। ছাপাইয়া রাখে এই ঘরের বিচেতে * কেহ নাহি জানে বাবা এই সমাচার। একেলা জানিতুন আমি মেহের বাদসার * এক রোজ পুছি আমি হইয়া কাতর। এতেক মেহনতে আন একটি বান্দর * ভেট ঘাট দেয় আর কতেক দওলত। এক মাস থেকে আন একটি মুরত * ও কথা সুনিয়া বাদসা হাসে মনেহ।খবরদার এই কথা কেহু নাহি সোনে*এই জে বান্দর শুন মরদমি ইহার। একটির তাবে দেও আছে এক হাজার * এক হাজার দেও থাকে একটির তাবে। চাল্লিস হাজার দেয় হেছাবেতে হবে * এক২ দেও তার এয়ছা জোর ধরে। তামাম জাহানে তার কি করিতে পারে * পুরা জবে হবে এয়ছা চাল্লিস বান্দর। মতলব হাছেল তবে হইবেক মোর * উন চাল্লিস হৈল জমা উন চাল্লিস সালে। চাল্লিস হইবে পুরা এই সাল গেলে * বাদসার জবানি আমি শুনিনু এবাত। রোজ কত বাদে বাদসা করিল ওফাত * সেই সাল গেলে জদি হয় তবে পুরা। সোন বাবা সাহাজাদা এতেক মাজেরা * তোমার এহাল দেখে হোল মোর মনে। তেঞি তুজে দেখাইতে আনিনু এখানে * ছাদেক সহরে তুঝে লিয়া আমি জাব। জেনের বাদসার খুব মিনতি করিব *

বাদসা জেনের মুল্লুকে জাইবার বয়ান।

পয়ার। তোমার চাচার বাত কহিব তামাম। ভাতিজাকে চাহে গিধি করিতে তামাম*বাদসাজাদা বলে জদি হয় মেহেরবান। তবে তো জাহানে তেরা হইবে বড়া সান *বাদসাই করিবে তবে খোসাল

তোহ্‌ক তুঝে দিতে ভাবে সবেদেলে*এই ভেদ চাচা তেরা করিয়া মালুম।তোমার উপরে চাহে করিতে জুলুম*আমারে ডাকিয়া কহে এইসমাচার।কোনরূপে ভাতিজাকে মারহ আমার*কেহু জেন নাহি জান এই সব বাত। হেকমত করিয়া মার পাইবে খেলাত * এত বলি মোবারক লাগিল কান্দিতে। শুনিয়া আছমান জেন গিরিল ছেরেতে* না মারিতে হৈনু জেন মরন সমান। পায়েতে ধরিনু তার ব্যাইতে জান *মোবারকে কহি সুনমোবারক ভাই।এমন বাদসাই মো করে কাম নাই*জান জদি বেচে থাকে সেই গনি মত। ভালাই করতে গেলে পৌছিলামওত * খোসামদি করি আমি পায়েতে ধরিয়া। মবারক লিল মুজে ছাতি লাগাইয়া* কহিল না কান্দ তুমি সুন সাহাজাদা। কে মারিতে পারে জারেরাক্ষি আছে খোদা*আমা হৈতে নাহি হবে বেওফাই কাম। নিমক খাইয়া হব নিমক হারাম* তোমার লাগিয়া মেরা জান জদি জায়। আমা হৈতে কভু তেরা না হবে বেজায় * এক ছালা ঠাহরিনু করি সেই কাম। বেচে জদি থাক তবে থাকিবে খোসনাম * এতেক কহিয়া মেরা পাকড়িয়া হাত। বাবাজির মহলেতে লিয়া গেল সাত*খেত পিতশুইত জেথা বাদসা জাহাগির। সেইঘরে মুঝে লিয়া করিল হাজির * আছিল কুরাছএক জুজনা ধরিনু। সেখান হইতে থোড়া তফাতে রাখিনু * ফরাস বিছানা ছিল কুরছির নিচেতে। মবারক তুলে তাহা রাখিল তফাতে সেথাকার মাটি সব ডালে ওঠাইয়া * মবারক চলিয়া গেল দুয়ারখু লিয়া* মুঝে বোলাইল মদ্দ নিচেতে জাইয়া। শুনিয়া কলেজা মেরা উঠিল কাপিয়া * ফেরেব করিয়া মোরে লিয়া আইল সাতে। হেক মত করিয়া আজ গাড়িবে গোরেতে * এলাহি নছিবে মেরা এয়ছা লিখে ছিল। আখেরে নিকটে মেরা মওত পৌছিল * সাহাদত কলেমা আমি পড়িতে২। সাচার হইয়ে তার গেনু নিকটেতে * দেখিনু তাহার বিচে আমিরানা সান। চারিদিগে আছে তার চারিটী মকান * এক২ ঘরে আছে দস২ তোড়া। সোনা রুপার জিঞ্জিরেতে বান্ধা সব জোড়া * জিঞ্জির জড়াও ঘড়া রাখে লটকাইয়া। তাহার উপরে ইট রাখে বসাইয়া * এক২ ইটে তার একটি বান্দর। বান্দরে বানায় সব কাটিয়া পাথর * আর এক জালা ছিল তাহার উপর। আসরকিতে জেই জালা হয়েছিল পোরে*নওটা বান্দর তাতে রাখে বসাইয়া।উনচাল্লিস বান্দরসবে দেখিনু গুনিয়া*সেই চার ঘরে আর

তোমা না দেখি একান। কোনদিন দাগাদিয়া মারিবে গরদান*একথা শুনিয়া আমি মুখেতে দাদার। কহিনু আমার তুমি জানের মোক্তার লাড়কাকাল হতে জেয়ছা করিলে পালন।এখন মেহের কর জানিবে আপন * একথা শুনিয়া মুঝে কতেক বুঝায়। খরিদ করিতে ছওদা বাজারেতে জায়*কহিল জে ভালচিজ লিব এ দেসের। জেনের বাদ সার আগে করিবহাজের*সেদিন এয়ছাই কহে হইল বিদায়।কাফের চাচার কাছে পরে রোজ জায় * আবুজেহেল জেন আছেন বসিয়া। মোবারক গেল সেথা আদাব রাখিয়া*চাচাকে কহিল সোন বাদসা জাহাগর। মারিতে ভাতিজা তেরা করিনু ফিকির * হেথাজদি মারি তেরা হইবে বদনাম। লোকে কবে চাচা হইয়ে করে এয়ছা কাম.*জ ঙ্গলেতে লিয়া জাই বাহানা করিয়া। কোন রুপে মেরে দিব মাটিতে গাড়িয়া*বাদসা বলেছালা তেরা বড়া মোবারক।খাড়া২ এইকামকর মোবারক*জেদিন মারিয়া মুঝেদিবে সমাচার। এনাম খেলাত পাবে হাজারে হাজার লায়েক খেদমত দিব দোহারা জায়গীর। হেকমত হু নুরে মার করিয়া ফিকির*মোবারক কহেশুন বাদসা আলম্পানা। এ খনি জঙ্গলে জাইতে করিনু রওনা * এতেক কহিয়া আইল নিকটে আমার আদারাত হতে হৈনু দুজনা তৈয়ার*ভালা২ চিজকতলিয়া গেনু সাতে। রাতকালে রাহাদার হইনু রাহাতে*এইরুপে একমাস চলিনু রাহেতে। আজিম সহর এক পাইনু দেখিতে * মোবারক নজ রেতে দেখিয়া সহর। আল্লার দরগায় মন্দ ভেজিলে সোকর*এলাহি করিল মেরা মকছেদ হাছেল।জেনের মুল্লুকে এসে হইনু দাখেল*পু ছিনুন মোবারকে সোন দাদা জান। কোথায় আইনু মোরা নাপাই স ন্ধান*মোবারক কহে এই ছাদেকসহর।দেখিতে নাপাও বুঝি জেনের লস্কর* কহি আমি তোমাবিনে কিছু দেখিনাই। একথা শুনিয়া মদ্দ নেকালে ছালাই * ছোরমাদানি হোতে ফের ছোরমা নেকালিয়া। দোনআখেতে মেরা দিললাগাইয়া *দেখিতে পাইনুআমি জতজিন্ন য়াত। জেনের লস্কর দেখিতাম্বু ও কানাত*খুব ছুরাত খোস লেবাছ ছিল সকলেতে।মোবারক দেখেমেলে তাদেরসহিতে*হাসীরমজেতে দোহেজাই কতদুর। কতক্ষন বাদে গেনু বাদসার হুজুর * দেখিনু ব সিয়া বাদসা তক্তের উপর।বড়া ছোলতানেতে আছে বহুতি জওহর আলেম ফাজেল কত দরবারেহাজির। কতেক আরকান আর ওজির

নাজীর*আদবে হইনু খাড়া বাদসার হুজুরে। বাদসানজরকরেদেখিল আমারে*ছালাম করিনু দোহে জমীন চুমিয়া। বাদসা বসিতে কহে খোসাল হইয়া*বাদসার ছামনেআমি ধরিনুনজর। মোবারকেপোছে বাদসা আমারখবর*সোন মোবারক এইফরজন্দকাহার। কিখাতেরে আইল হেথা কহ সমাচার * মোবারক কহে শুন বাদসা নামদার। চিনেরসহরে বাদসাফরজন্দতাহার*মরিলএহার বাপছিলচোটাভাই আপনার ভায়ে বাদসা শুপিল বাদসাই *কহিল এ লডকা জবে সেয়ানা হইবে। মেরা এই তক্তভাজ এহাকে শুপিবে * আপনার লেড়কির সাতে দেলাইবে সাদী। খারাব হইবে বাত নাহি রাখ জদি *তখম.সেসব বাত করিল কবুল। বাদসাই পাইয়া বাত করিল অতুল * জানের দুস্মন চাচা হইল এহার। এখাতেরে আইনু হেথা নজাদগে তোমার*এতিমজানিয়া কিছু মেহের করিবে।এহার বাপের হকএছে দেলাইবে*এহার বাপের জেয়ছা করিতে পীয়ার। এহারে মেহেরকর খাতেরেতাহার * মুরব্বি বিহনে কামহওাবড়ভার।জালেমের হাতে বাচে মজল মের লাচার* উনচাল্লিস বান্দর আপে দিয়াছ বাদসায় চাল্লিস করিয়া পুরা দেহনা এহায়*জানমাল পরে তেরা হবে দোওাগীর। এহাবুঝে কর কাম বাদসা জাহাগির * দুনিয়াতে তুমি এয়ছা নাহি মেহেরান। নহেত ঠেকানা নাহি বাচাইতেজান*একথাশুনিয়া সেহ ছাদেকের বাদসা। আমার খাতেরেখুব দিলেক ভরসা*তোমার বাপের সাতে ছিল এয়ারানা।এখাতেরে এসেবাবা লিলে মেরাপানা দুস্তির সরত আমি করিব আদায়। তোমার বাপের তক্তেবসাব তোমায়*এককাম আগে তুমি করদেখে মেরা। তোমার বাপের চেয়ে হইবে পিয়ারা*আমানতে খেয়ানত হইতে না পায়। জাহাতুমি চাবে আমিরাজী আছিতায়*বাদসার জবানি আমি শুনে এইবাত।ছালাম করিয়া করি জোড় দোন হাত*জাহা তুমিকরেসাহা করিব মঞ্জুর।আমার মকদুর ভোর নাহবে কশুর*দেলজানহৈতে খুবফারব কোসেস জতদিন কাম তেরা নাহইবেসেস*বাদসাবলে এখাতেরে কহিবার২ লাড়কা ওস্কার তেরা না হলে হুসিয়ার*কিজানি নাবুঝে জদি করখেয়ানত। তবেত মেহনত তেরা জাবে অকারত*এখন বুঝিয়ে বার.রিবে একরার। নহেত গরদান লিব মারিয়া তলওার* একথা শুনিয়া আমি কহিনু বাদসায়। আমা হতে কিছু কাম না হবে বেজায় * আল্লার মেহের আর বাদসার দোওাতে। খেয়ানত কভু না হইবে আমা-

মত্তে * এ কথা শুনিয়া বাদসা নজিদিগে বোলায়। কাগ জেত্তে ছিল ছবি খুলিয়া দেখায়*কহিল জাহার ছবিআছে এইপটে। জেথাপাবে এনেদিবে আমার নিকটে*নাহিজ্জাদ পারতুমি আনতে হেতায়। জ তেক মেহনত তেরা জাইবে বেজায়* কোনরূপে পার জদি আনিতে এখানে। জাহাচাবে তাহা দিব দেল জাতেমানে*জেমন করিবেবাবা পাইবে তেমন। কুকামে কুমতি পায় শুকামে শুজন * পটের চুরাত আমি নজরে দেখিয়া। বেহুসের মত মুঝে ধরিল আসিয়া * সতাবি বাদসার ডরে হোনু হুসিয়ার। বাদসাকে কহিনু জাতে হইনু তৈয়ার আমার নছিবে ভাল করে পাকজাত। তবে ফের মোলাকাত হবে তেরাসাত* এত্তেক কহিয়া আমি মোবারকে লিয়া। বিদায় হইয়া জাই এলাহি ভাবিয়া * দেসে২ ফিরি কত জঙ্গল ময়দান। সহর বাজার ঢূড়ি নাপাই সন্ধান* জারে তারে পুছি আমি বিবীর খবর। কেহ না কহিতে পারে হইনু কাতর*সাতবচ্ছর এইরূপে জায় গোজ রিয়া। মুল্লুকে ২ ফিরি বিবিকে ঢ়ুড়িয়া*তারপরে গেনু এক অজীম সহরাকোঠাবালাখানা সেথাদেখিনু বিস্তর*আরামেতে আছেলোগ নাহি কোনগম। হামেহাল পড়েসবে এছম আজম*হামেহাল করে তারা আল্লার জিকির। তারপরে দেখি এক আজমফকির*কানা অন্ধ কার বড়া দেখিতে নাপায়। দুয়ারে দুয়ারে মন্দ মাঙ্গিয়া বেড়ায় * একদানাভিক কেহনাহি দেয়তারেদেখিয়া তাজ্জুববড়া হইলআমারে দেলেত আফছোছকরি মুখেবলি হায়। জেবেতে আসরফি ছিলদিনু আমি তায়*আসরফি পাইয়াবুড়া খুসিবড়াদেলে। কহিল এসহরেতে আজবুঝি এলে*বিদেশীহইবেবুঝি বুঝিলাম আমি।এদেসেআসিয়া আজ ওতরিলে তুমি*একথা শুনিয়া কহিসোনহেফাকর। সাতসাল ফিরী আমি হয়ে মোছাফির*দেসে২ফিরি আমি ইইয়ালাচার। কিছু নাকেনের। হোল মতলব আমার*আজি এইসহরেতে আসিয়া পৌ ছিনু। আজমী ফকীর দেখে খোসালহইনু*এত্তেকশুনিয়া বুড়াদোওা দিয়া জায়। আমি তার পিছে২ গেনু পায়২*সহরবাহিরে গেনুফকি রের সাতে। পোক্তা এক বালাখানা পাইনুদেখিতে*সেইবালাখানা নিচে পৌছিল ফকির। আমি তার পিছে২ জাই ধীরেধির *দেখিনু ন টুটা ফাটা সেই এমারত।খারাবহইয়া গেছে বিনা মেরামত*বাদসাই পছন্দ সেই আছিল মোকান। কিথাতেরে এয়ছা ঘর হইল বিরান * সাতপাচ ভাবি আমি আপনার দেলে। ফকিরের পিছে২ চলিনু ম

হলে*আওাজ আইল সেই মহল থাকিয়া। এখনি ফিরিলে বাবা কিসের লাগিয়া * ফকির কহিল বেটি সোন দেলদিয়া।আল্লা এক মছাফের দিল মিলাইয়া।*মেহেরবান হল মুঝে সেইমছাফের ।এখাতেরে মছি একে হইনু হাজের*মছাফের হালেফেরে হইয়া কাতর। দেসে২ ফেরেমর্দ্দ এসাত বচ্ছর * এতদিনে নাহি হল মকছেদ হাছেল । এখাতেরে পেরেসান আছে তার দেল*তাহার খাতেরে দোওা কর রাত দিন। মতলব হাছেল জেন করেন আলমিন *খোরাক বিহনে মোরা ছিনু জারেজার। এলাহি করনা পুরা মকছেদ তাহার*আপনাবেটিকে ফের কহে সেইবুড়া । মুদির দোকান বিবি জাহ থাড়া২ *আটা গোস্ত ঘিউ নুন মছেলা তামাম । খরিদ করিয়া আন কর এই কাম*কাপড় খরিদ কর জাহা দেলে চায় । সেতাবি আসিবে মানা দের নাহি সয় কতদিন পেটভরে নাপাই খাইতে । গোস্ত রুটিখাব আজিখুসি খোসালিতে*আপনা বেটিকে এয়ছা কহে পিরমর্দ্দ । শুনিয়া বুড়ারতুক্ষ দেলেপাইনু দর্দ্দ*একথা শুনীয়াবড়হইনু জারেজার। মনেকরি দেখে জাই আওাজ কাহার* কাহার আওাজ আইসে মহলথাকিয়া।ঝাকি মেরে দেখি এক আওরত বসিয়া * পুন্নিমার চাদ জেন বসিয়া আওরত। পটেতে আছিলমেরা জেমনছুরত*জাহারে ঢ়ুড়িয়া আমিফিরি দিনরাত। দেখিনু বসিয়া আছে সেই পরীজাত * বেহুস হইয়া গিরী দেখিয়া বিবীরে।মোবারক তুলেনিল গদারউপরে*ঝালীতে লাগিল পাঙ্কা ওজুদ উপরে। থোড়াঘড়ি বাদে কিছু হোস হল মোরে* সেহ আওরতের পানে রহিনু চাহিয়া । মোবারক কহে গেলে দেওানা হইয়া * এখনি এমন হাল হোল তেরাপরে। কেমনে জাইবে তুমি ছাদেক সহরে * হেনকালে সেইবিবি দেখিল আমায়।হাসিয়া কহিল মুঝে ডরহ আল্লায় *বেগানা ছুরাত দেখা জানিবে হারাম। সরম জরুর চাই এনছানে তামাম*বিবীর মুখেতে জবেশুনি এইবাত।ছুরাত খছলত দেখে দাতে কাটি হাত * মবারক মুঝে ফের বুঝায় বিস্তর । তারেকি মালুম মেরা দেলের খবর* বহুত বুঝায় মুঝে না পারি থাকিতে । বড়া এক হাক মেরে লাগিনু কহিতে * এই ঘরে কেবা আছ কহি আমি তায় । মছাফের খাড়া দোন তেরা দরওাজায় * মেহের কারিয়া মুজে দেহ জদিবাস।। মতলব হাছেল হয় পোরে মোর আসা একথা শুনিয়া বুড়া কানা অন্ধকার । চিনীতে পারিল মর্দ্দ আওাজে আমার * বোলাইয়া লিলমর্দ্দ আপনা নিকটে । গলায় ধরিয়া মেলে

আপনি সেওটে❋তাজিমকরিয়া মেরা পাকড়িয়াহাত।মহলেতেজাই
জেথা সেই পরিজাত❋জাইয়া ছাপিল বিবী গুদাম ভিতর। পুছিতে
লাগিল বুড়া আমার খবর❋কহ তুমি কি খাতিরে ফের দেসে২।ঘর
বাড়ি ছেড়ে ফের কাহারতালাসে❋মেহের দেখিনুবড়া সেইজে বুড়ার
ছাদেক বাদসার বাত নাকহিনু আর❋তাহারে কহিনু আমি শুন বুড়া
পির।চিনের সাহাজাদা আজিহৈনু মোছাফির❋চিনের বাদসার বেটা
ঘর সেইচিনে।পটেতে ছুরাত দেখে লিনু আমি কিনে❋পটের ছুরাত
জবে করিনু নজর।সেহইতে হোস গোস উড়ে গেল মোর❋জার ঠাই
কিনেলিনু পটের ছুরাত।পুছোলনু কে,থাথাকে এই পারিজাত❋সেই
ছওদাগর কিছু না পারে কহিতে। সে হইতে সাত সাল ফিরি তালা
সেতে❋এতদিন আল্লাতালা হৈলমুজে সখা।তোমার মহলে এসেপা
ইনু তার দেখা❋তোমার হাতেতে মেরা আছে এইলাজ।আপনা এন
হাকে জাহা কর সেইকাজ❋একথা শুনিয়ামুঝেকহে বুড়াপির।বেটির
লাগিয়া বড়া আছিনু দেলগির❋বেটিহতে এইদশা সোন সাহাজাদা
ইহাকে করিতে সাদি নাকর এরাদা❋কোন লোগ এয়ছানাই আলমে
আল্লার।নেকাবেহা করেএই বেটিকে আমার❋কিখাতেরে নাহিপারে
সাদী করিবারে।তাহার মাজেরা সব শুনাই তোমারে❋আগেতে আ
ছিনু আমি বড়া তালেবর।বাদসাই পছন্দ মেরা ছিল এইঘর❋বোজর
গিতে নাম মেরা আলি খান্দান।এইমুল্লুকেতে মেরা ছিল বড়া নাম
আল্লাতালা এই বেটীদিল মোরঘরে।এহারুরূপের কথা মসহুরসহরে
সেয়ানা হইল বেটী দেখিতে২। ওস্তাদের কাছে দিনু এলেম সিখিতে
আক্কেল ফোহম আর ছুরাত দেখিয়া। কত লোগ নিল এর তছবির
খেচিয়া❋দেসে২ মসহুর হইল এইবাত❋হুরপরি মহজায় দেখিয়া ছু
রাত❋এই মুল্লুকের বাদসা তাহারফরজন্দ।বিবীরছুরাত দেখেকরিল
পছন্দ।খাও পেও ছেড়েদিয়া করে হায়২। এইসব বাত বাদসা শুনি
বারে পায় ❋ একরোজ রাতকালে বোলায় আমায়। নিরালা বসিয়া
মুজে বহুতি বুঝায়❋বাদসা বলে তুমি মেরা হইবে এগানা।দুনিয়াতে
কোনবাতে নাহবেভাবনা❋বাদসার জবানী আমি এইকথা শুনে। ভা
বিতে লাগিনুবড়া আপনারমনে❋বেটিলাড়কী আল্লাতালাদিল মোর
ঘরে।শুপিতে হইবে বেটি বেগানাকে মোরে❋বাদসার বেটার সাতে
সাদী দেলাইতে। এতোক গুমান বেটী রবে আরামেতে ❋এতেক ভা
বিয়া মনে কহিনু বাদসায়। জেকথা কহিলে সাহা রাজি আছি তায়

বাদসা শুনিয়া করেছামানা তৈয়ার।আমিবি করিনু মেরা জেকিছু দর
কার*একদিন সুদিন দেখিয়া করিদিন।কাজিমুফতি বোলাইনু বহুতি
মমিন*আলেম ফাজেল এসে নেকা পড়াইল।দায়েন মোহরজত মো
কররহইল*তারপরে একঘরে করিয়া বিছানা।বেটী আরদামাদ শুয়ে
রহেদুইজনা।*সেইমহলেতেবড়াহৈল সোরসার।বাহিরেতেলোগজত
হইললাচার*দুয়ারেকপাট দেওা জাইতে নাপারে।রোনা পিটনা;কম
কিছু হৈল তারপরে*দরওাজা খুলিয়া তার গেল ভিতরেতে:দেখিল
দুলার ছের নাহিক দেহেতে*ছের আর ধড় তার হইয়াছে জোদা।লা
হুতেড়,বিয়া আছে সেইসাহাজাদা*দোলাহীনপড়ে সেথা ছিলবেহু
সেতে।মুখদিয়া খুনতারলাগিলচলিতে*লূটীতে লাগিলবিবী জেন
কবুতর। দেখিয়া তামাম লোগ হইল কাতর *খুসির ঘরেতে গমী
আসিয়া পৌছিল।বাদসা এসব বাত শুনিতে পাইল*হায়২ করে বা
দসা দেখিবারে জায়।ওজির আরকান সবে পিছে২ ধায়*সকলেতে
দেখে তারা এবড় তাজ্জব।বাদসাজাদা পরে কেন হইল গজব*কেহ
কিছুঠাহরিয়া উঠিতে না পারে।হুকুমকরিল বাদসা কাটীতে বিবিরে
বাদসা বলে কাট এই বজ্জাত আওরতে।লাড়কামেরামারা গেলএহার
ছায়েতে*এইবাত বাদসা জবে দিলেক হুকুম।ফের সেতা সেইরুপে
হইল জুলম*সোরগোল হোলফের সেই মকানেতে।ভাগিয়াচলিল
বাদসা জানের দহসতে*হুকুম করিলফেরদাই দাসীগণে।পৌছাইয়া
দেও ওর বাপের মকানে* একথা শুনিয়া তারা বিবিকে লইয়া। আ
মার মহলে এসে গেল জে রাখিয়া*একথা মসহুর হৈল সহরেসহর
মরিল বাদসার বেটা শুনিল খবর*এথাতেরে বাদসাআর জতলোগ
জন।সকলেতে হৈলমেরা জানের দুস্মন*কাফন দফন করে খেলাইল
খানা।খয়ের খয়রাত করে বহুতি ছামানা * তারপরে ছলা করে বা
দসা জাহাগির। সাহাজাদা মারা গেল কি করি তদবির* সকলেতে
কহে বাদসা সোন এইবাত। বুড়া আর লাড়কি তার গাড় একসাত*
মালমাত্তা আছে জত লেহ ছেনাইয়া। ঘর বাড়ি দেহ তারবিরান ক
রিয়া *একথা শুনিয়া বাদসা পছন্দ করিল। কোতয়ালে ডাকিয়াসব
লূটীতে কহিল*কোতওাল শুনিয়া ঘর ঘেরে চারিদিগে। টাক ঢোল
বাজে সিঙ্গা রাত দিনজাগে * বাদসার হুকুম সবে করিতে বাজায়।
মহল ভিতরে এসে ঘুসিবারে চায়* গায়েব থাকিয়া ফের ইটা আর
পাথর। গিরিতে লাগিল এই মহল ভিতর * বাদসার ফউজ জারা

মারিতে আইল। এসব গজব দেখে ভাবিতে লাগিল*আপনারজান লিয়া লাগিল ভাগিতে। গায়েব আওাজ বাদসা পাইল শুনিতে * বাদসাকে কহিল এয়ছা গায়েব থাকিয়া।কুমতি খেয়াল তুঝ ধরিল আসিয়া* বুঝিনুম পিছে তেরা লিলেক সয়তান। রাড়ের পিছেতে লিলে হারাইবে জান * বেটা তেরা সাদি করে জান গোঙাইল। চু-স্থানি করিলে তেরা না হইবে ভাল * একথা শুনিয়া বাদসা ডরে ডরাইল। দোছরা দফাতে এয়ছা হুকুম করিল*ঐ বুড়াপির আর বেটীকে ওহার। জুলুম ছেতম কেহ না করিবে আর* আপন২ সবে থাক হুসিয়ারিতে। দেও দানব কিছু আছে এর নছিবেতে*সকলেতেএইকথা করিল তজবিজ।দোওা ও দরুদ পড়ে গলাতে তাবিজ*স্বপনদেখিয়া কেহ করে বড়া গম। সেইহৈতে পড়ে লোগে এছম আজম* কোরান সরিফ সবে পড়েন বসিয়া। সেই হৈতে এত দিন জায় গোজরিয়া * আমি এর ভেদ বাত না পারি বুঝিতে। বেটীকে পুছিনু কিছু না পারে কহিতে*একদফে বেটী মুঝে কহীল এবাত। সাদি মেরা দিলে জবে সাহাজাদার সাত* শুইনু জাইয়া দোন এক বিছানাতে। সেই ওক্তে এক মর্দ্দ আইল নজদিগেতে*তক্তের উপরে বৈসে বাদসাই ছামান। ছাত ফেটে আইল এক নবীন জওান*লস্করসহিত মর্দ্দ হইল দাখেল আসিয়া খছমে মেরা করিল কাতেল*তারপরে সেইমর্দ্দ ছাহেব ছরদার। কহিল ভাগিবে কোথা মাশুক আমার*দেখিনুন মানুসের মুখ হাত জত। পাও দুটী ঠিকজেন ছাগলের মত*দেখিয়া কলেজা মেরা লাগিল কাপিতে। হোস গোস গেল মেরা রহি বেহোসেতে*তার পরে কোথা গেল কিছু জানি নাই। বেটি মেরা মুঝে বাবা কহিল এয়ছাই*সেই হৈতে টুটা ঘরে রহি দুইজন। দানা পানি বিনে বড়া আছি পেরেসান*বাদসার গজবহৈতে জতেক এয়ার।দুস্মন হইলসবে নাহি চাহে আর*সারাদিন ঘরে২ মাঙ্গিয়া বেড়াই। কেহ কিছু নাহি দেয় জতেক গগাই*কেহকিছু খেয়েপিয়ে দেয় জদি ফেলে। ওঠাইয়া এনে খাই আপনা মহলে*কোমবক্ত বেটীকে দুক্ষ হইল বিস্তর। একজারা পাত্তা নাহি ছাপিতে ছতর*এলাহি আলমিন আল্লা না দেয় মওত। তাহার কোদরতে মেরা না চলে তাকত * তুঝে বুঝি মদতগার ভেজিল খোদায়। তেঞ্রি এসে মেহেরবান হইলেআমায়*বহুতরোজের বাদে পাইনু খাইতে। তুমি এয়ছা মেহেরবান না আছে দুনিয়াতে * জেনের আছর জদি না হৈত বিবিরে। সাদি দেলাতুন আমি এখনি

তোমারে * বুড়াকালে হৈতে মেরা বড়া দদ্দ মন্দ। বেটিকে সুপিয়া
আমি পাইতুন ফরজন্দ * কিকরিব আজাবেতে আছি গেরেপ্তার। বি
বীরে খেয়াল বাবা নাকরিবে আর*এইসব বাত শুনি বুড়ার মুখেতে
বহুত মিনতি আমি লাগিনু করিতে *জাণাছে তকদিরে মেরা জাবে
গোজরিয়া।আপনি রাখিবেমুঝে ফরজন্দ করিয়া*নাকরে কবুল বুড়া
সে সব কথায়। সামহোল গেনু মোরা মহল ছারায়*মোবারক কহে
আল্লা হইল মদোত। এতেক মেহনত না হইল অকারত * রাজিনা
হইল বুড়াজতেক বোঝাই। এবাতে ভাবিয়া আমি দিসা নাই পাই *
শুয়ে২ দেলবিচে ভাবি কতবাত।কোনরুপে বিবী জদিহয় মেরা হাতে
মোবারক জদি মুঝে কহেন এয়ছাই। ছাদেক সাহার কাছে এছে লিয়া
জাই*দেলের আফছোছ মেরা দেলেতে রহিবে।এতজে মেহনত মেরা
অকারণ জাবে * ফের আমি ভাবি কত বিছানায় শুইয়া। মোবারক
ফাকি দিয়া ভাগে পাছে লিয়া * ফের অ.ম্নি শুয়ে২ করিনু খেয়াল।
বুড়া জদি দেয় মুঝে হইয়া দোসাল *বাদসার বেটার মত হয় পাছে
মোরে। বাদসা হইয়া গোস্বা জদি মুঝে মারে* বাদসার বহুকে লিয়া
রহিবখুসিতে। বাদসা কেমনেএহাপারিবেদেখিতে* এইরূপে দেলে
দেলে ভাবি কত বাত। নিন্দ না হইল মেরা ছাপা হেল রাত* ফজর
হইতে গেনু চকের দরমিয়ান। কাপড়া খরিদ করি ভালা২ থান *
মেওাজাত খরিদ করি বাজারে জাইয়া।বুড়ার মোকানে ফের পো
ছিনু আসিয়া* বুড়া জে পাইয়া মুঝে খোসাল হইল। আফছোছ ক
রিয়া মদ্দ কহিতে লাগিল * শুন বাবা সাহাজাদা আরোজ আমার।
এখনি সুপিতে বেটি খেদমতে তোমার * জেনের আছর আছে বিবীর
উপরে। এখানেরে এত দুক্ষ হইল আমারে * সাহাজাদা মারা গেল
বিবির কারন। এথাতেরে তুঝে বাবা করিজে বারন*কিজানি মওত
তেরা হয় সেই ভাতে। কেয়ামত তকদাগ থাকিবে দেলেতে*একথা
শুনিয়া আমি কহিনু বুড়ায়। তুমি মেরা বুড়া বাপ দিন দুনিয়ায় *
মেহের করিবে থোড়া আমার উপর। দেস২ ফিরি আমি এ সাত ব
চ্ছর* খাওা পেওা নিন্দ মেরা সব গেল উঠে। ধোবার কোত্তার মত
না ঘরে না ঘাটে * জতেক কসেল্লা খেচি জানেতে আমার। আপনি
বুঝিতে পার কি কহিব আর* আল্লা জদি এত দিনে ঘুচাইল দুঃখ।
তোমার মহলে আমি পাইনু মাশুক * মেহেরবান হয়ে কেন না কর
মেহের। জলন্ত আগুনে কেন ধুনা দেও ফের * সকলি বুঝিতে পার

কিকব তোমায়। আসকের তেগ হৈতে বাচা কত্তু জায় * আসকের
তেগ হৈতে মাসুক ছাপায়। কোন মজাহাবে আছে কহিবে আমায়
মাসুক পাইলে বাড়ে জেন্দিগি আমার। মরিকিবা বাচি তাহেপরওা
নাহি আর * পতঙ্গ সাময়ায় গেরে আসক হইয়া। মাসুকের রঙ্গ পায় আ
পনি জলিয়া * মাসুকে না দেও জদি মরিবার ডরে। বেগর আজলে
তবে জাব আমিমরে * কেয়ামতে দামনগির হইব তোমার। করিয়াদ
কারব আমি হুজুরে আল্লার * এইসব বাত চিত কহি সে বুড়ায়। এই
রূপে একমাস গোজরিয়া জায় * হামেসা খেদমত করিহইয়া খাদেম
তবু নাহি হয়রাজি এমনি জালেম * এলাহির চাহা বুড়া হইল বেমার
খেদমতেহ জের আমি রহিনু তাহার * দাওা পানি করিআমি আপ
নার হাতে। হাকিমের কাছেজাই কারুরা দেখাতে * পেসাব দেখিয়া
তারা নোছখা দেয়লিখে। খরিদ করিয়া দাওা পেলাই বুড়াকে * খা
তের দেখিয়া বুড়া হইল খোসাল। মুঝেকহে বাড়াইলে বড়ইজঞ্জাল
বারহ করি মানা নাহি রাখরাত। এবাতে রহিল গাওা আপে পাক
জাত * বেটিকে তোমার কথা কবসব আজি। সাদি দেলাইব বেটি হয়
জদি রাজি * একথা সুনিয়া আমি খুসিহইনু দেলে। জামাজোড়াতঙ্গ
হৈল গেনু এয়ছা ফলে * সাম হৈল আইনু ফের আপনা ডেরেতে।
মোবারকে কহিসব খুসি খোসালিতে * মোবারক সুনে ভেজেসো
করানা হাজার। বেহান হইতে গেনু ডেরাতে বুড়ার * খোসাল হইল
বুড়া দেখিয়া আমায়। কহিল এবেটি মেরা সুপিনু তোমায় * জতদিন
বেচে আছি রহিবে এখানে। আমি বাদে জাবেবাবা জেথা দেলমানে
জতদিন জানমেরা আছেন কালেবে। আখের ছামনে থেকে কোথায়
নাজারে * আমানতে ছালামতে রাখে জেন সাই। তোমা দোন বিনে
মেরা আর কেহনাই * তারপিছে কতদিন গোজরিয়া গেল। এলাহির
চাহা বুড়া ওফাত করিল * দফোন কাফোন করে মাটি দিনু তায়। বি
বীকে লইয়া আইনু কারভা ছারায় *

বিবীকে ছাদেক বাদসার নজনিগে লিয়া জাইবার বয়ান।

পয়ার * মোবারক কহেমুঝে সোন সাহাজাদা। আমানত মালে
সো না কর এরাদা * ছাদেক বাদসার বাত রাখিবে এয়াদ। নহেত
মেহনত তেরা জাইবে বরবাদ * মোবারকে কহি আমি শুনদাদাজান
বিবীর লাগিয়া মেরা না বাচিবে জান * জেথাকে নছিবে তাহা জাবে

গোজরিয়া । এই পরিজাদে আমি না দোব ছাড়িয়া * একথা শুনিয়া গোশ্বা হল মোবারক। হারামি করিতে চাহ খাইয়া নেমক * ছাদে কের বাদসাতুঝে কহে বার২। আমানতে খেয়ানত না কর আমার* লাড়কাই ওস্কার তেরা না পার বুঝিতে। খেয়ানত নাহি বাবাকর আ মানতে*মোবারক ঘড়ি২ কহে বার২। ছবর করিনু আমি হইয়া লা চার*দেলেতে আগুন মেরা লাগিল জলিতে। লাচার হইয়া আমি চলিনু রাহাতে*ছাদেক বাদসার আগে জাই তিনজনা। ভাবিতে গু নিতেজাইনাছোটেভাবনা*নজদিগেহইল সেইছাদেকসহর।হেনকালে আইল কত জেনের লস্কর * গলায় ধরিয়া মেলে মোবারক সাতে। জেন কহেআইনু তেরা আগু বাড়াইতে* বাদসার হুকুম পেয়েআইনু চলিয়া। ঘড়িএক বীচে চল জাইতুঝেলিয়া*মোবারক কহেশোন জে নের ছরদার। বহুত মেহনতে মেলে মতলব বাদসার * এতদিনবাদ মেরা না লিল খবর। নিকটে আসিতে আগে বাড়াইল মোর*এখন জাইতে ভাই পারিব হুজুরে। তোমরা চলিয়া জাও আপনা লস্করে দেও জাত জায় সব হইয়া বিদায়। দেখিনু মাশুক মেরা হাত ছেড়ে জায় *আপনার ছের রাখি বিবীর পায়েতে। কহিনু তোমার লেগে ফিরী মুল্লুকেতে * আরাম হারাম করি আপনার জানে। সাত সাল গেল তুঝে ঢূড়ি বনে২ * এল্লাহি মেহের হৈল পাইনু তেরা দেখা। গোজরিল জাহা ছিল নছিবেতে লেখা * এখন মেহের করে না ছা ড়িবে মোরে। ছাড়িলে হুতাস ছেড়ে জাব আমি মরে * তুমিত জা নের জান কলেজা আমার। তোমারে ছাড়িলে জান না বাচবে আর একথা শুনিয়া বিবী কহিল এয়ছাই। তুমি জেয়ছা মেরা তরে আঁমি ও তেয়ছাই * তুমি জেয়ছা মেরা তরে হইলে কাতর। তোমারে না দেখে জান নাবাচিবে মোর * তুমি আমি দুই জনে এইত কারার। তোমা বিনে নেকা বেহা না করিব আর * এতেক কহিয়া দোনলাগিনু কান্দিতে। মোবারক রোনা মেরা পাইল শুনিতে* কোলে ওঠাইয়া মুঝে কতেক বোঝায়। বোধনাহি মানে জিউকরি হায়২*মোবারক কহে বাবা না কান্দিও আর।বিবীজাতে পাবে সোন তদবির তাহার এমন রওগন আছে আমার নজদিগে।গায়েদিলে দেওপরি বদবো[illegible] ভাগে* সেইতেল মলেদিব বিবীর গায়েতে। ছাদেকের বাদসা জেন না পারে দেখিতে * তোমার নছিবে জদি লিখে থাকে খোদা। তবে এই বিবীতুমি পাবে সাহাজাদা*মোবারক এতবলে দিল মুঝে আসা।

একথা শুনিয়া কিছু হইল ভরসা* মোবারকে কহিয়া আমি শুন দাদা জান। দুনিয়াতে তুমি মেরা বাপের সমান* এই কাম কর আমি বেচে থাকি জায়। নহেত জাইব মরে কহিনু তোমায় *একথা শুনিয়া মর্দ্দ তেল নেকালিয়া। বিবির বদনে মর্দ্দ দিলেক মলিয়া*রাত ছাপা হয়ে গেল হইল ফজর। হেনকালে আইল জত জেনের লস্কর*ছেহেলি ভেজিয়া দিল বিবিকে লইতে। হেফাজতে লিয়া সবে চলে মহলেতে*বাদসার নজ্জদিগে মোরা হইনু হাজের। বাদসা করিল মেরা বহুত খাতের কহিল জা চাবে বাবা দিব আমি তাই। আজ কাল বিচে তুমি পাইবে বাদসাই*বেটার মাফিক আমি জানিব তোমায়। তেরা পরে কভু বাবা না হবে বেজায়*এমন সময়ে সেই নাজুক বদনে। আনিয়া রাখিয়া দিল বাদসার ছামনে*বিবিকে পাইয়া বাদসা হইল খোসাল। নজা দিগে জাইয়া হল হালছে বেহাল *বদবোই ছুটিল এয়ছা ঠাহরিতে নারে। নাকেতে রোমাল দিয়া আইল বাহিরে *জেখানেতে ছিনু মোরা দুজনা বসিয়া। ছাদেকের বাদসা সেথা পৌছিল আসিয়া*মোবারকেকে কহে খুব করিবে মেহনত। আমানতে কিছু না করিলে খেয়ানত * এথা তেরে আগে তুঝে করি নছিহত। খুব তুমি বাজাইলে সেসব সরত* কোন হাল করি তেরা শুনরে নাদান। জাল্লাদ হুকুম করে মারিতে গরদান*মোবারক দেখে জদি গজব বাদসার। ডরেতে এজার বন্দ খুলে আপনার*বাদসাকে দেখায় মর্দ্দ আপনার ছতর। দেখে বাদসা ভিতরেতে কিছু নাহি ওর*জখন হুকুম হৈল বিবীকে আনিতে। তখনি বুঝিনু আমি আপনা দেলেতে*কি জানি বিবীকে দেখে থাকিতে না পারি। এথা তেরে তারা সিনু হাতে লিয়া ছুরি *হয় নয় দেখ বাদসা করিয়ে নজর বেয়াদবি করিনু গোনা মাফ কর মোর *গজব নজরে চাহে আমার উপরে। বুঝিনু দেলেতে আজ মারিবে আমারে*বেহোস হনু আমি দেলে ডরাইয়া। মনে করি জান বুঝি গেছে নেকলিয়া*কত ক্ষন বাদে উঠে চেতন পাইয়া। দেলে ভাবি মনু আমি কেমন করিয়া*বদনেতে দাগ মেরা নাই কোন ঠাই। মরিনু কি বেচে আছি দিসে নাই পাই*তার পরে দেখি সেই বাদসা নামদার। লুটিতে লাগিল জেন পড়ে কাতর*ছুরত বদল [illegible] উঠিল আছমানে। কতদুর গেল তাহা আল্লা তালা জানে*তার পরে চিল এয়ছা ছুয়ে নিল মোরে। লাত মেরে ফিকে দিল জঙ্গল ভিতরে জখন ফিকিল মুঝে জঙ্গল ভিতরে। হোসগোস সেথা কিছু না রহিল মোরে *কত ক্ষন বাদে হোস হইল আমার। চারিদিগে চেয়ে দেখি

সকলি আন্ধার❋সেইজঙ্গলেতে আমি বেড়াই ঘুরিয়া।একদিগেগেনু থোড়া উজালা দেখিয়া ❋ কতেক এনছান সেথা দেখিতে পাইনু। ফিরে২ আমি তার নিকটেতে গেনু ❋সেইসব লোকে আমি পুছিনুখবর।কেহ তোমরা জান ভাইছাদেক সহর❋তারা বলেকভূমোরানাহি শুনিকানে।ছাদেক বলিয়া নাম কেহ নাহিজানে❋একথা শুনিয়াআমি হইনু হয়রান। কান্দিয়া২ ফিরি জঙ্গল ময়দান❋একরোজ দেলেআমি লাগেনু ভাবিতে।কাহেককমেলা খেচিআপনা জানেতে❋জানমেরা নেকালিবে কেমন করিয়া। পাহাড় থাকিয়া আজমরিব গিরিয়া ❋পাহাড উপরে আমি চড়িনু জাইয়া। পিছে হৈতে এক মদ্দ ধরিল খেচিয়া ❋রুম দেসে জাহ তুমি শুন মেরাবাত। মকছেদ হাছেল হবে পাবে পরিজাত ❋ একথা শুনিয়া আমি আইনু রুমেতে। মোলাকাত হৈল তিন দরবেসের সাতে ❋ বাদসা আলম্পানা সাতে হৈল মোলাকাত। এখনে কি হালে রাখে আপে পাকজাত ❋

বাদসার লাড়কা হইবার বয়ান ❋

পয়ার ❋ এইসব বাত চিত হতেছিল বসে। হেনকালে দাই এক হুজুরেতে আইসে ❋ বাদসাকে কহিল শুন বাদসা নামদার। খুব ছুরত লাড়কা এক হইল তোমার ❋ আফতাব মহাতাব তার ছুরতের কাছে। সরমেন্দা হইয়া ভাগে বোরজের নিচে❋বাদসা শুনিয়া হৈল খোসালিত দেল। কহিল জাহেরা কার না দেখি হামেল ❋ কেমনে হইল লাডকা দাই মেহেরবান। দাই শুনে একে২ করিল বয়ান।ফরজন্দ হইল পেটে মাহরু বিবার। জাহার উপরে গোশ্বা ছিলে জাহাগীর ❋ গজোব নজরে আপে দেখিতে জাহারে। কয়েদির মত বিবী ছিল একঘরে ❋তালাস না লিত কেহ ডরেতে তোমার।ছয়মাহিয়া হোল বিবী আছিল লাচার ❋ আল্লার মেহের হোল মাহরুর পরে। ইউছফের মতলাড়কা বখসিলতাহারে❋বাদসা শুনিয়া এয়ছা হইয়া খোসাল। মাত্তার সিন্দুক জেন পাইল কাঙ্গাল ❋দেলভার মুদাছিল গেল বেকসিয়া। খুসির দরিয়া হেন গেল উথলিয়া ❋খোসাল হইল জত আমির উজির। খোসাল হইল শুনে অন্দর বাহির ❋ খোসাল হইল সবেসহর বাজার। খোসাল হইল জত লস্কর ছরদার❋খোসাল হইল শুনে দাই দাসিগন। খোসাল হইবে তারা করিবে পালন ❋ খোসালহইলসবেসেচারিদরবেস।খোসালহইলশুনে মহাস্কদদানেস

## বাদসার জসন করা ও লাড়কা দাইয়ের কোল হোতে গায়েব হইবার বয়ান *

পয়ার*সকলেতে দোওা করে বাদসার লাড়কায়। রুমদেসেতক্ত আল্লা রাখিল বাজায় * বাদসাকে করিল দোওা সে চারি দরবেস। এলাহি করিল পুরা দেলের খাহেস * মকছেদ হাছেল তেরা করিল খোদায়। এখন ভরসা হোল আমা সবাকায়*বাদসা বলে নাওম্মেদ ছিনু এইবাতে।তোমরা আসিতে হোল জোনাবের বরকতে *বাদসা বলে রেজা দেহ জাইএকবার।এলাহি ফরজন্দকেয়ছা বখসিল আমার একথা শুনিয়া সবে বিছমেল্লা পড়িল। মহল ভিতরে বাদশা উঠীয়া চলিল*দেখিয়া লাড়কায় বাদসা খুসি হোল জানে।আছমানেরচাদ জেন পাইল ছামনে*উঠাইয়া লিল বাদসা গদীর উপর।আল্লারদর গায় ভেজে হাজার সোকর * দরবেস সকলে জেথা আছিল বসিয়া তাহাদেরকদমেতে দিলেক ডালিয়া*দরবেস সকলে দোওা দিলেক লাড়কায়। দায়ের মারফতে লাড়কা মহলে পাঠায় *জসন করিতে বাদসা দিলেক ফরমান। খোসালে জসন করে জতেক আরকান * মাত্তার গুদাম বাদসা দিলেক খুলিয়া। হুকুম করিলো সবে লেহনাল চীয়া *আরকান দওলত জত ওজীর নাজীর।সবাকারে দিল বাদসা দোহারা জায়গির*এক সালের তলবদিল লস্করে তামাম।খোসাল হইয়া দিল কতেক এনাম *মোসায়েব লোকে দিল কতেক জমিন। আসরফি পাইল কত গরীব মিছকীন * জতেক রায়েত ছিল রুমের সহরে।একসালের খাজানা মাফ হইল সবারে *হাটারু বাজারু কত কমিনা নাকাছ।ঘরে২ সবাকার হয় গীত নাচ*আতর গোলাবআর মস্ক জাফেরান। ফুলেতে সহর জেন হইল বাগান *ঘরে২ করেআল জেনো হোলদিন।খুসিতে বাদসাহি জেন পাইল মিছাকিন * এমন সময়ে সেই মহল হইতে।রোনার আওাজ জেনপাইল শুনিতে*আহা জারি করে সবে গড়াগড়ি জায়। দাই দাসি সখিগনে করে হায়২* বাদসার ছামনে আইল কান্দিতে২। বাদসা দেখিয়া হায় লাগিল পুছিতে*কি খাতেরে কর সবে এয়ছা সোর গোল।দাই বলে সাহাজা য় দেলায়ে গোছল * গোছল দেলায়ে রাখে গদির উপর। হেন কালে আইল এক ছফেদ আবোর*আবোর আসিয়া তার ঘেরেচারি দিগে।সেইঘড়ি আমা সবে ধন্দ এয়ছালাগে*আবরকরিয়া সেথাহল অন্ধকার।ছাফ হোল দাই দেখি আছে বেকারার*এক পলকের বিচে

হইল এয়ছাই। দাই আছে বেহুসেতে লাড়কা সেথা নাই *এইকেয়া মত হৈল আমা সবাপরে।এখাতেরে খাডা২ আইনু হুজুরে*বাদসা একথা সুনে করে হায়২।আছমান টুটিয়া জেন গিরিল মাথায় *সহ রের লোগ শুনে এই সমাচার। ছের পিটে কেন্দে উঠে হয়ে জার২* দিগে২ ধায় লোগ হাজার২। ঘরে২ ঢোড়ে আর সহর বাজার *কা ন্দিতে২ সবে ঢোড়ে দিনরাত। তিনদিন তিনরাত গেল এয়ছা ভাত তার পরে সেই ঠাই হইল আবর। সাহাজাদায় রেখে গেল বিছানা উ পর * হাতেতে আঙ্গটি ছিল লাগিল চুসিতে। হেনকালে দাই সব পাইল দেখাতে * বাদসারে জাইয়া সবে দিল সমাচার। উঠিতে প ড়িতে আইল নিকটে লাড়কার * ছাতি লাগাইয়া লিল গদীর উপর দেখিল লাড়কার গায় বহুত জেওর * হাতে বালা পায়ে কড়া গলে দোলে হার। কোরতা গায়েতে দেছে মতি বেসোমার * আরকত জেওরাত দিয়া ছিল গায়। লিখিতে ফোরছত নাই ছেরেদিনু তায়* সাহাজাদা পেয়ে সবে খুসি বাগেবাগ। অন্ধকার ঘরে জেন জলিল চেরাগ *পহেলা হইতে পয়দা জত খুসি হৈল। তারে চেয়ে দসগুন খুসিতে ভরিল*দরবেস সবার বাদসা করেন খেদমত।নেকনামনেক রাহা নেক আদালত*এইরূপে একলাস গোজরিয়া জায়।হইলনতুন চাদ আছমানে উদয়*সেইচাদ জোমেরাতে বাদসার লাড়কায়।সেই রূপে আবরেতে লিয়া গেল তায় *সেই রূপে রুমদেসে হইল মাতম সহর বাজারে লোগ করে বড়া গম*দুই রোজ বাদফের বাদসার লাড় কায়। মহল ভিতরে তারে পৌছাইয়া জায় *

বাদসা পরীস্থান জাইবার বয়ান।

পয়ার * এইরূপে নয়া চাদে জোমেরাত হৈলে। গায়েব হইত লাড়কা লিয়া জেত তুলে * সাতসাল গোজরিয়া গেল এয়ছা ভাত চার দরবেসেরে বাদসা পোছে এইবাত *সুনহে দরবেস চার আরজ আমার।মাসে২ মুঝে এয়ছা কে করে লাচার*বুঝিতে নাপারিকিছু আল্লার মক্যর। এইসব ভাবনাতে আছি জে কাতর *দরবেস সকলে কহে শুন সমাচার। পয়গাম লিখিয়া রাখ দাওনে লাড়কার * মি নতি করিয়া খুব লেখ কেতাবেতে। পরিচয় দেহ মোরা আছি কা রেতে * দরবেসের মুখে শুনে বাদসা আলম্পানা। আজেজি মিনতী করে লিখিল পরওানা * নতুন চাদের জোমেরাত ছায়েত বুঝিয়া। লাড়কার দাওানেরোকা দিলেক রাখিয়া*বাদসা জাইয়া বসে দরবে

সের কাছে।রোকায় জবাব আইল সেইঘড়ি বিচে*কেতাবেতে লেখা ছিল এই সমাচার। ছওয়ারির তরে তক্ত হইল তৈয়ার * মেহেরবানি করে জদি আইস মেরা ডেরে। ছরফরাজ হই তবে কহিনু তোমারে* কেতাবত পড়ে বাদসা দরবেসে দেখায়। হেনকালে তক্তএক পৌছিল সেথায় * আজাদবক্ত সেই তক্ত দেখিতে পাইল। চাহার দরবেসেরে লিয়া ছওয়ারহইল*ছোলেমানি তক্ত জেয়ছা জেত বাওভরে।সেইরূপে জায় এরা তক্তের উপরে * হাওয়ার উপরে তক্ত জায় ধীরে২।পৌছিল জাইয়া এক মহল ভিতরে * সে মাকান আলিসান চৌদকে দালান। বাদসাইপছন্দ তাতে আছিলছামান*মালুম না পায় বাদসা কাহার মাকান। দেওপরি থাকে কিবা থাকেন এনছান*হেনকালে এক মর্দ্দ লইয়া ছালাই। ছোলেমানি ছোরমা কিছু ছিল তার ঠাই * বাদসার চক্ষেতে চার দরবেশের চোখে। সেই মর্দ্দ পরিজাত দিল একে২ * আখেতে হইল রোসান পায় দেখিবারে। দেখে কত পরী খাড়া তাজিমের তরে * গোলাব পাসলিয়া আইল আগু বড়াইতে। আজাদবক্ত মেলেজত আমিরের সাতে*তারপরে জায় বাদসা আগে বাড়াইয়া। মিলিল পরীর বাদসা গলায় ধরিয়া * জমরদের তক্ত ছিল দিলেক বসিতে।চারজে দরবেস ছিল বসে নজদিগেতে * পরির বাদসার নাম সাহাবালা ছরদার। সাহারোক নাম বাদসা বাপ ছিল তার*তক্তের উপরেবাদসাবসে খোলালেতে।বাদসাজাদাবাদসাজাদী খেলে ছামনেতে * দেখিল আজাদবক্ত আপনা লাড়কায়। সাহাবালের বেটির সাতে খেলিয়া বেড়ায় *আজাদবক্ত দেখেবড়া খোসাল হইল। আছমানের চাদ জেন হাতেতে পাইল* তারপরে দোনবাদসা খুসি খোসালিতে। নানারঙ্গ বাতচিত করে মহব্বতে * খানাপানি মেওজাত লিলমাঙ্গাইয়া দোনবাদসা খায়পেয় খোসাল হইয়া*সেচার দরবেস বসে খায় একসাতা খোসাল হইয়া সবেকহে নানা বাত*সাহাবাল পুছিল বাত রূমের বাদসায়। চার জে দরবেস কেন আনিলে হেথায় আজাদবক্ত কহে শুন সাহাবাল ছরদার।আসকের আগুনে এরা আছে জার২*বাদসারফরজন্দ এরা হইলদরবেস।মাশুকেঢুড়িয়া এরাফেরে তদেস*জানের উপরেজত কসেল্লা খোচল।আজাদবক্ত সাহাবালে তামামি কহিল*বড়া নামদার তুমি পরির ছরদার। জাহানেতে জত জেন তাবেত তোমার* মেহের নজরে জদি চাহ একবার। তোমা হৈতে চারি জনা হইবে উদ্ধার * এখন আসিয়া মোরা লিনু তেরা

পানা। মরজি মোবারকে জাহা কর বিবেচনা *শুনি সাহাবাল কহে রুমের বাদসায়।জে কিছু কহিবে আজ রাজি আছি তায় *একথা শুনিয়া বাদসা ডাকে পরিগনে। ছাহেব ছরদার জারা আইল ছামনে* সাহাবাল কহিলশুন আমার ফরমান।দীগেহ ভেজজতচুনিন্দাজওয়ান জতজেন আছে এইতুনীয়া জাহানে। তালাস করনা গিয়া সবার মা কানে*আদম ফরজন্দ তোমরা পাবে জারঘরে।সেতাবি করিয়াতারে আন হেথা ধরে *দের না কারবে রাহে আসিবে সেতাব।জেকরিবে দেরতারে করিব খারাব*এরবিচে কেহ জাদ রাখে ছাপাইয়া।ছাপা না রহিবে জাবেজাহের হইয়া*মাফ নাকরীব আমি সেইহারামজাদে জন আর মদ্দতারেদিব একথাদে*বাদসারমুখেতে জদিশুনেএইবাত্ত চূড়িতে চলিল শুনে জত পরিজাত * দোন বাদসা বসে হেথা খুসি খোসালিতে।বাত চীত কহে চার দরবেসের সাতে*কহিলসাহাবাল সাহা দরবেস সবায়।একবেটি আল্লাতালা বখসিল আমায়*আল্লার দরগায় কত করি মনাজাত। লাড়কি একদিলমুঝে আপে পাকজাত মানত করিয়াছিনু দরগাতে আল্লার।পয়দা জদি হয়বেটি ঘরেতেআমার*সাদী দেলাইব বেটি আদিম জাদায়। তাহা বাদে বেটি আল্লাদিলে কআমায়*খোসাল হইনুবড়া বেটিকে দেখিয়া। চারি দিগে পরিলোগে দিনু পাঠাইয়া*বনি আদমেরবাচে জেকরে বাদসাই। বাদসার ফরজন্দ হয় দেখিতে তেয়ছাই*বেটির লায়েক লাড়কা দেখহ জাইয়া পাইলে সেতাবিতারে আন ওঠাইয়া* আমার লস্করে পেয়ে আমার ফরমান। কত দিনে এ লাড়কার করিল সন্ধান *আমার নজদিগে লাড়কা দিল পৌছাইয়া। খোসাল হইনু বড়া লাড়কাকে দেখিয়া*দেলে করি হামেহাল রাখিব ছামনে। এহার মাবাপ পাছে মরে এহা বিনে এইসব ভেবে শুনে দিনু পাঠাইয়া। নভুন চাদ হৈলে পরে নিতুন মা ঙ্গাইয়া *এখন বাদসার সাতে হোল মোলাকাত। জেন্দেগির ওম্মেদ নাই থোড়েক হায়াত * বাদসাজাদা বাদসাজাদী দিতে চাহিসদী। আজাদবক্ত শুনে কহে মোবারক বাদি *ফরজন্দ বখসিল আল্লা জো ইকি ওজ্জরে। গায়েব হইতে দেলে আছিনু কাতরে * এতদিনে দুরে গেল সেসব ভাবনা।জাহা খুসি তাহা কর সোন আলম্পানা*আপ... লাড়কার মত জানিবে লাড়কায়। খুসি খোসালিতে সবে রহিল সেথায়*চার পাচরোজ এয়ছা গোজরিয়া গেল।দেসেহ হৈতেসব বাদসা লোগ আইল * গোলেস্থান এরাম আর কোহ স্থান হৈতে। পরি

সব গিয়াছিল জাদের চুড়িতে* সাহাবালের আগেসবে পৌছিলআ সিয়া। সাহাবলে বসায় সবে তাজিম করিয়া* পুছিল সাহাবাল বা দসা ছাদেক বাদসায়। আদম জাদের বেটী রাখিলেকোথায়*চিনের সাহাজাদা জারে আনল চুড়িয়া। সেতাবি করিয়া তারে দেহ নেকা লিয়া*শুনিয়া ছাদেক সাহা ডরে ডরাইয়া। পেরেসান হয়ে দিল বি বিকে আনিয়া * সহর এমনে ঘর বাদসা নামদার। পুছিল সাহাবাল সাহা বাদেতে তাহার*নিমরোজের বাদসাজাদা গোরুর ছওয়ার।তো মার নিকটে আছে মাশুক তাহার * সেতাবি করিয়া তারে করহে হা জের। নহেত গরদান লিব মারিয়া সবসের* একথা শুনিয়া মর্দ্দ লা চার হইয়া। পরিজাদ বিবি ছিল দিল পৌছাইয়া * নাছারার বাদসা জাদি ডুবিল দরিয়ায়। পুছিল তাহার কথা জতেক বাদসায়*সকলে কহিল মোরা কেহ জানিনাই। ঝুটজদি কহি তবে নবিরদোহাই*সা হাবাল বুঝিল এরা খাইল কছোন। বোলাইয়া নিল ফের দরিয়া কো লজম* কোলজম দরিয়ার তরে পুছিল সাহাবাল। তেরা দেলে হৈল কাহে এয়ছাই খেয়াল*সাহাজাদি কোথা আছে দেহ নেকালিয়া। ন হেত্ত জাইবে তুমি খারাব হইয়া* দরিয়া কোলজম শুনে ভাবিতেলা গিল। কিছুডর কিছু গোস্বা দেলেতে হইল*নাহিজদি দেইপিছে মা লুম পাইলে।সাহাবাল তবে মুঝে পৌছায় কিহালে* দরিয়াকোল জম এয়ছা ভাবিয়া দেলেতে। সাহাবালসাহের আগেলাগিলকাহিতে সোন বাদসা আলম্পানা কহিজে তোমারে। সাহাজাদা আইল জবে দরিয়া কেনারে *বেটাকে লইতে আইল অশ্ব বাড়াইয়া। সাহাজাদা দেখেগেলদরিয়ায়গিরীয়া*পাওরিয়াওতৈরবেনদিরকেনারায়।গিরিল বিবীর ঘোড়া দেখিয়া তাহায়*সেইরোজ গিয়াছিল সেকার করিতে বিবীকে দেখিনু আমি নদিতে গিরিতে* বিচ দরিয়ায় বিবী জাইয়া পৌছিল। দেখিয়া এস্কের তির ছিনাতে বিন্দিল * পরিলোগে দিনু এয়ছা হুকুম করিয়া। সেতাবি বিবিরে সবে লিনু ওঠাইয়া*বেহজাদ খায়ের বড়া দেখিনু মরদামি। সেই ঘড় ওঠাইয়া লিয়া জাই আমি* হুইজুরে আছে তার ছহি ছালামতে। সাহাবাল হুকুক দিল দোহাকে আনতে * হুকুম পাইয়া দোহে করিল হাজির। ঠেকানা না মেলে সাম বাদসার বেটির*দেনেস্কের সাহাজাদা পাও। নাহিজায়।একে২ সাহাবালপুছিল সবায়*সাহাবাল পুছিল ফেরজতেকছরদারে।কোন

বাদসা না আইল আমার দরবারে* পরিসব কহে শুন বাদসা জাহা গির। তামাম দেসের বাদসা হইল হাজির * একমর্দ্দ আছে সেই ব ড়ই গাঙার। জাদুর এলেম সিখে হৈল হুসিয়ার*কোকাফের পারদা নিচে কেল্লা বানাইল। জাদু ছেহেরেতে কেল্লা তৈয়ার হইল*দেমাগ করিয়া গিধি নাহিএসে হেথা। ক্ষেমতানা হয়তারে ধরেআনি হেথা বড়া জবরদস্ত কেল্লা বহুত ছামান। বড়া দাগাবাজ জেন ইবলিছ নয় তান*একথা শুনিয়া বাদসা জলিল গোস্বায়।আগেলাগাইয়া জেনদিল তারগায়*বাদসাজাদি আনে জেন সাতে আপনার। না আইলে সহর তার করছারখার*জে ছুরত পার তারে আনিবে বান্দিয়া। চলে জত পরিজাত হুকুম পাইয়া*লাখে২ ঝাকে২ চলে বাওভরে।জাইয়া পৌ ছিল সবে কোকাফ সহরে* ধর২ মার২ কহে পরিজাত।সোরগোল হৈল জেন রোজ মহাসরত*ঘড়ি এক বিচে কেল্লা দিলেক তুড়িয়া। সেইদাগা বাজে আনে মোড়ম্বা করিয়া*দরবারের বিচে তারেহাজির করিল।দেখিয়া সাহাবালসাহা আপনি পুছিল*বাদসাজাদি কোথা আছে দেহ নেকালিয়া। নহেত পয়জারে ছের দিব ওড়াইয়া * সেই দাগাবাজ কহেবাদসার হুজুরে। সাহাজাদি কারেবলে না দেখি নজরে সাহাবাল কছম দিয়া জত পোছে তায়। কবুল না করে গিধি জতেক বোঝায়*বাদসা হুকুমকরে গজব করিয়া বন্দে২ কেটে লেহ থাল ও থাড়িয়া*থালের ভিতরে ভুসি দেহ খুবপুরে। সেইথাল লিয়া জাহ কোকাফ সহরে*সাহাজাদি জেথা পাবে ঢূড়িয়া২। সেতাবি আমার আগে দেহ পৌছাইয়া * একথা শুনিয়া জত পরির লস্কর। মারিয়া চলিয়া গেল কোকাফ সহর * বিবিকে পাইল তারা ঢূড়িয়া২। বাদ সার হুজুরে এনেদিল পৌছাইয়া*দেখিয়া সাহাবাল সাহা খুসিখো সালেতে। আওরত সবাকে রাখে মহল বিচেতে* দেখিয়া দরবেস সব খোসাল হাজার।বাদসার এনছাফ দেখে হৈল জার২*খোসাল হইলবড়া বাদসা আজাদবক্ত। দোওাদিল ছালামতে থাকে তাজতক্ত হুকুম করিল ফের সাহাবাল ছরদার। সাদির ছামানা সবে করহ তৈ য়ার*হুকুমের এন্তেজার ছিল সকলেতে।তৈয়ার হইলসব দেখিতে২ একদিন ছায়েত ভাল বুঝে করেদিন। কাজি মোল্লা বোলাইল বহুত মমিন * আজাদবক্ত রাখেনাম আপন লাড়কার। বক্তেওার বলেন ম হইল তাহার* সাহাবাল সাহার বেটির নাম রাখে ফের* হইল লাড কার নাম রওসন আক্তের*সাহাজাদা সাহাজাদ হৈল দোহে সাদি

সহর সমেত কহে মবারক বাদি * ছওদাগর জাদা জেবা ছিল এমনের
সামের সাহাজাদির সাতে সাদি দিল ফের * পারছের বাদসাজাদা
বড়া নামদার। বছরার বিবীর সাতে সাদি হৈলতার * আজমের সাহা
জাদা তেছরা ফকির। সাদি হৈল তার সাতে বেলাতী বিবির * নিম
রোজের বাদসা দিল বেটিকে তাহার। তারসাতে সাদিহেল বেহজাদ
খার * নিমরোজ সাহাজাদা গরুর ছওার। হইল পরির সাতে নেকা
বেহা তার * আজমি ফকির ছিল তাহার বেটিকে। চিনের বাদসার
বেটা শুপিল তাহাকে * তামাম আসক পাইল মাশুক আপনার।
দোগানা নামাজ পড়ে নামেতে আল্লার*চাল্লিসদিন রহে সবেখুসি
খোসালেতে। এরাদা করিল সবে মোকানে জাইতে * বাদসা খে
লাত দিয়া করিল বিদায়। খোসাল হইয়া গেল জার জে ডেরায়*চি
নের সাহাজাদায় দিল ছাদেক বান্দর। বান্দর লইয়া গেল আপনা স
হর * মোবারক সাতে লিয়া গেল চিন দেসে। চাচাকে মারিয়া মদ্দ
তক্ত পরে বৈসে * আজাদবক্ত বহু বেটা সাতে করে লিয়া। রুমের
সহরে বাদসা পৌছিল আসিয়া* ছওদাগরজাদা জার ঘর এমনেতে
সেহেবি রহিল সেই রুম সহরেতে * বেহজাদ মিরবখশি হইল বাদ
সার। ছওদাগরজাদি হোল ঘরের মোক্তার * আপনা দেসেতে গেল
জতেক দরবেস। কেতাব মাফক কহে মহাম্মদ দানেস * ভুল চুক
দোস ঘাট হইলে আমার। করিবে তকছির মাফ জত দিনদার *
আমি অতি মুক্ষ মতি কি জানি সায়েরি। দেলের খাহেস মুঝে হইল
জে ভারি * এড়াইতে নাহি পেরে খায়েস দেলের। চার দরবেসের
কথা করিনু জাহের *কহিনু কাহিনিতে বুঝাইতে মনে। ভালমন্দ
এর জত জানে নিরাঞ্জনে * সবার জোনাবে এই আরজ আমার।
দোওা কর হেতা সেতা পাইতে নিস্তার *সিবপুরঘর মেরা শুন হো
সমন্দ। রফিমোল্লার আনী প্রথম ফরজন্দ * মা বাপ ওস্তাদ পির
খেস বেরাদার। সকলের গোনা মাফ কর পরওার * এই তক হোল
মেরা কেতাব তামাম। জত মোছলমান পরে আমার ছালাম *

চাহারদরবেশ সমাপ্ত।

# সূচীপত্র।


হামদো খোদার নাথ রছুলের ১
প্রথম কেচ্ছার বয়ান ২
বাদসা সংসার ত্যাগ করিবার বয়ান ৪
আজাদবক্ত বাদসা তক্তপরে বসিবার বয়ান ৯
বাদসা গোরস্থানেপৌছিবার বয়ান ১২
পহেলা দরবেসের বয়ান ১৩
ছওদাগরজাদা বহিনের বাড়ি জাইবার বয়ান ১৪
ছওদাগরিতেজাইবার বয়ান ১৬
বিবীর পরিচয়ের বয়ান ৩২
সাহাজাদি ফকিরেরর সঙ্গে নেকলিয়া জাইবার বয়ান ৩৯
দোছরা দরবেশের বয়ান ৪১
সাহাজাদা বছরা সহরে জায় ৪৮
এক ফকির আর কোত্তার বয়ান ৫১
ধুয়া গীত গাইবার বয়ান ৫২
বেহরোজের জোবানি বিবীর ছওালের বয়ান ৫৪
বিবীর মজলেসে জলুছের বয়ান ৫৭
দায়ের জবানি বিবীর পরিচয় ঐ
সোসক পড়িবার বয়ান ৫৯
সাহাজাদা নিমরোজে জায় ৬৩
পারেসের সাজাদার কাছে নিমরোজের বাদসাজাদা আপন আহওাল বয়ান করে ৬৬
বাদসা ফকির লোগে বোলায় ৭৬
বাদসা আজাদবক্তের আহওালের বয়ান ৭৭
খাজেছাগ পরস্তের আহওাল ৯১
খাজেছাগ পরস্তেকে ভায়েরা দরিয়ায় ডারিয়ায় ডালিবার বয়ান ৯৫
খাজেছাগ পরস্তকে শুলি দেয় ৯৮
খাজেছাগ পরস্তকে কুণ্ডাতে ডালিবার বয়ান ৯৯
জেরবাদের রাজার কন্যার দুক্ষ ১০৩
খাজের ভাই সবে শুলি থেকে ছাড়াইবার বয়ান ১০৫
খাজেছাগ পরস্তকে ভায়েরা দেসে লিয়া জাইবার বয়ান ১০৬
খাজেকে বাদসাজাদি আপন ঘরে লিয়া জায় ও খাজের সাতে সাহাজাদি নেকালিয়া জায় ১০৮
আজেরবাই জানের ছওদাগর জাদার বয়ান ১২১
ছওদাগরজাদা ছওদাগরীতে জাইবার বয়ান ১২২
ছওদাগরজাদার সাদির বয়ান ১২৫
তেছরা দরবেসের বয়ান ১৩২
লড়ায়ের বয়ান ১৪৭
চৌঠা দরবেসের বয়ান ১৪৯
বাদসাজাদা জেনের মুলুকে জাইবার বয়ান ১৫২
বিবীকেছাদেকেরনিকটেলিয়াজায় ১৬১
আজাদবক্ত বাদসার লাড়কা হইবার বয়ান ১৬৪
বাদসার জসন করা ও লাড়কা গায়েব হইবার বয়ান ১৭২
আজাদবক্ত বাদসার পরিস্থান জাইবার বয়ান ১৬৬


সূচীপত্র সমাপ্তঃ।


কলিকাতা।

চিৎপুররোড গরাণহাটা ষ্ট্রীট ১ নং ভবনে গোলাবিয়া প্রেসে

শ্রীমহাম্মদ খাতের দ্বারা মুদ্রিত ও প্রকাশিত।

# কেতাবের বিজ্ঞাপন।

পুস্তক দিগরের নাম।

নছিহতল মছলেমিন
মারফতনামা ছেরাতল আউলিয়া
এছরারল খাবনামা
পহেলা বালাম
দোছরা বালাম
কিলীদে বেহেস্ত তরজমা কেক-
তাহল জেন্নাত
তহফাতল মবতাদী ও আখবার-
ছালাত তরজমা সারে বে-
কায়া দীগর হৈতে
আসক মজনু তরজমা লায়লী
মজনু
ছহী আখবারল অজুদ
ছহী গোলে হরমুজ
ছহী দোওা গাঞ্জল আরস
এক লক্ষতারিফ করজ
বাঙ্গলা খোতবা
বাঙ্গলা হেদাতল এছলাম
ছহী বোন বীবীর জছুরা নামা
নরায়নীর জঙ্গ ও ধোনা
দুখের পোলা
সুলতান জম জমা
হুজ্জতল এছলাম
সুরনামা ওজুলিয়া নামা
মতুলুবনামা
সুরবক্ত নও বাহার

পুস্তক দিগরের নাম।

চাঁদ রাশি ছায়েত নামা ও ফকি
নামা জাগনামা
ছোলেমানি তালেনামা ও তাবি
জাতকাল নামা
আদম আসক
লালবানু সাহাজামাল
গোলেনুর মোনহরা
জানরৌসন
জোলমাতনামা
গোলবাছানওার
দেল আফরোজ
সের আলি
তাম্বিয়া তন্নেছা
আহকাম জুম্মা
ছেরাতল মোমিনীন
মউত নামা
হায়রাতল ফেকা
মৌলুদ সরিফ
ছহি হাতেম
ছহি জঙ্গনামা
ছহি জৈগুন
ছহি জেলেখা
ছহি বেদারল
ছহিচাহারদরবেস
ছহি বাকাওালি
ছহি হাজার মছলা
ছহিনুরলইমান

---

এই সকল কেতাব কলিকাতা চিৎপুর রোড, বটতলায় বৃন্দাবন বসাকের লেন ১৯ নম্বর বাটীতে আমার কেতাবের দোকানে তত্ত্ব করিলে পাইবেন।

* প্রকাশক ও বিক্রেতা শ্রীমহাম্মদ খাতের *